ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar. *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

Dr. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

P 24,081

CONTENTS OF THE APRIL-MAY NUMBER, 1944.

Section 1. Wealth of Bengal: Question of Supply of Fish in Calcutta. Supply of Molasses in Bengal. One Crore of Rupees for Excavation of Rivers and Drains. Hand-made Paper. Import of Standard Cloth in Bengal. Forecast of Rice. National Certificate and Defence Stamp. (pp. 1-3).

Section 2. Economic India: Indian Jute in Foreign Countries. Control on Export of Tea. Forecast of Wheat Cultivation. Supply of Cloth in different Provinces. Improvement of Agriculture in Hyderabad. (pp. 4-5).

Section 3. World Economy: U.S.A.'s Help to China. Improvement of Co-operative Industrial Institution in China. Economic Situation in Argentine. Export of Wool from Argentine. Production of Artificial Silk in U. K. Improvement of Conveyance in China. (pp. 6-7).

Section 4. Men, Institutions and Movements: The Philadelphia Charter. Solution of Unemployment Problem. Social Service Institutions in China. *Bangiya Dhanabijnan Parisat*. *Samajbijnan Parisat*. Social Service in U.S.A. (pp. 8-11).

Section 5. Interview: Future of the Bengalee People. (pp. 12-13)

Section 6. World of Journals: *International Labour Review*. (pp. 14-15).

Section 7. Reviews: Business as a System of power. Science and World Order. (pp. 16-17).

Section 8. Bibliography: 13 books announced. P. 18.

Articles: (1) Rural and Urban People.
By Shib Ch. Dutt, M.A., B.L. (pp. 19-20).
"Pigou's Employment and Equilibrium."
By Prof. Kastur Chand Lalani. (pp. 20-24).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part-II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 726. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preferences-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 6. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought. (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics. Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: Sarkarism (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. OASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জয়যাত্রার পথে

ভারতীয় জীবন-বীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪১ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রকৃত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

সাফল্যের পরিচয়

মোট চলতি বীমা	২৭ কোটি ৮২ লক্ষ টাকার উপর
বীমা তহবিল—	৪ ৬২
প্রিমিয়ামের আয়—	-
মোট সংস্থান—	প্রায় ৬ কোটি টাকা
দাবী শোধ (১৯০৭-১৩)	তিন কোটি টাকার উপর
নূতন বীমা (১৯৪১)	৫ কোটি ৩১ লক্ষ টাকার উপর

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড্ অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—কলিকাতার মৎস্য পরিস্থিতি। বাংলায় গুড়ের আমদানি ও সরবরাহ। খাল-নালা খননের জন্য এক কোটী টাকা বরাদ্দ। হস্ত নির্ম্মিত কাগজ শিল্প। বাংলায় ৬ কোটী ১০ লক্ষ গজ ট্রাউজার্ড কাপড় আমদানি। বাংলার চাউল-সম্পদ্। ন্যাশনাল সার্টিফিকেট ও ডিফেন্স ষ্ট্যাম্প। (১-৩)

আর্থিক ভারত ঃ—বিদেশে ভারতীয় পাট রপ্তানি। গম চাষের প্রথম পূর্ণাভাষ। বিভিন্ন প্রদেশে বস্ত্রসরবরাহ। হায়দারাবাদে কৃষি-উন্নয়ন পরিকল্পনা। (৩-৫)

দুনিয়ার ধনদৌলত ঃ—চীনে মার্কিণ ঋণ-ইজারা সাহায্যের পরিমাণ। চীনের শিল্প সমবায়গুলির ক্রমোন্নতি। আর্জ্জেন্টিনার অর্থনৈতিক পরিস্থিতি। হাঙ্গেরীতে শণের আবাদ। চীনের যাতায়াত ও সংবাদ আদান-প্রদান ব্যবস্থার ক্রমোন্নতি। আর্জ্জেন্টিনার পশম রপ্তানি। রুমানিয়ার শস্য-উৎপাদন। (৬-৭)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ ফিলাডেল্‌ফিয়া চার্টার। বেকার-সমস্যার পূর্ণ সমাধান। বিমান চলাচলের বিশ্ব-সম্মেলন। চীনে সমাজ-সেবা প্রতিষ্ঠান। বঙ্গীয় ধন-বিজ্ঞান পরিষৎ। সমাজবিজ্ঞান পরিষৎ। সোভিয়েট ইউনিয়নের সরকারী সমাজ-মঙ্গল বিভাগ। সোভিয়েট রুশিয়ার আন্তর্জাতিক জাহাজী ক্লাব। (৮-১১)

মোলাকাৎ ঃ—বাঙালী জাতির ভবিষ্যৎ [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন] ১২

পত্রিকা-জগৎ ১৪

সমালোচনা ১৭

গ্রন্থপঞ্জী ১৮

প্রবন্ধ ঃ

(১) সহরে লোক ও গ্রামা লোক
শ্রীশিবচন্দ্র দত্ত, এম-এ, বি-এল

(২) পিগুর "নিয়োগ ও স্থিতি"
অধ্যাপক কস্তুরচাঁদ লালুয়ানী ২০

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সামা, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকবৃন্দ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২৷০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ভক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার ধান্দা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে দাক্‌রেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৷০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-কর্ম্ম (প্রফুল্ল বিশ্বাস) ৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

বৈশাখ—১৩৫১ ১৯শ বর্ষ—১ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাডাশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

সত্যক্রমের বৃত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



কলিকাতায় মৎস্য পরিস্থিতি

বাঙ্গালা সরকারের কৃষি-মন্ত্রীর দপ্তর হইতে ঘোষণা করা হইয়াছে যে, যে সমস্ত স্থান হইতে কলিকাতায় মৎস্য আমদানি করা হয় তাহার অনুসন্ধান-কার্য্য শেষ হইয়াছে। ইহাতে দেখা গিয়াছে যে, মৎস্যের অথবা মূল্যবৃদ্ধির মূলে ব্যবসায়ীদিগের কোন দুষ্টবুদ্ধি নাই। গত ২ বৎসর ধরিয়া কলিকাতায় মৎস্যের আমদানি খুব বৃদ্ধি পাইয়াছে। কিন্তু কলিকাতার বর্ত্তমানে জনসংখ্যা বৃদ্ধি হওয়ায় ও সামরিক কন্ট্রাক্টরগণ অতিরিক্ত পরিমাণে মৎস্য ক্রয় করিতে থাকায় বর্ত্তমান আমদানির অনুপাতে চাহিদা বহুলপরিমাণে বর্দ্ধিত হইয়াছে। যেসমস্ত স্থান হইতে মৎস্যের চালান আসে তথায় পর্য্যাপ্ত পরিমাণে বরফ না থাকায় এবং উপযুক্ত যানবাহনাদির অভাব হেতু মৎস্যের আমদানির ব্যাঘাত ঘটিতেছে এবং ইহাই বর্ত্তমানে মৎস্যের অতিরিক্ত মূল্যের মূলীভূত কারণ। এই সমস্যা সমাধানের নিমিত্ত শীঘ্রই একটী বোর্ড গঠন করিয়া মৎস্য-ব্যবসায়ীদিগকে বরফ সরবরাহের সুযোগ সুবিধা প্রদান করা হইবে। সামরিক প্রয়োজনে কণ্ট্রাক্টারগণ যে মৎস্য ক্রয় করিয়া থাকেন তাহা যাহাতে নিয়ন্ত্রণ করা যায় সেই উদ্দেশ্যে এই সপ্তাহে গবর্ণমেণ্ট ও সামরিক প্রতিনিধিগণের মধ্যে আলোচনা চলিবে।

এই অনুসন্ধানের ফলে দেখা গিয়াছে যে, কলিকাতায় শাকসব্জীও পর্য্যাপ্ত পরিমাণে আমদানি হইতেছে না। বোম্বাই সরকার সরকারী দোকানগুলির মারফতে যে শাকসব্জী সরবরাহ করিবার ব্যবস্থা করিয়াছেন তাহা পরিদর্শন করিবার নিমিত্ত বাঙ্গালা সরকারের কৃষি বিভাগ হইতে খুব শীঘ্রই একজন অফিসারকে বোম্বাই প্রেরণ করা হইবে এবং এই অফিসারের রিপোর্ট পাওয়ার পরই যথারীতি ব্যবস্থা অবলম্বন করা হইবে।

মুরগী, হাঁস এবং ডিম সম্বন্ধে এখনও অনুসন্ধান চলিতেছে।

বাঙলায় গুড়ের আমদানি ও সরবরাহ

বাঙলা গভর্ণমেণ্ট কয়েকজন মনোনীত ব্যবসায়ীর সহায়তায় কলিকাতা এবং জেলাসমূহে গুড় আমদানি করার বন্দোবস্ত করিয়াছেন। সুচরা বিক্রয়ের জন্যও একটি পরিকল্পনা করা হইয়াছে। বেসরকারী রেশন দোকানগুলির মধ্যবর্ত্তিতায় জনপ্রতি অর্দ্ধ সের পরিমিত গুড় কলিকাতার ক্রেতাগণের নিকট সরবরাহ করা হইবে। অন্যান্য নির্দ্দিষ্ট দোকান হইতেও ঐ হিসাবে গুড় সরবরাহ করা হইবে।

প্রতি এক সের গুড়ের মূল্য সওয়া চার আনা এবং অর্দ্ধ সের গুড়ের মূল্য সওয়া দুই আনা ধার্য্য করা হইয়াছে। এইস্থানে একথা বলা আবশ্যক যে, বর্ত্তমানে রেশনিং প্রথা অনুযায়ী যে পরিমাণ চিনি দেওয়া হইতেছে, অতিরিক্ত গুড় দেওয়ার জন্য তাহার কোনরূপ কম বেশী করা হইবে না।

মফঃস্বল সহরগুলিতেও গুড় চালান দেওয়ার বন্দোবস্ত করা হইয়াছে।

খাল-নালা খননের জন্য এক কোটী টাকা বরাদ্দ

বাঙলা দেশে জলসেচ ব্যবস্থার জন্য খাল-নালা তৈরীকল্পে বাঙলা সরকার ১ কোটি টাকা মঞ্জুর করিয়াছেন। পুষ্করিণী সংস্কারের জন্যও এই অর্থ হইতে কিছু বরাদ্দ হইয়াছে। শীঘ্রই এই সমস্ত কার্য্যে হস্তক্ষেপ করা হইবে। প্রধানতঃ পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে জলসেচের জন্য নির্দ্দিষ্ট পুষ্করিণীসমূহের সংস্কার-ব্যবস্থার জন্য উল্লেখিত অর্থ হইতে ১০ লক্ষ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে। পার্ব্বত্য চট্টগ্রাম ছাড়া অবশিষ্ট ৬টি জেলায় আগামী বর্ষার মধ্যে সমাপ্ত হইতে পারে এইরূপ কতকগুলি ছোট ছোট জলসেচের খাল ও পয়ঃপ্রণালী প্রস্তুতের জন্য প্রতি জেলার কালেক্টারকে ১ লক্ষ টাকা প্রদত্ত হইবে। বৃহৎ বৃহৎ জলসেচ পরিকল্পনাগুলি সেচ বিভাগ কর্ত্তৃক গৃহীত হইবে। সেগুলির জন্য এবং পুষ্করিণী সংস্কার ও জেলার কালেক্টারদিগের প্রয়োজনের জন্য অবশিষ্ট ৮৪ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

হস্ত-নির্ম্মিত কাগজ-শিল্প

ঢাকার আড়িয়লে হস্ত-নির্ম্মিত কাগজ প্রস্তুতের জন্য একটি পরিকল্পনা করা হইয়াছিল। এক্ষণে তদনুযায়ী কার্য্য আরম্ভ হইয়াছে। এই উদ্দেশ্যে বাঙলা সরকার যে ঋণ দান করিয়াছেন তাহার সাহায্যে ইতিমধ্যেই ১৩টি কুটীর-শিল্প-প্রতিষ্ঠান কার্য্য চালাইতেছে এবং শীঘ্রই আরও কারখানা স্থাপিত হইবে। সরকার আড়িয়লের কাগজী বা পেশাদার কাগজ-প্রস্তুতকারীদিগকে সকল প্রকার কাঁচা মাল সরবরাহ করার এবং তাহাদের নিকট হইতে বাজার দরে কাগজ ক্রয় করার ব্যবস্থা করিয়াছেন।

এই সঙ্গে হাতে প্রস্তুত কাগজ তৈরীর উদ্দেশ্যে ছোট ছোট কারখানা স্থাপনকল্পে সরকার-নিযুক্ত দুইটি কাগজ নির্ম্মাণ শিক্ষাদানকারী দল ফরিদপুর ও মুন্সীগঞ্জে যুবক কর্ম্মীদিগকে শিক্ষাদান করিতেছে। তৃতীয় একটি দল কলিকাতার মহিলা আত্মরক্ষা সমিতির প্রায় এক চল্লিশ সদস্যকে কাগজ প্রস্তুত শিক্ষা দিয়াছেন। বর্দ্ধমানের কাটোয়াতে দুঃস্থদের সাহায্য ও পুনঃপ্রতিষ্ঠার ব্যবস্থা স্বরূপ স্থানীয় লোকদিগকে কাগজ-শিল্পে শিক্ষিত করিয়া তুলিতে সাহায্য করার জন্য তথায়ও দুইজন বিশেষজ্ঞকে প্রেরণ করা হইয়াছে।

বাঙলায় ৬ কোটী ১০ লক্ষ গজ ষ্ট্যাণ্ডার্ড কাপড় আমদানি

বাঙলা সরকার ভারত সরকারের নিকট হইতে ৩১শে মার্চ্চ পর্য্যন্ত ৬ কোটি দশ লক্ষ গজ ষ্ট্যাণ্ডার্ড কাপড় পাইয়াছেন। এ পর্য্যন্ত ৪ কোটী ৪০ লক্ষ গজ কাপড় কলিকাতা ও মফঃস্বলে বণ্টন করা হইয়াছে। গত চার মাসে বিভিন্ন ধরণের ১৭ কোটি গজ কাপড় ভারতের নানা স্থান হইতে রেলওয়ে ও জলপথে বাঙলায় আসিয়াছে।

উপযুক্তরূপে বণ্টন করা হইলে বর্ত্তমানে বাঙলায় কাপড়ের অভাব দেখা দিবে না।

বাঙলার চাউল সম্পদ্

এইরূপ অনুমান করা হইয়াছে যে, এই বৎসর (১৯৪৫-৪৬) বাঙলায় আমন ধানের ফলন স্বাভাবিক ফলনের তুলনায় শতকরা ১০৩ ভাগ হইয়াছে। গত বৎসর এই ফসলের ফলন ছিল স্বাভাবিক উৎপাদনের শতকরা মাত্র ৬৮ ভাগ। বাঙলা সরকারের কৃষিবিভাগ কর্ত্তৃক প্রচারিত চাউলের ফলন সম্পর্কিত তৃতীয় এবং শেষ পূর্ব্বাভাষে এই হিসাব প্রদত্ত হইয়াছে। সাতটি জেলায় অতিরিক্ত এবং অন্যান্য জেলায় ষোল আনা ফলন হইয়াছে।

সাধারণ অবস্থায় বাঙলায় প্রতি একর (তিন বিঘা) জমির ফলন হইতে ১২ মণ ১৬ সের পরিষ্কার চাউল পাওয়া যায়। প্রদেশের এই বৎসরের ফলন শতকরা ১০৩ ভাগ হইয়াছে। ইহা ধরিয়া লইলে প্রতি একরের ফলন অনুসারে এই বৎসরের মোট উৎপন্ন চাউলের পরিমাণ দাঁড়াইবে ৮৫ লক্ষ ২৮ হাজার ১ শত টন (প্রতি টনে ২৭ মণ)। গত বৎসরের এই ফসলের পরিমাণ ছিল ৪০ লক্ষ ২০ হাজার ১ শত টন।

জেলার কর্ম্মচারীরা অনুমান করিয়াছেন যে, এই বৎসর মোট ১ কোটি ৮১ লক্ষ ৭৬ হাজার ৭ শত একর জমিতে আমন ধান্য উৎপন্ন হইয়াছে। গত বৎসর উক্ত জমির পরিমাণ ছিল ১,৬২,০৭,১০০ একর।

ন্যাশনাল সার্টিফিকেট ও ডিফেন্স ষ্ট্যাম্প

বিগত ফেব্রুয়ারী মাসের বাঙলা দেশের বিভিন্ন জেলায় ন্যাশনাল সেভিংস্ সার্টিফিকেট এবং ডিফেন্স সেভিংস্ ষ্ট্যাম্প বিক্রয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

জেলার নাম	ন্যাশনাল সার্টিফিকেট টাকা	ডিফেন্স ষ্ট্যাম্প টাকা
রাজসাহী	৮,২২০	১০
পাবনা	১০০	৩।০
হুগলী	৮,০৪০	৩
হাওড়া	১০,৯৬০	
ঢাকা	৮,৩৮০	
২৪-পরগণা	১৬,৪১০	
ত্রিপুরা	৩,৪০০	
ফরিদপুর	৪১০	
মুর্শিদাবাদ	২২০	
বীরভূম	৩,৯১০	
মালদহ	২৫,০৩০	
বরিশাল	১২০	
কলিকাতা	১,৮৬,১৭০	
বর্দ্ধমান	৮,০৬০	
যশোহর	২,৯১০	
খুলনা	৩,৪০০	
চট্টগ্রাম	১,০০০	
লাংলে পোষ্ট অফিস	২,২২০	
জলপাইগুড়ি	৩,৩১০	
দার্জিলিং	৬,০৭০	
কুচবিহার	৩০	
নদীয়া		
রংপুর		
দিনাজপুর		
বগুড়া		৩৮০
মেদিনীপুর	৪,৬২০	৪।০
বাঁকুড়া	৪,৫৪০	১৯
ময়মনসিংহ	১০,৪১০	২
মোট	৩,৩৭,৭২০	১,৬০৮৵০

বিদেশে ভারতীয় পাট রপ্তানি

(হাজার টনের হিসাব)

	১৯৪৩-৪৪			১৯৪২-৪৩			১৯৪১-৪২		
	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট
জুলাই	১৩·৪	২৮·০	৪১·৪	২৮·২	৬১·৯	৯০·১	২৬·৬	৮০·৯	১০৭·৫
আগষ্ট	৮·০	৬৬·২	৭৪·২	১৪·২	৬১·৮	৭৬·০	২৯·৭	৬২·২	৯১·৯
সেপ্টেম্বর	১০·৮	৫১·৩	৬২·১	২১·৭	৬৪·১	৮৬·৮	২২·৯	১০৭·২	১৩০·১
জুলাই-সেপ্টেম্বর	৩২·২	১৪৫·৪	১৭৭·৭	৬৪·১	১৮৮·৮	২৫২·৯	৭৯·২	২৫০·৩	৩২৯·৫

১৯৪৩-৪৪ সনের প্রথম তিন মাসে পাট রপ্তানির পরিমাণ যথেষ্ট কম দাঁড়ায়। কাঁচা পাট ও পাটজাত দ্রব্য দুইয়েরই রপ্তানির গতি নিম্নগামী দেখা যায়। যুদ্ধ আরম্ভ হওয়ার পর এই তিন মাসে রপ্তানির পরিমাণ দাঁড়ায় সব চেয়ে কম। ১৯৩৯-৪০ সনের প্রথম তিন মাসের তুলনায় রপ্তানির পরিমাণ দাঁড়ায় মাত্র অর্দ্ধেক।

মূল্য (লক্ষ টাকা হিসাবে)

	১৯৪৩-৪৪			১৯৪২-৪৩			১৯৪১-৪২		
	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট	কাঁচা পাট	পাটজাত দ্রব্য	মোট
নবেম্বর	১০২·২	৪১৫·৪	৫১৭·৬	১৫০·০	১৯১·৩	৪৪১·২	১১৯·৪	৫৩০·৬	৬৪৯·৭
ডিসেম্বর	৫৮·৬	৩২১.৮	৩৮০·৪	১০৪·৯	৪৬৬·৮	৬০১·৭	৬১·১	৪৫৭·৭	৫১৮·৮
জানুয়ারী	১০৯·০	৩৩৯·৭	৪৪৮·৭	৫০·৪	২০৪·১	২৪৬·৫	১২২·২	৫৪৬·৮	৬৬৯·০
জুলাই-জানুয়ারী	৪৯৬·৪	২,৫২৩·০	৩,০১০·৪	৬২২·৮	২,২৯২·৭	২,৯১৫·৫	৯৭২·২	৩,৫১৭·৭	৪,১৮৯·০

চা-রপ্তানির পরিমাণ নির্দ্দেশ

'ভারতীয় চা-নিয়ন্ত্রণ আইন' অনুসারে ভারত গবর্ণমেণ্ট গত ২০শে এপ্রিল (১৯৪৪) একটি বিবৃতিতে জানাইয়াছেন যে, ১৯৪৪-৪৫ সনে ভারতবর্ষ হইতে ৩ কোটি ৬৪ লক্ষ ৮০ হাজার ৭৭০ পাউণ্ড চা, মোট রপ্তানি করিতে পারা যাইবে। রপ্তানি করিবার জন্য যে পরিমাণ চা ব্যবসায়ীরা এই বৎসর ছাড়িয়াছেন, তাহাও ঐ সরকার-নির্দ্ধারিত পরিমাণের কাছাকাছি। এই পরিমাণ ভারতীয় রপ্তানি-নিরিখের ৯৫ শতাংশ; কিন্তু আন্তর্জ্জাতিক চা-

সমিতির নির্দেশ অনুযায়ী শতকরা ১২৫ ভাগ চা ভারতবর্ষ হইতে রপ্তানি হইতেছিল। প্রস্তাবিত বৎসরে যদি চায়ের উৎপাদন খুব বাড়িয়া যায়, তবে প্রয়োজনানুযায়ী রপ্তানির পরিমাণ বাড়াইবার ব্যবস্থাও গবর্ণমেণ্ট করিবেন।

গম চাষের প্রথম পূর্ব্বাভাষ

১৯৪৩-৪৪ সনে ভারতে মোট ৩২,৩৬১,০০০ একর জমিতে গমের চাষ করা হইয়াছে বলিয়া হিসাব করা হইয়াছে। গত বৎসর এই সময়কার সংশোধিত হিসাবে ৩৩,৭০৯,০০০ একর জমিতে গম চাষের হিসাব পাওয়া গিয়াছিল। ফলতঃ, এ বৎসর চাষের জমির পরিমাণ শতকরা ৪ ভাগ হ্রাস পাইয়াছে। ভারতের বাণিজ্যিক সংবাদ ও তথ্য বিভাগ কর্তৃক ১৯৪৩-৪৪ সনের গম চাষের প্রথম পূর্ব্বাভাষে এই হিসাব প্রকাশ পাইয়াছে। বিভিন্ন প্রদেশ ও দেশীয় রাজ্য হইতে প্রাপ্ত হিসাব অনুযায়ী এই তালিকা প্রণীত হইয়াছে।

গম-উৎপাদনকারী প্রদেশ ও দেশীয় রাজ্যগুলির মধ্যে পাঞ্জাবের স্থান সকলের উর্দ্ধে। মোট চাষের জমির মধ্যে একমাত্র পাঞ্জাবেই শতকরা ৩১৮ ভাগ জমিতে গম বোনা হইয়াছে। গত ডিসেম্বর মাসের শেষাশেষি পর্য্যন্ত ১,১০,৭৭,০০০ একর জমিতে গম চাষ করা হইয়াছিল। উহার মধ্যে দেশীয় রাজ্যগুলিতে চাষ করা হইয়াছিল ১০,৯১,০০০ একর। ১৯৪২-৪৩ সনের ডিসেম্বর মাসের শেষাশেষি যে পরিমাণ জমিতে গমের চাষ করা হইয়াছিল তাহা অপেক্ষা আলোচ্য বৎসরের ডিসেম্বর মাসের চাষের জমির পরিমাণ ছিল শতকরা ৬ ভাগ কম। প্রদেশগুলির মধ্যে উড়িষ্যার গম চাষের পরিমাণই সব চেয়ে কম, মোটে ৭ হাজার একর। ১৯৪২-৪৩ সনের ঐ সময়ে উড়িষ্যার মোট গম চাষের জমির পরিমাণ ছিল ৪ হাজার একর।

বিভিন্ন প্রদেশে বস্ত্রসরবরাহ

সনের জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মধ্যে ভারতের বিভিন্ন উৎপাদন-কেন্দ্র হইতে যে পরিমাণ বস্ত্র বিভিন্ন অঞ্চলে প্রেরণ করা হয় তাহা অপেক্ষা ১৯৪৩ সনের উক্ত তিন মাসে বেশী পরিমাণ বস্ত্র প্রেরণ করা হইয়াছে। উক্ত সময়ের মধ্যে ১৯৪৩ সনে মোট ৪১৭,৫৮৫ গাঁট ও ১৯৪২ সনে মোট ২৯২,৩২৩ গাঁট বিভিন্ন কেন্দ্রে প্রেরণ করা হয়।

১৯৪৩ সনের নবেম্বর পর্য্যন্ত রেলপথে যে পরিমাণ বস্ত্র বাংলায় প্রেরণ করা হইয়াছে তাহা ছাড়া সমুদ্র পথে ৩৮,০০০ গাঁট (প্রায় ৩৮০ লক্ষ গজ) প্রেরণ করা হইয়াছে। এতদ্ব্যতীত ৩২০ লক্ষ গজ ট্যাণ্ডার্ড কাপড় বাংলার জন্য সরবরাহ করা হইয়াছে।

হায়দারাবাদে কৃষি উন্নয়ন পরিকল্পনা

হায়দারাবাদ রাজ্যের কৃষি-ব্যবস্থার উন্নতির জন্য নিজাম সরকার ইম্পিরিয়াল কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের সহিত পরামর্শ করিয়া চারিটি পৃথক পৃথক পরিকল্পনা মঞ্জুর করিয়াছেন। এই পরিকল্পনাগুলির জন্য মোট সাড়ে চারি লক্ষ টাকা ব্যয় হইবে।

(১) আলুর চাষের প্রসারের জন্য প্রায় ২ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়-বরাদ্দ হইয়াছে। শিমলা ও অন্যান্য স্থান হইতে ৪ হাজার ৬ শত বস্তা আলুর বীজ আনাইয়া বিদার, নিজামাবাদ ও আওরাঙ্গাবাদ জেলার কৃষকগণকে তাকাবির ভিত্তিতে সরবরাহ করা হইয়াছে।

(২) ধান চাষ পরিকল্পনায় ৩৩ হাজার ১ শত ৫০ টাকা ব্যয় হইয়াছে। এই পরিকল্পনানুযায়ী বিভিন্ন প্রকার সার সরবরাহ করা হইবে।

(৩) ড্রাই ফার্মিং পরিকল্পনাটির জন্য দুই বৎসরে ২৯ হাজার ৫ শত ৮০৲ টাকা ব্যয় হইবে।

(৪) রেড়ী ও অন্যান্য তৈল-বীজের কীট ও পীড়া সম্বন্ধে ইতিপূর্ব্বেই গবেষণা আরম্ভ হইয়াছে। এই পরিকল্পনাটির জন্য দুই বৎসরে বিকিয়াধিক সাড়ে নয় হাজার টাকা ব্যয় হইবে।

চীনে মার্কিণ ঋণ-ইজারা সাহায্যের পরিমাণ

ওয়াশিংটন হইতে রেউটার নিউজের এক সংবাদে প্রকাশ মার্কিণ সিনেটের (উচ্চতর পরিষদ) সভা এম, সি, কেলার সিনেটের এপ্রপ্রিয়েশান কমিটির সমক্ষে বলেন যে, অনুসন্ধানের ফলে জানা গিয়াছে ১লা এপ্রিল তারিখ পর্যন্ত বিদেশে মার্কিণ যুক্তরাষ্ট্রের যুদ্ধব্যয় ঋণ-ইজারা সাহায্য লইয়া ৩০,৩৬,৩০,০০,০০০ ডলারে পৌঁছিয়াছে। চীনে ঋণ-ইজারা সাহায্যের পরিমাণ হইতেছে ৪১,৮০,০ ডলার।

চীনের শিল্প-সমবায়গুলির ক্রমোন্নতি

চুংকিংএ ২৪শে মার্চ্চ তারিখে সাংবাদিকদের সম্বর্দ্ধনার উদ্দেশ্যে অনুষ্ঠিত এক সভায় চীনের শিল্প সমবায় প্রতিষ্ঠান-গুলির ক্রমোন্নতি সম্বন্ধে এক বিস্তারিত বিবরণী পাঠ করা হয়। চীনা শিল্প সমবায় সমিতির সভাপতি হিসাবে চক্কীর এইচ, এইচ, কুঙ এই সম্বর্দ্ধনার আয়োজন করেন।

শিল্প সমবায় সমিতিগুলিকে অঞ্চল হিসাবে শ্রেণীবদ্ধ করা হইয়াছে। উপরোক্ত বিবরণী অনুসারে সিচুয়ান, ইউনান, সিকাঙ ও কোয়াইচাও লইয়া গঠিত দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ৪৫৭টী সমবায় সমিতি আছে। এইগুলিতে কাপড় বয়ন, কাগজ প্রস্তুত, চামড়া শোধন ও রাসায়নিক দ্রব্য প্রস্তুত করা হয়। চেংটু ও কুয়ানসিয়েনের সৈন্যদের জন্য কম্বল তৈয়ারী করিবার ফ্যাক্টরীতে ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ২,২০,০০০ কম্বল তৈয়ারী করা হয় এবং বর্ত্তমানে আরও ১, ৪০,০০০ কম্বল তৈয়ারী করা হইতেছে। ফ্যানডাদের খাট ও টাওয়েল সরবরাহ করিবার জন্য এই ফ্যাক্টরী দুইটী মিত্রপক্ষীয় সামরিক কর্তৃপক্ষের সহিত একটি চুক্তি করিয়াছে।

উত্তর-পশ্চিম অঞ্চলে ৩২৪টী শিল্প সমবায় সমিতি আছে। এইগুলি গবর্ণমেণ্টের জন্য ১৬,০০,০০০ কম্বল তৈয়ারী করিয়াছে এবং আরও ৫,৫০,০০০ কম্বল তৈয়ারী করিতেছে। সভ্যদের কল্যাণের জন্য এই অঞ্চলের সমিতিগুলি প্রাথমিক বিদ্যালয়, ডাক্তারখানা এবং শিশু-কল্যাণ মন্দির স্থাপন করিয়াছে। শিশুদের শিল্প শিক্ষায় শিক্ষিত করিয়া তোলা হইতেছে।

দক্ষিণ-পূর্ব্ব অঞ্চলে ৫১৪টী সমিতি আছে এবং ইহাদের সভ্যসংখ্যা ১,২০০। ইহারা প্রধানতঃ বয়ন কার্য্য ও কাগজ প্রস্তুত করে। ইহাদের মাসিক উৎপাদনের মূল্য ৩ কোটী চীনা ডলার।

চীন সরকার ১৯৪৩ সনে শিল্প সমবায়গুলির জন্য ৪ কোটী চীনা ডলার বরাদ্দ করিয়াছেন।

আর্জ্জেন্টিনার অর্থনৈতিক পরিস্থিতি

আর্জ্জেন্টিনার অর্থসচিব নববর্ষের প্রথম দিবসে ঘোষণা করেন যে, ১৯৪৩ সনে জাতীয় আয়ের ঘাটতি দাঁড়াইবে ৪০৩,০০০,০০০ পিসো, ফলে ১৯৩৮-৪৩ সনে মোট ঘাটতি দাঁড়াইবে ১,১৫৯,০০০,০০০ পিসো। ১৯৩৭ সনের ৩১শে ডিসেম্বর হইতে ১৯৩৪ সনের ৩০শে জুনের মধ্যে জাতীয় ঋণের পরিমাণ ৩,৯১০,২০০,০০০ পিসো হইতে ৮,৩৩৬, ৪০০০০ পিসোতে বর্দ্ধিত হইয়াছে।

ডিসেম্বর মাসের আমদানির তুলনায় রপ্তানি বেশী

দাঁড়ায় ১৩১,০৯৫,০০০ পিসো। ১৯৪৩ সনে আমদানির চেয়ে রপ্তানি-বৃদ্ধির পরিমাণ মোট ১,২৪২,৪৬৪,০০০ পিসো। আর্জেন্টিনার আর্থিক ইতিহাসে আর কখনও এমন ঘটিতে দেখা যায় নাই।

১৯৪৩-৪৪ সনে মোট ৪,৪৭০,০০০ জমিতে তুলার আবাদ হইয়াছে। গত বারের তুলনায় আবাদ হ্রাস পাইয়াছে ১০·৪%। তবে গত পাঁচ বৎসরের গড়ের তুলনায় ১৯৪৩-৪৪ সনে তুলার আবাদ অনেক কম।

আলোচ্য সময়ে ৪০২,৮৩০ হেঃ জমিতে তুলার আবাদ হইয়াছে; গত বৎসর আবাদ হইয়াছিল ৩৬৩,২০০ হেঃ, গত পাঁচ বৎসরের গড় ৩৫৯,১২৬ হেঃ। তামাকের আবাদ আলোচ্য সনে ১০,৭৯৫ হেঃ, গত সনে ১২,৩৮০ হেঃ, গত পাঁচ বৎসরের গড় ১২,৪২২ হেঃ। ১লা জানুয়ারী তারিখে পশমের পরিমাণ দাঁড়ায় ১০৩,০২৬ টন; গত বৎসর এই তারিখে ছিল ৬৪,১৭১ টন।

হাঙ্গেরীতে শণের আবাদ

দুনিয়ার শণ-উৎপাদনকারী দেশগুলার মধ্যে হাঙ্গেরী এখন তৃতীয় স্থান দখল করিয়াছে। শণের আবাদ এখন ১৪২,০০০ একরে বর্দ্ধিত হইয়াছে।

নাৎসী-পরিচালিত কারখানাগুলায় এখন শণ কাজে লাগানো হইতেছে। সূক্ষ্ম তন্তুগুলা লিনেনের স্থলাভিষিক্ত রূপে ব্যবহৃত হইতেছে এবং মোটা আঁশগুলা দ্বারা দড়ি প্রস্তুত হইতেছে।

আর্জেন্টিনার পশম রপ্তানি

আর্জেন্টিনা হইতে অক্টোবর মাসে ১৫,২২৬ গাঁট পশম রপ্তানি হইয়াছে; সেপ্টেম্বর মাসে রপ্তানির পরিমাণ ১৯,৬১৩ গাঁট। ১৯৪২ সনের অক্টোবর মাসে ১৬,২১২ গাঁট। দেশে এখনও ১০৬,০৩৫ মেট্রিক টন পশম মজুদ আছে।

রুমানিয়ায় শণ উৎপাদন

রুমানিয়া পাট ও মসিনার আবাদ পূরণের জন্য শণের আবাদ-বৃদ্ধিতে মনোনিবেশ করিয়াছে। ১৯৪৩ সনে শণ উৎপন্ন হইয়াছে ৮০,০০০ টন, অর্থাৎ যুদ্ধের পূর্ব্ববর্ত্তী যুগের উৎপাদনের প্রায় তিনগুণ।

বিলাতে নকল রেশম উৎপাদন

১৯৪৩ সনের জুলাই হইতে সেপ্টেম্বর পর্য্যন্ত তিন মাসে বিলাত হইতে ৩,৯৮৭,০০০ পাউণ্ড নকল রেশম রপ্তানি হইয়াছে। পূর্ব্ববর্ত্তী তিন মাসে রপ্তানির পরিমাণ দাঁড়ায় ৩,২০৮,০০০ পাউণ্ড; ১৯৪২ সনের তৃতীয় কোয়ার্টারে (জুলাই—সেপ্টেম্বর) ৪,৪০৮,০০০ পাউণ্ড। ১৯৪৩ সনের তৃতীয় কোয়ার্টারে নকল রেশমজাত বস্ত্র রপ্তানি হয় ১৯,৭০২,০০০ বর্গ গজ, দ্বিতীয় কোয়ার্টারে ২০,৯৪৫,০০০ বর্গ গজ এবং পূর্ব্ব সনের তৃতীয় কোয়ার্টারে ২০,৩৮৭,০০০ বর্গ গজ।

চীনে যাতায়াত ও সংবাদ আদান-প্রদান ব্যবস্থার ক্রমোন্নতি

	টেলিগ্রাফ লাইন কিলোমিটার	টেলিফোন লাইন কিলোমিটার	ডাকঘরের সংখ্যা	ডাকপথের দৈর্ঘ্য কিলোমিটার	রাজপথ কিলোমিটার
১৯৩৬	৯২,৬৬১	৪৯,৮০০		৫,৮৪,৮১৬	১১৫,৭০২
১৯৩৭	৯৫,৩২২	৫৩,১৭৬		৫,৯৮,৭৮৭	১,১৭,২৯৬
যুদ্ধের পূর্ব্বে					
১৯৩৮	৮১,২১৪	৪২,৪৮৫			
১৯৩৯	৮৭,৪১৫	৪৭,৩৬২			
১৯৪০	৮৭,৬২৪	৫১,১৯১			
১৯৪১	৯০,২৪৬	৫৬,৬৬৯			
১৯৪২	৯১,২৪৭	৬১,৫৬৫			
১৯৪৩	৯৫,৬০৫	৬৬,০৪৯			

ফিলাডেলফিয়া চার্টার

ফিলাডেলফিয়া আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনের প্রতিনিধিগণ সর্বসম্মতিক্রমে "ফিলাডেলফিয়া চার্টার" গ্রহণ করিয়াছেন। সাধারণ মানুষের অবস্থার উন্নতিসাধন সম্পর্কে ইহা আন্তর্জাতিক শ্রমিক দফতরের "পবিত্র দায়িত্ব" রূপে স্বীকৃত হইয়াছে। সম্মেলনের অধিবেশনে ৪১টী জাতির সমস্ত ডেলিগেট উপস্থিত ছিলেন। ইহারা সকলেই এই চার্টার সমর্থন করেন। সন্নিবেশিত দশ দফার কোনটী লইয়াই কোনরূপ বিতর্ক হয় নাই। চেয়ারম্যান মিঃ ফ্রাশ্ যখন চার্টারটি গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন, তখন প্রতিনিধিরা সকলেই উৎসাহের সহিত হাত তুলিয়া সম্মতি জ্ঞাপন করেন।

"ফিলাডেলফিয়া চার্টারে" সুস্পষ্টভাবে জ্ঞাপন করা হইয়াছে যে, জাতি-ধর্ম ও স্ত্রী-পুরুষ নির্বিশেষে সকল মানুষই স্বাধীনতা ও আত্মমর্যাদা তথা অর্থনৈতিক নিরাপত্তা ও সমান সুযোগ-সুবিধার ভিত্তিতে ঐহিক মঙ্গল ও আধ্যাত্মিক বিকাশ লাভের ব্যবস্থা করার অধিকারী। সকল মানুষের কাজের সংস্থান ইত্যাদি গুরুত্বপূর্ণ আরও কতকগুলি সমস্যা সম্পর্কে এই ঘোষণা বাণী আন্তর্জাতিক শ্রমিক দফতরের জরুরী দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

বেকার-সমস্যার পূর্ণ সমাধান

আন্তর্জাতিক শ্রমিক দফতরের বেকার-সমস্যা দূর করার জন্য সংগঠিত কমিটি যুদ্ধ হইতে শান্তিতে পরিবর্তনের সময়ে যেসমস্ত বিধি ব্যবস্থার সুপারিশ করিয়াছে তাহা সম্পূর্ণরূপে সমর্থনের দাবী করিয়া মার্কিণ গবর্ণমেণ্টের প্রতিনিধি সিনেটার এলবার্ট ডি টমাস পূর্ণ অধিবেশনে বলেন, "বেকার সমস্যার পূর্ণ সমাধানের সহিত উন্নত জীবনযাত্রা প্রণালীর আশাবাদের নিগূঢ় সম্পর্ক বিদ্যমান। ভারতের ছোট ছোট কৃষকদের আধাআধি কাজের সংস্থান বা পাশ্চাত্য জগতের শ্রমিকদের চিরন্তনী দুঃখকষ্ট ইত্যাদি সংশ্লিষ্ট যে কোন বিষয়ে আলোচনার বেলাতেই এই সত্যটা বিশেষরূপে পরিস্ফুট। সমস্ত লোকের কাজের সংস্থান যে কিভাবে হইতে পারে, বর্তমান যুদ্ধে তাহার বিশেষ প্রমাণ পাওয়া গিয়াছে। শান্তির সময়েও যাহাতে আমরা এইরূপ করিতে পারি আমাদিগকে তাহার বাস্তব পরিচয় প্রদান করিতে হইবে।"

ভারত গবর্ণমেণ্টের প্রতিনিধি মিঃ এ ই সি প্রাইস এই সমস্ত সুপারিশ সমর্থন করিয়া বলেন, "আমাদের এমন এক দেশ, যেখানে বহুসংখ্যক চাষী মজুর পুরাপুরি কাজের সংস্থান হইতে বঞ্চিত। কাজেই সুপারিশগুলি কার্যে পরিণত করার পক্ষে যথেষ্ট অসুবিধা ঘটিতে পারে। তবে নীতিগুলি আমরা সমর্থন করিতেছি এবং তদনুসারে কাজও সাধ্যমত করা হইবে নিশ্চয়ই। শ্রমিক ও মালিকের সহযোগিতা পাইলে আমরা দ্রুত সাফল্য লাভও করিতে পারি। যুদ্ধ-ফেরৎ লোকজনের কাজের সংস্থান সম্বন্ধে আমাদের যে দায়িত্ব আছে সে সম্বন্ধে আমরা সম্পূর্ণরূপে অবহিত, আমরা তদনুযায়ী পরিকল্পনাও স্থির করিতেছি।"

বিমান চলাচলের বিশ্ব-সম্মেলন

আন্তর্জাতিক বেসামরিক বিমান পরিচালন সম্মেলনে ভারতবর্ষও আমন্ত্রিত হইবে। আশা করা যায়, এই

বৎসরেই এই সম্মেলনের অধিবেশন হইবে। লর্ড সভার বিতর্ক-প্রসঙ্গে লর্ড বীভারব্রুক ইহা সুস্পষ্টভাবে জানাইয়া দিয়াছেন।

লর্ড বীভারব্রুক বলেন যে, ভারত ও ডোমিনিয়নগুলি নিশ্চয়ই আপন এলাকায় স্বাধীনভাবে যান-বাহন চলাচলের ব্যবস্থা করিতে সক্ষম। বৃটিশ গবর্ণমেণ্টেরও তেমনি সাম্রাজ্যের অভ্যন্তরে যান-বাহন চলাচলের আবশ্যক মত ব্যবস্থা করার অধিকার আছে। লর্ড বীভারব্রুক আরও বলেন যে, বিমান চলাচল সম্পর্কে আন্তর্জাতিক চুক্তি এবং তাহা কার্যে পরিণত করার জন্য একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান কায়েম করাই এই আন্তর্জাতিক সম্মেলনের উদ্দেশ্য। আন্তর্জাতিক প্রতিষ্ঠানটি অর্থনীতির বিরুদ্ধ প্রতিযোগিতা দূর এবং বিশ্ব ট্রান্সপোর্ট ব্যবস্থার আনুষঙ্গিক হিসাবে প্রত্যেক জাতির এলাকার মধ্যে ব্যাপক চলাচলের ব্যবস্থা ইত্যাদি বিবিধ কার্যে লিপ্ত থাকিবে। বৃটেন ও আমেরিকার ইতিপূর্বেই এই নীতি গ্রহণ করা হইয়াছে। সকলের উপর ইহা প্রযুক্ত হইবে কিনা তাহা সম্মেলনে স্থির করা হইবে। বিমান চলাচল সম্পর্কে সরকারী সাহায্য নিয়ন্ত্রণের জন্য আন্তর্জাতিক বিধি নির্ধারণ সম্পর্কে বৃটেন ও মার্কিণ যুক্তরাষ্ট্র একমত হইয়াছে। বিতর্কের সময় লর্ড রাদার-মেয়ার বলেন যে, বর্তমানে যাহার দ্বারাই পরিচালিত হউক না কেন, যুদ্ধ-শেষে বিমান ঘাঁটীগুলির মালিকানা স্বত্ব যাহাতে বৃটেনের করায়ত্ত থাকে সেইরূপ ব্যবস্থা করা বাঞ্ছনীয়।

চীনে সমাজ-সেবা প্রতিষ্ঠান

চীনের ৭২৩টী সমাজসেবা-কেন্দ্রে নানাপ্রকার পরিচর্যা সাহায্য ও সেবার বন্দোবস্ত আছে। সাধারণের উপকারের জন্য পরিচালিত এই সমাজসেবা-কেন্দ্র একটী আধুনিক প্রতিষ্ঠান। ওয়াই এম সি এ ও চীনাদের জনহিতৈষী প্রতিষ্ঠানগুলি উভয়েরই সুবিধা এই সেবাকেন্দ্রে পাওয়া যায়।

সামাজিক কার্যকলাপ দপ্তর কর্তৃক সমাজের কল্যাণের জন্য যে কার্য করা হয় ইহা তাহারই অংশ। ডক্টর সান ইয়াৎসেনের আদর্শ "সেবার জন্যই জীবন" এই নীতি-বাক্য অনুসারে সমাজ-সেবা-কার্য উৎসাহের সহিত সম্পাদন করা হয়।

সরকারী ও বেসরকারী সমাজ-সেবা প্রতিষ্ঠান সমর্থন করা ছাড়া এই দপ্তর সাক্ষাৎ ভাবে সমাজ-সেবা কেন্দ্র পরিচালনা করে। চুংকিঙ, কোয়েলিন, হেংইয়াঙ, নাই-কিয়াঙ ও চুনিতে সুসজ্জিত কেন্দ্র আছে।

প্রত্যেক কেন্দ্রে একটী হোষ্টেল, একটী ভোজনকক্ষ, স্নানের ঘর, বিশ্রামের ঘর, খেলার মাঠ ও খেলিবার বন্দোবস্ত আছে।

এই স্থানে সাধারণের জন্য খাদ্য ও আশ্রয়ের বন্দোবস্ত করা ছাড়া তাঁহাদেরকে ভ্রমণ সম্বন্ধে পরামর্শ, ও জনস্বাস্থ্য সম্বন্ধে উপদেশ দেওয়া হয়, চাকুরী সংগ্রহ করিতে সাহায্য করা হয়, তাহাদের শিক্ষার জন্য বক্তৃতা, আলোচনা সভা, প্রভৃতির বন্দোবস্ত করা হয়, খেলা-ধূলার সুযোগ দেওয়া হয় এবং তাহাদেরকে ধাত্রীবিদ্যা সম্পর্কিত সাহায্য করা হয়, ঔষধ ও সাধারণ তথ্য সরবরাহ করা হয়।

চুংকিঙের সমাজ সেবা কেন্দ্রে প্রত্যহ আইন সংক্রান্ত পরামর্শ দিবার জন্য একটী সময় নির্দিষ্ট করা আছে। এই সময়ে স্থানীয় আইনজীবীরা বিনা পারিশ্রমিকে সাধারণকে পরামর্শ দেন।

চুংকিঙ সমাজ সেবা কেন্দ্র পরিত্যক্ত শিশুদের প্রতি-পালন করে, নিঃস্ব পরিবারদের সহায়তার সরবরাহ করে এবং মৃতের সৎকার করে।

ক্ষুদ্র ক্ষুদ্র সহরে সমাজ-সেবা-কেন্দ্রগুলি হয় স্থানীয় কর্তৃপক্ষ না হয় দলগত প্রতিষ্ঠান দ্বারা প্রতিষ্ঠিত হয়।

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ

১৯৪৩ সনের ১৭ই আগষ্ট পরিষদের সভায় 'বাংলায় কৃষি' সম্বন্ধে আলোচনা অনুষ্ঠিত হয়। ডাঃ সুধীর সেন বি-এল-সি, (লণ্ডন), পি-এইচ-ডি (জার্মাণি), কর্তৃক লিখিত প্রবন্ধ পাঠ করেন। ডাঃ নরেন্দ্রনাথ লাহা মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

ডাঃ সেন বিদেশ হইতে ফিরিয়া আসিবার পর কিছু

কাল রবীন্দ্রনাথের শ্রীনিকেতনে কৃষি-বিষয়ক বনবিজ্ঞানের গবেষণায় নিযুক্ত ছিলেন। তাঁহার অভিজ্ঞতাসমূহ এই সভায় বিবৃত ও বিশ্লেষিত হয়।

সভায় যাঁহারা উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই আলোচনায় যোগদান করেন।

অধ্যাপক বিনয় সরকার বলেন যে, যন্ত্রপাতি-নিয়ন্ত্রিত শিল্পের উন্নতি ভারতে আবশ্যক সন্দেহ নাই, কিন্তু এই শিল্পোন্নতির সঙ্গে সঙ্গে কৃষি, চাষ-আবাদের উন্নতিসাধনও যারপর নাই দরকারী। ইউরো-আমেরিকার সমস্ত অগ্রসর দেশেই চাষের উন্নতি শিল্প-বিপ্লবের সহিত আনুষঙ্গিক ভাবে চলিয়াছে।

সভাপতি ডাঃ সাহা মহাশয় বক্তাকে তাঁহার তথ্যপূর্ণ সুন্দর বক্তৃতার জন্য ধন্যবাদান্তে বলেন যে, আমাদের দেশে আবাদের দিক্ হইতে একর প্রতি উৎপাদিত চাষের পরিমাণ অন্যান্য দেশের তুলনায় কম। উহা বৃদ্ধিও পাইতেছে না। বৈজ্ঞানিক কৃষিপ্রথা দ্বারা উৎপাদন-বৃদ্ধি দরকার, কিন্তু কৃষিক্ষেত্রের আয়তন অত্যন্ত ক্ষুদ্র বলিয়া বৈজ্ঞানিক কৃষিপ্রথা প্রবর্তন অত্যন্ত কঠিন। কাজেই অগ্রগামী পাশ্চাত্য দেশগুলির তুলনায় কৃষিকার্য্যেও আমরা অনেক পশ্চাতে পড়িয়া রহিয়াছি।

জমিজমা সম্বন্ধে উত্তরাধিকার আইনের পরিবর্ত্তনের দ্বারা কৃষিক্ষেত্রের আয়তন বাড়ান যাইতে পারে। সস্তায় নানাবিধ সার ও বৈজ্ঞানিক যন্ত্রপাতির প্রচলনও দরকার। কিন্তু সকলের মূলে গবর্ণমেণ্টের সহযোগিতা ও সাহায্য থাকা চাই।

সমাজবিজ্ঞান পরিষৎ

"রকমারী বিবাহ" সম্বন্ধে আবুল হাসানৎ (আই পি এস্) মহাশয় একটি প্রবন্ধ পাঠাইছিলেন। সেই প্রবন্ধ পরিষদের সভায় (৪-৯-৪৩) শ্রীযুত সুধাকান্ত দে মহাশয় পাঠ করেন। সভাপতি ছিলেন এডভোকেট কেশবচন্দ্র গুপ্ত। হাসানৎ মহাশয় বিবাহের পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী প্রণয়ের প্রথা বিশ্লেষণ করেন। এই প্রথা ইউরো-আমেরিকায় সুপ্রচলিত। তিনি বলেন যে, ভারতীয় হিন্দু-মুসলমান সমাজে বিবাহের পরবর্ত্তীকালে স্ত্রী-পুরুষের প্রণয় হওয়াই প্রথা। ভারতীয় প্রথার সঙ্গে পাশ্চাত্য প্রথার তুলনা সাধন তাঁহার আলোচনার অন্যতম বিষয় ছিল।

সভায় সমবেত সকলেই আলোচনায় যোগদান করেন।

অধ্যাপক সরকারের মতে, প্রাচীন ভারতে যে স্বয়ং-বরপ্রথা প্রচলিত ছিল তাহাকে আধুনিক পাশ্চাত্য-প্রথার অনুরূপ বলা চলে না। কেন না, সেই ব্যবস্থায় পুরুষও স্বাধীন ভাবে স্ত্রী বাছাই করিতে পারিত না, স্ত্রীও স্বাধীন ভাবে স্বামী বাছাই করিতে পারিত না।

ডাঃ নরেন্দ্রনাথ লাহা মহাশয় আমাদের দেশের বিবাহ-প্রথা এবং পাশ্চাত্য প্রণয়মূলক বিবাহপ্রথা উভয় প্রথার দোষগুণগুলির উল্লেখ ও তুলনা করেন। কোন চরমপন্থা অবলম্বন না করিয়া মধ্যপথ অবলম্বন করাই ভাল।

সভাপতি এডভোকেট কেশবচন্দ্র গুপ্ত বিভিন্ন দেশের বিবাহ-প্রথা বিশ্লেষণ করেন। পাশ্চাত্য প্রণয়-মূলক বিবাহ যে আদর্শ বিবাহ, তাহা বলা চলে না। বিবাহ-বিচ্ছেদ এবং নানা প্রকার অনাচার প্রায়ই ঘটিতে দেখা যায়। আমাদের দেশের বিবাহ প্রথাকেও নিখুঁত বলা চলে না; এই বিবাহ-প্রথার পরিবর্ত্তনও কালক্রমে ঘটিতেছে। মেয়েদের বিবাহের বয়স ক্রমেই বাড়িয়া চলিয়াছে; কিছু কিছু প্রণয়-মূলক বিবাহও ঘটিতেছে। ভবিষ্যতে আরও বাড়িবে। পাশ্চাত্য প্রথার গ্রহণীয় কতকগুলি গুণের কথা উল্লেখ করিয়া তিনি বলেন, প্রাচ্য বিবাহ প্রথার সহিত ঐগুলি যুক্ত করিয়া বিবাহের নূতন আদর্শ স্থাপিত হইতে পারে।

সোভিয়েট ইউনিয়নের সরকারী সমাজ-মঙ্গল বিভাগ

১৯৪২ সনের ৬ই মার্চ্চ তারিখে সোভিয়েট মন্ত্রিসভা এক ডিক্রি জারি করিয়া সমাজ-মঙ্গল বিভাগটীকে পুনরায় চালিয়া সাজিয়াছে। একজন কমিশনার বা মন্ত্রী এই বিভাগের কার্য্য পরিচালনা করিয়া থাকেন। মন্ত্রিসভা কর্ত্তৃক নিযুক্ত একটী বোর্ড ইহাকে সাহায্য করিয়া থাকে।

কমিশনার ও বোর্ডের মধ্যে মতভেদ ঘটিলে মীমাংসার ভার মন্ত্রিসভার হাতে।

এই সরকারী বিভাগটী নিম্নলিখিত কার্য্যক্ষেত্রগুলিতে সাবডিভেট সমাজ-সেবা সমিতিগুলির কাজকর্ম্ম দেখে :—

(১) সৈনিক ও অবসরপ্রাপ্ত সৈনিকদের পোষ্যদিগকে এবং মৃত সৈনিকদের উত্তরাধিকারীদিগকে ভাতা ও পেন্সন দান ;

(২) অক্ষম ও বৃদ্ধ বীমাকারীদিগকে এবং মৃত বীমাকারীদের উত্তরাধিকারীদিগকে পেন্সন দান (ট্রেড ইউনিয়নগুলি সাময়িক অক্ষমতার বেলায় অর্থ সাহায্য করে) ;

(৩) অক্ষম পরিণত-বয়স্কদের এবং সৈন্যদের সন্তান-সন্ততি ও পোষ্যদের বৃত্তি শিক্ষার ব্যবস্থা ;

(৪) সাংঘাতিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য প্রতিষ্ঠিত আশ্রমসমূহ পরিচালন (এখানেও অক্ষম ব্যক্তিদের নানা প্রকার প্রয়োজনীয় কাজে নিয়োগ করা হয়) ;

(৫) যৌথ কৃষিক্ষেত্রসমূহের সদস্যদের পারস্পরিক সাহায্য সমিতিসমূহের কেন্দ্রীভূত সাধন (যে সমস্ত সমস্য সমাজবীমার অন্তর্ভুক্ত হয় নাই)।

এই কমিসারিয়েট বা সরকারী বিভাগ অক্ষম ব্যক্তিদের সমবায় সমিতিসমূহ তথা অন্ধ ও মূক-বধির ব্যক্তিদের ইউনিয়নসমূহও তাহাকে সাহায্য করে এবং এই সমস্ত সমিতিকে যেসমস্ত অর্থ সাহায্য করা হয় তাহার হিসাব-পত্র নির্ণয় করে।

সোভিয়েট রুশিয়ার আন্তর্জ্জাতিক জাহাজী ক্লাব

যথেষ্ট বাধাবিঘ্ন সত্ত্বেও বিদেশী নাবিক, বিশেষতঃ মুরমান্স্ক বন্দরে আগত বৃটিশ ও মার্কিণ নাবিকদের সুখ-সুবিধার জন্য উত্তর রুশিয়ার এই সামুদ্রিক বন্দরে একটী আন্তর্জ্জাতিক জাহাজী ক্লাব প্রতিষ্ঠিত হইয়াছে।

ক্লাবের হলঘরে আমেরিকান, বৃটিশ ও সোভিয়েট শিল্প প্রদর্শিত হয়। ক্লাবের লিফ্লেটগুলি বিভিন্ন ভাষায় প্রকাশিত গ্রন্থ সাময়িক পত্রিকা, সংবাদপত্র ইত্যাদিতে পরিপূর্ণ। প্রত্যহ বিভিন্ন রণাঙ্গনের সামরিক পরিস্থিতি সম্বন্ধে আলোচনা চলে। সময়ে সময়ে আন্তর্জ্জাতিক রাজনীতি এবং বর্ত্তমান সমস্যাসমূহ সম্বন্ধে বক্তৃতারও ব্যবস্থা করা হয়। কয়েক মাস যাবৎ ক্লাবটীর কাজ সুন্দর ও সুষ্ঠুভাবেই পরিচালিত হইয়া আসিতেছে। মস্কোর অভিনেতাগণ প্রায়ই মুরমান্স্ক বন্দরে আগমন করিয়া এই জাহাজী ক্লাবে অভিনয়-কলা প্রদর্শন করে। নিয়মিতভাবে খেলা-ধূলা, নাচ-গান ইত্যাদিরও ব্যবস্থা আছে। এইসমস্ত অনুষ্ঠানে মিত্রপক্ষীয় ও সোভিয়েট নাবিকগণ মুরমানস্কের তরুণদের সহিত বন্ধুতার সহিত যোগদান করে। মধ্যে মধ্যে বৃটিশ ও সোভিয়েট নাবিকদের মধ্যে ফুটবল প্রতিযোগিতাও চলে।

বাঙালীজাতের ভবিষ্যৎ

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্র:—বাঙালী জাতের ভবিষ্যৎ সম্বন্ধে আপনার কি ধারণা? দু-এক কথায় বলতে পারেন?

উ:—ভাল প্রশ্ন। এতদিন ধ'রে ১৯৪২ সনে তুই আমাকে জিজ্ঞাসা করছিস্ ১৯০৫ সনে বাঙালী জাতের কথা। ১৯০৫ সনের কোনো বাঙালী ১৯৪২ সনের বাংলা দেশ সম্বন্ধে ভবিষ্যদ্বাণী করতে পারতো কি? সাঁইত্রিশ বৎসর জুড়ে' দেশ ও দুনিয়ার হালচাল কল্পনা করা সোজা কথা নয়। দেখতে পাচ্ছি যে, ১৯০৫ সনের কোনো বাঙালী মনীষী ১৯৪২ সনের বাঙালী জাত ও বাংলা দেশ সম্বন্ধে কোনো ছবি এঁকে যান নি। আজ আমাকে তুই ঠিক যেন আগামী সাঁইত্রিশ বৎসরের পরবর্তী বাংলাদেশের ছবি আঁকতে তলব করছিস্। যেন হাতের পাঁচ আর কি?

প্র:—হাই তো দেখ্‌ছি, এ কাজটা কঠিনই বটে। ১৯৪২ সম্বন্ধে ১৯০৫-এর লোকেরা কিছু কল্পনা রেখে যেতে পারে নি কেন? কারবারটা এত কঠিন কি জন্য?

উ:—আজ সাঁইত্রিশ বৎসর আগেকার বাঙালী জাতকে মনে আনতে চেষ্টা করছি। দেখতে পাচ্ছি যে, ১৯০৫-এর অনেক জিনিষই আর এ-কালে নেই। বাঙালী জাত্ বদ্‌লে' গেছে বেশ। এইসব বদ্‌লে' যাওয়ার কাও অত-আগে কল্পনা করা অসম্ভব। বড় জোর অতি-সাধারণ ও ভাসা-ভাসা ইঙ্গিত করা যেতে পারতো মাত্র। ষ্ট্যাটিস্‌টিক্‌সের জোরে গতির রোক বেশী-কিছু দেখা সম্ভব নয়।

:—আপনি আগামী সাঁইত্রিশ বৎসরের পরবর্তী বাংলা-দেশ ও বাঙালী জাত্ সম্বন্ধে অতি-সাধারণ আর ভাসা-ভাসা ইঙ্গিতই করুন না?

উ:—আচ্ছা কল্পনা করুন যেন ১৯৮০ সনে তোকে ১৯৪২ সনের বাঙালী জাতের স্মৃতি নিয়ে একটা কিছু বলতে বা লিখতে হচ্ছে। আর তোকে বুঝাতে হচ্ছে ১৯৪২ সনের বাঙালী হ'তে ১৯৮০ সনের বাঙালী কত তফাৎ আর কোন্-কোন্ বিষয়ে তফাৎ।

:—আচ্ছা! তাই কল্পনা করা যাক্। ১৯৮০ সনে ১৯৪২ সনের তুলনায় বাঙালী জাতে নতুন কি-কি দেখতে পাবো?

উ:—কল্পনায় বস্তুনিষ্ঠা চালানো উচিত। কিন্তু আবার একমাত্র বস্তুনিষ্ঠার উপর নির্ভর করা ঠিক নয়। বস্তুতঃ মানুষের চরিত্র সম্বন্ধে বর্ত্তমান অবস্থা থেকে' ভবিষ্যৎ ঠাওরাতে বসা অনেক সময়ে নেহাৎ দুঃসাহসের কাজ। আর অতীতের দিকে তাকিয়ে ভবিষ্যৎ সম্বন্ধে কোষ্ঠি তৈরি করা তো বিলকুল আহাম্মুকি। বস্তুনিষ্ঠার সীমা আছে। প্রতি মুহূর্ত্তেই মানুষের জীবনে নতুন-নতুন লক্ষণ দেখা দিচ্ছে। নয়া-নয়া চরিত্র যখন-তখন নরনারীর ব্যক্তিত্বের ভেতর ফুটে উঠ্‌তে পারে। অধিকন্তু চার-দিক্‌কার আবহাওয়া হামেশা বদ্‌লে যাচ্ছে। তার ফলে নয়া নয়া সুযোগ-সুবিধা অনবরত এসে জুটছে প্রত্যেক নরনারীর দুয়ারে। এই কারণেই

দুনিয়ার সর্ব্বত্র আজকের পারিয়া কাল হ'য়েছে ব্রাহ্মণে পরিণত। আজকের গরীবের হাতে কাল এসেছে ধনসম্পদ। আজকের কাপুরুষ কাল হয়েছে শুরা। আজকে যে শুরা কাল সে সেনাপতি। জীবন-বিকাশের কোনো ধরা-বাঁধা নিয়ম নেই। সংসার চলে আঁকা-বাঁকা পথে। এই সব অনিশ্চিত শক্তি ও সুযোগগুলা বস্তুনিষ্ঠার সংখ্যাশাস্ত্রে পাকাও করা যায় না। অথচ এই সব চিজ বর্জ্জন করলে কল্পনাটা নেহাৎ ফাঁকা হ'য়ে যেতে বাধ্য।

প্রঃ—ভবিষ্যৎ সম্বন্ধে কল্পনা করবার সময় আপনি অনিশ্চিত শক্তি ও সুযোগের মূল্য খুব বেশী দিতে চান?

উঃ—"খুব বেশী" কিনা জানি না। তবে অনিশ্চিত, অজ্ঞাত, অপরিচিত শক্তি ও সুযোগগুলার দিকে সর্ব্বদাই নজর রাখা উচিত। ১৮৭২ সনে বঙ্কিম-চন্দ্র বাঙালী জাতের ভবিষ্যৎ খানিকটা কল্পনা ক'রেছিলেন। তিনি তাঁর সমসাময় বাংলাদেশের অবস্থা দেখে "অতিবস্তুনিষ্ঠ"ভাবে ভবিষ্য-বাঙলার মূর্ত্তি খাড়া করিয়েছিলেন। তাই তাঁর ভবিষ্য-কল্পনার গলদ হ'য়ে গেছে। বাঙালী জাতের ভবিষ্যতে তিনি কর্ম্মযোগ, শক্তিযোগ ইত্যাদি মনুষ্যত্বের বিকাশ আশা করেন নি। ১৯০৫ সনের পরবর্ত্তী বঙ্গ-কৃতিত্ব ও বঙ্গ-কীর্ত্তিগুলা তাঁর কল্পনায় ঠাঁই পায় নি। কাজেই ভবিষ্যৎবাণী ভুলের খিচুড়িতে পরিণত হ'য়েছে। বঙ্কিম-বিষয়ক এই সমালোচনা "পোলিটিক্যাল্ ফিলজফির সিন্ধ ১৯০৫" বইয়ের দ্বিতীয় খণ্ডের তৃতীয় ভাগে বঙ্গ-আকারে প্রকাশ ক'রেছি। এই ধরণের ভুল এড়িয়ে চল্‌তে চাস্? তা হ'লে বর্ত্তমান আর অতীতের ওপর অতি-বেশী জোর না দেওয়াই উচিত।

প্রঃ—অনিশ্চিত, অজ্ঞাত আর অপরিচিত শক্তি ও সুযোগের দৃষ্টান্ত দেখাতে পারেন,—কোনো বড় বছরের সমাজ, রাষ্ট্র বা দেশের অবস্থা থেকে?

উঃ—১৮৬০-৬৫ সনের জার্ম্মাণি রাষ্ট্রিক হিসাবে "পারিয়া" ছিল ইয়োরোপের ভেতর। আজ ইয়োরোপে সে, একমেবাদ্বিতীয়ম্ আর হর্ত্তা-কর্ত্তা-বিধাতা হ'য়ে ব'সেছে (১৯৪১-৪২)। কবি হেমচন্দ্র সেদিনও ভারতীয় কংগ্রেস-প্রতিষ্ঠার যুগে (১৮৮৫-৯০) "অসভ্য জাপান" লিখ্‌তে লজ্জা বোধ করেন নি। আজ সেই জাপান তাত্ত্বিক খাচ্ছে কার? বৃটিশ সাম্রাজ্য-বীর চার্চিলের। ১৯১৭ সনেও রুশিয়াকে টলোরায়েরিকা জানতো চাষীর মুলুক, নিরক্ষরের আখান, কুসংস্কারের নরক-কুণ্ড। আজ রুশ নরনারী ট্যাঙ্ক-বীর, ট্রাক্টর-বীর, বিজ্ঞান-বীর, লড়াই-দক্ষ সমাজ-দক্ষ, রাষ্ট্র-দক্ষ মানুষ। এশিয়ার ও আফ্রিকার বৃটিশ সাম্রাজ্যের আয়ুঃ বাড়িয়ে দিচ্ছে কে? সোভিয়েট রুশিয়া।

:—আপনি বাঙালী জাতের ভবিষ্য-গঠনে অনিশ্চিত, অজ্ঞাত ও অপরিচিত শক্তি এবং সুযোগের প্রভাব সম্বন্ধে জোর দিতে চান?

উঃ—জোর দিতে রাজি আছি বেশ-কিছু। ১৯০৫ সনের পূর্ব্বপর্য্যন্ত বাঙালী জাতের কতকগুলা সদ্‌গুণ ছিল না। সেই সকল সদ্‌গুণ ১৯০৫-এর পরবর্ত্তী যুগে দেখা দিয়েছে। এসব নিজের চোখে দেখেছি। কানে শোনা কাহিনী নয়। সেইরূপ ১৯৪২ সনে বাঙালী চরিত্রে কতকগুলা সদ্‌গুণ নেই। সেই সকল সদ্‌গুণ ১৯৮০ সনের ভেতর হয়ত দেখা দেবে। এই কথা বিশ্বাস করতে হচ্ছে। সকলকে বিশ্বাস করতে বল্‌ছি না। আমার মতে কাউকে ভিড়াতে চাই না,—ডানিস্‌ট তো? সুতরাং বাঙলার নরনারী কয়েক দশকের ভেতর জাপান নরনারীর চরিত্র লাভ করবে কি না,—তা আজ কে বল্‌তে পারে? রুশ নরনারীর চরিত্রই যে বাংলায় দেখা দেবে না,—তাও জোরের সহিত বলা যায় কি? অধিকন্তু বঙ্গ-সমাজ যে জাপানী সমাজের চরিত্রলাভ করবে না,—তাই বা বল্‌তে সাহসী কোন্ মিঞা? সর্ব্বদাই যে-কোনো পরিণতির জন্য প্রস্তুত থাকা যুক্তিসঙ্গত। তবে বস্তু-নিষ্ঠভাবে বর্ত্তমানের অবস্থাটা সম্বন্ধে সজাগ থাকা কর্ত্তব্য। আমি বস্তুও ছাড়ি না, অনিশ্চিতও ছাড়ি না। আবার আমার বস্তুত্ব-নিষ্ঠা বেরিয়ে প'ড়লো,—সাময়িক "'জোক"-বিষয়ক সংখ্যা-শাস্ত্রে।



"ইণ্টার-ন্যাশনাল লেবার রিভিউ"

(নবেম্বর, ১৯৪৩)

আলোচ্য সংখ্যায় স্যামুয়েল এলনার লিখিত "বেকার সমস্যা ও আধুনিক সামাজিক নিরাপত্তা পরিকল্পনাসমূহ" শীর্ষক প্রবন্ধ, হেনরিক শামইট্স লিখিত "অধিকৃত নরওয়ে দেশে শ্রমিকদের অবস্থা" প্রবন্ধ এবং ডি. এ. জিমার প্রণীত "মার্কিণ যুক্তরাষ্ট্রের যুদ্ধশিল্পসমূহে লোকবল সংরক্ষণ কলকারখানার স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষার অভিযান" নামক প্রবন্ধ স্থানলাভ করিয়াছে।

"ইণ্টারন্যাশনাল লেবার রিভিউ" পত্রিকার ১৯৪১ সনের জুন সংখ্যায় এ সম্বন্ধে একবার আলোচনা করা হয়। জার্মাণ অধিকারের ফলে, নরওয়েবাসী শ্রমিকদের অবস্থা কিরূপ দাঁড়াইয়াছে বর্ত্তমান প্রবন্ধে তাহা আলোচিত হইয়াছে। মোটের উপর, নরওয়েবাসীর জীবনের প্রত্যেকটী ক্ষেত্রেই জার্মাণির বজ্রমুষ্টির দান সুস্পষ্ট। জার্মাণগণ আপন উদ্দেশ্য সাধনের জন্য দেশটীকে ক্রমাগত শোষণ করিয়াই চলিয়াছে।

জার্মাণ অধিকারের আমলে নরওয়ের আর্থিক পরিস্থিতির সব চেয়ে বড় বিশেষত্ব, অনবরত শ্রমিকের চাহিদা বৃদ্ধি আর এই সঙ্গে জিনিষপত্রের ক্রমাগত ঘাটতি। জার্মাণরা রীতিমত লুট-তরাজও চালাইতেছে। এই লুট-তরাজ চলে সরাসরি রিকুইজিশন, বাণিজ্যিক চুক্তি আর মূল্য বাঁধিয়া দেওয়ার আদরে। নরওয়ে হইতে জার্মাণিতে প্রেরিত জিনিষপত্রের মূল্যের তুলনায় জার্মাণি থেকে নরওয়ে দেশে প্রেরিত জিনিষপত্রের দাম অনবরত বাড়িয়া চলিয়াছে। নরওয়েকে শোষণের জন্য জার্মাণ পুঁজিপাট্টাসহ কয়েকটী বড় বড় কার্খও স্থাপিত হইয়াছে।

কলকারখানা-শ্রমিক-জগৎ সম্পর্কিত তথ্যসমূহ দ্বিতীয় অধ্যায়ে নানা দেশের সামাজিক অর্থ-নৈতিক নীতি, বেকার সমস্যা, কলকারখানার অবস্থা, সমাজ বীমা, শ্রমিক প্রতিষ্ঠান ইত্যাদি সম্পর্কে মূল্যবান বিবরণী স্থান পাইয়াছে।

জেনেভার আন্তর্জ্জাতিক শিশু রক্ষার ইউনিয়নটী পৃথিবীর সর্ব্বত্র পরিচিত। সম্প্রতি এই প্রতিষ্ঠানের বিংশতম বার্ষিক উৎসব সম্পন্ন হইয়াছে। জেনেভার শিশুরক্ষা সম্বন্ধে সমগ্র বিশ্বের নিকট ঘোষণা বাণী প্রেরণ করা হয়, ইউনিয়ন বর্ত্তমান উৎসব উপলক্ষে সেই বাণী আন্তর্জ্জাতিক শ্রমিক-দপ্তরের সেক্রেটারী জেনারেলের নিকট প্রেরণ করিয়াছেন। নিম্নে ঘোষণা বাণীর সার মর্ম্ম দেওয়া হইল :—

(১) শিশুর আধ্যাত্মিক ও ঐহিক শিক্ষা-দীক্ষা ও স্বাভাবিক বিকাশ লাভের ব্যবস্থা করিতে হইবে।

(২) ক্ষুধার্ত্ত শিশুকে খাওয়াইতে হইবে; রুগ্ন শিশুর সেবা-শুশ্রূষার ব্যবস্থা করিতে হইবে; অনগ্রসর শিশুকে সাহায্য করিতে হইবে; বেওয়ারিশ শিশুর মাতাপিতার সন্ধান করিতে হইবে; অনাথ শিশুর লালন-পালনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) দুঃখ-দুর্গতির সময় প্রথমে শিশু-সেবায় মনো-নিবেশ করিতে হইবে।

(৪) শিশু যাহাতে উত্তরকালে জীবিকা অর্জনে সমর্থ হয় তাহার ব্যবস্থা করিতে হইবে এবং তাহাকে সকল প্রকার শোষণের কবল হইতেও রক্ষা করিতে হইবে।

(৫) শিশুর প্রতিভা ও শক্তি উত্তরকালে সমাজ সেবায় নিযুক্ত হইবে—এই ভাব-ধারণা অনুসারেই তাহাকে লালন-পালন করিতে হইবে।

অল্পবয়স্ক বালক-বালিকাদের রক্ষণাবেক্ষণের জন্য নানা প্রকার বিধি-ব্যবস্থা প্রচলিত থাকা সত্ত্বেও জেনেভার এই ঘোষণাবাণীর এখনও যে যথেষ্ট প্রয়োজন আছে, ইউনিয়ন তাহা সুস্পষ্টভাবেই উল্লেখ করিয়াছে। যুদ্ধের ফলে শিশু ও তরুণবয়স্ক বালক-বালিকাদের যে অবর্ণনীয় দুঃখ-ক্লেশ ঘটিয়াছে, ইউনিয়ন তজ্জন্য আন্তরিক দুঃখ প্রকাশ করিয়াছে। অনাগত যুগে জেনেভার ঘোষণা বাণী যাহাতে অক্ষরে অক্ষরে প্রতিপালিত হয় এবং প্রত্যেকটী যুদ্ধে শিশু ও বালক-বালিকারা যে সাংঘাতিক দুঃখকষ্ট ভোগ করে তৎসম্পর্কে পূর্ণরূপে অবহিত হইবার জন্য ইউনিয়ন বিশ্বশান্তি-প্রতিষ্ঠার উদ্যোক্তাদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

"বিজনেস, আমু এ সিভিল অব্ পাওয়ার" ; রবার্ট ব্রুফি ; নিউইয়র্ক ; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস ; ১৯৪৩ ; ৩৪০ পৃঃ ; ৩ ডলার।

গ্রন্থকার মার্কিণ যুক্তরাষ্ট্রের দি ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব মানুফ্যাক্চারার্স এবং বিলাত ও অন্যান্য ফ্যাসিষ্ট দেশগুলার এইরূপ প্রতিষ্ঠানগুলিকে 'সর্ব্বোচ্চ' ব্যবসায়-সমিতি নাম দিয়া এইগুলার রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তি বৃদ্ধি সম্বন্ধে লেখনী সঞ্চালন করিয়াছেন। গ্রন্থকারের মতে, এইরূপ বাড়তির মধ্যেই ফ্যাসিজ্‌ম্ প্রতিষ্ঠা লাভ করে। বাস্তবিক পক্ষে কিন্তু পৃথিবীর সর্ব্বত্র ব্যবসায়ীরা এই ধরণের নিয়ন্ত্রণ-জাল বয়নেই মোতায়েন আছে। নিয়ন্ত্রণ-ক্ষমতা বাড়াইতে বাড়াইতে ব্যবসায়ীদের সম্মুখে দুইটী পথ উন্মুক্ত হয়। এক পথে তাহারা জনসাধারণের দিক্ থেকে সকল প্রকার বাধা-বিঘ্ন পদদলিত করিয়া অগ্রসর হয়। ইহাই হইতেছে ফ্যাসিজ্‌মের রাস্তা। অন্য পক্ষে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির নিকট দায়িত্ববোধের ক্রম-বিকাশ অনিবার্য্য। গ্রন্থকারের মতে, বিলাত ও মার্কিণ যুক্তরাষ্ট্রের সাম্নে এই বিকল্পটাই উপস্থিত হইয়াছে।

এই গুরুতর সমস্যার পশ্চাদ্‌ভূমিরূপে গ্রন্থকার বড় বড় ব্যবসায় কর্পোরেশন ও সুসংবদ্ধ ব্যবসায় সমিতিগুলির হালচাল সম্বন্ধে আলোচনা করিয়াছেন। কতকগুলো কলার্শের মুষ্টিমেয় বণিক্-প্রবরের মুঠোর মধ্যে সমস্ত ক্ষমতা নিবদ্ধ। গ্রন্থকার ফ্যাসিষ্ট ও গণতান্ত্রিক দেশগুলোর, এই সমস্ত সমিতির সাথে শ্রমিক ও গবর্ণমেণ্টের কিরূপ সম্বন্ধ সে বিষয়ে আলোচনা করিয়াছেন।

"সায়েন্স অ্যাণ্ড ওয়ার্ল্ড অর্ডার" জে ডি ক্রাউয়ার, ও ডি আর হাওয়ার্থ ও ডি পি রিলি ; হার্মণ্ডস্ ওয়ার্থ, ইংলাণ্ড ; পেঙ্গুইন বুকস্ ; ১৯৪৩ ; ১৪২ পৃঃ ; ৯ পেঃ।

১৯৪১ সনের সেপ্টেম্বর মাসে বৃটিশ এসোসিয়েসন্ ফর দি অ্যাড্‌ভান্সমেণ্ট অব্ সায়েন্সের উদ্যোগে উক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানের সামাজিক ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের মারফতে এক সম্মেলন আহূত হয়। উক্ত সম্মেলনের আলোচ্য বিষয়সমূহের উপর ভিত্তি করিয়াই পুস্তিকাখানি রচিত হইয়াছে। আধুনিক বিজ্ঞানের সৃষ্টি ও যথাযথ প্রয়োগে পৃথিবী যে কিভাবে শান্তিপূর্ণ ও সমৃদ্ধিশালী বসুন্ধরায় পরিণত হইতে পারে, বর্ত্তমান পুস্তিকার সাহায্যে তাহা সর্ব্বসাধারণের গোচরীভূত করা হইয়াছে। এজন্য আধুনিক বিজ্ঞানের মাপকাঠিতে সমাজের আর্থিক কাঠামো ও গবর্ণমেণ্টের কার্য্য-পদ্ধতিরও গুরুত্বপূর্ণ প্রয়োজন সাধনের প্রয়োজন। বিংশ শতাব্দী নিঃসন্দেহরূপে বিজ্ঞান ও যন্ত্রবিজ্ঞানেরই যুগ। কিন্তু বিজ্ঞান ও যন্ত্রকৌশল যাহাতে মানবজাতির মনিব না হইয়া দাসে পরিণত হয়, সেইরূপ ব্যবস্থা করার প্রয়োজন।

বিজ্ঞান ও গণতন্ত্রের সম্পর্ক ; বিজ্ঞান ও গবর্ণমেণ্ট এবং বিজ্ঞান ও শিল্পের সম্পর্ক ; পৃথিবীর প্রাকৃতিক সম্পদ জরিপের প্রয়োজনীয়তা ; ইয়োরোপে যুদ্ধোত্তর পুনর্গঠন সমস্যা ও বিশ্ব অর্থনৈতিক পরিকল্পনা সমস্যা—এইগুলি পুস্তিকার আলোচ্য বিষয়বস্তুসমূহের মধ্যে সব চেয়ে গুরুত্বপূর্ণ। অন্তত পক্ষে বৈজ্ঞানিক আলোচনার বাহন হিসাবে যে একটী আন্তর্জাতিক ভাষার প্রয়োজন, মধ্যে মধ্যে সে কথারও উল্লেখ করা হইয়াছে। পুস্তকে সর্ব্ব-

শেষে, সমসাময়িক অর্থনৈতিক কাঠামো ও আর্থিক চেষ্টা-চরিত্রের সব চেয়ে গুরুতর সমস্যা অর্থাৎ বিজ্ঞান ও যন্ত্র-কৌশল, বৈজ্ঞানিক ও যন্ত্র-বিশেষজ্ঞের পারস্পরিক সম্পর্ক এবং অর্থনৈতিক উৎপাদনের হাল-চাল সম্বন্ধে আলোচনা করা হইয়াছে।

"ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাক্‌শন্ ইন্ টাইম্ অব্ ওয়ার"; জি ফিলিপেট্টি; সেণ্টলুইস; জন এস সুইফ্‌ট কোং; ১২৪৩; ১৬৩ পৃঃ।

গ্রন্থকারের বিশ্বাস যুদ্ধের জন্য মার্কিণ যুক্তরাষ্ট্রে দেশের শিল্প-প্রচেষ্টাকে যেভাবে সঙ্ঘবদ্ধ ও নিয়ন্ত্রিত করা হইতেছে, তাহা যুদ্ধোত্তর যুগের শিল্প-পরিচালনা এবং কলকারখানা নিয়ন্ত্রণের উপরেও রীতিমত প্রভাব বিস্তার করিবে। সেই জন্য যুদ্ধের সময় উৎপাদন ব্যবস্থা, কাঁচা মাল, যন্ত্রপাতি, শ্রমিক নিয়োগ, শিল্প-প্রচেষ্টায় পুঁজিপাট্টা নিয়োগ, কারখানার স্থান-নির্বাচন ও পরিচালন ব্যবস্থার যে সমস্ত পরিবর্তন সাধিত হইয়াছে তাহা তিনি আলোচ্য গ্রন্থে অবিশ করিতে চেষ্টা করিয়াছেন। শেষ অধ্যায়ে যুদ্ধোত্তর উৎপাদন সমস্যাসমূহ সম্পর্কে আলোচনা করা হইয়াছে।



১। "প্রবলেমস্ অব্ পোষ্টওয়ার রিকন্‌ষ্ট্রাক্‌সন্" হেনরী সি গর্ডান্ (সম্পাদক); ওয়াশিংটন্ ডি-সি, আমেরিকান্ কাউন্সিল অব্ পাবলিক্ অ্যাফেয়ার্স; ১৯৪২; ২৯ পৃঃ; কাগজে বাঁধাই ৩·২৫ ডলার; কাগজে বাঁধাই ২·৭৫ ডলার।

২। "ইণ্ডিয়ান্ ইণ্ডিপেণ্ডেন্স অ্যাণ্ড্ দি কংগ্রেস"; শশধর সিংহ; লণ্ডন স্বরাজ হাউস; ১৯৪৩; ২০ পৃঃ, ৩ শিঃ।

৩। "ফাইনান্সিং টোটাল ওয়ার"; আর এম হেগ্; নিউইয়র্ক; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস (অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস); ১৯৪২; ৩২ পৃঃ, ২ শিঃ।

৪। "উইল ইলেক্‌ট্রিক পাওয়ার বি এ বটলনেক?"; এল মার্সিয়ো; ওয়াশিংটন ডি-সি, ব্রুকিংস ইন্‌ষ্টিটিউসন্; ১৯৪২; ৬৭ পৃঃ; ৫০ সেণ্ট।

৫। "রিডিংস্ ইন্ দি সোস্যাল কণ্ট্রোল অব্ ইণ্ডাষ্ট্রি"; জে ই অর্চার্ড; ফিলাডেলফিয়া; ব্ল্যাকিষ্টন্ কোম্পানী; ১৯৪২; ৪৯৪ পৃঃ, ২·৭৫ ডলার।

৬। "ফ্রি এণ্টারপ্রাইজ, প্রাইস্ পলিসি অ্যাণ্ড্ ডেমোক্রেসী"; ই জি নোর্স; ওয়াশিংটন ডি-সি ব্রুকিংস ইন্‌ষ্টিটিউসন্; ১৯৪২; ৩৪ পৃঃ; ২৫ সেণ্ট।

"দি পপুলেসন প্রবলেম্ ইন্ ইণ্ডিয়া—এ রিভিয়নাল অ্যাপ্রোচ্"; এন ভি লোভানি; গোখেল ইন্‌ষ্টিটিউট্ অব্ পলিটিক্স্ অ্যাণ্ড ইকনমিক্স; ১৯৪২; ২২১ পৃঃ ৮ শিঃ।

৮। "প্ল্যান্স্ ফর অ্যান্ এডুকেটেড্ ডেমোক্রেসী"; জে টমাস; মাঞ্চেষ্টার, কো-অপারেটিভ্ ইউনিয়ন লিমিটেড ১৯৪২; ৩১ পৃঃ ৪ পেঃ।

৯। অ্যাণ্লেড্ লেবার অব্ কণ্ট্রোল্ড্ ডিনামিক্স্?"; বি উইস্‌নার, জেফ্রালেম, কবিস্‌মাস; ১৯৪১; ৭৮ পৃঃ।

১০। "দি ডিষ্ট্রিবিউসন অব্ পপুলেসন্ অ্যাণ্ড্ দি লোকেসন অব্ ইণ্ডাষ্ট্রি অন্ মাসিসাইড্" ভাব্রিউ শিখ; লিভারপুল ইউনিভার্সিটি প্রেস্; ১৯৪২; ১৩৩ পৃঃ; ৫ শিঃ।

১১। "রিভিউ অব্ দি ট্রেড্ অব্ ইণ্ডিয়া ইন্ ১৯৩০-৪১"; কলিকাতা গবর্ণমেণ্ট অব্ ইণ্ডিয়া প্রেস্; ১৯৪২; ২৮৭ পৃঃ।

১২। "দি ইকনমিক প্রব্‌লেম অব্ ইণ্ডিয়া"; টি এন রামস্বামী; বোম্বাই; দি নিউ বুক কোম্পানী; ১৯৪২; ৩০৮ পৃঃ, ২০ টাকা।

১৩। "দি ইণ্টার-ন্যাশনাল থিওরী অব্ ইকনমিক্স"; আর মুখার্জী; লণ্ডন; ম্যাক্‌মিলান্; ১৯৪২; ৩৭৬ পৃঃ, ১৯ শিঃ ৬ পেঃ।

সহুরে লোক ও গ্রাম্য লোক

শ্রীশিবচন্দ্র দত্ত, এম-এ, বি-এল

উনবিংশ শতাব্দীর আগে ইয়োরোপের অধিবাসীরা প্রধানতঃ গ্রাম্য ও নগরজীবনহীন ছিল। প্রাচীন গ্রীসের গণতন্ত্রগুলা নগর-রাষ্ট্র ছিল। রোমক-দুনিয়া প্রধানতঃ সহরকে ভিত্তি করিয়াই গড়িয়া উঠে। কিন্তু গ্রীক ও রোমক "সহরের" মধ্যে কেবল যে একটি বা তাহার বেশী ঘন-বসতি-বিশিষ্ট লোককেন্দ্র থাকিত তা নয়। আশে-পাশের অল্প-বিস্তর বিস্তীর্ণ ভূখণ্ডও উহাদের অন্তর্ভুক্ত থাকিত। তখনকার যুগে বেশীর ভাগ লোকই হয় ছোট ছোট গ্রামে বাস করিত, না হয় ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া বসবাস করিত। রোমক সাম্রাজ্যের শেষ কয় শতাব্দীতে সহরগুলার প্রাধান্য অনেকটা বাড়িয়াছিল এবং সহরে বাস করা বেশ লোকপ্রিয়ও হইয়া উঠিল। কিন্তু পশ্চিমে রোমক সাম্রাজ্যের পতনের ফল এবং গল, বিলাত, স্পেন ও ইতালি জার্মাণদের দ্বারা বিজিত হওয়ার ফলে ইয়োরোপ এমন এক যুগে পৌঁছিল যাহা বিশেষরূপেই গ্রাম্য ছিল। এই গ্রাম্য জীবন মধ্যযুগের অনেকখানি অবধি স্থায়ী ছিল। একাদশ ও দ্বাদশ শতাব্দী হইতে, প্রথমে ইতালি ও ফ্রান্সে, সহরগুলা ক্রমশঃ প্রাধান্যলাভ করিতে আরম্ভ করে। তখন নূতন নূতন লোক ও আরও অধিকসংখ্যক লোক সহরের দিকে আকৃষ্ট হইতে থাকে। শিল্প-বাণিজ্য বৃদ্ধির ফলে সহরগুলা বাড়িতে থাকে, অপরদিকে সহরগুলা বাড়ার ফলে শিল্প-বাণিজ্য বাড়িতে থাকে। ত্রয়োদশ ও চতুর্দশ শতাব্দীর সহরে জীবন বেশ প্রাণবন্ত ছিল। তবুও, খুবই উন্নতিশীল কেন্দ্রগুলার লোকসংখ্যা বেশী পুরু ছিল না। এই বিষয়ে লিখিত মাল-মশলার পরিমাণ অতি সামান্য, এবং যাহাও বা আছে তাহা নির্ভরযোগ্য নয়। কিন্তু কেবল দুইটা সহর সম্বন্ধে জোর দিয়া বলা চলে যে, তাহাদের প্রত্যেকের লোকবল মধ্যযুগের যে কোন সময়ে এক লক্ষেরও বেশী ছিল। এই দুইটী সহর—প্যারী ও কন্‌স্তান্তিনোপ্‌ল্। লণ্ডনেরও একলক্ষ লোকসংখ্যা থাকা অসম্ভব নয়। তবে তাহা প্রমাণ করা অসম্ভব। কিন্তু যে সব মধ্যযুগের সহরের সবচেয়ে গৌরবময় সময়ে লোকসংখ্যা ৪০ হইতে ৬০ হাজার ছিল, তাহাদের সংখ্যা পনেরো হইতে বিশের বেশী ছিল না। মিলান, ফ্লোরেন্স, জেনোয়া, ফলোন, ব্রুগেস্, ঘেণ্ট ও লিবোক্ এই শ্রেণীর সহরের অন্তর্গত ছিল। মধ্যযুগের বেশীর ভাগ সহরেরই লোকসংখ্যা কখনও দশ হাজার পর্য্যন্ত পৌঁছায় নাই—যদিও ঐ সব সহরের অধিকাংশই আর্থিক ও ঐতিহাসিক প্রাধান্য লাভ করিয়াছিল।

আধুনিক যুগের গোড়ার দিকটায় সহরের বৃদ্ধি হইয়াছিল অসমানভাবে এবং, মোটের উপর, আস্তে আস্তে। অষ্টাদশ শতাব্দীতে সব দেশেই সহরগুলা আকৃতিতে ছোট ছিল এবং সংখ্যাতেও অল্প ছিল। যেমন ইয়োরোপের অন্যান্য দেশে, তেমনি জার্মাণিতেও সহরে জীবনের প্রসারণ ও সঙ্কোচন পর্য্যায়ক্রমে চলিতে থাকে। সহরে জীবনের ভিতর কি নীতির খেলা চলিতেছে সিস্ মিলক্ তাহা ধরিতে না পারিয়া বলিলেন যে সহরে জীবন সংক্রান্ত যা কিছু ব্যাপার, তাহার মূলে আছে ঈশ্বরের ইচ্ছা। অপরদিকে, ফ্রান্সে সাধারণের বিশ্বাস হইয়াছিল যে পল্লী অঞ্চলগুলার বর্দ্ধিতা করিয়াই সহরগুলা বাড়িয়া উঠিতেছিল। এমনও অভিযোগ শুনা যাইতে লাগিল যে, পল্লী গ্রামগুলা জনশূন্য হইয়া যাইতেছে। ১৭২১ সনে মঁতাস্কুয়োর লেত্তার পার্সেন্ প্রকাশিত হয়। তাহাতে তিনি এই মত প্রকাশ করেন যে, প্রাচীন যুগে যতলোক কৃষির উপর নির্ভর করিত, তাহার যুগে তাহার দশমাংশ কৃষির উপর নির্ভরশীল ছিল। তিনি এইরূপ ভবিষ্যদ্বাণী করেন যে, যে ঝোঁকের প্রভাবে উহা সম্ভব হইয়াছিল, তাহার খেলা যদি চলিতে থাকে, তবে শতাব্দীর মধ্যে পল্লী-অঞ্চলে জনপ্রাণী থাকিবে না। ১৭৮৭ সনে ক্যালোন্ প্রধানদের সভায় (অ্যাসেম্‌ব্‌লি অব্ নোটেবল্‌স্) একটি

দলিল পেশ করেন। তাহা হইতে বোঝা যায় যে, মঁতাস্থ্যো যে ঝোঁক বা প্রবণতার নিন্দা করিতেছিলেন তাহার খেলা চলিতেছিল অতি আস্তে। ঐ দলিলে দেখা গেল যে, ফ্রান্সে মাত্র উন-আশীটি সহর ছিল যাহার লোক-সংখ্যা ছিল দশ হাজার বা তাহার বেশী, এবং ঐ কয়টা সহরের মোট অনুমিত লোকসংখ্যা ছিল ১৯ লাখ ৪৯ হাজার ৯ শত ১১। পারীর লোকসংখ্যা ছিল সবচেয়ে বেশী—৬লাখ; তাহার পরে ছিল লিয়ঁ, মার্শেলস্ ও বোর্দো—ইহাদের লোকসংখ্যা যথাক্রমে ছিল—১ লক্ষ ৩৫ হাজার, ৯০ হাজার ও ৭৬ হাজার। শিল্প ও কৃষির পরিবর্তনের ফলে ১৭৫০ সনের পরে বিলাতের সহরে লোকের সংখ্যার দ্রুত বৃদ্ধি ঘটে। ১৭০০ সনে লণ্ডনের লোকবল ছিল ৬ লাখ ৭৪ হাজার ৯ শত ৫০। ১৭৫০ সনে ইহা দাঁড়ায়—৬ লাখ ৭৬ হাজার ২ শত ৫০। ১৮০১ সনে লণ্ডনের লোকসংখ্যা হইল ৯ লাখ। ১৮০১ সনে এডিনবারার লোকসংখ্যা ছিল ১০২,৯৮৭, গ্লাসগোর ১০০,৭৪১ এবং ম্যাঞ্চেষ্টার, লিভারপুল, বার্মিংহাম ও ব্রিষ্টলের প্রত্যেকের লোকসংখ্যা ছিল ৭৫ হাজার হইতে এক লাখের মধ্যে। তবুও সবচেয়ে উন্নত শিল্পের দেশ যে বিলাত, সেখানেও সহরবাসীর ভাগ কম ছিল। এক কথায় বলিতে গেলে, অষ্টাদশ শতাব্দীতে এক নূতন এবং বিশেষ উল্লেখযোগ্য লোক চলাচল সুরু হয়। ইহা দ্বিমুখী ছিল—একটি বাহির দিকে—উপনিবেশগুলায় এবং অন্যান্য বিদেশে আরও বেশী লোক রপ্তানির আকারে ইহা দেখা দেয়। অপরটি, দেশের ভিতরেই—ইহা দেখা দেয় পল্লী হইতে সহরের দিকে লোক চলাচলরূপে। এই দ্বিমুখী লোক চলাচলের সুরু অষ্টাদশ শতাব্দীতে হয় ইহা সত্য—কিন্তু ইহার কোনটিই অষ্টাদশ শতাব্দীতে বিশিষ্ট পরিণতি লাভ করে নাই।

পিগুর "নিয়োগ ও স্থিতি"

অধ্যাপক কন্তরচাঁদ লালুয়ানী, রাজচন্দ্র কলেজ, ফরিদপুর

[এই প্রবন্ধের লেখক রাজসাহি-বাসী মাড়োয়ারি। বাঙলাদেশে মাড়োয়ারিরা বণিকরূপে প্রসিদ্ধ। কোনো বাংলা-লেখক মাড়োয়ারির খবর কেহ রাখে কিনা সন্দেহ। তাহেই বর্তমান প্রবন্ধ মাড়োয়ারি সুধীর রচনা হিসাবে উল্লেখযোগ্য। কন্তরচাঁদ ধনবিজ্ঞানের অধ্যাপক। ধন-বিজ্ঞান-বিষয়ক তাঁহার অন্যান্য বাংলা রচনাও আমরা দেখিয়াছি। তাহার কিছু-কিছু ক্রমশ "আর্থিক উন্নতি"তে প্রকাশিত হইতে পারিবে। কন্তরচাঁদের বাংলা-প্রীতি বাঙালী সমাজে সমাদৃত হইবে। সম্পাদক]

১

কিছুদিন হলো অধ্যাপক পিগুর বইটি প্রকাশিত হয়েছে। গোড়াতেই বলা হয়েছে যে, বইটি বিশেষ করে লেখা হয়েছে পেশাদার অর্থনীতিবিদদের জন্যে, আর এর উদ্দেশ্য অর্থনৈতিক ব্যবস্থার কোন অংশ-বিশেষের বদলে নিয়ে আলোচনা করা নয়, এক একটি অর্থনৈতিক ব্যবস্থাকে পুরোপুরিভাবে পর্যবেক্ষণ ও তা' থেকে উদ্ভূত পরস্পর-সম্বন্ধ-বিশিষ্ট সমস্যাসমূহের বিশ্লেষণ করা। এই সমস্যার অনেকগুলিই সেকেলে অর্থনীতিবিদদের হাতে ধামা চাপা হয়ে পড়েছিল, অথবা এই সব সমস্যাকে সমস্যা বলে মোটেই আমল দেওয়া হয় নি। কেইনসের "নিয়োগ সুদ ও টাকা বিষয়ক সাধারণ মতবাদ" গ্রন্থের প্রকাশের পর থেকে এ বিষয়ের চিন্তাধারার একটা মোড় ফিরেছে। তাঁর মতবাদের সঙ্গে অনেকে দ্বিমত হতে পারেন, তাঁর আলোচনা-ভঙ্গী নিয়েও কেউ কেউ কথা তুলতে পারেন, তাঁর সমাধানগুলোও অনেকের মনের মতন না হতে পারে, কিন্তু তিনি যেসব প্রশ্নের উত্থাপন করেছেন, সেই নিয়েই আজ প্রত্যেক দেশহিতৈষী অর্থ-নীতিবিদের মাথা ঘামানো উচিত, আর এই সব প্রশ্নের

দিকে তিনি যে সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন, এইটেকেই আমরা বলতে পারি একটা মস্ত দান বলে। কেননা, অধ্যাপক পিগুর ভাষায়, এ বিষয়ে পথপ্রদর্শকই হচ্ছেন কেইনস।

পিগুর বইটি মোটের উপর চারটি অংশে বিভক্ত। প্রথম অংশে তিনি সঙ্কেত নির্দেশ করে কতকগুলি প্রাথমিক বিষয়ের আলোচনা করেছেন মাত্র। দ্বিতীয় অংশের আলোচ্য হচ্ছে সেই সব অবস্থা যার প্রতিক্রিয়ার ফলে অর্থনৈতিক ব্যবস্থার "ক্ষণকালিক প্রবহমাণ স্থিতির" উদ্রেক হতে পারে। এই অংশে পিগু এ সম্বন্ধে সেকেলে মতবাদের আলোচনা ত করেছেনই; সেই সঙ্গে বিভিন্ন অবস্থার স্থিতির সঙ্গে পূর্ণ নিয়োগের কি সম্পর্ক তাও দেখাবার চেষ্টা করেছেন। তৃতীয় অংশে দুইটি অর্থ-নৈতিক ব্যবস্থার পারস্পরিক সম্বন্ধ মোট নিয়োগের তারতম্য অনুসারে বিভিন্ন সংঘটন-প্রভাবের পার্থক্য এবং বিভিন্ন "গুণক" নিয়ে আলোচনা করা হয়েছে। সর্বশেষ চতুর্থ অংশের আলোচ্য বিষয় হচ্ছে অর্থনৈতিক ব্যবস্থার স্থিতি-হীনতা বা অ-স্থিতি। এই অবস্থার সৃষ্টি হয় যখন অর্থনৈতিক ব্যবস্থা একটা নির্দিষ্ট স্থিতি থেকে আর একটা স্থিতিতে পড়ছে। এই যুগ-সন্ধিক্ষণই হলো অ-স্থিতি।

কেইনস এবং পিগু—উভয়েরই আলোচ্য বিষয় হচ্ছে সেই সব প্রধান প্রধান ঘনঘটক যার উপর নিয়োগ এবং বেকারত্বের পরিমাণ নির্ভর করছে। এ সম্বন্ধে উভয়েই প্রায় একই সমাধানে এসে পৌঁছেছেন। শুধু তাই নয়। পিগুর বর্তমান গ্রন্থের প্রকাশে কেইনসের প্রতিপাদ্য বিষয়ের খুঁটা আরও মজবুত হয়েছে। তবে কেইনস এবং পিগুর আলোচনা-ভঙ্গীর মধ্যে পার্থক্য রয়েছে। কেইনসের আলোচনা কতকটা সেকেলে ভাবধারার বিরুদ্ধে সংগ্রাম ঘোষণার কাজ করছে। যেন এই ভাব-ধারার উচ্ছেদই তাঁর ব্রত। কিন্তু পিগুর বাহাদুরী হচ্ছে এই যে, তিনি বিগতকালের ভাবধারার সঙ্গে পুরোপুরি-ভাবে সম্পর্ক ছেদ করতে চান না। তাই সেই আওতার ভিতর দিয়েই তিনি কেইনসকে করছেন আশীর্বাদ তাঁর প্রতিপাদ্য বিষয়ের সমর্থনের মধ্য দিয়ে। সমাজ-বিজ্ঞান-বিদ্‌দের মত তিনিও হয়ত বলবেন, প্রগতির পথ অতীত ভাবধারার সঙ্গে সম্পর্কচ্ছেদ করা নয়, তারই উপর অনাগতকালের প্রগতিকে গড়ে তোলা, তার পথ পরিষ্কার করা।

সেকেলে ভাবধারার আওতা বজায় রেখে একটা নূতন তথ্যে উপস্থিত হবার পথে বিঘ্ন অনেক। অনেক ক্ষেত্রে বাস্তবজগতের সঙ্গে করতে হয়েছে সম্পর্কচ্ছেদ, অথবা তাদের অবহেলার সামগ্রীর মত দূরে ঠেলে রাখতে হয়েছে। আর সেই সঙ্গে কতকগুলি অদ্ভুত উপাদানের হদ্দে হয়েছে শরণাপন্ন এই আলোচনাকে পরিস্ফুট করার জন্য। এর অর্থ এই নয় যে এসব বিষয়কে আমরা একেবারেই উড়িয়ে দিতে চাই। বরং ঠিক তার উল্টো। কেননা, এই প্রকার আলোচনা-ভঙ্গীর সুবিধা হচ্ছে এই যে, তাতে বাস্তব আমাদের সামনে আরও পরিষ্কার হয়ে ফুটে উঠবে। পিগুর ভাষায়, যারা বিমান চালনার ক্ষেত্রে শিক্ষানবীশ, তাদের হাত পাকাতে হয় নমুনার বিমানটি দিয়ে। কিন্তু আমাদের বর্তমান আলোচনার মত, এতে সত্যিকারের বিমানচালনা শিক্ষার কাজ সহজবোধ্যই হয়ে ওঠে, দুর্বোধ্য হয়না। তাই বর্তমান প্রসঙ্গে যদিও আমরা কতকগুলি বাস্তব ঘটনাকে অবহেলাই করবো, তাতে কিন্তু আমাদের আসল উদ্দেশ্য-সিদ্ধির পথে অসুবিধা কিছু হবে না; বরং সুবিধাই হবে অনেক বেশী।

২

পিগু তাঁর বইএর আগাগোড়াই কতকগুলি বিষয় স্বীকার করে নিয়েছেন আলোচনার সুবিধার জন্যে। তাঁর প্রথম স্বীকার হচ্ছে এই যে একটা নির্দিষ্ট দেশ—যাকে নিয়ে আমাদের কারবার—অন্যান্য দেশ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন এবং স্বয়ং-সম্পূর্ণ—এক কথায়, একটা বদ্ধ অর্থ-নৈতিক ব্যবস্থা। দ্বিতীয়, শ্রমিকেরা হচ্ছে সবাই এক পদের অথবা এদের যা পার্থক্য আছে তা বাদ দিয়ে এদের একপদের করে নেবার পক্ষে কোন অসুবিধা নেই। দৈনিক বা সাপ্তাহিক শ্রমসময়ের পরিমাণ যাই হোক না কেন, একপদের শ্রমিক নিযুক্ত করলে পরিমাপের হয় সুবিধা; কেননা, এরূপ ক্ষেত্রে সত্যিকারেরই হোক বা মন-গড়াই

P 24, 081

হোক, একজন বা কয়েকজন শ্রমিককে পরিমাণের মান হিসাবে ব্যবহার করা চলতে পারে। তৃতীয়, মজুত করা, অপরিবর্ত্তনশীল মূলধনও সমভাবেই একজাতীয়—একই ধরণের গঠন-প্রণালী তাদের। চতুর্থ, ব্যবহারের ফলে অপরিবর্ত্তনশীল মূলধনের কার্য্যকারিতার যে হ্রাস বা লাঘব হচ্ছে তাও আমরা ধর্ত্তব্যের মধ্যে আনবো না বা প্রত্যক্ষ খরচা থেকে বাদ দিব না। পঞ্চম, শ্রমিকদের চলাচলের আঁটাআটি নেই কিছুমাত্র। তার ফলে বিভিন্ন উৎপাদন-ক্ষেত্রের মধ্যে পারিশ্রমিকের হারের কোন তারতম্য থাকবে না। সর্ব্বশেষ স্বীকার হচ্ছে এই যে, পারিশ্রমিকের সবটাই ব্যয়িত হচ্ছে ভোগ-সামগ্রী কিনতে।

কিন্তু কথা হচ্ছে এই যে, যে উৎপাদন ব্যবস্থাকে নিয়ে আলোচনা হবে তার নমুনা হবে কি রকমের? অবশ্য, অযথাভাবে যে সব জটিলতা আসে তা থেকে মুক্ত থাকার জন্যে পিগু শিল্প-প্রতিষ্ঠান-বিশেষের খুঁটিনাটির দিকে মোটেই নজর দিচ্ছেন না। এইবারে নমুনাটির কথাই বলি। এমন একটা নমুনা ধরে যদি কাজ সুরু করা হয় যেখানে একই ধরণের এমন একটা সামগ্রী সৃষ্টি হচ্ছে যা উপকরণ হিসাবেও ব্যবহৃত হতে পারে, আবার ভোগবিলাসের কাজেও লাগতে পারে, তাহলে তাতে কি কি অসুবিধার সৃষ্টি হয়? কেউ কেউ জিজ্ঞাসা করতে পারেন, এমন সামগ্রীটি কি? উত্তর মোটেই শক্ত নয়। যেমন মনে করা যাক গম। এদিয়ে বীজধানের কাজও চলবে, আবার খাবার কাজও চলবে। কিন্তু এই ধরণের নমুনার অসুবিধা হচ্ছে এই যে, তাতে একচেটিয়াগন্ধী বা নিরবাধ প্রতিযোগিতামূলক বিষয়গুলো বাদই পড়ে যায়। কেননা, এক্ষেত্রে উৎপাদকের পক্ষে তার নিজেরই স্বার্থে উচিত হবে অবাধ প্রতিযোগিতার মূলসূত্র অনুসারে কাজ চালান। আর একটা নমুনা হতে পারে যেখানে দু'রকমের উপকরণ তৈরী হচ্ছে—একটি উৎপাদন উপকরণ অপরটি ভোগ-সামগ্রী। এরূপ ক্ষেত্রে অবশ্য এই দুই জাতীয় উৎপাদকের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতা চলবে—তবে সেটি একচেটিয়া-গন্ধী। প্রত্যেকেই নিজের নিজের ব্যাপারে একচেটিয়া, অথচ এদের মধ্যে প্রতিযোগিতা আছে। কিন্তু এ নমুনাতেও নিরবাধ প্রতিযোগিতার সুযোগ নেই। সুতরাং এতেও গলদ রয়ে গেছে।

অধ্যাপক পিগুর মতে, শ্রীযুক্ত হেরড তাঁর "ব্যবসায়ে চক্রাবর্ত্ত" গ্রন্থে যে নমুনাটি ব্যবহার করেছেন, সেইটেই তাঁর কাজের উপযোগী। এই নমুনায় অনেক রকমের ভোগ সামগ্রী রয়েছে এবং এদের একটা বিশেষ পারস্পরিক সম্পর্কও রয়েছে। তাছাড়া এগুলো উৎপন্ন হচ্ছে একই সময়ে এবং প্রত্যেকটি রকমের জন্যে চাহিদা বা পরিমাণের অবস্থাও থাকছে স্থির। এই গঠনে সর্ব্বত্রই যেমন অবাধ প্রতিযোগিতা রয়েছে, নিরবাধ এবং একচেটিয়া-গন্ধী প্রতিযোগিতারও তেমনি প্রয়োগ করা যেতে পারে এ ক্ষেত্রে। পিগু এই নমুনাই গ্রহণ করেছেন তাঁর কাজের জন্যে এবং এর সঙ্গে যোগ করে নিয়েছেন উৎপাদন উপকরণকে। উৎপাদন উপকরণের বেলাতেও একচেটিয়া গন্ধী প্রতিযোগিতা থাকবে, তবে এর পরিমাণ ভোগ-সামগ্রীর ক্ষেত্রের একচেটিয়া-গন্ধী প্রতিযোগিতার পরিমাণের সঙ্গে যে একেবারে সমান হয়ে যাবে তার কোন মানে নেই।

৩

অধ্যাপক পিগুর এই বই প্রকাশে আরও একটা সুবিধা হয়েছে এই যে, এর ফলে সঞ্চয় এবং নিয়োগের সমতার ব্যাপারে যেসব মতভেদ ও খণ্ডযুদ্ধের উদ্ভব হয়েছিল, সেগুলো চাপা পড়েছে। "টাকা বিষয়ক গ্রন্থে" কেইনস ধরে নিয়েছিলেন যে, যখন স্থিতি বিরাজ করবে তখনই শুধু সঞ্চয় এবং নিয়োগের হবে সাম্য; অন্যথায় নয়। অর্থাৎ সঞ্চয়ের চাইতে নিয়োগ যদি বেড়ে যায় বা কমে যায় তাহলে মোট উৎপাদন ব্যবস্থায় আসবে একটা বিশৃঙ্খলা, অস্থিতির ভাব; এবং এর হাত থেকে বেরিয়ে আবার স্থিতির দিকে যেতে সময়ও লাগবে। "সাধারণ মতবাদ" গ্রন্থে কেইনস তাঁর আগেকার মতের পরিবর্ত্তন করেছেন। এইবারে তাঁর মতে সঞ্চয় এবং নিয়োগ সব সময়ই হবে সমান। এই মতে তিনি এসে পৌঁছেছেন নিম্নলিখিত ভাবে:—

আয় = ভোগ + নিয়োগ।

সঞ্চয় = আয় − ভোগ।

সুতরাং, সঞ্চয় = নিয়োগ।

কেইনসের এই মত নিয়ে শুরু হলো নানারকম গবেষণা, নানান মতভেদ। এই মতভেদের কারণ হচ্ছে এই যে, অন্তত পক্ষে সঞ্চয়ের অন্ত তিন রকম সংজ্ঞা দেওয়া যেতে পারে, আনুষঙ্গিক কারণ বাদ দিয়ে। পূর্ব নিয়োগের বেলাতেও সঞ্চয় এবং নিয়োগের সাম্য হবে না। সংজ্ঞা তিনটি হচ্ছে নিম্নোক্ত প্রকার :—

প্রথম সংজ্ঞায় সঞ্চয় = সাধারণ আয় − খরচ

দ্বিতীয় " = প্রত্যাশিত আয় − সত্যিকারের খরচ

তৃতীয় " = পূর্ব নিয়োগের সময়কার আয় − খরচ

প্রথম সংজ্ঞা দিয়েছেন কেইনস তাঁর "টাকা বিষয়ক গ্রন্থে"; দ্বিতীয় সংজ্ঞা হলো হুইডগ অর্থনীতিবিদদের এবং তৃতীয় সংজ্ঞা শ্রীযুক্ত ক্যালডরএর। এই তিনটি সংজ্ঞাতেই সঞ্চয় এবং নিয়োগের সমতা হবে না কোনখানে, এমন কি পূর্ব নিয়োগের বেলাতেও।

এইভাবে শুধু কথা-কাটাকাটিই চলছিল; কাজ কিছু এগুচ্ছিল না তাতে। অধ্যাপক পিগু শ্রীযুক্ত কেইনসকে সমর্থন করে এই অবধা কথা-কাটাকাটির অবসান ঘটিয়েছেন। পিগুর মতে সত্যিকারের নিয়োগ হচ্ছে সত্যিকারের আয়ের সেই অংশটা যেটি পরিবর্তনশীল, অপরিবর্তনশীল ও তরল মূলধন এবং অবিক্রিত মজুত সামগ্রীর সমান। কেইনসের সংজ্ঞাও এই প্রকারের। তাঁর এই মতবাদ অধ্যাপক পিগুর আলোচনার ভিতর দিয়ে সেকেলে অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে স্থান পাওয়ায় অবধা কথা কাটাকাটির অবকাশ আর বড় একটা থাকবে না।

৪

এইবারে আমরা আলোচনা করবো অধ্যাপক পিগুর প্রবহমাণ স্থিতির কথা। অনেকের ধারণা যে স্থিতির অর্থই হচ্ছে ক্রয়-বিক্রয়ের সমতা। কিন্তু এ ধারণা সম্পূর্ণ ভুল। কারণ, স্থিতি থাক বা না থাক, ক্রয় এবং বিক্রয় এ দু'টি সব সময়ই সমান হবে। কারণ, ক্রেতার দৃষ্টিভঙ্গীতে যা খরিদ, বিক্রেতার দৃষ্টিভঙ্গীতে তা বিক্রি। সামগ্রীটি একই এবং এর পরিমাণও এক। একে স্থিতি আখ্যা দেওয়ার কোন অর্থই হয় না। ঠিক একই কথা সঞ্চয় এবং নিয়োগের বেলায় প্রযোজ্য। উপরে যে সংজ্ঞা দেওয়া হয়েছে—তাতে যে পরিমাণ টাকা সঞ্চয় হচ্ছে, তার মোটটারই হচ্ছে নিয়োগ। সুতরাং এরা সব সময়ই সমান। এক্ষেত্রে এদের মধ্যে কি করে স্থিতি স্থাপন করা যাবে সে সম্বন্ধে কোন প্রশ্নই উঠতে পারে না।

এই ধরণের ভুল স্থিতি-বিষয়ক মতবাদের কথা বাদ দিলেও আরও দু' রকমের স্থিতি পাওয়া যায়। যেখানে একটা নির্দিষ্ট মূল্যে ক্রেতারা যে পরিমাণ সামগ্রী চাচ্ছে বিক্রেতারা সেই মূল্যে ঠিক সেই পরিমাণ সামগ্রীই দিচ্ছে—তাকে আমরা বলব স্থিতি। আর একটা স্থিতিতে একটা নির্দিষ্ট মূল্যে লোকে যে পরিমাণ সামগ্রী চাচ্ছে সেই পরিমাণ সামগ্রীর প্রত্যেকটির মূল্য প্রান্তিক খরচের সমান। যেখানে অবাধ প্রতিযোগিতা চলেছে সেখানে উপরের দু'টি স্থিতিই হবে একই অর্থবোধক। কারণ, এ অবস্থায় বিক্রেতারা যে পরিমাণ সামগ্রী বিক্রি করতে চাচ্ছে তার প্রত্যেকটির মূল্য হবে প্রান্তিক খরচের সমান। কিন্তু একচেটিয়া কারবারে তা হবে না।

চাহিদার তারতম্য

এইবারে আমরা এসে পড়লাম পিগুর প্রবহমাণ স্থিতিতে। সাধারণতঃ বাজারে স্থিতি বলতে সামগ্রীর জন্যে মোট চাহিদা এবং মোট সামগ্রী পরিমাণ এদের সমতাই বোঝায় এবং বিশেষ বিশেষ অবস্থা ছাড়া —অর্থাৎ যেখানে সরকারের হস্তক্ষেপ করতে হয়েছে মূল্য নিয়ন্ত্রণ ব্যাপারে অথবা যেখানে সামগ্রী পরিমাণের আধিক্যহেতু তাদের মূল্য গেছে আপাততভাবে কমে—এই সমতা বজায় রাখবারই চেষ্টা করা হয়। এই ধরণের সমতা নিয়ে পিগুর কারবার নয়। তাঁর কারবার হচ্ছে এক একটা সময়ের চাহিদার হার এবং সামগ্রী পরিমাণের হার নিয়ে। এই 'হারের' সমতাকেই বলা হয়েছে প্রবহমাণ স্থিতি এবং বাজার স্থিতি থেকে একে পৃথক করা হয়েছে। কোন কোন ক্ষেত্রে ব্যতিক্রম ছাড়া

বাজারস্থিতিই সব সময় থাকবে ; কিন্তু প্রবহমাণ স্থিতি যে সব সময়ই থাকবে তার কোন মানে নেই। বিষয়টি পিগু আরও পরিষ্কার করে বলেছেন। যদি কোন কারণে চা-খাবার রুচি বেড়ে যায়, তাহ'লে হঠাৎ ও চায়ের পরিমাণ বাড়িয়ে দেওয়া যাবে না। ফলে চায়ের মূল্য যাবে বেড়ে। এই বাড়তি মূল্যে যারা চা খেতে সমর্থ, শুধু তারাই খাবে। আর যারা বাদি থাকলো তারা সবাই প্রান্তিক রেখার নীচে। যাই হোক, যারা চা খেতে পারছে এদের নিয়ে যে নূতন স্থিতি হলো এইটেই বাজার স্থিতি। কিন্তু এ অবস্থাকে প্রবহমাণ স্থিতি বলা চলবে না। যখনি উৎপাদকেরা দেখবে যে, যে চা তারা উৎপাদন করছে তাতে মোট চাহিদা মেটাতে পারছে না এবং ফলে সেই চা বেশী দামে বিক্রি হচ্ছে তখন তারা চায়ের চাষ বাড়িয়ে দেবে। এইভাবে তারা সেইখানে গিয়ে থামবে যেখানে তাদের আর অস্বাভাবিক লাভ হচ্ছে না ; কেন না চাহিদার সমান পরিমাণে এখন তারা চা উৎপাদন করে বাজারে ছাড়ছে। এইভাবে পরিবর্তন চলছে সত্যি ; কিন্তু দৈনিক বাজার স্থিতির তাতে কোন ক্ষতি হচ্ছে না। কিন্তু যেহেতু সামগ্রী পরিমাণ ও তার মূল্য ক্রমাগতই বদলে যাচ্ছে, একে আমরা প্রবহমাণ স্থিতি বলতে পারবো না। তখন আবার ক্রেতা এবং বিক্রেতা উভয়েই পুরোপুরিভাবে সন্তুষ্ট হবে তাদের অবস্থায়, তখনি তাকে বলব প্রবহমাণ স্থিতি। এই অবস্থায় বাজার স্থিতি ও প্রবহমাণ স্থিতি এক অবস্থায় এসে দাঁড়াবে।

আমার মনে হয়, পিগুর প্রবহমাণ স্থিতি মার্শ্যালের দীর্ঘকালিক স্থিতির মত। মার্শ্যালের মতে বাজার স্থিতি নির্দ্ধারিত হচ্ছে দৈনিক চাহিদা ও সামগ্রী পরিমাণের ঘাতপ্রতিঘাতে। এর পরিবর্ত্তন হচ্ছে সর্ব্বদাই। এ অবস্থা কতকটা জলাশয়ের ক্ষুদ্র বিক্ষোভের মত। শান্তি নেই এর কোন সময়ই। কিন্তু তা' সত্ত্বেও জলাশয়ের একটা তল আছে। বাজারেরও ঠিক তেমনি বিক্ষোভ হচ্ছে সর্ব্বদাই ; অথচ এর সব সময়ই ঝোঁক দীর্ঘকালিক স্থিতির দিকে ছুটে যাওয়া। পিগুর প্রবহমাণ স্থিতি সেই ধরণের। তবে পিগু শুধু সামগ্রীর চাহিদার এবং পরিমাণের হার নিয়েই ব্যস্ত। তাঁর মতে দৈনিক বাজার স্থিতি বিক্ষুব্ধ। প্রবহমাণ স্থিতির সঙ্গে এর সমতা হবে তখনই যখন ক্রেতার কিনবার ইচ্ছা এবং বিক্রেতার বিক্রি করবার ইচ্ছা সমান হবে।

এ ছাড়া পিগু আর একটা স্থিতির কথা বলেছেন—এটাও প্রবহমাণ স্থিতি ; তবে পুরাপুরি নয়, আধা-আধি বা মনগড়া। সংক্ষেপে একে বলা হয়েছে ক্ষণকালিক প্রবহমাণ স্থিতি। এই ক্ষণকালিক স্থিতির সঙ্গেই কেইনসের "সাধারণ মতবাদ" গ্রন্থের স্থিতির সাদৃশ্য। কেইনস এই স্থিতি বলতে বোঝেন নিয়োগের সেই স্তর যেখানে নিয়োগকারীরা আর নিয়োগক্ষেত্র বাড়াতে বা কমাতে চাইবে না। কেইনসের এই স্থিতিও ক্ষণকালিক। কারণ, কেইনস্ দীর্ঘকালিক স্থিতিতে আস্থাবান নন। তাঁর কথায়, দীর্ঘকালের স্থিতি দেখবার জন্যে আমরা ত কেউ বেঁচে থাকবো না ; তার আগেই মারা যাব। পিগু কেইনসের ক্ষণকালিক স্থিতিকে মার্শ্যাল বা পূর্ব্ববর্ত্তী অর্থনীতিবিদদের দীর্ঘকালিক স্থিতির সঙ্গে জুড়ে দিয়ে এ দু'য়ের যোগসূত্র স্থাপন করেছেন বর্ত্তমান গ্রন্থে। এইখানেই তাঁর কৃতিত্ব। কেইনসের উপর এর কি প্রতিক্রিয়া হয় সেটিই দেখবার বিষয়।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

জ্যৈষ্ঠ—১৩৫১ ১৯শ বর্ষ—২য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'জ্যেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বাঙলায় সার প্রস্তুতের ব্যবস্থা

বাঙলার বিভিন্ন গ্রামে বহুসংখ্যক ডেমন্সট্রেটারের সাহায্যে কম্পোষ্ট-সার প্রস্তুতের জন্য বাঙলার কৃষিবিভাগ এক পরিকল্পনা প্রণয়ন করিয়াছেন। এজন্য ২,৭৫,০০০৲ টাকা ব্যয় হইবে। এই পরিকল্পনা অনুসারে দুই শত কামদার বা ডেমন্সট্রেটার নিযুক্ত করা হইবে এবং তাহাদিগকে ট্রেনিং দিয়া গ্রামে পাঠান হইবে। একজন কামদার মোটামুটি একটী ইউনিয়নে কাজ করিবে। প্রত্যেক ইউনিয়নের একটি বা দুইটী গ্রাম লইয়া কাজ আরম্ভ করা হইবে। গ্রামবাসিগণকে কম্পোষ্ট সার প্রস্তুত করিবার প্রণালী দেখাইবার জন্য ইউনিয়নের মধ্যে সারের একটি বা দুইটী স্তূপ প্রস্তুত করা হইবে। প্রত্যেক কামদার উক্ত ইউনিয়নে ছয় মাস কাল কাজ করিবে। একজন কামদারের অধীন একটি ইউনিয়ন বা গ্রাম-সমষ্টি ছয় হাজার মণ বা ততোধিক কম্পোষ্ট সার প্রস্তুত করিলে উক্ত ইউনিয়ন বা গ্রাম-সমষ্টিকে পাঁচ শত টাকা পুরস্কারের এক-তৃতীয়াংশ টাকা দেওয়া হইবে। ছয় মাস পর উক্ত কামদার আর একটি নূতন ইউনিট নির্বাচন করিয়া তথায় কম্পোষ্ট সার নির্মাণ-প্রণালী প্রদর্শন করিবে। কোন ইউনিট প্রথম ছয় মাসে ছয় হাজার মণ কম্পোষ্ট সার প্রস্তুত করার পর পরবর্তী ছয় মাসের শেষে পুনরায় আরও ছয় হাজার মণ প্রস্তুত করিলে উক্ত ইউনিটকে দ্বিতীয় দফায় পুরস্কারের আরও এক-তৃতীয়াংশ টাকা দেওয়া হইবে। এইরূপে তৃতীয় দফায় পুরস্কারের অবশিষ্ট এক-তৃতীয়াংশ টাকা পাইতে হইলে উক্ত ইউনিটকে তৃতীয় ছয় মাসে আরও ছয় হাজার মণ কম্পোষ্ট সার প্রস্তুত করিতে হইবে। প্রত্যেক ছয় মাসে ছয় হাজার মণ করিয়া কম্পোষ্ট সার প্রস্তুত করিতে গ্রামবাসিগণকে উৎসাহ দেওয়ার জন্য পুরস্কার প্রদানের এইরূপ ব্যবস্থা করা হইয়াছে।

বাড়তির পথে হুগলী ব্যাঙ্ক লিমিটেড্

বাংলার বাঙালী-পরিচালিত ব্যাঙ্কগুলির মধ্যে হুগলী ব্যাঙ্ক লিমিটেড্ বিশেষ স্থান অধিকার করিয়াছে। কলিকাতার ধর্মতলা ষ্ট্রীটে হেড্ অফিস ছাড়া বর্ত্তমানে হেদো, হাওড়া, শালকিয়া, শিবপুর, বেলুড়, বালী, উত্তরপাড়া, শ্রীরামপুর, শেওড়াফুলি ও চুঁচুড়ায় ব্যাঙ্কের শাখা কার্য্যালয় স্থাপিত হইয়াছে। মোটের উপর ব্যাঙ্কটীকে বাংলার অন্যতম প্রগতিশীল ব্যাঙ্করূপে গণ্য করা যাইতে পারে।

১৯৪১ সনের ব্যাঙ্কের কার্য্যকরী ও প্রাপ্ত মূল ধন ৪২,০৬,৮২৩৮৭ পাই ও ৩,৩৮,২২৫৲ টাকা হইতে ১৯৪৩ সনে যথাক্রমে ১,১৬,১৬,৯২০৶৩ আনা ও ৪,০০,০০০৲ টাকায় বর্দ্ধিত হইয়াছে। ১৯৪৩ সনে কোম্পানীর ৫০৬২৮৬/৪ পাই লাভ হইয়াছে।

টাকা খাটাইবার দিক্ দিয়া বেভাবে এই প্রতিষ্ঠানটি আগাইয়া গিয়াছে তাহাতে ইহার প্রশংসা করিতে হয়, পূর্ব্ববর্ত্তী বৎসরের সমহারেই লভ্যাংশ দিয়াছে এবং রিজার্ভ তহবিলের পরিমাণ ৩৩,১৭০৲ টাকা বাড়িয়া ১৬০,৩৭০৲ টাকায় পৌঁছিয়াছে।

আশা হয় যে, বাঙ্গলার এই উন্নতিশীল ব্যাঙ্কিং প্রতিষ্ঠানটি তাঁহাদের পূর্ব্ব অর্জ্জিত গৌরব বহুগুণে বাড়াইয়া অচিরেই ব্যাঙ্কিং ব্যবসায়ে অগ্রগণ্য হইবে।

আর্থিক ভারত

ভারতবর্ষে বীমা ব্যবসায়

ভারতবর্ষে বীমা ব্যবসায়ের ১৯৪৩ সনের কার্য্যবিবরণী-সম্বলিত বীমাবার্ষিকী প্রকাশিত হইয়াছে। এই বিবরণীতে দেখা যায় যে, ১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত ১৯৩৮ সনের বীমা আইনে রেজেষ্ট্রীকৃত মোট বীমা কোম্পানীর সংখ্যা ছিল ৩১৪। যেসব কোম্পানীর রেজিষ্ট্রী সার্টিফিকেট বাতিল করা হইয়াছে, উহাদের এই হিসাবে ধরা হয় নাই। এই ৩১৪টি কোম্পানীর মধ্যে ২২০টি ভারতবর্ষে গঠিত। অধিকাংশ ভারতীয় বীমা-প্রতিষ্ঠানই কেবলমাত্র জীবন-বীমার কাজ করিয়া থাকে এবং উহাদের সংখ্যা ১৫৫। বাকী ৬৪টি কোম্পানীর মধ্যে ৩৪টি কোম্পানী অন্যান্য বীমার সহিত জীবনবীমার কাজও করিয়া থাকে। অবশিষ্ট ৩১টি কোম্পানী জীবন বীমা ছাড়া অন্যান্য বীমার কাজ করে।

২২০টি ভারতীয় বীমা কোম্পানীর হেড্ অফিসের মধ্যে বোম্বাই প্রদেশে ৮৪টি, বাঙ্গলায় ৪১টি, মাদ্রাজ প্রদেশে ৩৪টি, পাঞ্জাবে ১৭টি, দিল্লীতে ১৩টি, যুক্ত-প্রদেশে ৮টি, মধ্যপ্রদেশে ৪টি, সিন্ধুতে ৩টি, বিহারে ৩টি, আসামে ১টি এবং আজমীর-মারওয়ারে ১টি অবস্থিত।

১৯৪২ সনে বিভিন্ন বীমা প্রতিষ্ঠানে ১ লক্ষ ৭৮ হাজার বীমাপত্রে মোট ৪২ কোটি ৮০ লক্ষ টাকার নূতন জীবন বীমা করা হইয়াছে এবং উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক ৮২ কোটি ২২ লক্ষ টাকা আয় হইয়াছে।

১৯৪২ সন পর্য্যন্ত ভারতবর্ষে বিভিন্ন বীমা কোম্পানীতে মোট ১৩ লক্ষ ৬১ হাজার বীমাপত্রে ৩২২ কোটি ১৪ লক্ষ টাকার জীবন বীমা ছিল এবং উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক আয় হইয়াছে ১৬ কোটি ৬ লক্ষ টাকা।

ইহার মধ্যে ভারতীয় কোম্পানীগুলির নামে ১৯৪২ সন পর্য্যন্ত ১৪ লক্ষ ৬৪ হাজার বীমাপত্রে মোট ২৫০ কোটি ৬৮ লক্ষ টাকার জীবন-বীমা ছিল এবং উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক আয় হইয়াছে ১২ কোটি ২ লক্ষ টাকা।

প্রভিডেণ্ট সোসাইটি

১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত ভারতবর্ষে মোট ১৪৩টি প্রভিডেণ্ট সোসাইটি বর্ত্তমান ও চালু ছিল। এইসব প্রভিডেণ্ট সোসাইটিতে ১৯৪২ সনে ১১ হাজার ৬ শত বীমাপত্রে মোট ৩৭ লক্ষ ৩৪ হাজার টাকার জীবনবীমা করা হইয়াছে। ১৯৪২ সন পর্য্যন্ত প্রভিডেণ্ট সোসাইটিগুলিতে মোট ৪৮ হাজার ৭ শত বীমাপত্রে ১ কোটি ৪৯ লক্ষ ১৫ হাজার টাকার জীবনবীমা বলবৎ ছিল। ১৯৪১ সন পর্য্যন্ত উহার পরিমাণ ছিল ৬৯ হাজার ৭ শত বীমাপত্রে মোট ১ কোটি ১৪ লক্ষ ৬৯ টাকার জীবনবীমা। তবে এইসব প্রভিডেণ্ট সোসাইটির জীবনবীমার তহবিল আলোচ্য বর্ষে কিছু বৃদ্ধি পাইয়াছে এবং ১৯৪১ সন হইতে উহা ১ লক্ষ ৩৪ হাজার টাকা বাড়িয়া ১৯৪২ সনে মোট ৫৩ লক্ষ ২৪ হাজার টাকা দাঁড়াইয়াছে।

ইণ্ডাষ্ট্রিয়াল অ্যাণ্ড্ প্রভেন্সিয়াল অ্যাসিওরেন্স কোম্পানী লিমিটেড্

১৯৪২ সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত বোম্বাইয়ের এই প্রসিদ্ধ বীমা-প্রতিষ্ঠানের পাঁচ বৎসরের হিসাব প্রকাশিত হইয়াছে। এই পাঁচ বৎসরে কোম্পানীর উদ্বৃত্ত তহবিলের পরিমাণ দাঁড়াইয়াছে ৪,৫২,৭৪০৲ টাকা; তন্মধ্যে এক-তৃতীয়াংশ রিজার্ভ তহবিলে রাখিয়া বাকী ৩,০০,৪৯৩৲ টাকা অংশীদার ও পলিসি-হোল্ডারদের মধ্যে বণ্টনের জন্য পৃথক রাখা হইয়াছে।

আলোচ্য পাঁচ বৎসরের মধ্যে কোম্পানী যে কিরূপ উন্নতিলাভ করিয়াছে, তাহা নিম্নের তালিকার প্রতি দৃষ্টিপাত করিলেই বেশ বুঝা যাইবে :—

	১৯৩৭	১৯৪২
	টাকা	টাকা
মোট কারবার	৪,৭৩,৮৬,০০০	৭,২৩,৮২,০০০
জীবনবীমা তহবিল	৮৮,৪১,০০০	১,৭৮,৭৫,০০০
প্রিমিয়াম আয়	২৪,৪০,২০০	৩৬,৭৭,৭০০

দুনিয়ার ধনদৌলত

মার্কিণ যুক্তরাষ্ট্রে তুলা উৎপাদন

মার্কিণ যুক্তরাষ্ট্রে ১৯৪২ সনে মোট ২৩,০০২,০০০ একর জমিতে তুলার চাষ হয় এবং তুলা উত্তোলন করা হয় ২২,৬০২,০০০ একর জমিতে। তুলা উৎপন্ন হইয়াছে ১২,৮২৪,০০০ বেল। একর প্রতি তুলা উৎপাদনের হার ২৭২·৫ পাউণ্ড। তুলাবীজ উৎপন্ন হইয়াছে ৪,৭২০,০০০ টন।

ক্যানাডার ইস্পাত-শিল্পের উন্নতি

যুদ্ধ-সময়ে ক্যানাডার ইস্পাত-শিল্পের যথেষ্ট উন্নতি ঘটিয়াছে মিত্রশক্তিবর্গের মধ্যে ইস্পাত উৎপাদনে বেশ হিসাবে এখন যুক্তরাষ্ট্র, রুশিয়া ও বৃটেনের পরেই ক্যানাডার স্থান। বর্ত্তমান বৎসরে সমরোপকরণ নির্ম্মাণ সম্পর্কে ক্যানাডার মোট চাহিদা ৫০ লক্ষ টনের মধ্যে ৩০ লক্ষ টন ইস্পাত ক্যানাডাতেই উৎপন্ন হইবে। ১৯৩৯ সনে ক্যানাডার উৎপাদনের পরিমাণ মাত্র ১১ লক্ষ টন। যুদ্ধের ফলে ক্যানাডার এলুমিনিয়ম শিল্পেরও উন্নতি ঘটিয়াছে। ১৯৩৯ সনে ক্যানাডায় মাত্র ৮৩ হাজার শর্ট টন এলুমিনিয়াম উৎপন্ন হইয়াছিল; কিন্তু ১৯৪৩ সনে উৎপাদনের পরিমাণ দাঁড়াইয়াছে ৫ লক্ষ ৩ হাজার টন।

মার্কিণ যুক্তরাষ্ট্রে খাদক সমবায়

মার্কিণ যুক্তরাষ্ট্রে আড়াই লক্ষ পরিবার ১৭,০০০ খাদক সমবায় সমিতির অন্তর্ভুক্ত। এই সমস্ত পরিবার প্রত্যেক বৎসর ২২৭৪ কোটী ডলার মূল্যের মালপত্র এবং বৈদ্যুতিক শক্তি প্রভৃতি ক্রয় করে। মার্কিণ যুক্তরাষ্ট্রের কৃষিক্ষেত্র সমূহের মোট সরবরাহের এক-ষষ্ঠাংশের আদান-প্রদান (ক্রয়-বিক্রয়) হয় খাদক সমবায় সমিতি সমূহের মারফতে। সাত লক্ষ কৃষক-গৃহের অনেকে বৈদ্যুতিক শক্তি আহরণ করে সমবায় সমিতিসমূহের নিকট হইতে।

৩১ শত কো-অপারেটিভ ষ্টোর ৫ লক্ষ পরিবারে বিভিন্ন উৎপন্ন দ্রব্য সরবরাহ করে। এক হাজারটী ষ্টোর সমবায় দেবেলপযুক্ত মুদিখানার জিনিষপত্র বিক্রয় করে। ১,৫০০ কো-অপারেটিভ্ সার্ভিস ষ্টেশন পেট্রল ও তেল সরবরাহ করে। ৫ লক্ষ পরিবারি তাহাদের ধন-প্রাণ খাদকদের মালিকানাযুক্ত বিভিন্ন কোম্পানীতে বীমা করিয়াছে। আরও ৪৫ কোটী পরিবার বীমা করিয়াছে ছোট ছোট পারস্পরিক বীমা-প্রতিষ্ঠানে। ৫৩ শত স্থানীয় খুচরা বিক্রয় সমিতি ২২টী আঞ্চলিক পাইকারী বিক্রয় কো-অপারেটিভের সদস্য শ্রেণীভুক্ত।

আমেরিকার খাদক সমবায় সমিতিগুলার কীর্ত্তি যে

কিভাবে চলে তার সুন্দর দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায় মিসৌরী প্রদেশের পাঁচটী খুচরা খাদক সমবায় সমিতির কার্যকর্মের মধ্যে।

মিসৌরীর উত্তর কান্‌সাস্ সহরের কৃষক-অধ্যুষিত অঞ্চলের কৃষকরা দলবদ্ধভাবে প্রয়োজনীয় জিনিষপত্র ও বিভিন্ন সমাজ-হিতকর প্রতিষ্ঠানের সেবা গ্রহণ করিয়া থাকে। ইহারা পাঁচটি খুচরা ক্রয় সমবায় সমিতি গঠন করিয়াছে। ১৫ বৎসর পূর্ব্বে কৃষকগণ যখন এইভাবে সঙ্ঘবদ্ধ হয়, তখন কিন্তু তাহারা আদৌ ভাবিয়া দেখে নাই যে তাহারা তাহাদের অর্থ নৈতিক গণতন্ত্রের নূতন পর্য্যায় সৃষ্টি করিতে উদ্যত হইয়াছে।

খুচরা সমবায় সমিতিগুলা ক্রমশঃ পাইকারী সমিতিতে পরিণত হয়। অতঃপর ইহারা শিল্প দ্রব্য তৈরী করিতে আরম্ভ করে। দুইটি তৈল সংশোধনের কারখানাও স্থাপিত হয়। আস্তে আস্তে পার্শ্ববর্ত্তী কান্‌সাস প্রদেশের তৈল-কূপ ইহাদের হস্তগত হয়।

মিসৌরী প্রদেশের এইসমস্ত চাষী সভ্যের খুচরা জিনিষ-পত্র ক্রয়ের উদ্দেশ্যেই পাঁচটি খাদক সমিতি প্রতিষ্ঠা করে। ক্রমে তাহারা বুঝিতে পারে যে, একটি পাইকারী সমিতি স্থাপন করিলে খরচ আরও কমিয়া যাইবে। তৈল-জাত জিনিষপত্র তাহারা এত বেশী ব্যবহার করে যে, তাহারা তেলের কারখানা স্থাপন করিতেও বাধ্য হইয়াছে।

তাহারা ক্রমে রং, গ্রীজ্ এবং পরিষ্কার করার তরল পদার্থ তৈরী করিতে আরম্ভ করে। কারবার ক্রমেই বিস্তৃতি লাভ করে, নূতন নূতন কারখানাও গড়িয়া উঠে। তৈলজাত পদার্থগুলির মূল্য আরও বেশী কমাইবার উদ্দেশ্যেই তাহারা নিজস্ব সংশোধনাগার গড়িয়া তোলে। কিন্তু নিজ তৈলকূপ থাকিলে আরও ব্যয়সঙ্কোচের সম্ভাবনা। কাজেই দুই বৎসর পূর্ব্বেই মূল পাঁচটি খুচরা ক্রয় সমবায় সমিতির সদস্যগণ বহু খুচরা দোকান, পাইকারী সমিতি কারখানা, দুইটি তৈল সংশোধনাগার ও সাতটি তৈল কূপের মালিক হইয়াছে।

ব্যক্তি ও সঙ্ঘ

আন্তর্জ্জাতিক সিক্কা-সম্মেলন

মার্কিণ যুক্তরাষ্ট্রের ব্রেট উড্স নামক স্থানে আন্তর্জ্জাতিক সিক্কা-সম্মেলন বসে। বৃটিশ প্রতিনিধি লর্ড কিনেস্ একটী আন্তর্জ্জাতিক ব্যাঙ্ক প্রতিষ্ঠার প্রস্তাব উত্থাপন করেন। এই ব্যাঙ্ক সদস্য-স্থানীয় দেশগুলিকে ঋণদান করিবে। মার্কিণ প্রতিনিধির মতে সদস্য-স্থানীয় প্রত্যেকটি দেশ তহবিলে যে পরিমাণ পুঁজি নিয়োগ করিবে, উর্দ্ধপক্ষে তাহার ২৫% মূল্যের বিদেশী কারেন্সী ক্রয় করিতে পারিবে। সদস্য-স্থানীয় দেশগুলি যে অধিকার হিসাবে এই সুবিধা ভোগ করিবে তাহা নয়; যে ভাবধারা অনুসারে আন্তর্জ্জাতিক তহবিলের সৃষ্টি করা হইতেছে, তাহার সহিত সামঞ্জস্যপূর্ণ উদ্দেশ্য সাধনের জন্য এইসমস্ত দেশ বিদেশী কারেন্সী ক্রয় করিতে পারিবে। বিদেশী কারেন্সী সম্বন্ধে কটকা-বাজির সুবিধাদানের জন্য কখনই অর্থ প্রদত্ত হইবে না। এইরূপ উদ্দেশ্যযুক্ত দেশ সাধারণ হিসা হইতেই বঞ্চিত হইবে। পক্ষান্তরে, সদস্যদানি ও অন্যান্য আর্থিক সুযোগ ঘটিলে আবেদনকারী দেশ ২৫% হিসাবেও অতিরিক্ত আর্থিক সাহায্য লাভ করিতে পারিবে।

সম্মিলিত জাতি-নিচয়ের সমস্ত দেশ এবং মিত্র ভাবাপন্ন আরও অনেক দেশ এই সম্মেলনে যোগ দিয়াছে।

বাঙলায় মৎস্য-সরবরাহ সমস্যা

গত ২৮শে জুন প্রাতে বেসামরিক সরবরাহ বিভাগের মন্ত্রী মাননীয় মিঃ এইচ, এস, সোহরাওয়ার্দ্দীর কামরায় বিভাগীয় সমন্বয় সাধন কমিটীর এক অধিবেশনে মৎস্য সরবরাহ-পরিস্থিতি পুঙ্খানুপুঙ্খরূপে আলোচিত হইয়াছে। তথায় এই সিদ্ধান্ত করা হইয়াছে যে, অতি শীঘ্রই একজন কন্ট্রোলার-অব-আইস নিয়োগ করা হইবে। বর্ত্তমানে

যে পরিমাণ বরফ পাওয়া যায়, তাহা বে-সাময়িক ও সাময়িক বিভিন্ন শ্রেণীর বরফ-ব্যবহারকারীদের মধ্যে বণ্টন করিয়া দেওয়ার ক্ষমতা তাঁহার উপর প্রদত্ত হইবে। ইহার ফলে মৎস্য-ব্যবসায়ের জন্য অধিকতর পরিমাণে বরফ পাওয়া যাইবে। গোয়ালন্দে লবণাক্ত মৎস্য প্রস্তুতের এক প্রস্তাবও সভায় আলোচিত হইয়াছিল।

মোলাকাৎ

স্বদেশীযুগ ও সমাজ-তন্ত্র

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—মজুর-জীবনের সঙ্গে স্বদেশীযুগের জননায়কগণের যোগাযোগ আপনি কিরূপ দেখেছেন ?

উঃ—সত্যিকার মজুর-জীবন হচ্ছে শিল্প-কারখানা বা ফ্যাক্টরি-কারবারের কুলী-জীবন। ১৯০৫-১৪ সনের বঙ্গ-বিপ্লবের জন-নায়কগণের সঙ্গে সত্যিকার মজুর-জীবনের সম্ভব যোগ হয় ছিল না। বঙ্গ-বিপ্লব ছিল প্রধানতঃ বা একমাত্র দেশনিষ্ঠ, জাতি-নিষ্ঠ, ন্যাশন্যালিষ্ট-ধর্ম্মী। এর ভেতর শ্রেণী-বিবাদের দর্শন কোনো প্রভাব ছড়াতে পারে নি। বার্ণ-কোম্পানীর ভেতরকার গণ্ডগোলকে জন-নায়কেরা বিদেশী-বয়কটের অন্তর্গত ক'রে নিতেন। তার ভেতর মজুর বনাম পুঁজিপতি সমস্যা দেখ্‌বার মতন কোনো জন-নায়ক ছিলেন কিনা সন্দেহ। দেশের জনসাধারণকে স্বদেশী ও স্বরাজ-আন্দোলনের ভেতর আন্‌বার অন্যতম উপায় ভাবে ধর্ম্মঘট ইত্যাদির ইজ্জৎ দেওয়া হ'ত।

প্রঃ—জনসাধারণকে স্বদেশী ও স্বরাজ আন্দোলনের ভেতর আনবার জন্য আর কোনো প্রণালী অবলম্বিত হয়েছিল ?

উঃ—জায়গায়-জায়গায় নৈশ পাঠশালা, মজুর-বিদ্যালয় ইত্যাদি প্রতিষ্ঠান কায়েম করা হ'য়েছিল। মালদহ জাতীয় শিক্ষাসমিতির অধীনেই সদরে ও পাড়াগাঁয়ে গোটা দু-তিনেক নৈশ-পাঠশালা খুলেছিলাম (১৯০৭)। অন্যান্য জেলায়ও নৈশ-পাঠশালা কায়েম হ'য়েছিল। কল্‌কাতায় শ্রমজীবী বিদ্যালয় কায়েম হ'য়েছিল (১৯০৮)। তার সঙ্গে ৺সত্যানন্দ রায় (কর্পোরেশন টীচার্স কলেজের প্রিন্সিপাল), জ্ঞানাঞ্জন নিয়োগী (কর্পোরেশন মিউজিয়ামের কর্ম্ম-কর্ত্তা), বিধানচন্দ্র রায় (ডাক্তার) ইত্যাদি মনীষীদের যোগ ছিল। মুর্শিদাবাদ জেলার আমার বন্ধু রাধাকমল মুখোপাধ্যায় (লক্ষ্ণৌয়ের সমাজ-শাস্ত্রী) কয়েকটা নৈশ-পাঠশালা খাড়া ক'রেছিলেন।

প্রঃ—নৈশ পাঠশালার আবহাওয়ার সোস্যালিজম্ ছিল কি ?

উঃ—না। সমাজ-তন্ত্র অত সোজা জিনিষ নয়। এই ধরণের প্রতিষ্ঠানে সত্যিকার মজুর একটাও ছিল না। ছাত্রেরা মুচী, চামার, বাগ্দি, চাষী, জোল্‌হা ইত্যাদি জাতের পরিবার হ'তে আসত। নৈশ-পাঠশালার প্রতিষ্ঠাতারা কাজগুলাকে শিক্ষকদের নৈতিক চরিত্র-গঠনের সহায়-স্বরূপ দেখ্‌তেন। এর ভেতর বড়-জোর সমাজসেবা ও সমাজ-সংস্কারের লক্ষ্য দেখা যেত। জনসাধারণের সঙ্গে মাখামাখি হ'লে জাতীয় ঐক্য গ'ড়ে উঠ্‌বে,—এইরূপ মতিগতি ছিল। এসবকে মজুর-আন্দোলন আর সোস্যালিজ্‌মের ভেতর ফেলা সম্ভবপর নয়।

প্রঃ—সমাজসেবাকে আপনি সোস্যালিজম্ (সমাজ-তন্ত্র) বলেন না ?

উঃ—না। রামকৃষ্ণ মিশনের সেবাকার্য্য সেই যুগে খানিকটা সুপরিচিত হ'তে থাকে। তাও সোস্যালিজ্‌মের সামিল নয়। সে ছিল দুনিয়ায় সুপরিচিত "দরিদ্র-নারায়ণের" সেবা মাত্র। খাঁটি সমাজ-তন্ত্র জিনিষটা দান-খয়রাতের বা সমাজ-সেবার মামলা নয়।

পত্রিকা-জগৎ

"ইণ্টার-ন্যাশনাল অ্যাফেয়ার্স"

(জানুয়ারী, ১৯৪৪)

ক্যানাডার টোরোণ্টো শহরের রয়্যাল ইনষ্টিটিউট অব্ ইণ্টার-ন্যাশনাল অ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত এই পত্রিকাখানি আমাদের হস্তগত হইয়াছে। আলোচ্য সংখ্যায় জার্মাণির সমস্যা, জাপানের সমস্যা, বিশ্ব অর্থ-নীতিক্ষেত্রে কমন্ ওয়েল্থের স্থান, নরওয়ের অর্থ-নৈতিক পুনর্গঠনের আন্তর্জাতিক স্বরূপ, আফ্রিকার মাঞ্চুরিয়া ইত্যাদি মূল্যবান প্রবন্ধ স্থান পাইয়াছে।

আফ্রিকার মাঞ্চুরিয়া প্রবন্ধে আমরা জানিতে পারি যে, জাপানী অকলে অন্তর্মোলিয়া, জেহোল, উত্তর হোপী ও চাহার অন্তর্ভুক্ত হওয়ায় মাঞ্চুরিয়ার আয়তন যথেষ্ট বর্দ্ধিত হইয়াছে। কিন্তু লোক-সংখ্যার দিক্ থেকে চীনাদের সংখ্যাই সব চেয়ে বেশী। মাঞ্চুদের সংখ্যা অত্যন্ত কম, খুঁজিয়া বাহির করাই দুষ্কর। পূর্ব্বাংশে লাখ দশেক কোরিয়ানের বাস। জাপানীদের সংখ্যা পাঁচ লাখের মত হইবে। মোট জনসংখ্যা প্রায় ৩ কোটী। কিছু মঙ্গোলিয়ানও স্থায়ী বাসীন্দার অন্তর্ভুক্ত হইয়াছে। জাপ শাসনাধীনে মাঞ্চুরিয়া দ্রুত শিল্প-প্রধান দেশে রূপান্তরিত হইয়াছে। জাপানীরা দেশটার প্রাকৃতিক সম্পদ্ও আহরণ করিতেছে দ্রুতবেগে।

মাঞ্চুরিয়ার অধিবাসীরা কিন্তু জাপ শাসনের আদৌ পক্ষপাতী নয়। তাহাদের আশা, সোভিয়েট রুশিয়া জাপানীদিগকে বিতাড়িত করিয়া মাঞ্চুরিয়াকে সত্যিকার গণতান্ত্রিক স্বাধীনতা প্রদান করিবে। তাহাদের এই আশা ফলবতী হইবে কিনা, একমাত্র ভবিতব্যতাই তাহা বলিতে সক্ষম।

"দি এগ্রিকাল্চারাল সিচুয়েশান"

(মার্চ্চ, ১৯৪৪)

মার্কিণ গবর্ণমেণ্টের কৃষি বিভাগের কৃষি-বিষয়ক অর্থ-নীতি বিভাগ হইতে প্রকাশিত এই মাসিক পত্রিকায় পণ্যদ্রব্য-সমালোচনা, ১৯৪১ সনে জীব জানোয়ার ও পশু খাদ্যের হালচাল, ১৯৪৪ সনে ফল উৎপাদনের উন্নতি ইত্যাদি প্রবন্ধ স্থানলাভ করিয়াছে। পুষ্টিকর আহার্য্য দ্রব্যরূপে মার্কিণজাত ফল-সম্ভার শীর্ষক প্রবন্ধটী বিশেষরূপে প্রণিধানের-যোগ্য। প্রবন্ধের সাথে দুইটী মূল্যবান চার্ট সংযোজিত হইয়াছে।

ফল উৎপাদন সম্পর্কিত প্রবন্ধ পাঠে জানা যায় যে, ১৯৪৩ সনে ১৯৪০ সনের তুলনায় ১০% হইতে ২০% পর্য্যন্ত ফল উৎপাদন বর্দ্ধিত হইবে। তবে ১৯৪২ সনের তুলনায় উৎপাদন ৫% হ্রাস পাওয়ার আশঙ্কা আছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রে যে কিরূপ বিচিত্র পশু-সম্পদের অধিকারী তা আলোচ্য পত্রিকাখানি পাঠ করিলে জানিতে পারা যায়। ১৯৪৩ সনের ১লা জানুয়ারী তারিখে গৃহপালিত জীব-জানোয়ারের সংখ্যা সর্ব্বোচ্চ সীমায় উপনীত হইয়াছে। এই তারিখে শূকরের সংখ্যা ৮০,৭৪৬,০০০টা, গরুর সংখ্যা ৮২,১২২,০০০টা, এবং ভেড়ার সংখ্যা ৫১,৭১৮,০০০টা দাঁড়াইয়াছে। ভেড়ার সংখ্যা ১% কমিয়াছে। ঘোড়া ও খচ্চরের সংখ্যাও ৪% হ্রাস পাইয়াছে।

সমালোচনা

"কালাপ্স অব্ বুম অ্যাণ্ড দি এণ্ড অব দি ওয়ার ?"—হেরল্ড ভি মোল্টন ও কার্ল টি, গ্লটারবেক প্রণীত ; ১৯৪২ ; ওয়াশিংটন ডি-সি ; ব্রুকিংস ইন্‌ষ্টিটিউশন ; লণ্ডন ; কেবার অ্যাণ্ড কেবার ; পৃঃ ৪০ ; মূল্য ষেড় শিলিং।

যুদ্ধোত্তর যুগের প্রারম্ভেই যে পুনর্গঠনের হিড়িক আরম্ভ হইবে পুস্তিকাখানিতে সেসম্বন্ধে আলোচনা করা হইয়াছে। গ্রন্থখানায় যে প্রশ্ন উত্থাপিত হইয়াছে তাহার যথাযথ উত্তরটী বৃটিশ অর্থশাস্ত্রীদের অবশ্যই মানিয়া লইতে

হইবে। পুনর্গঠনের যুগের ব্যবসা-বাণিজ্যের অতি-বাড়তির অব্যবহিত পরেই ভাটাপড়ার আশঙ্কা রহিয়াছে। পুস্তকে সে-সম্বন্ধে খুব কম আলোচনা করা হইয়াছে। যুদ্ধোত্তর অর্থনৈতিক পরিস্থিতিটা মার্কিণ ব্যবসায়ীরা কি চোখে দেখিতেছে, গ্রন্থখানা পাঠ করিলে বৃটিশ পাঠকরা অন্ততঃপক্ষে এইটুকু জানিতে পারিবে।

"দি ফিউচার অব্ ইণ্টার-ন্যাশনাল সোসিয়ালিজ্‌ম্"—১৯৪৩; লণ্ডন; ইণ্টার-ন্যাশনাল পাবলিশিং কোম্পানী; পৃঃ ২৪; ৬ পেঃ।

গত ইষ্টারের ছুটীতে সোসিয়ালিষ্ট ভান্ গার্ড গ্রুপের সম্মেলনে যেসমস্ত বক্তৃতা প্রদত্ত হইয়াছিল, তাহার সংক্ষিপ্ত বিবরণী এই পুস্তিকায় স্থান পাইয়াছে। বক্তাগণ মজুর আন্দোলনের আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের পুনর্গঠনের প্রয়োজনীয়তার উপর বিশেষ জোর দিয়াছেন। কিন্তু এ সম্বন্ধে যেসমস্ত বাস্তব অসুবিধার সৃষ্টি হইবে, বক্তাগণ যদি সেদিকে বেশী জোর দিতেন তাহা হইলে আরও ভাল হইত।

"সোস্যাল রিকনষ্ট্রাক্‌শন"—এম, অ্যাণ্ডারটন পিছ প্রণীত; লণ্ডন; নিউইয়র্ক; টোরোণ্টো, মেলবোর্ণ; নেলসন; পৃঃ ২৫১; ৩ শিঃ।

গার্হস্থ্য জীবন ও সামাজিক পুনর্গঠন সংক্রান্ত গুরুতর সমস্যাসমূহ গ্রন্থে আলোচিত হইয়াছে। ব্যক্তিগত প্রচেষ্টা ও সরকারী নিয়ন্ত্রণ থেকে আরম্ভ করিয়া মুনাফা বণ্টন, বেকার সমস্যা, সামাজিক নিরাপত্তা, সদস্তবাটী, শিক্ষা ইত্যাদি বহুবিধ সমস্যা নিয়া আলোচনা করা হইয়াছে। সমাজের আধ্যাত্মিক মূল্য রক্ষা নিয়াই গ্রন্থকার বেশীর ভাগ মাথা ঘামাইয়াছেন। তাহা সত্ত্বেও আর্থিক ও শাসনতান্ত্রিক ব্যাপারাদি সম্বন্ধে তিনি অনেক মূল্যবান কথা বলিয়াছেন।

"প্রব্লেমস অব্ পোষ্ট-ওয়ার রিকনষ্ট্রাক্‌শন"—হেনরী পি ফর্ডান সম্পাদিত, ১৯৪২ (ওয়াশিংটন, ডি-সি: আমেরিকান কাউন্সিল অব্ পাবলিক অ্যাফেয়ার্স); মূল্য ৩'২৫ ডলার; কাগজে বাঁধাই ২'৭৫ ডলার।

আলোচ্য গ্রন্থের বিভিন্ন অধ্যায় যুদ্ধোত্তর আন্তর্জাতিক সমস্যা সম্বন্ধে লিখিত হইলেও কোন কেন্দ্রীয় যোগাযোগ বা ভাব-ধারার উপর অধ্যায়গুলা দাঁড় করাইবার জন্য চেষ্টা করা হয় নাই। "যুদ্ধের পর" ও "লাটিন আমেরিকার ব্যবসা-বাণিজ্যের জন্য প্রতিযোগিতা" শীর্ষক অধ্যায় দুইটী সুলিখিত ও প্রয়োজনীয় তথ্যাদি দ্বারা সমৃদ্ধ। যুদ্ধোত্তর সমস্যাগুলি সম্পর্কে বর্ত্তমানে বৃটিশ মার্কিণ অর্থনৈতিক চিন্তাধারার মধ্যে আকাশ-পাতাল ফারাক রহিয়াছে, বাকী অধ্যায়গুলাতে একমাত্র তাহাই লিপিবদ্ধ হইয়াছে।

গ্রন্থপঞ্জী

১। পেপার্স রিলেটিং টু দি ফরেন্ রিলেসন্স্ অব্ দি ইউনাইটেড্ ষ্টেটস্, ১৯১৯। দি প্যারিস্ পীস্ কন্‌ফারেন্স; প্রথম ও দ্বিতীয় খণ্ড; ১৯৪২; ওয়াশিংটন ডিপার্টমেণ্ট অব্ ষ্টেট; ৭৭ম কংগ্রেস; ২য় সেসন; পৃঃ ৪৯০ ও পৃঃ ৮১২; মূল্য প্রতি খণ্ড ১'৫০ ডলার।

২। অ্যালিয়েন এনিমিজ্ অ্যাণ্ড্ অ্যালিয়েন ফ্রেণ্ডস্ ইন্ দি ইউনাইটেড্ ষ্টেটস্; আর্থার ডাব্লিউ পাট্‌ক্যাথার, (ইউনিভার্সিটী অব্ শিকাগো প্রেস); লণ্ডন; কেম্ব্রিজ ইউনিভার্সিটী প্রেস; পাবলিক পলিসি পাম্ফলেট; ৩৯নং; পৃঃ ২৩; ২৫ সেণ্ট।

৩। রেড্ মুন রাইজিং; ১৯৪৩; লণ্ডন; ফ্রেসেট্ প্রেস; পৃঃ ১২৭; ১২ শিঃ; ৬ পেঃ।

৪। এডুকেশনাল্ প্রোগ্রেস্ ইন্ সাউথ-ইষ্ট এশিয়া; জে, এম্, ফানিভাল্; ব্রুনো লাস্কার লিখিত ভূমিকাসহ; ১৯৪; (নিউইয়র্ক,) ইন্‌ষ্টিটিউট্ অব্ প্যাসিফিক্ রিলেসন্স; পৃঃ ১৮৬; ২ ডলার; লণ্ডন; অ্যালেন অ্যাণ্ড আন্‌উইন্; ৫ শিঃ)।

৫। ন্যাপাল্ ড্রিম্ অব্ ওয়ার্ল্ড্ এম্পায়ার; দি ডানাকা মেমোরিয়াল্; কার্ল ক্রো সম্পাদিত; ১৯৪৩, লণ্ডন; অ্যালেন্ অ্যাণ্ড আন্‌উইন্; পৃঃ ৬৮; ৪ শিঃ ৬ পেঃ।

৬। বৃটিশ ইকনমিক্ ইণ্টারেষ্টস্ ইন্ দি ফার ইষ্ট; ই এম গাল; লণ্ডন; হামফ্রে মিলফোর্ড; অক্সফোর্ড ইউনিভার্সিটী; পৃঃ ২৭২; ১৬ শি।

৭। দি ডানিয়ুব বেসিন্ অ্যাণ্ড দি জার্মাণ ইকনমিক ক্রিয়ার"—অ্যাটলীন্ বাক, নিউইয়র্ক; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস্; ১৯৪৩; পৃঃ ২৭৪; মূল্য ৩'৫০ ডলার।

৮। হোয়ার্স দি মানি কামিং ফ্রম?—প্রবলেমস্ অব্ পোষ্ট-ওয়ার ফাইনান্স্—ষ্টুয়ার্ট চেজ্; নিউইয়র্ক; টোয়েন্টিয়েথ্ সেঞ্চুরী ফাণ্ড; ১৯৪৩; পৃঃ ১৭১; ১ ডলার।

৯। রিকন্ষ্ট্রাক্সন: দি ফাষ্ট ষ্টেপস্—ইউজিন্ ষ্টোরসে; অটোয়া; ক্যানাডিয়ান্ কাউন্সেল অব্ লেবার; ১৯৪৩; পৃঃ ২০; ১০ সেণ্ট।

১০। পোষ্ট-ওয়ার প্ল্যানস্ অব্ দি ইউনাইটেড্ নেশন্স—লুইস এল আরউইন্; নিউইয়র্ক; টোয়েন্টিয়েথ্ সেঞ্চুরী ফাণ্ড; ১৯৪৩; পৃঃ ৩০৭; ২'৫০ ডলার।

১১। সোস্যাল্ আস্পেক্টস্ অব্ ইণ্ডাষ্ট্রি এ সার্ভে অব্ লেবার প্রব্লেমস্, তৃতীয় সংস্করণ—এল হাওয়ার্ড প্যাটার্সন; নিউইয়র্ক; ম্যাগ্র-হিল বুক কোম্পানি; ১৯৪৩; পৃঃ ৪৩৬; ৩ ডলার।

১২। বিল্ডিং ফর পিস্ অ্যাণ্ড হোম অ্যাণ্ড অ্যাব্রড্—ম্যাক্স ওয়েল এল ষ্ট্রয়ার্ট; নিউ ইয়র্ক ও লণ্ডন; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স; ১৯৪৩; পৃঃ ২৪০; ২'৫০ ডলার।

একালের রাশিয়া*

শিবচন্দ্র দত্ত, এম এ, বি এল

মরিস্ হিণ্ডাস্ বিখ্যাত মার্কিণ লেখক। রাশিয়া সম্বন্ধে তিনি অনেকগুলা প্রথম শ্রেণীর বই লিখিয়াছেন। ১৯২৩ সনে তিনি রাশিয়া ভ্রমণ করেন। তারপর তিনি রাশিয়া যান ১৯৪৩ সনে। ১৯৪৩ সনে তিনি রাশিয়ার যা কিছু দেখেন, তাহা "মাদার রাশিয়া" গ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন।

১৯৪০ সনের রাশিয়াকে তিনি বুঝিতে ও জানিতে রাশিয়ার নামজাদা বড়লোকের চেয়ে সাধারণ লোক এবং বালক-বালিকা, যুবক-যুবতীদের সঙ্গে দেখা-শোনা মেলা-মেশা করা উত্তরোত্তর পন্থা স্থির করিয়া, এই পন্থাই অনুসরণ করিয়াছেন। তাঁহার বই পড়িয়া ১৯৪০ সনের রাশিয়া সম্বন্ধে বেশ একটা চমৎকার ধারণা করা যায়।

পাঁচ বছরের প্ল্যানগুলা ষ্টালিন প্রবর্ত্তিত করেন—দেশটাকে পুঁথিতান্ত্রিক দেশগুলার সমান করিয়া তুলিতে এবং ক্রমে তাহাদিগকে ছাড়াইয়া যাইতে। যন্ত্রপাতি, কলকব্জা, আধুনিক জীবনের কায়দা-কানুনে রাশিয়া সভ্য দেশগুলার ১০০ বছর পিছনে ছিল। এই ১০০ বছরের পার্থক্য ১০ বছরে দাঁড়িয়া লইবার মতলব লইয়াই পাঁচ বছরের প্ল্যানগুলার কাজ চলে। ১৯২৮ সনে প্ল্যানগুলার কাজ আরম্ভ হয়। ১৯৪১ সনের জুন মাসে জার্মাণ আক্রমণের পর তাহা বাধাপ্রাপ্ত হয়। কিন্তু এই তেরো বছর পাঁচ বছরের প্ল্যানগুলা অনুযায়ী কাজ পুরাদমে চলিয়াছিল। তাহার ফলে, কলকব্জা, ফ্যাক্টরী, খাদ্য-উৎপাদন, চাষবাস প্রভৃতিতে এত উন্নতি হইয়াছে, যে রাশিয়ার মত পশ্চাৎপদ্ দেশ জার্মাণিকে শুধু যে বাধা দিতে পারিয়াছে, তাহা নয়, তাহাকে ক্রমাগত হটাইতেছেও বটে।

পাঁচ বছরের প্ল্যানগুলার ভিতরে কি মনোভাব, কি দর্শন, এবং কি নীতি কাজ করিতেছিল তাহার পরিচয় পাওয়া যাইবে ষ্টালিনের এক বক্তৃতা হইতে। এই বক্তৃতাটি তিনি ১৯৩১ সনে ৪ঠা ফেব্রুয়ারী তারিখে সোভিয়েট ফ্যাক্টরীগুলার ম্যানেজারদের এক সভায় দেন।

* শ্রীযুক্ত মরিস্ হিণ্ডাস্ লিখিত "মাদার রাশিয়া" নামক গ্রন্থ অবলম্বনে এই প্রবন্ধ লিখিত। বইখানির প্রকাশক—কলিন্স্, ৪৮, পলমল, লণ্ডন। ইহার দাম ১০৫০ টাকা। পৃষ্ঠা—৩৫১।

বক্তৃতাটির খানিকটা অংশের সারমর্ম্ম এইরূপ—"বলা হইয়া থাকে যে পাঁচ বছরের প্ল্যান অনুযায়ী কার্য্যকলাপ একটু ধীরে সুস্থে চালানো চলে কিনা। কিন্তু এই কাজের গতিবেগ কমানো একেবারে অসম্ভব। কাজের গতিবেগ কমানো মানেই পিছনে পড়িয়া থাকা। যাহারা পিছনে পড়িয়া থাকিবে তাহারাই বিদেশীর কাছে মার খাইবে। কিন্তু আমরা প্রহার খাইতে, অথবা যুদ্ধে হারিতে চাই না। আমরা পিছনে পড়িয়াছিলাম, সেই জন্য বারবার পরাজিত হইয়াছি। ইহাই আমাদের অতীতের ইতিহাস। রাশিয়া মঙ্গোলীয়দের কাছে হারিয়াছে। তুর্কী বে-দের কাছে হারিয়াছে, সুইডেনের ব্যারনদের কাছে হারিয়াছে, পোলাণ্ড-লিথুয়ানিয়ার জমিদারদের কাছে হারিয়াছে। ইংরেজ ফরাসী পুঁজিতান্ত্রিকদের কাছে হারিয়াছে এবং জাপানী ব্যারনদের কাছে হারিয়াছে। সামরিক হিসাবে, সংস্কৃতির দিক্ হইতে, শাসন ব্যাপার, এবং কৃষি ও শিল্পে রাশিয়া পিছনে পড়িয়াছিল। সেইজন্য সকলেই রাশিয়াকে প্রহার করে ও হারাইয়া দেয়। তাহাকে অন্যান্য জাতি হারাইয়াছে কেন? কারণ তাহাকে হারাইলে তাহাদের লাভ আছে এবং তাহাকে হারাইলে তাহাদের কোনও শাস্তিও নাই। পুঁজিতন্ত্রের নিয়মই এই—যে পিছনে পড়িয়া আছে, যে দুর্ব্বল তাহাকে প্রহার করা। তুমি পিছনে পড়িয়া আছো, সুতরাং তুমি ভ্রান্ত, সেই জন্য তোমাকে দু'ঘা দেওয়া যাইতে পারে। তোমাকে ক্রীতদাস করা যাইতে পারে। তুমি শক্তিমান্, তাহা হইলেই তুমি অভ্রান্ত, তাহা হইলে তোমার সঙ্গে আমাকে সাবধানে চলিতে হইবে। আমাদের কেন পিছনে থাকিলে চলিবে না, তাহার কারণই এই।...তোমরা কি চাও যে আমাদের সমাজতান্ত্রিক দেশমাতা বিদেশীর দ্বারা পরাজিত হইবে ও তাহার স্বাধীনতা হারাইবে? যদি তোমরা তা না চাও, তবে শীঘ্র পারো আমাদের এই 'সেকেলে' জীবন শেষ করিতে হইবে এবং সমাজতান্ত্রিক আধিক জীবন খাঁটি বলশেভিক্ দ্রুততার সঙ্গে গড়িতে হইবে। ইহা ভিন্ন দ্বিতীয় পন্থা নাই। লেনিন্ বলিয়াছিলেন—"হয় আমাদের উন্নত পুঁজিতান্ত্রিক দেশগুলার নাগাল্ ধরিতে হইবে এবং তাহাদের ছাড়াইয়া যাইতে হইবে, অথবা আমাদের মরিতে হইবে।" উন্নত দেশগুলার তুলনায় আমরা ৫০ হইতে একশো বছর পিছনে পড়িয়া আছি। দশ বছরের মধ্যে আমাদিগকে তাহাদের নাগাল্ ধরিতে হইবে। হয় আমাদের তাহা করিতে হইবে, নয়তো তাহারা আমাদের গুঁড়া করিয়া ফেলিবে।"

পাঁচ বছরের প্ল্যানগুলা কতখানি কার্য্যকরী হইয়াছে, তাহা ১৯৪১।৪২ সনের যুদ্ধে রাশিয়ার কৃতিত্ব হইতেই বোঝা যাইতেছে। সত্য সত্যই, প্ল্যানগুলা আর্থিক দুনিয়ায় একটি নূতন জিনিষ। অল্প সময়ে সেকেলে দেশকে একেলে করিবার এক সম্পূর্ণ নূতন পন্থা প্ল্যানগুলা দেখাইয়াছে।

প্ল্যানগুলা কাজে পরিণত করিবার জন্য বহুসংখ্যক শ্রমিক্ ও মজুরের দল তৈয়ারী করা হইল। তাহারা একই সঙ্গে নানান জায়গায় দলে দলে হাজার হাজার নূতন ফ্যাক্টরী রাশিয়ার সর্ব্বত্র তৈয়ারের কাজে লাগিয়া গেল। একই সঙ্গে হাজার হাজার ফ্যাক্টরী গড়িয়া উঠিতে লাগিল।

অসংখ্য লোককে একই সঙ্গে এই সব কাজে লাগান হয়। ভুল ভ্রান্তি করিয়াছে তাহারা যথেষ্ট। অনেক সময় আর্থিক লোকসানও হইয়াছে প্রচুর। কিন্তু সব কাজই চলিয়াছে খাস সরকারের তাঁবে। রাশিয়ান সরকার দেশকে রাতারাতি মানুষ করিয়া তুলিতে বাস্ত। তা ছাড়া কলকারখানা তৈয়ারীর দক্ষতা ও যন্ত্র-কুশলতা দেশবাসীর মধ্যে ছড়াইয়া দেওয়া দরকার। সেইজন্য, টাকাকড়ি খরচার দিকটায় রাষ্ট্র চাহিয়াও দেখে নাই; আর্থিক লোকসান গ্রাহ্যের মধ্যেও আনে নাই।

পাঁচ বছরের প্ল্যানগুলা কাজে পরিণত করিবার টাকা রাশিয়া কোথা থেকে পাইল? তাহার জন্য রাশিয়া বিদেশীর কাছে ধার লয় নাই। পাছে, বৈদেশিক মহাজন দেশের রাষ্ট্রনৈতিক প্রকৃতিয়ার চালায় তাহার জন্যই বৈদেশিক ঋণ এড়াইয়া চলিয়াছে। দেশও তখন ছিল দরিদ্র। কাজেই দেশবাসীর কাছেও ঋণ পাওয়া সম্ভব হয় নাই। তাহা হইলে, টাকা জুটিল কোথা হইতে? তাহার

দেশের লোকের খাওয়া পরা যতদূর বাঁচাইয়া, দেশের খাবার ও অন্যান্য কৃষিজাত মাল রাশিয়া ভারে ভারে বিদেশে পাঠাইল। তাহার বদলে রাশিয়া কিনিল 'ভারি' শিল্প তৈয়ারীর সরঞ্জাম, যন্ত্রপাতি বানাইবার কলকারখানার সরঞ্জাম এবং বিদেশী এঞ্জিনিয়ার এবং কলকব্জার ওস্তাদদের কাজ। এইরূপ দেশের লোককে কৃচ্ছ্রতাপূর্ণ জীবনে অভ্যাস করাইয়া, দেশের জিনিষ বিদেশে পাঠাইয়া, দেশকে মানুষ করিবার ওস্তাদ ও সাজসরঞ্জাম রাশিয়া বিদেশ হইতে আনাইয়া লইল।

পাঁচ বছরের প্ল্যানগুলার ফলে দেশের বিভিন্ন স্থানে অসংখ্য নূতন নূতন ফ্যাক্টরী গড়িয়া উঠিয়াছে। ভোগের জিনিষ তৈয়ারীর চেয়ে লোহা-লক্কড়, কলকব্জা, যন্ত্রপাতি তৈয়ারী এবং বিজলী উৎপাদনের দিকেই গোড়ায় মন বেশী দেওয়া হইল। ছোট খাটো চাষীর ক্ষেত ভাঙিয়া চুরিয়া হাজার হাজার বিঘাব্যাপী ক্ষেতে চাষবাস চলিতে লাগিল। যন্ত্র-লাঙ্গল এবং অন্যান্য চাষের যন্ত্র দ্বারা চাষ করা হইতে লাগিল। খাদ্যোৎপাদনের আধুনিক কায়দা নানাদিকে অনুসৃত হইতে লাগিল। ধনবৃদ্ধির যা-কিছু ব্যবস্থা সরকারী ভাবে, সরকারী প্রতিষ্ঠান হিসাবে চলিল। লাভ যাহা কিছু হয় তাহা সরকারী জিনিষ। সরকারই তাহা ভোগ করিয়া লেন। ব্যক্তিগত সম্পত্তিতে বাধা নাই। কিন্তু ব্যক্তিগত সম্পত্তির সাহায্যে কোনরূপ উপার্জ্জন নিষিদ্ধ।

ধনবৃদ্ধির সঙ্গে সঙ্গে দেশের আর্থিক অবস্থার উন্নতি হইতে লাগিল। তাহার সঙ্গে সঙ্গে শিল্প-বিস্তার, কৃষির উন্নতি প্রভৃতির দিকে রাষ্ট্র মনোযোগ দিলেন।

শ্রেণী-বিদ্বেষ রাশিয়াতে এখন নাই বলিলেই হয়। তাহার স্থান লইয়াছে গভীর দেশপ্রেম। নানা ভাষা-ভাষী, নানা ধর্ম্মাবলম্বী এবং বিভিন্ন জাতির সমষ্টি যে রাশিয়ান জাতি তাহাদের এই নূতন ও গভীর দেশপ্রেম একটা অভিনব জিনিষ বটে। দেশের অতীত ইতিহাসের কিছু-কিছু গৌরবময়, তাহার দিকে রাশিয়াবাসীর নজর এখন প্রখর। সমাজতান্ত্রিক বিপ্লবের গোড়ার দিকে যে যৌন শিথিলতা দেখা দিয়াছে, তাহা এখন অতীতের কথা। বিবাহ এবং বিবাহচ্ছেদ আইনের কড়াকড়ি করা হইয়াছে। সমষ্টিতান্ত্রিক রাশিয়ান জীবনে পারিবারিক জীবনকে সম্মানজনক স্থান দেওয়া হইয়াছে। জীবনের সকল ক্ষেত্রে এবং সকল পেশায় নারীকে পুরুষের সমান স্থান দেওয়া হইয়াছে। বৃদ্ধ-বৃদ্ধার প্রতি সম্মান দেখানো যে একটি প্রশংসনীয় গুণ, তাহা রাশিয়ানরা উপলব্ধি করিতেছে। দেশকে উন্নত করিতে সকল প্রকার স্বার্থত্যাগ করিতে, কষ্ট সহিতে রাশিয়ানরা শিখিয়াছে। ঘরবাড়ী, পোষাক পরিচ্ছদ, বাড়ীর আশপাশ সাফ্ রাখিতে, নিয়ম মাফিক্ এবং উপর-ওয়ালার আদেশ অনুযায়ী ঠিক ঠিক কাজ করিতে রাশিয়ানরা এখন অভ্যস্ত হইয়াছে। তাহাদেরই ভাল'র জন্য কড়া ডিক্টেটারী শাসন যে নির্ম্মম রাজত্ব চালাইয়াছে, তাহা তাহাদেরই ভাল'র জন্য জানিয়া, তাহারা উহা মানিয়া লইয়াছে। ভোটের উপর দেখিতে পাইতেছি, ১৯২৩ সনের রাশিয়ার এবং ১৯৩৩ সনের রাশিয়ার মধ্যে আকাশ-পাতাল তফাৎ। বছর পনেরোর মধ্যে একটা নিতান্ত সেকেলে দেশকে গড়িয়া পিটিয়া মানুষ করিয়া তোলা হইয়াছে।

রাশিয়ার ছেলে-মেয়ে, যুবক-যুবতী বৃদ্ধ-বৃদ্ধা দেশের জন্য বীরের মত খাটিয়াছে এবং দরকার হইলে মুখটি বুজিয়া বিনা-দ্বিধায় প্রাণ দিয়াছে। তাহার নানান্ গল্পে বইটি ভরপুর। পড়িয়া মনে হয়, নানান্ দেশের চরম বীরত্বের কাহিনী রাশিয়ান্ বীরত্বের কাছে বোধ হয় ম্লান হইয়া পড়িল।

কাগজ-নিয়ন্ত্রণ অর্ডিন্যান্স অনুযায়ী
পত্রিকার পৃষ্ঠা-সংখ্যা হ্রাস করা হইয়াছে।

১, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আষাঢ়—১৩৫১

আর্থিক উন্নতি

১৯শ বর্ষ—৩য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

পল্লী-অঞ্চলে খাদ্য-শস্য সরবরাহ

খাদ্য বণ্টনের উদ্দেশ্যে মাল চলাচল ব্যবস্থার ব্যাপারে সহায়তা করিবার জন্য বেসামরিক সরবরাহ বিভাগের মুভমেণ্ট-অফিসারগণকে কতিপয় জেলার কার্য্যে বহাল করা হইয়াছে। এইসব জেলার সদরে শস্য যাইয়া পৌঁছিতেছে। কিন্তু যেরূপ অভাবনীয় উপায়ে মাল যাইয়া পৌঁছিতেছে, তাহা চাড়াও মাল চলাচলের অন্যান্য ব্যবস্থা করাই উক্ত অফিসারদের পরবর্ত্তী প্রধান কাজ হইবে।

বাঙলার সাহায্যে ভারত-সরকার

জানা গিয়াছে যে, ১৯৪২ সনের দুর্ভিক্ষ নিবারণ-কল্পে এবং অন্যান্য বহু অস্বাভাবিক অবস্থার সম্মুখীন হইবার জন্য বাঙলা সরকারের যে অসাধারণ অর্থব্যয় হইয়াছে, তাহা বিবেচনা করিয়া ভারত সরকার বাঙলা গভর্ণমেণ্টকে ১০ কোটী টাকা অর্থ সাহায্য দিবেন বলিয়া স্থির করিয়াছেন।

বাঙলা সরকারের সুপারিশে এবং মহামান্য গভর্ণর মিঃ আর, জি, কাসী গত দিল্লী পরিদর্শনকালে ব্যক্তিগত ভাবে এই ব্যাপারে যেরূপ আগ্রহের সহিত হস্তক্ষেপ করিয়াছিলেন, তাহারই ফলে ভারত সরকারের সাহায্যের পরিমাণ বৃদ্ধি পাইয়াছে বলিয়া সকলের বিশ্বাস।

গমের আটা ব্যবহারের আন্দোলন

শ্রীরামপুর (এখানে এখনও রেশন প্রথা প্রবর্ত্তিত হয় নাই) ও আরামবাগ অঞ্চলে জনগণকে অধিকতর পরিমাণে আটা ব্যবহার করিতে প্ররোচিত করিবার প্রচেষ্টা চালান হইতেছে। বেসামরিক সরবরাহ বিভাগের স্থানীয় প্রতিষ্ঠান রেশন দ্রব্যের যে তালিকা প্রস্তুত করিতেছেন, তদনুযায়ী ক্রেতাগণকে চিনি ও লবণের সহিত কিছু পরিমাণ আটাও ক্রয় করিতে হইবে।

এই পরিকল্পনার ব্যাখ্যা করিয়া বেসামরিক সরবরাহ বিভাগের অনেক কর্ম্মকর্ত্তা বলেন "আমাদের এখন বাছ-বিচার করিবার সময় নহে। এক্ষণে আমরা যাহা পাইব, আমাদিগকে তাহারই সদ্ব্যবহার করিতে হইবে। আটা একটি ধ্বংসশীল সামগ্রী; ছয় সপ্তাহের বেশী ইহাকে গুদামজাত করিয়া রাখা যায় না। চাউল অপেক্ষা ইহা কম পুষ্টিকর নহে এবং গত বৎসরের তিক্ত অভিজ্ঞতার

পরে আমাদের সকলের কেবল চাউল ব্যবহার করিতে সচেষ্ট থাকা বিজ্ঞজনোচিত হইবে না।

নৌকাযোগে খাদ্য-চলাচল ব্যবস্থা

বাঙলা গভর্ণমেণ্টের এক প্রেস-নোটে বলা হইয়াছে—বাঙলার খাদ্য চলাচল ব্যবস্থার সমস্যাটি সর্ব্ববিধ উপায়ে সমাধান করার চেষ্টা হইবে বলিয়া গভর্ণমেণ্ট যে নীতি ঘোষণা করিয়াছেন, তদনুসারে বহনসক্ষম দেশীয় নৌকা নির্ম্মাণের ব্যবস্থা হইয়াছে। ১ শত মণ, ২ শত মণ, ৫ শত মণ, ১ হাজার মণ এবং দুই হাজার মণ মাল বহনের উপযোগী পাঁচ প্রকার নৌকা বাঙলার নদীবহুল জেলাসমূহের, বিশেষ করিয়া ঘাটতি অঞ্চলের, খাদ্য চলাচলের সমস্যা সমাধান করিতে সমর্থ হইবে বলিয়া আশা করা যায়। চলাচল ব্যবস্থার ডিরেক্টরের দপ্তরের পরিচালনায় এবং সশস্ত্র রক্ষীর রক্ষণাধীনে নৌকাগুলি দল বাঁধিয়া যাতায়াত করিবে। নৌকা নির্ম্মাণের প্রাথমিক পরিকল্পনাটি শেষ হইতে ৬ মাস লাগিবে; তবে প্রথম কয়েকটি দল এক মাসের মধ্যেই কার্য্য আরম্ভ করিবে বলিয়া মনে হয়।

প্রেস-নোটে আরও বলা হইয়াছে—বাঙলার খাদ্য পরিবেশন ব্যবস্থার এইরূপ নৌকা-বাহিনীর নিয়োগে যে প্রচুর সুবিধা হইবে, তাহা ব্যতীতও নৌকা নির্ম্মাণ পরিকল্পনাটি প্রদেশে একটি নূতন শিল্প প্রতিষ্ঠা করিবে। অতীতে নদীর পার্শ্ববর্ত্তী গ্রামসমূহে পারিবারিক শিল্প হিসাবে মাত্র নৌকা নির্ম্মাণ হইয়াছে; কিন্তু বাঙলার নদীপথের চলাচল ব্যবস্থা স্বাভাবিক সময়ের উন্নত অবস্থায় পুনঃ-প্রতিষ্ঠিত করিতে হইলে যে প্রচুরসংখ্যক নৌকার প্রয়োজন, তজ্জন্য নৌকা নির্ম্মাণের বিরাট প্রতিষ্ঠান স্থাপন করা দরকার। যুদ্ধান্তে এই শিল্পের অবস্থার অবনতি হইবে না। কেন না, বঙ্গনা নীতির ফলে যে ক্ষতি হইয়াছে এবং স্বাভাবিকভাবে বৎসরে যে পরিমাণ নৌকা নষ্ট হয়, যুদ্ধারম্ভের পর হইতে তাহা পূরণের জন্য কোন নৌকা নির্ম্মাণ পরিকল্পনার ব্যবস্থা হয় নাই।

আর্থিক ভারত

ভারতের বহির্ব্বাণিজ্য

ভারতবর্ষে ১৯৪২ সনের ১১০·৭৫ কোটী টাকার স্থলে ১৯৪৩ সনে ১১০·৪৪ কোটী টাকার পণ্য দ্রব্য আমদানি হইয়াছে এবং এই দুই সনে ভারত হইতে রপ্তানির পরিমাণ যথাক্রমে ২১৪·৯৩ কোটী টাকা ও ১৯৬·৯৬ কোটী টাকা দাঁড়াইয়াছে। ফলে ১৯৪২ সনে আমদানির তুলনায় রপ্তানির পরিমাণ সব চেয়ে বেশী—১০৪·১৮ কোটী দাঁড়াইলেও তাহা ১৯৪৩ সনে ৮৬·৩৮ কোটী টাকায় হ্রাস পাইয়াছে। ১৯৪১ ও ১৯৪০ সনে এই অঙ্ক দাঁড়াইয়াছিল যথাক্রমে ৪৩·১৮ কোটী ও ৫৫·৮১ কোটী টাকা।

১৯৪৩ সনে ভারতে তুলা আমদানির পরিমাণ ১৯৪২ সনের ১১·১৭ কোটী টাকা ও ১৯৪১ সনের ১৫·৪০ কোটী টাকার স্থলে ১৯·৯৩ কোটী টাকা; মেশিনারী ও কলকব্জা আমদানি ১৯৪২ সনের ১৩·৫৮ কোটী টাকার স্থলে ১০·২০ কোটী টাকা; ১৯৩৮ সনে এর পরিমাণ দাঁড়াইয়াছিল ১৯·৮১ কোটী টাকা। পূর্ব্ববর্ত্তী সনের ৪২·১১ কোটী টাকার স্থলে ১৯৪৩ সনে ৪৪·৪৪ কোটী টাকার পাটজাত দ্রব্য রপ্তানি হইয়াছে। বস্ত্র রপ্তানি দাঁড়াইয়াছে যথাক্রমে ৪২·৭৮ কোটী ও ৪৮·৫০ কোটী টাকা। তৃতীয় স্থান অধিকার করিয়াছে চা; চা রপ্তানির পরিমাণ ৩৩·০ কোটী টাকা। এর পরেই শস্যের স্থান। রপ্তানির পরিমাণ ১০·২৬ কোটী টাকা; কিন্তু কাঁচা পাট রপ্তানি ১০·৪৩ কোটী টাকা হইতে ৭·৩৮ কোটী টাকায় হ্রাস পাইয়াছে।

কল-কারখানায় পুঁজি-পাট্টা নিয়োগ

১৯৪৩ সনের মে মাসের মাঝামাঝি থেকে ঐ সনের শেষভাগ পর্যন্ত শিল্প-প্রতিষ্ঠান-সম্পর্কিত ৪৮৮ খানা আবেদন অনুমোদন লাভ করিয়াছে। এইগুলির মোট পুঁজি-পাট্টার পরিমাণ ১,৩৮৯ লক্ষ টাকা। নূতন শিল্প-প্রতিষ্ঠানের প্রস্তাব-সংখ্যা ২২৬; পুঁজির পরিমাণ ৭৪৪ লক্ষ টাকা।

বড় বড় শিল্পগুলার মধ্যে কটন মিলের জন্য প্রস্তাবের সংখ্যা ৮১, পুঁজি ৪৭৮ লক্ষ টাকা; লোহালক্কড় ও ইঞ্জিনিয়ারিং শিল্পের জন্য প্রস্তাব ৬৬টী, পুঁজি ১৭৭ লক্ষ টাকা; কেমিক্যাল ও ঔষধপত্র তৈরীর প্রস্তাব ৭৭টী, পুঁজি ১৭৪ লক্ষ টাকা।

বিবিধ শিল্পখাতে ৮৭০ লক্ষ টাকা মূলধনসহ মোট ৩৬৩টী কন্‌সার্ণ অনুমতি লাভ করিয়াছে। এইগুলি ছাপাখানা, টেলিনারী দ্রব্য তৈরী, সাবান, ভেজিটেবল অয়েল, সিগারেট, চীনামাটীর বাসন, কাচ, ফিল্ম্ ইত্যাদি উৎপাদন সম্পর্কে পরিকল্পিত।

দুনিয়ার ধনদৌলত

সুইডেন ও মার্কিণ যুক্তরাষ্ট্রে শণের আবাদ

আমেরিকার যুক্তরাষ্ট্রে ১৯৪৩ সনের ১৭০,০০ একরের স্থলে ১৯৪৪ সনে মাত্র ৬০,০০ একর জমিতে শণের আবাদ হইবে। সুইডেনে কিন্তু শণের চাষ আবাদ বাড়তির দিকে। ১৯৪২ সনের ২,০০০ হেক্টেয়ারের স্থলে ১৯৪৩ সনে এই দেশে ২,৫০০ হেক্টেয়ার জমিতে শণের আবাদ এবং ১,০০০ টন শণ উৎপন্ন হইয়াছে।

ব্রাজিলে নকল রেশম উৎপাদন

ব্রাজিলে নকল রেশম উৎপাদন সাওপলো ষ্টেটের পাঁচটা কারখানায় কেন্দ্রীভূত। ১৯৪২ সনে এই সমস্ত কারখানায় ৮,০২২,২৪৪ কিলোগ্রাম নকল রেশম উৎপন্ন হয়। উৎপন্ন সমস্ত নকল রেশম দেশের মধ্যেই ব্যবহৃত হইয়াছে।

রুশিয়ার পুনর্বিজিত অঞ্চলে পুনর্বসতি

সোভিয়েট ইউনিয়নের মন্ত্রি সভা ও কমিউনিষ্ট পার্টির কেন্দ্রীয় কমিটী ১৯৪৩ সনের ২২শে আগষ্ট তারিখের এক ডিক্রীতে জার্মাণ-কবলমুক্ত ভূখণ্ডগুলির আর্থিক পুনর্গঠনের জন্য জরুরী ব্যবস্থার আদেশ জারী করিয়াছেন। কেবলমাত্র কৃষি সংগঠন নয়, ঘরবাড়ী, রেলপথ, রেলওয়ে ষ্টেশন ইত্যাদির পুনর্গঠন এবং শিক্ষাক্ষেত্রেও নূতন নূতন ব্যবস্থা বলবৎ করা হইবে।

নূতন ডিক্রীতে যুদ্ধরত সৈনিক ও গরিলাযোদ্ধাদের ছেলেমেয়ে তথা যাহাদের মাতাপিতা যুদ্ধে নিহত হইয়াছে যাহাদের সন্তান-সন্ততিদের জন্য তিন দফা শিক্ষা-পরিকল্পনা স্থির করা হইয়াছে। প্রথমতঃ ৯টী সুভোরফ্ সামরিক বোর্ডিং স্কুল প্রতিষ্ঠিত হইবে। এইসমস্ত স্কুলে ৮ হইতে ১৭ বৎসর বয়সের ৪,৫০০ ছেলে শিক্ষালাভ করিবে। দ্বিতীয়তঃ, ছেলেদের জন্য ১২টী ও মেয়েদের জন্য ১১টী মোট ২৩টী বৃত্তিশিক্ষার বিদ্যালয় স্থাপন করা হইবে। এই সমস্ত বিদ্যালয়ে ৩ বৎসরের কোর্স বলবৎ করা হইবে। তৃতীয়তঃ ৩ হইতে ১০ বৎসর বয়সের মোট ১৬,৩০০ ছেলে মেয়ের জন্য কতকগুলা স্পেশাল বোর্ডিং স্কুল, ১,৭৫০টী ছেলেমেয়ের জন্য কয়েকটী হোম এবং ২,০০০ ছেলেমেয়ের জন্য ২৯টী আশ্রয়-প্রদানের কেন্দ্রও স্থাপিত হইবে।

ব্যক্তি ও সঙ্ঘ

ভারতবর্ষে ট্রেড্ ইউনিয়ন আন্দোলন

ভারতে ট্রেড ইউনিয়ন আন্দোলনের ১৯৪১-৪২ সনের রিপোর্টে প্রকাশ, রেজেষ্টারী করা ট্রেড ইউনিয়নের সংখ্যা ৭২৭ হইতে ৭৪৭টীতে এবং সদস্য-সংখ্যা ৫,১৩,৮৩২ জন হইতে ৫,৭৩,৫২০ জনে বর্দ্ধিত হইয়াছে।

পূর্ব্ব সনের তুলনায় রেলওয়ের বেলায় সদস্য-সংখ্যা ১,৭১,৫৭২ হইতে ২,১২,০৮৬ জনে, বয়ন-শিল্পের বেলায় ১,৫৪,৮৬৭ হইতে ১,৫৫,০০৭ জনে, জাহাজীদের বেলায় ২০,০৩৬ হইতে ৫৬,৬২৮ জনে এবং ডক ও পোর্টট্রাষ্টসমূহের বেলায় ২৫,০৩৬ হইতে ২৭,৫৬৪ জনে বর্দ্ধিত হইয়াছে। ট্রামগাড়ী, ছাপাখানা, মিউনিসিপ্যালিটী ও ইঞ্জিনিয়ারিং কারখানাগুলার ট্রেড ইউনিয়ন-সংখ্যা কিন্তু হ্রাস পাইয়াছে। কেন্দ্রীয় ট্রেড-ইউনিয়নগুলির সংখ্যা ৪৬টী হইতে ১৯৪১-৪২ সনে ২৫টীতে হ্রাসপ্রাপ্ত হইয়াছে।

ট্রেড-ইউনিয়নগুলির মোট আয় ও উদ্বৃত্ত তহবিল পূর্ব্ববর্ত্তী সনে ১২,১২,৯২৭৲ টাকা ও ৭,৮৯,১২০৲ টাকা হইতে ১৯৪১-৪২ সনে যথাক্রমে ১৭,৮৭,৪৪৮৲ টাকা ও ১২,২৬,১০০৲ টাকায় বর্দ্ধিত হইয়াছে।

আমেদাবাদে বয়নশিল্প শ্রমিক সমিতিটী একমাত্র রেজেষ্টারী করা ট্রেড ইউনিয়ন সঙ্ঘ। এই সঙ্ঘের আয় ১৯৪০-৪১ সনের ৫০,০৯১৲ টাকা হইতে ১৯৪১-৪২ সনে ৬৩,৫৬৬ টাকায় বৃদ্ধি লাভ করিয়াছে। সমিতিটী ১১,১১১৲ টাকা উদ্বৃত্ত তহবিল সহ একটী রাজনৈতিক তহবিলেরও অধিকারী।

পূর্ব্ববর্ত্তী সনে ৪৮৩টী ট্রেড ইউনিয়ন হিসাব দাখিল করে; কিন্তু আলোচ্য সনে ৪৬২টী ট্রেড ইউনিয়ন হিসাব দাখিল করিয়াছে।

বৃক্ষ-রোপণের প্রয়োজনীয়তা

বাঙলা সরকারের অনুষ্ঠিত "বৃক্ষ-রোপণ সপ্তাহে" কৃষি-মন্ত্রী মাননীয় খানবাহাদুর সৈয়দ মোয়াজ্জেম উদ্দীন হোসেনের বেতার বক্তৃতার সারমর্ম্ম নিম্নরূপ :—

"ফলের গাছ ও জ্বালানীর গাছ পল্লী-বাংলার একটি বিশেষ অর্থনৈতিক দিক্ অধিকার করিয়া আছে। কিন্তু আমাদের দেশের জন-সাধারণ সেই বিষয়ে অবহিত নহেন এবং বৃক্ষ-উৎপাদনের জন্য তাঁহারা যত্নবানও নন। এইদিকে মনোযোগ দিলে কৃষকগণ তাঁহাদের আয় অন্ততঃ শতকরা ১০ ভাগ বৃদ্ধি করিতে পারে।

উত্তর ও পশ্চিম বঙ্গের জমিতে আম, লিচু প্রভৃতি ফলের গাছ এবং দক্ষিণ ও পূর্ব্ববঙ্গে নারিকেল, পান, কাঁটাল, পেয়ারা, প্রভৃতি উত্তমরূপে জন্মিতে পারে; কলা, কালজাম, বেল, আনারস প্রভৃতি ফল সমগ্র বাঙলায় উৎপন্ন করা যাইতে পারে। এই বর্ষাকাল কেবল যে ফলমূলের গাছ রোপণ করিবারই উৎকৃষ্ট সময় তাহা নহে; উপরন্তু এই সময়ে জ্বালানীর জন্য এবং অন্যান্য যাবতীয় বৃক্ষ রোপণ করা হইয়া থাকে।

জ্বালানী কাঠের গাছগুলির প্রয়োজনীয়তা ফলের গাছের প্রয়োজনীয়তা অপেক্ষা কোন অংশেই কম নহে। দুইটি কারণে জ্বালানী কাঠের গাছ রোপণ করা দরকার। প্রথমতঃ, কয়লার ঘাটতি পূরণ এবং দ্বিতীয়তঃ গোবরের অপচয় নিবারণ। জমির আইলের উপর জ্বালানী গাছের চারা লাগান যাইতে পারে। উত্তর ও পশ্চিম বঙ্গের ধানক্ষেত্রে বাবলা গাছ এবং পূর্ব্ববঙ্গের জমিতে শিকা ও মেরা গাছ এই উদ্দেশ্য-সাধনের বিশেষ উপযোগী। কাউ ও অপর কয়েক জাতীয় জ্বালানী গাছ খুব তাড়াতাড়ি বাড়ে বলিয়া উহাদের যে কোন স্থানে রোপণ করা উচিত। জ্বালানী কাঠ ব্যবহারের দ্বারা যে পরিমাণ গোবরের সাশ্রয় হইবে, তাহা জমির সার হিসাবে ব্যবহার করিলে কৃষকগণ উপকার লাভ করিবে। আমাদের দেশের কৃষকরা যদি নিয়মিতভাবে জ্বালানী কাঠের জন্য বৃক্ষ রোপণ করিতে থাকে, তবে কৃষকদের মাথা-পিছু ২০৲ টাকা আয় বৃদ্ধি পাইবে এবং তাহার ফলে সারা বাঙলা ২০ কোটি টাকা আয় বৃদ্ধি করিতে সমর্থ হইবে।

প্রত্যেক গৃহস্থের অন্ততঃ পাঁচটি ফলের গাছ, পাঁচটি

তৈলবীজ উৎপাদনকারী গাছ, পাঁচটি জ্বালানী গাছ এবং একটি বাঁশ ঝাড় রোপণ করা অবশ্য কর্ত্তব্য।

এই বিষয়ে অবহেলার জন্য গত বৎসর বাঙলা দেশকে যে দুর্দ্দশা বরণ করিতে হইয়াছে, তাহা ভুলিবার নয়। সুতরাং এখন হইতেই এই বিষয়ে আমাদের তৎপর হওয়া প্রয়োজন।

মোলাকাৎ

মজুর-আন্দোলন ও লেনিন-রাজ

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—আপনি ভারতীয় চিন্তায় মার্ক্‌স্ বা সোশ্যালিজ্‌মের প্রথম আবির্ভাব কবে দেখেছেন ?

উঃ—১৯১১ সনে পাঞ্জাবী বিপ্লব-নায়ক হরদয়াল মার্কিণ মুলুক থেকে রামানন্দ চট্টোপাধ্যায় কর্ত্তৃক সম্পাদিত কল্‌কাতার "মডার্ণ রিভিউ" মাসিকে মার্ক্‌স্ সম্বন্ধে একটা প্রবন্ধ প্রকাশ করেন। বোধহয় সেইটাই মার্ক্‌স্ বিষয়ক প্রথম ভারতীয় রচনা। কিন্তু তার প্রভাবে ভারতীয় সুধীগণের চিন্তা নতুন দিকে গিয়েছিল কি না বলতে পারি না। কম্‌-সে-কম আমি তো ভজিনি। তবে লেখাটাকে নতুন-কিছু ভেবেছিলাম।

প্রঃ—আপনার সঙ্গে মজুর-আন্দোলন, মার্ক্‌স্ বা সোশ্যালিজ্‌মের যোগাযোগ তাহলে প্রথম কায়েম হল কবে ?

উঃ—বিলাতে। ১৯২৪ সনের মে-নবেম্বর মাসে। বিলাতী সমাজের আগাগোড়া সর্ব্বত্র মজুর-নিষ্ঠা নজরে পড়েছিল। ঘটনাচক্রে সেকালের বিলাতী মজুর-নেতা র‍্যামজে-ম্যাকডোনাল্ড বিলাতে আমার অন্যতম পথ-প্রদর্শক ছিলেন। ইংলণ্ড, স্কটল্যাণ্ড আর আয়ার্ল্যাণ্ডের নানা ক্ষেত্রে র‍্যামজে-ম্যাকডোনাল্ড আর তাঁর বন্ধুবর্গের সাহচর্য্যে বিলাত "ঘেঁষার" সুযোগ ঘটেছিল। কাজেই সোশ্যালিষ্ট চোখ গজাতে সুরু করে।

প্রঃ—বিলাতী সোশ্যালিজ্‌মের প্রভাব আপনার রচনাবলীর ভেতর পাওয়া যায় ?

উঃ—"বর্ত্তমান জগৎ"-গ্রন্থাবলীর অন্তর্গত "ইংরেজের জন্মভূমি" বইয়ে (১৯১৫) মজুর-আন্দোলন আর সোশ্যালিজ্‌মের ছায়া অতি স্পষ্ট। এই বইয়ের অধ্যায়গুলা ১৯১৪-১৫ সনে "গৃহস্থ", "প্রবাসী" ইত্যাদি মাসিক পত্রিকায় প্রকাশিত হয়েছিল। কাজেই মার্ক্‌স্-দর্শনে, মজুর-আন্দোলনে আর সোশ্যালিজ্‌মে আমার সঙ্গে-সঙ্গে বহুসংখ্যক বাঙালী পাঠকের হাতে-খড়ি একত্রে সাধিত হচ্ছিল বলা যেতে পারে।

লেনিন-রাজ

প্রঃ—মজুর আন্দোলন ও সোশ্যালিজ্‌মের সঙ্গে ১৯১৪ সনের পর আপনার যোগাযোগ কিরূপ ছিল ?

উঃ—যোগাযোগ চিরকালই আত্মিক মাত্র। আমি কখনো কোনো রাষ্ট্রিক আন্দোলনে অথবা মজুর-সমিতিতে নাম লেখাই নি। যে-কটা দেশে গিয়েছি সর্ব্বত্রই অন্যান্য অনেক-কিছুর সঙ্গে এই সবের সন্ধানও নিয়েছি। "বর্ত্তমান জগৎ"-গ্রন্থাবলীর (১৯১৯-৩৪) হাজার সাড়ে-চার-পাঁচেক পৃষ্ঠায় (১৩ খণ্ড) যেখানেই কামড়াবি সেখানেই মজুর, সোশ্যালিজ্‌ম্ আর মার্ক্‌স্ ও লেনিনের অল্প-বিস্তর অথবা বেশ-কিছু চিবুতে হবেই হবে।

প্রঃ—সোশ্যালিজ্‌মের স্বপক্ষে অথবা বিপক্ষে আপনার মত কোনো দিন পুষ্ট হয়েছে কি ?

উঃ—সোস্যালিজমের খুব-বড় "ডোজ" দিয়েছিলাম ১৯১৭ সনের শেষাশেষি। তখন আমি চীন-জাপান হয়ে মার্কিন-মুলুকে ফিরে এসেছি। রুশিয়ায় চালু হলো লেনিন-রাজ। এক হাতে লেনিন রুশিয়ার ভেতর বিপ্লব সুরু করলেন, আর এক হাতে ইরান, আফগানিস্তান আর চীনদেশ থেকে রুশ সম্রাজ্যের পত্তন ও অন্যান্য বাদশাহীর চিরোৎ সরিয়ে নিলেন। এশিয়াকে সোভিয়েট রুশিয়া স্বাধীন করে দিলে। তখনই মনে হলো,—লেনিন মার্ক্সেরও পরবর্তী ধাপ। বিংশ শতাব্দীর সত্যিকার যুগাবতার লেনিন। এতদিনে আমি সমাজ-তন্ত্রী হলাম। (১৯১৭-১৮)।

প্রঃ—লেনিনকে আপনি যুগাবতার বলেন কেন ?

উঃ—লেনিনের এশিয়া-বিষয়ক কাজ না দেখলে সোস্যালিজম্ বা কমিউনিজমের মর্ম্ম পড়া সম্ভব হতো কি না বলা কঠিন। একমাত্র মার্ক্স্-প্রবর্ত্তিত শ্রেণী-বিবাদের দর্শন অর্থাৎ মজুর-স্বরাজের নীতি আমাকে ভজাতে পারেনি। মার্ক্স্-পন্থী শ্রেণী-বিবাদের আর মজুর-স্বাধীনতার যথোচিত ইজ্জৎ আমি সর্ব্বদাই দিতে রাজি। কিন্তু বিভিন্ন পরাধীন দেশের জাতিগত রাষ্ট্রিক স্বাধীনতার জন্য লেনিনের দরদ আছে। লেনিন-নীতি প্রথম দিন হতেই প্রকৃত কার্য্যক্ষেত্রে গাঁথা রয়েছে জাতীয় স্বরাজের সঙ্গে। এই সূত্রে আমার চিন্তায় যুগান্তর সাধিত হয়েছে। মনিষ-সোনাদের সম্বন্ধে লেনিন যুগান্তর-সাধক।

পত্রিকা-জগৎ

"ইণ্টার-ন্যাশনাল লেবার রিভিউ"

(জানুয়ারী, ১৯৪৪)

ক্যানাডা, মণ্ট্রেয়াল, ৩৪৮০ ইউনিভার্সিটী ষ্ট্রীট হইতে আন্তর্জ্জাতিক শ্রমিক দপ্তর কর্ত্তৃক প্রকাশিত মাসিক পত্রিকা ; প্রতি সংখ্যার মূল্য ২ শিঃ ; বার্ষিক মূল্য ২১ শিঃ মাত্র।

আলোচ্য সংখ্যায় ডি ক্রাইথী টেট্ লিখিত "সরকারী পুঁজি-নিয়োগ নীতির সামাজিক দিক্", এক এ লোপেজের ইকুয়াডোরের "সমাজ-বীমা সংস্কার", "আর্ম্মানির জন্য ফরাসী শ্রমিক সমাবেশ", "সমুদ্রের জাহাজী শ্রমিকমণ্ডল প্রতিষ্ঠান"—এই চারটী প্রবন্ধ স্থান লাভ করিয়াছে। শ্রমিক জগতের নানা প্রকার তথ্য ও বিবরণী সংগ্রহ, এই পত্রিকার অন্যতম বিশেষত্ব। আলোচ্য সংখ্যায় এই অধ্যায়ে অষ্ট্রেলিয়া, বলিভিয়া, পানামা, পেরু, ভেনেজুয়েলা ও ভারতবর্ষের যুদ্ধোত্তর পুনর্গঠন পরিকল্পনা বিশেষরূপে প্রণিধানের যোগ্য।

কাজ করিতে ইচ্ছুক ও সমর্থ ব্যক্তিদের কাজের সংস্থান, যুদ্ধোত্তর যুগের, বিশেষতঃ বেকার ব্যাধিগ্রস্ত দেশগুলার পক্ষে সব চেয়ে বড় সামাজিক ও আর্থিক সমস্যায় পরিণত হইবে। সকলের জন্য কাজের সংস্থান নীতি বাস্তবে পরিণতি লাভ করিলে শিল্প-প্রধান দেশগুলার জীবনযাত্রা প্রণালী আরও উন্নততর হইবে। অপেক্ষাকৃত কম শিল্প-প্রধান দেশগুলার পক্ষে পূর্ব্বের তুলনায় জীবনযাত্রার মানটা অবশ্যই বাড়াইতে হইবে। উভয়ক্ষেত্রেই পরিকল্পনা অনুসারে পুঁজিপাট্টা নিয়োগ নীতির প্রয়োজন। বর্ত্তমানে এ সম্বন্ধে নীতিমত অন্বিষ ও অনুসন্ধানের সময় উপস্থিত হইয়াছে। ডি ক্রাইথী টেট্ তাঁহার "সরকারী পুঁজি নিয়োগ নীতির সামাজিক দিক্" শীর্ষক প্রবন্ধটীতে এ সম্বন্ধে আলোচনা করিয়াছেন। বিষয়টীর সম্যক্ আলোচনা একটী-মাত্র প্রবন্ধের আকারে ও কয়েক পাতার মধ্যে অসম্ভব। পরিকল্পনা অনুসারে পুঁজি-পাট্টা নিয়োগ সার্থক ও সাফল্য-মণ্ডিত করিতে হইলে আন্তর্জ্জাতিক সহযোগিতার প্রয়োজন। প্রবন্ধলেখক এই বিষয়টীর উপর বিশেষ জোর দিয়াছেন। এই নীতির বিভিন্ন দিক্ ও আদর্শ লইয়া

তিনি আলোচনা করিয়াছেন এবং যুদ্ধ আরম্ভ হওয়ার পর এই প্রচেষ্টা কতদূর অগ্রসর হইয়াছে তাহা তিনি লিপিবদ্ধ করিয়াছেন।

আলোচ্য সংখ্যায় "সমাজরীতি ও সমাজমঙ্গল" শীর্ষক সেক্সনের অষ্ট্রেলিয়ার স্বাস্থ্যোন্নতি পরিকল্পনার বিবরণটী বিশেষরূপে উল্লেখের যোগ্য। দূর-প্রসারী মোসাবিদা-গুলার কথা বাদ দিলেও এখনই যেসমস্ত ব্যবস্থা বলবৎ করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে সেইগুলি অনেক দেশের কাছেই আদর্শ-স্থানীয় ও গ্রহণযোগ্য। অষ্ট্রেলিয়ার অতঃপর সহায়ক বা আংশিকভাবে কাজের অযোগ্য হইবে তাহারা আর্থিক সাহায্য লাভ করিবে। আসন্নপ্রসবা নারী ও প্রসূতিরা আর্থিক সাহায্য-প্রাপ্তির যোগ্য বিবেচিত হইবে। মন্বন্তরোপী ও তাহাদের পোষ্য-বর্গও আর্থিক সহায়তার অধিকারী হইবে। যুদ্ধের ফলে অষ্ট্রেলিয়াতেও বেকার বাড়িয়া গিয়াছে। গবর্ণমেণ্ট ইহার প্রতিকার সাধনের জন্য ৫০ হাজার পাউণ্ড ব্যয়ের পরিকল্পনা স্থির করিয়াছেন। শিশুমঙ্গলের জন্য এক লক্ষ পাউণ্ড ব্যয় করা হইবে।

সমালোচনা

"স্যান মিন্ চু ই"—ডাঃ সুন্ ইয়াৎ সেন প্রণীত; অনুবাদক—শ্রীসত্যকিঙ্কর সেন চৌধুরী; চাইনিজ্ মিনিষ্ট্রী অব্ ইন্‌ফরমেশন, ভারতীয় শাখা; ২৯ ইডেন্‌কোর্ট; কলিকাতা।

ডাঃ সুন্ ইয়াৎ সেন্ প্রণীত 'স্যান্ মিন্ চু ই' অর্থাৎ জনসাধারণের তিনীতি নামক গ্রন্থের সারমর্ম্মের বঙ্গানুবাদ সমালোচনার জন্য আমাদের হস্তগত হইয়াছে। ডাঃ সুন ইয়াৎসেন্ তাঁহার গ্রন্থে চীনা গণতন্ত্রের প্রকৃত স্বরূপ কি তাহা উদ্‌ঘাটন করিয়াছেন। এই গণতন্ত্র কমিউনিজ্‌ম্ নয়, অথচ পশ্চিম ইওরোপের পার্লামেণ্টারী গণতন্ত্রের সাথেও এর গরমিল রহিয়াছে যথেষ্ট। পার্লামেণ্টারী গণতন্ত্র রাজনীতিক্ষেত্রে সকল মানুষের সমান অধিকার স্বীকার করিয়া লইলেও অর্থনীতিক্ষেত্রে সকলের সমান অধিকার স্বীকার করা দূরে থাকুক মানুষের বাঁচিয়া থাকার মত অধিকারও স্বীকার করিতে নারাজ। চীনা-মার্কা গণতন্ত্র এখানে পাশ্চাত্য গণতন্ত্রের এক ধাপ উপরে উঠিয়াছে। জনসাধারণের অন্ততঃপক্ষে ভাত-কাপড়ের অভাব থাকিবে না, ডাঃ সুন ইয়াৎসেন প্রচারিত গণতন্ত্র এইরূপ ব্যবস্থার জন্য পরিকল্পিত। মোটের উপর এই গণতন্ত্রকে অর্থনৈতিক গণতন্ত্র নামে অভিহিত করা যাইতে পারে।

পাশ্চাত্য গণতন্ত্র কেবলমাত্র জনসাধারণের ভোটা-ধিকারটাই মানিয়া লইয়াছে। কিন্তু ভোটের বলে রাজ-নৈতিক ক্ষমতা লাভের পর নির্ব্বাচিত ব্যক্তি যদি জনগণের মাথার উপর চড়িয়া বসে, তখন তাহাকে সায়েস্তা করার কোন উপায়ই নাই। চীনা গণতন্ত্র কিন্তু এইরূপ বেয়াড়া নির্ব্বাচিত ব্যক্তিকে ক্ষমতাচ্যুত করার একতিয়ারও জনসাধারণের হাতে তুলিয়া দিয়াছে। চীনা গণতন্ত্রের বিশেষত্বগুলি এই গ্রন্থখানা পড়িলে নজরে পড়িবে।

চীন ও ভারতের মধ্যে নিবিড় যোগাযোগ সাধিত হউক, ইহাই আমাদের অন্তরের বাসনা। বইখানা এ-সম্বন্ধে যে খানিকটা সাহায্য করিবে, তাহা উল্লেখ করা নিষ্প্রয়োজন। (মন্মথ সরকার)

গ্রন্থপঞ্জী

১। "আউট লাইনস্ অব্ দি ফিউচার; ওয়ার্ল্ড অর্গানিজেশন ইমার্জিং ফ্রম্ দি ওয়ার";—হেনরী বনে; চিকাগো; ওয়ার্ল্ড সিটিজেন্স্ অ্যাসোসিয়েশন; ১৯৪৩; ১২৮ পৃঃ; ২৫ সেণ্ট।

২। দি ইকনমিকস্ অব্ আমেরিকা অ্যাট্ ওয়ার ; সেমুর ই হ্যারিস্ ; নিউ ইয়র্ক ; ডাব্লিউ ডাব্লিউ নর্টন অ্যাণ্ড্ কোম্পানী ; ১৯৪৩ ; ৪১৪৩ পৃঃ ; ৩·৭৪ ডলার।

৩। ইণ্ডিয়া আর্থস্ ফর ফ্রিডম ; জি ডাব্লিউ টাইসন ; এলাহাবাদ ; কিতাবীস্তান ; ১৯৪৩ ; ২৯৫ পৃঃ ৪।০ টাকা, ৭ শিঃ ৬ পেঃ।

৪। মান্ পাওয়ার ফর ভিক্টরী ; টোটাল মবিলিজেশন ফর টোটাল ওয়ার ; জন যে কর্স্ন্ ; ভি ম্যাক্লাই পল্ লিখিত ভূমিকাসহ ; নিউ ইয়র্ক ও টোরোণ্টো ; ফ্যারার অ্যাণ্ড রাইন্ হার্ট ; ১৯৪৩ ; ২৯৯ পৃঃ।

৫। হাউ টু ট্রেন্ ওয়ার্কার্স ফর ওয়ার ইণ্ডাষ্ট্রিজ ; এ ম্যানুয়্যাল অব্ টেক্টেড্ ট্রেনিং প্রোসিডিওরস্ ; আলভিন্ ইউঙ্গ ও জেমস ও রাইস সম্পাদিত ; নিউইয়র্ক, হার্পার অ্যাণ্ড্ ব্রাদার্স ; ১৯৪২ ; ২৬০ পৃঃ ; ৩ ডলার।

৬। ডিস্চার্জড্—এ ডকুমেণ্টারী অন্ সিভিল রিএষ্টাবলিশমেণ্ট অব্ ভেটারান্স ইন্ ক্যানাডা ; রবার্ট ইংল্যাণ্ড ; টোরোণ্টো ; ম্যাক্মিলন কোম্পানী অব ক্যানাডা ; ১৯৪৩ ; ৪১৮ পৃঃ।

৭। এসিয়া আনবাউণ্ড ; এ প্যাটার্ণ ফর ক্রিশ্চান্ ইন্ দি ফার ইষ্ট ; সিড্নী গ্রীনবি ; নিউ ইয়র্ক ও লণ্ডন ; ডি অ্যাপল্টন সেঞ্চুরী কোম্পানী ; ৩৯৩ পৃঃ ; ৩ ডলার।

৮। ইণ্টার-ন্যাশনাল ট্রেড্ অ্যাণ্ড দি ন্যাশনাল ইন্কাম মাল্টিপ্লায়ার ; ফ্রিৎস্ ম্যাক্লাপ ; ফিলাডেল্ফিয়া ; দি ব্লাকিষ্টন্ কোম্পানী ; ১৯৪৩ ; ২৩৭ পৃঃ ; ৩·৫০ ডলার।

৯। ইণ্ডিয়ান্ ট্রেড ; বি, ডি, নারায়ণস্বামী নাইডু ৯ নং আন্নামালাই নগর ; আন্নামালাই ইউনিভার্সিটী ; ১৯৪২ ; ২৭০পৃঃ ; ২৲ টাকা।

১০। ক্যাপিটালিজম্ ; সোসালিজম্ ; অ্যাণ্ড ডেমোক্রেসী ; জোসেফ এ স্কুম্পেটার ; নিউ ইয়র্ক ও লণ্ডন ; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স ১৯৪২ ; ৩৮১ পৃঃ ; ৩·৫০ ডলার।

অর্থনীতির আত্মসাফাই

অধ্যাপক কল্যাণচাঁদ সালূনী এম, এ

যে অর্থনীতির সঙ্গে সাধারণতঃ আমাদের পরিচয় ঘটে তাতে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার সত্যিকারের গলদের কথা কোনদিনই বলা হয় না। এর প্রত্যেকটি মতবাদই ঠিক বলে মনে হয়। এমনি ভাবেই কথার জাল বুনা হয় যে তাতে প্রত্যেকটি মতবাদই পূর্ণ বলে মনে হবে —হঠাৎ ফাঁক পাবার উপায় নেই। কিন্তু একটু তলিয়ে যদি দেখা যায় তাহলে পরিষ্কার বোঝা যাবে এই সব মতবাদের ভিতর দিয়ে অর্থনীতি কেবল নিজের আত্মসাফাই গান করে চলেছে। সত্যের যে এতে অপলাপ হয় অনেক ক্ষেত্রেই, সেদিকে এর ঘোটেই নজর নেই।

আদম স্মিথ থেকে সুরু করি। স্মিথের লেখার বিশেষত্বই হচ্ছে নৈসর্গিক নিয়মের দোহাই পাড়া। তাঁর মতে প্রত্যেকটি অর্থনৈতিক প্রতিষ্ঠানই নৈসর্গিক নিয়মে আপনা থেকেই গড়ে উঠেছে ; এবং যেহেতু এরা স্বয়ম্ভূ, সুতরাং এগুলো নিশ্চয়ই ভাল। বাইরে থেকে ব্যবস্থা গ্রহণের কোন প্রয়োজন নেই ; কারো হস্তক্ষেপ বাঞ্ছনা মাত্র। যা আপনা থেকে হচ্ছে তা হতে দাও—এই ভাব। এতেই নাকি সুন্দরের সন্ধান মিলবে। এই সূত্র দিয়েই স্মিথ অর্থনৈতিক জগতের প্রত্যেকটি ব্যাপারের ব্যাখ্যা করেছেন। কয়েকটা উদাহরণ দিলেই বিষয়টি পরিষ্কার হবে। প্রথমেই ধরা যাক শ্রম বিভাগের কথা। এর শুরু হলো কবে ? স্মিথের মতে, এ নিশ্চয়ই মানুষের আবিষ্কার নয়। এ আপনা থেকেই গড়ে উঠেছে। মানুষের প্রকৃতিতে এমন একটা ভাব গোপন আছে যা ধীরে ধীরে বিকশিত হয়ে শ্রমবিভাগের মত এতবড় দরকারী একটা প্রতিষ্ঠানকে আমাদের সামনে এনে দিয়েছে। টাকার ব্যবহারের বেলাতেও একই কথা খাটে। মানুষ যখন দ্রব্য-বিনিময়ের অসুবিধা বুঝতে শুরু করলে, তখন

তাদের মাথায় খেললো এমনি একটা জিনিষের কথা যা বিনিময় মাধ্যম হিসাবে ব্যবহার করতে কারুই কোন আপত্তি থাকবে না। এই ভাবে কোন একটা জিনিষ বিনিময় মাধ্যম হিসাবে ব্যবহার হতে শুরু হলো। একটা নির্দিষ্ট ওজনের খাতব চাকতির উপর সরকারী ছাপ দেওয়া মুদ্রার প্রবর্তন হয়েছে অনেক পরে এবং এটা সেই আদিম যুগের নির্দিষ্ট বিনিময় মাধ্যমের উৎকর্ষ প্রাপ্ত রূপ মাত্র, নূতন কিছু নয়। মূলধনের উৎপত্তিও হয়েছে এইভাবে। কেননা মানুষ যতই শ্রমবিভাগের প্রয়োজনীয়তা বুঝতে পারল, ততই এই শ্রমবিভাগকে ব্যাপকভাবে ব্যবহার করবার জন্য তার প্রয়োজন হলো বেশী বেশী মূলধনের। কারণ, মূলধন যতই বেশী বেশী ব্যবহার করা যাবে, ততই বেশী শ্রমিককে শিল্পব্যবস্থায় নিযুক্ত করবার সুযোগ হবে। কিন্তু এই মূলধন আসবে কোথা থেকে?—নিশ্চয় কারও সঞ্চয় থেকে। স্মিথের মতে, এই সঞ্চয়ও হচ্ছে নৈসর্গিক নিয়মে। জন্ম থেকে শুরু করে মৃত্যু পর্যন্ত প্রত্যেকটি লোকের ইচ্ছাই থাকে নিজের অবস্থার উন্নতি করতে; সঞ্চয় এই ইচ্ছারই ফল-স্বরূপ। দেশের শাসনতন্ত্রের অবাবস্থা যতই হোক না কেন, এই নৈসর্গিক নিয়মকে বাধা দিতে পারে এমন সাধ্য তার নেই। তারপর স্মিথ আলোচনা করছেন চাহিদা এবং সরবরাহ বিষয়ক মতবাদ নিয়ে এবং এখানেও একই নৈসর্গিক বিধানের প্রয়োগ করেছেন। আজকালকার উৎপাদনব্যবস্থা যেমন জটিল তাতে সরবরাহ এবং চাহিদা এদের সামঞ্জস্য হবে কি করে? যারা উৎপাদক তাদের সঙ্গে চরম ক্রেতার সরাসরি কোন যোগ নেই। এইখানে স্মিথ এনেছেন তাঁর সঞ্জীবনীরূপ বিষয়ক প্রস্তাব। এতে সাময়িকভাবে অসামঞ্জস্য হলেও শেষ পর্যন্ত আবার সামঞ্জস্য বিধান হবে আপনা থেকেই।

এইভাবে স্মিথ যতগুলো মতবাদ খাড়া করেছেন তার প্রত্যেকটির পেছনেই রয়েছে নৈসর্গিক নিয়ম। এই নৈসর্গিক নিয়মে যা টিঁকবে তাই ভাল। তিনি এমন পর্যন্ত বলেছেন যে, মানুষ নিজের ইচ্ছা এবং ব্যক্তিগত স্বার্থ অনুসারে কাজ ক'রে শুধু যে অর্থনৈতিক ব্যবস্থার স্থায়িত্ব বজায় রাখছে বা জাতীয় জীবনকে প্রগতির পথে নিয়ে যাচ্ছে তাই নয়, সেই সঙ্গে সে ভগবানের মহান্ উদ্দেশ্য সাধনে করছে সত্যিকারের সংযোগিতা। এইভাবে তাকে যেন একটা অ-দৃষ্ট বিধানে ঠেলে নিয়ে চলেছে আপন কর্তব্যের পথে। এ যেন—

কর্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ।

অর্থনীতির বিশ্লেষণ যখন এই ধরণের মতবাদের উপর প্রতিষ্ঠিত, তখন তা থেকে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী পাওয়া একটা দুরূহ ব্যাপার। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী-বিবর্জিত, নৈসর্গিক নিয়মে পুষ্ট এই মতবাদ অনেকদিন ধরেই যে টিঁকে ছিল তাই নয়, সেই সঙ্গে অনেক দেশেই এই মতবাদ পড়লো ছড়িয়ে, এই ধরণের মতবাদে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার হলো সুবিধা। শিল্পবিপ্লব এই সময় ইংলণ্ডে দেখা দিয়েছে মাত্র। এই সময়ই আবার স্মিথ নৈসর্গিক বিধানের দোহাই দিয়ে রাষ্ট্রব্যবস্থার হস্তক্ষেপের উপর করলে তীব্র আক্রমণ। এর ফলে "বাণিজ্যনিষ্ঠ অর্থনীতিবিদেরা" যে মতবাদ খাড়া করেছিলেন তার হলো উচ্ছেদ। অর্থনৈতিক মুক্তির ভিতর দিয়ে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থা হয়ে উঠলো পুষ্ট। শ্রমিকদের শ্রমসময় বা কর্মপ্রণালী নিয়ন্ত্রণের কোন ব্যবস্থাই তখন হয়নি। ফলে, ধনিকদের হলো আরও সুবিধা। একদিকে রাষ্ট্রনিয়ন্ত্রণের কোন ভয় নেই—কেননা, রাষ্ট্র যে তাদেরই হাতে। আর অন্যদিকে উৎপাদন উপকরণের মালিকানা তাদের হাতে এসে পড়ায় শ্রমিকেরা হয়ে পড়েছে তাদের অর্থনৈতিক দাস। রাষ্ট্র-বিরোধিতা ত দূরে থাক, ইংলণ্ডের রাষ্ট্র-নায়ক লর্ড নর্থ ছিলেন স্মিথের সমর্থক। নর্থের চাইতেও স্মিথের বড় ভক্ত হচ্ছেন পিট। স্মিথের মতবাদের প্রভাবেই ১৭৮৬ সনে ফরাসী দেশের সঙ্গে তিনি অবাধ বাণিজ্য বিষয়ক চুক্তি স্বাক্ষর করেন।

স্মিথের পরবর্তী অর্থনীতিবিদেরা অবশ্য তাঁর মত আদ্যোপান্ত মেনে, বা নৈসর্গিক নিয়মের দোহাই পাড়তেও এঁরা অভ্যস্ত নন। কিন্তু এঁদের সবার দৃষ্টিভঙ্গী এক খুঁটায় বাঁধা—এঁরা সবাই ধনতন্ত্রের সমর্থক; সেদিক্

থেকে এঁদের মধ্যে বড় একটা প্রভেদ নেই। তাই এঁদের আক্রমণের চোটটাও গিয়ে পড়লো—ধনতন্ত্রের উপর নয়—শ্রমিকদেরই উপর। বর্ত্তমান প্রসঙ্গে ম্যালথাসের লোকসংখ্যা বিষয়ক মতবাদের কথাই ধরি। ম্যালথাসের মতে বর্ত্তমান অর্থনৈতিক অবস্থার হিসাবে শ্রমিকদের সংখ্যা বাজে বেড়ে তাদেরই অসংযমের ফলে। তাঁর সমস্যাই এই বাড়তি লোকসংখ্যা নিয়ে। তাঁর মতে লোকসংখ্যাবৃদ্ধির ফলে নিয়োগক্ষেত্রে প্রতিযোগিতার সুযোগ নিয়ে উৎপাদক তাদের দিয়ে যথাসম্ভব কম পারিশ্রমিক। সুতরাং যে পর্য্যন্ত শ্রমিকেরা সংযত না হবে, ততদিন দুঃখ-দারিদ্র্য, ও আধিব্যাধির হাত থেকে এদের কোন মতেই নিস্তার নেই। এই মতবাদের ফলে দুঃখদারিদ্র্যের দায়িত্ব গিয়ে পড়ছে শ্রমিকদেরই ঘাড়ে। সমাজের যেন এ সম্বন্ধে কোন দায়িত্বই নেই।

এখানে তুলনামূলকভাবে মার্কসের বাড়তি লোকসংখ্যা বিষয়ক মতবাদ সম্বন্ধে দু'এক কথা বললেই সহজে বোঝা যাবে যে ম্যালথাসের মতবাদের ভিত্তি কত শিথিল। লোকসংখ্যার বৃদ্ধি বা হ্রাস ত হঠাৎ হতে পারে না। অথচ শ্রমিকদের সংখ্যা আজ যা আছে কম, কালই তা হয়ে পড়েছে বেশী। এতে একথা বেশ বোঝা যায় যে, বর্ত্তমান উৎপাদন ব্যবস্থার মধ্যে এমন একটা দূষিত আবহাওয়ার সৃষ্টি হচ্ছে যার ফলে ঘটছে এই কৃত্রিম বাড়তি বা কমতি। মার্কসের মতে, কোন নির্দ্দিষ্ট সময়ে শ্রমিকসংখ্যা কৃত্রিম উপায়ে বেশী বা কম হয়ে পড়ে মূলধনের স্তূপীকরণের মাত্রা অনুসারে। যখন স্তূপীকরণ চলছে দ্রুতগতিতে, তখন একই লোকসংখ্যা হয়ে পড়ে বেশী; আর যখন স্তূপীকরণের গতি মন্থরতর হয়, তখন সেই লোকসংখ্যাই হয়ে পড়ে কম। একথা কখনো বলা চলে না যে, আজকে শ্রমিকসংখ্যা গেছে বেড়ে, আবার কালই যাবে কমে। শ্রমিকসংখ্যার হ্রাসবৃদ্ধি অনপেক্ষ নয়। নিরপেক্ষ হচ্ছে স্তূপীকরণ ব্যবস্থা। মার্কসের মতে, এর সম্পূর্ণ দায়িত্বই হচ্ছে বর্ত্তমান উৎপাদন ব্যবস্থার, শ্রমিকের নয়।

তাহলে বেশ বোঝা যায় যে, ম্যালথাসের যুক্তি মোটেই মজবুত ভিত্তির উপর প্রতিষ্ঠিত নয়। মার্কস ঠিকই বলেছেন যে, ব্যবসার জগতের তেজিমন্দার সঙ্গে সঙ্গে একই সংখ্যক লোক একবার বাড়তি এবং কিছুদিন পরেই কমতি বলে মনে হবে। মানুষের কেন, কোন জিনিষেরই পরিমাণ ব্যবসার জগতের তেজিমন্দার সঙ্গে সঙ্গে বাপ খাইয়ে নেওয়া সম্ভবপর নয়। এক্ষেত্রে ম্যালথাসের উচিত ছিল ব্যবসায়ী মহলকে কিছু সদুপদেশ দেওয়া। কিন্তু তিনি তার কোন প্রয়োজনই বোধ করলেন না। তাঁর আক্রমণের সবটাই গিয়ে পড়লো শ্রমিকদের উপর। আর, এদের অসহায় অবস্থার সুযোগ নিয়ে তিনি এদের বেশ দু'কথা শুনিয়ে কিছু নৈতিক উপদেশ দিয়েছিলেন। তাঁর মতে, ধনিক যারা তাদের জন্যে এ রকমের উপদেশের কোন প্রয়োজনই নেই; কারণ, তারা এমনিই এমন একটা অবস্থায় আছে যেখানে সন্তানসন্ততির বিস্তারে কোন অসুবিধারই সৃষ্টি হবে না। কিন্তু গরীব যারা তাদের প্রধান অপরাধই হলো অর্থাভাব; তার উপর তারা আবার তাদেরই দল বাড়াতে থাকবে! এতটা ধৃষ্টতা সহ্য করবার মত অবস্থা ম্যালথাসের নয়।

আমরা ম্যালথাসের তাত্ত্বিক করতাম যদি তিনি আর্থিক বৈষম্য কমাবার কোন উপায় আমাদের দেখিয়ে দিতেন। কিন্তু তিনি তা'ত করলেনই না; অধিকন্তু ইংলণ্ডের দরিদ্র আইনের উপর তীব্র আক্রমণ করলেন। দরিদ্র আইন বিলিতি ধনতান্ত্রিক রাষ্ট্রের কৃপার দানের অধিক কিছু নয় এবং সেদিক্ থেকে আমরা তার সমর্থন করতে পারি না। কিন্তু যখন শ্রমিকদের অবস্থা তাদের নিজেদের ন্যায্য দাবী জানানো এবং সেই অনুসারে কাজ আদায় করার মত হয় নি, সেই অবস্থায় এই ধরণের উপায়ে—যাতে একদিকে অর্থনৈতিক বৈষম্য খানিকটা কমছে এবং অন্যদিকে দুঃস্থ লোকদের সাহায্য করা হচ্ছে—আপত্তি করবার কি থাকতে পারে? কিন্তু ম্যালথাস এর মধ্যে দেখতে পেলেন মস্ত একটা প্রশ্রয় এবং এ প্রশ্রয় গরীবদের দেওয়া চলতে পারে না কোন মতেই। তাই তিনি বলছেন—"যদিও কথাটা শুনতে অদ্ভুত, কিন্তু আমি একথা সত্যি বলেই বিশ্বাস করি যে, টাকা দিয়ে গরীবদের অবস্থার উন্নতি কিছুতেই ঘটাতে পারবে না—সেই শ্রেণীর অন্যান্য লোকদের অবস্থার অবনতি না ঘটিয়ে।" দরিদ্র আইনের কথা বলতে গিয়ে তিনি বলছেন—"এ ধরণের প্রস্তাব যেমনি ঔদ্ধত্যপূর্ণ তেমনিই অসঙ্গত; আগে যেখানে একটা করে গমের শীষ বেরুত, ভবিষ্যতে সেই জায়গায় দু'টো করে শীষ বেরুবে, এ যেন এই ধরণেরই প্রস্তাব।" এ থেকে বেশ বোঝা যায় ম্যালথাসের চিন্তাধারার দিক্‌টা। এ যেন শ্রমিকদের তাড়া দিয়ে ধনতন্ত্রের জয়গান করা। (ক্রমশঃ)

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরকেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

শ্রাবণ—১৩৫১ ১৯শ বর্ষ—৪র্থ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

শত্রুক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বাংলায় জমির অভাব

বাংলা দেশের চাষী পরিবারসমূহের শতকরা ২২½টী পরিবারের হাতে কোন জমি নাই। উহারা দিনমজুরী করিয়া জীবিকার সংস্থান করে। বাকী চাষী পরিবারের মধ্যে শতকরা ২৩½টী পরিবারের হাতে জমির পরিমাণ ২ একরের মত এবং শতকরা ২০টী পরিবারের হস্তস্থিত জমির পরিমাণ ২½ একর অপেক্ষা কম। অথচ কোনওরূপে জীবন-ধারণ করিতে হইলে প্রত্যেক ৫ জনে গঠিত এক-একটী কৃষক পরিবারের হাতে অন্ততঃ ৫ একর জমি থাকা চাই।

দুঃস্থ শিল্পজীবীদের সাহায্য

গত দুর্ভিক্ষের ফলে যেসকল গরীব শিল্পী একেবারে সর্ব্বস্বান্ত হইয়া গিয়াছে, অভাবের তাড়নায় যাহারা তাহাদের জীবিকার একমাত্র সম্বল ব্যবসায়ের যন্ত্রপাতি-গুলি পর্য্যন্ত হারাইয়াছে, নূতন যন্ত্রপাতি বা কাঁচামাল কিনিয়া জিনিষপত্র প্রস্তুত করিয়া আবার নিজ নিজ ব্যবসায় আরম্ভ করিবার সামর্থ্য যাহাদের নাই, এইরূপ দুঃস্থ শিল্পব্যবসায়ীদের সাহায্যের জন্য বঙ্গীয় গভর্ণমেণ্ট ৫০ লক্ষ টাকা মঞ্জুর করিয়া এক বিরাট পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। শীঘ্রই এই পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ করা হইবে।

গভর্ণমেণ্ট নিম্নলিখিত শ্রেণীর দুঃস্থ শিল্পীদের সাহায্য করিবার ব্যবস্থা করিবেন : যথা (১) তাঁতী, (২) কুমার, (৩) জেলে, (৪) কাঁসারী, (৫) কামার, (৬) ছুতার, (৭) মুচি, (৮) শাঁখারী, (৯) যাহারা রেশম গোকা উৎপাদন ও পালন করে, (১০) যাহারা বোতাম তৈরী করে, (১১) যাহারা বাঁশ ও বেতের ঝুড়ি বোনে, (১২) যাহারা হাতে কাগজ প্রস্তুত করে। এই ১২ শ্রেণীর শিল্পী ছাড়া জেলার কালেক্টরগণ আরও যাহাদের সাহায্য পাইবার উপযুক্ত বলিয়া মনে করিবেন তাহারাও সাহায্য পাইতে পারিবে। নিম্নলিখিতরূপ চারি প্রকারে এইসকল দুঃস্থ শিল্পীদের সাহায্য করা হইবে :

১। যন্ত্রপাতি, কাঁচামাল ও অন্যান্য আবশ্যক জিনিষপত্র সরকারী টাকায় কিনিয়া আনিয়া ইহাদের মধ্যে তাহা বিনা মূল্যে বিলাইয়া দেওয়া হইবে। জেলেরা মাছ ধরিবার জন্য এবং কুমাররা হাঁড়িকুঁড়ি অন্যত্র বহন করিবার জন্য নৌকাও পাইবে।

২। ক্রয়-মূল্য অপেক্ষা সস্তা মূল্যে ইহাদের নিকট কাঁচামাল, যন্ত্রপাতি ও প্রয়োজনীয় জিনিষপত্র বিক্রয় করা হইবে।

৩। কাঁচামাল ও যন্ত্রপাতি—ইহাদের নিকট কেনা দামে বিক্রয় করা হইবে।

৪। কাঁচামাল ও যন্ত্রপাতি ধারে দেওয়া হবে।

আর্থিক ভারত

ভারতে পুঁজি নিয়োগ

টাটার অন্যতম ডিরেক্টর মিঃ এ ডি শ্রফ বলেন যে, ভারতের যুদ্ধোত্তর শিল্পপরিকল্পনায় সক্রিয় অংশ গ্রহণ সম্পর্কে বহু মার্কিণ ব্যবসায়ী ও ব্যাঙ্কার বিশেষ আগ্রহ দেখাইতেছেন। ন্যাশনাল সিটি ব্যাঙ্ক, দি চেজ ন্যাশনাল ব্যাঙ্ক এবং মর্গান প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ ভারতের কয়েকটী সংগঠন পরিকল্পনায় মূলধন সরবরাহ সম্পর্কে মিঃ শ্রফের নিকটে প্রস্তাব করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

মিঃ শ্রফ বলেন যে, আমেরিকার বিভিন্ন স্থান হইতে বিশিষ্ট ব্যবসায়ীরা বোম্বাই পরিকল্পনার কপি চাহিয়া পাঠাইতেছেন। মিঃ শ্রফ ঘোষণা করেন—"ব্রেটন উড্‌স আন্তর্জাতিক অর্থ বৈঠকে যে কাজ হইয়াছে, তাহার চেয়ে অনেক বেশী মূল্যবান কাজ হইয়াছে নিউইয়র্কের আলোচনায়।" তিনি আমেরিকার ব্যবসায়ী মহলে ভারতকে সাহায্যের আগ্রহ দেখিতে পাইয়াছেন; তাঁহারা সুবিধাজনক সর্তে ধারে মাল বিক্রয় করিতে ইচ্ছুক। বৃটেনের নিকট ভারতের যে টাকা পাওনা আছে, তাহা পরিশোধের ব্যবস্থা না হওয়ায় অত্যাবশ্যক দ্রব্যাদিতে ভারতের পক্ষে যে অসুবিধার সৃষ্টি হইয়াছে, তাহা এই ব্যবস্থার ফলে অনেকটা দূর হইবে। মিঃ শ্রফের আলোচনা সাফল্যমণ্ডিত হইলে ভারত নিকট-ভবিষ্যতে লণ্ডনের যাবতীয় টাকা পরিশোধের ব্যবস্থা না করিয়াও আবশ্যক মাল আমদানি করিতে পারিবে। এই ব্যবস্থায় বৃটিশ পরিকল্পনা অনুযায়ী ভারতের পাওনা টাকা দীর্ঘ মেয়াদী পরিশোধের ব্যবস্থা হইলেও চলিবে। পরিশেষে মিঃ শ্রফ বলেন—"আমেরিকা ভারতকে কি পরিমাণ মাল যোগাইতে পারিবে, তাহা আলোচনা করিয়া জানিয়া লইবার উদ্দেশ্যে ভারতীয় ব্যবসায়ীদের প্রতিনিধিদের আমেরিকায় আসা সঙ্গত।"

সিন্ধুতে নূতন রেল-কারখানা

সিন্ধুর মরুভূমি অঞ্চলে হায়দরাবাদ নগরে রেলগাড়ী নির্মাণের এক বিরাট কারখানা স্থাপিত হইতেছে। যুদ্ধের গতির সঙ্গে সঙ্গে রেলগাড়ীর দাবী ক্রমশই এত বৃদ্ধি পাইতেছে যে, কারখানাগুলি তাহা মিটাইয়া উঠিতে পারিতেছে না। সেজন্য যোধপুরের মহারাজার অনুমতিতে হায়দরাবাদে কারখানাটি স্থাপিত হইয়াছে। আমেরিকা হইতে গাড়ীর বিভিন্ন অংশ এই কারখানায় আনিয়া রাখা হইবে এবং পরে সেগুলি দিয়া গাড়ী তৈয়ারী হইবে।

দুনিয়ার ধনদৌলত

বৃটেনের আর্থিক উন্নতি

যুদ্ধোত্তর যুগে ধন-সৌলৎ বৃদ্ধির কিরূপ পরিকল্পনার দরকার, বিলাতের বিভিন্ন রাজনৈতিক দল, কারখানা মালিক, শ্রমিক নেতা ইত্যাদি সকলেই তাহা লইয়া গত দুই বৎসর যাবৎ মাথা ঘামাইয়া আসিতেছেন। আন্তর্জাতিক বণিক-সভার (১৯৩৯ সনে তিনটী দেশ লইয়া সংগঠিত) সদস্য শ্রেণীভুক্ত বৃটিশ ব্যবসায়ীরা এক পরিকল্পনা স্থির করিয়াছেন। নিম্নে এই পরিকল্পনার সারমর্ম দেওয়া গেল :—

(১) প্রতিবেশী দেশগুলির সহিত ন্যায়সঙ্গত ব্যবহার।

(২) দরের খুব বেশী উঠা-নামা হয় না, এমন আন্তর্জাতিক দরসমূহ লইয়া খোলা বাজার।

(৩) সমস্ত ব্যবসায়ীদের ন্যায়-সঙ্গত ভাবে চলা ফেরার জন্য আন্তর্জাতিক বিধি-নিয়ম।

(৪) এই সমস্ত বিধি বলবৎ করার জন্য একটী আন্তর্জাতিক আর্থিক আদালত অর্থাৎ অর্থনৈতিক "জাতি সঙ্ঘ" গঠন।

(৫) দরের স্থিতি সাধনের জন্য একটী মুদ্রা-বিষয়ক চুক্তি।

(৬) বিভিন্ন জাতির মধ্যে দেনা-পাওনা শোধ ও আদায়ের জন্য একটী আন্তর্জাতিক কর্জ প্রতিষ্ঠান গঠন।

(৭) বিধ্বস্ত অঞ্চলগুলির পুনর্গঠন, অনগ্রসর দেশগুলির সংগঠন ও জীবনযাত্রা-প্রণালীর উন্নতিবিধানের জন্য একটী পুঁজি-নিয়োগ প্রতিষ্ঠান।

অতীতে ব্যবসা-বাণিজ্যের স্বাভাবিক গতিপথে যে-সমস্ত বাধাবিঘ্ন বা বাঁধন ছিল সেইগুলি শিথিল করিয়া দেওয়ার জন্য আন্দোলনে বৃটেনকেই অগ্রগামী হইতে হইবে। এই সমস্ত বৃটিশ ব্যবসায়ী এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন তাঁহাদের মতে, বিভিন্ন জাতির মধ্যে অবাধ পণ্য বিনিময়ের ব্যবস্থা বলবৎ করিতে হইবে। একটী দেশ অপর দেশকে শোষণ করিয়া বড় হইতে চেষ্টা করিলে তাহা শেষ পর্যন্ত আত্মহত্যাতেই পরিণত হয়, এঁরা এইরূপ অভিমতও প্রকাশ করিয়াছেন।

ব্যক্তি ও সঙ্ঘ

মধ্যপ্রাচ্য ষ্ট্যাটিষ্টিক্যাল কন্‌ফারেন্স

মধ্যপ্রাচ্য সরবরাহ কেন্দ্রের উদ্যোগে ১৯৪৩ সনের নবেম্বর মাসে কায়রো সহরে আহূত এক ষ্ট্যাটিষ্টিক্যাল্ কন্‌ফারেন্সে ইরাক, সিরিয়া লেবানন, প্যালেষ্টাইন্, ট্রান্স জর্ডান, মিসর, সুদান ও পূর্ব-আফ্রিকার প্রতিনিধিগণ সমবেত হন। সম্মেলনে একটী মধ্যপ্রাচ্য ষ্ট্যাটিষ্টিক্যাল বিউরো গঠনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যতদিন বিউরোটী কায়েম না হয় ততদিন কন্‌ফারেন্সের কাজ চালাইবার জন্য একটী স্থায়ী কমিটী স্থাপনের জন্যও সম্মেলনে সুপারিশ করা হয়।

বিভিন্ন গবর্ণমেণ্ট কর্তৃক প্রকাশিত গ্রন্থ, তথ্য ইত্যাদির রীতিমত আদান-প্রদান এবং বিভিন্ন গবর্ণমেণ্টের মধ্যে হাবেষা মতামতের আদান-প্রদানের ব্যবস্থা কায়েম করা সম্পর্কেও সম্মেলনে আর একটী প্রস্তাব গৃহীত হয়। এই সমস্ত দেশের মধ্যে অর্থনৈতিক তথ্য সংগ্রহের প্রতিষ্ঠান কায়েম করার প্রয়োজনীয়তাও প্রতিনিধিগণ বিশেষভাবে উপলব্ধি করেন।

মার্কিণ মুলুকে শ্রমিকমঙ্গল

মার্কিণ যুক্তরাষ্ট্রের কল-কারখানাগুলায় চলচ্চিত্রের সাহায্যে শ্রমিকদের চিত্ত-বিনোদন ও তাহাদের কাযে উৎসাহ দানের ব্যবস্থা করা হইয়াছে। ফিল্মের সাহায্যে শ্রমিকদের ট্রেনিং দানের ব্যবস্থা অনেক কারখানায় ইতিপূর্বেই কায়েম করা হইয়াছে। ছোট ছোট ফিল্মের সাহায্যে শ্রম-লাঘব ও বিশ্রাম-সুখদানের ব্যবস্থাও বেশ সাফল্য লাভ করিয়াছে।

ফিল্ম প্রদর্শিত হয় সাধারণতঃ টিফিনের সময় ভোজন কক্ষে। কতকগুলি ফিল্ম চিত্ত-বিনোদনের উপযোগী; আবার কতকগুলি শিক্ষামূলকও বটে। ফিল্মগুলি সাধারণতঃ ছোট ছোট। এই নয়া ব্যবস্থার একটা সুবিধা এই যে, কারখানার শ্রমিকরা প্রায় কামাই করিতে চায় না। বিশেষতঃ রাত্রিতে কাজের সময় ফিল্ম প্রদর্শন খুব বেশী ফলপ্রদ হইয়াছে।

মোলাকাৎ

বাংলায় সোশ্যালিজ্‌ম্-নিষ্ঠা

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—"বর্ত্তমান জগৎ" গ্রন্থাবলীর অন্তর্গত অধ্যায়সমূহ ছাড়া আপনি আর কোথাও সোশ্যালিজ্‌ম্-নিষ্ঠার পরিচয় দিয়েছেন?

উঃ—১৯১৮ সনের ভার্সাই-সন্ধি সইয়ের সময় ইংরেজিতে একটা প্রবন্ধ লিখি। "লীজিস অব দি গ্রেট ওয়ার" (মহালড়াই কি রেখে গেল?) নামে। সেই প্রবন্ধ "সোশিঅলজি অব রেসেজ" বইয়ে (১৯২২, ১৯৩৯) পাওয়া যায়। তাতে লেনিন-নিষ্ঠার পাকা

পরিচয় আছে। ১৯১৮-২০ সনের ইংরেজি ও বাংলা সকল রচনায়ই এই নয়া আধ্যাত্মিকতার পরিচয় পাওয়া যায়। "প্যারিসে দশ মাস" বইয়ের অধ্যায়গুলা ১৯২০-২১ সনে লিখিত। তার ভেতরও লেনিন-গীতার অবশ্য প্রশস্তি আছে।

১৯২৩-২৪ সনে মার্ক্স্-সাহিত্যের দুটা বড়-বড় বইয়ের (জার্মাণ ও ফরাসী) বাংলার তর্জমাগুলা প্রথমে কলিকাতার নানা মাসিক ও সাপ্তাহিকে বেরোয়। তারপর "পরিবার গোষ্ঠী ও রাষ্ট্র" এবং "ধনদৌলতের রূপান্তর" নামে বইয়ের আকারে বেরিয়েছে। প্রায় শ'-ছয়েক পৃষ্ঠার মাল। সেই যুগে ইংরেজিতে মজুর-জীবন, মজুর-আইন, ব্যাধি-বার্দ্ধক্য-দৈব-বীমা, মজুর-রাজ ইত্যাদির বিষয়ে নানা আলোচনা প্রকাশ ক'রেছি (১৯২১-২৫)।

:—বিদেশ হ'তে ফেরার পর আপনি সমাজতন্ত্র-নিষ্ঠার কোনো পরিচয় দিয়েছেন?

উ:—হাঁ। সমাজতন্ত্র-নিষ্ঠা সর্ব্বদাই বজায় আছে। তবে একদম নির্দ্দল ভাবে। কোনো রাষ্ট্রিক আন্দোলনেই আমার যোগ নেই। ১৯২৪ সনের পরবর্ত্তী রচনার ভেতর "নয়া বাঙলার গোড়াপত্তন" বইয়ের (১৯৩২) প্রবন্ধগুলা সোশ্যালিজ্‌মে ভরপুর। "বাড়ন্তির পথে বাঙালী"ও (১৯৩৪) তাই। "সোশ্যাল ইন্‌শিওর‍্যান্স্" (সমাজ-বীমা) নামক বইটা (১৯৩৬) বিশেষভাবে উল্লেখযোগ্য। "পোলিটিক্যাল ফিলজফির সিকি ১৯০৫" বইয়ের প্রথম খণ্ডে (১৯২৮) আর দ্বিতীয় খণ্ডের তিন ভাগে (১৯৪২) মজুর-আন্দোলন আর সমাজ-তন্ত্রের নানা তত্ত্ব খুব জোরের সহিতই দেখানো হ'য়েছে।

ব'লে রাখা উচিত যে, মার্ক্স্-প্রচারিত শ্রেণী-বিবাদের দর্শন আমার খানিকটা পছন্দসই বটে। কিন্তু মার্ক্সের অর্থনৈতিক অদ্বৈতনিষ্ঠার আমি কট্টর বিরোধী। (পৃঃ ৭১, ২৪৬)

প্র:—বিশ্ববিদ্যালয়ে সোশ্যালিজমের চর্চ্চা আছে?

উ:—১৯২৬ সনে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ভাল-ভাতের সম্বন্ধ কায়েম হয়। তখনই ধন-বিজ্ঞান, সমাজ-বিজ্ঞান ও রাষ্ট্র-বিজ্ঞানের তত্ত্ববিদে মজুর-শ্রেণীর অর্থকথা, আইনকানুন ও সমাজতন্ত্র সম্বন্ধে স্বতন্ত্র লেখাপড়ার ব্যবস্থা করবার জন্য প্রস্তাব তুলেছি। এই সময়কার এক "মেমোর‍্যাণ্ডাম" বা মন্তব্যের ইস্তাহার দেখ্‌তে পাবি "গ্রীটিংস্ টু ইয়ং ইণ্ডিয়া" বইয়ে (১৯২৭)। আমার নিত্য-নৈমিত্তিক বকাবকির ভেতর কম্-সে-কম্ আনা-ছয়েক মাল থাকে মজুর-দর্শন ও সমাজতন্ত্র-বিষয়ক।

মজুর-আন্দোলন ও সমাজতন্ত্রের দর্শন বিশ্ব-বিদ্যালয়ের আবহাওয়ায় প্রবেশ ক'রেছে। অবশ্য রাষ্ট্রিক বা সমাজতান্ত্রিক দলাদলি আমার কোষ্ঠিতে লেখা নেই। বিশ্ববিদ্যালয়ের চৌহদ্দিতে কোনো দলাদলি থাকা বাঞ্ছনীয়ও নয়।

:—আর্থিক উন্নতিতে মজুর-আন্দোলন ও সোশ্যালিজ্‌মের চর্চ্চা হয়?

উ:—বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের অবৈতনিক গবেষকদের দিয়ে এই সম্বন্ধে আলোচনা করিয়েছি অনেক। শিবচন্দ্র দত্ত, সুধাকান্ত দে, রবীন্দ্রনাথ ঘোষ, কামাখ্যাচরণ বসু, মন্মথনাথ সরকার, পঙ্কজকুমার মুখোপাধ্যায়, প্রফুল্লরঞ্জন বিশ্বাস ইত্যাদি গবেষকদের রচনায় মজুর-নিষ্ঠার সাক্ষ্য আছে। আমিও ১৯২৬ সনের "আর্থিক উন্নতি"তে লিখেছি "শিল্প-কারখানায় মজুর-রাজ", আর ১৯৪২ সনে "অখাদ্যে দারিদ্র্য-জিজ্ঞাসা", "মজুরি-বিজ্ঞান", "দারিদ্র্য-দর্শন" ইত্যাদি প্রবন্ধ। "আর্থিক উন্নতি"র সমাজতন্ত্র-নিষ্ঠা বরাবর চ'লেছে।

প্র:—আপনি ইস্কুল-কলেজের ছেলেদের ভেতর মজুর-প্রীতি আর সোশ্যালিজ্‌ম্-নিষ্ঠার আন্দোলন পছন্দ করেন?

উ:—হাঁ। খুব-বেশী পছন্দ করি। এমন কি, আমি চাই যে, ছেলেরা রকমারি মজুর-দলে বা সমাজ-তান্ত্রিক দলে ঢুকে যা'ক। নিজে আমি কোনো দলের লোক নই। কিন্তু কোনো-না-কোনো দলে না

চুকলে ছেলেদের মাথা পরিষ্কার হবে না। তুমিয়া-খানাকে শক্ত মুঠার ভেতর পাকড়াও করার জন্য আবশ্যক বলের ভেতর চুকে' কাজে লেগে যাওয়া। আমাদের স্কেকেলে ভারতীয় গীতা আর একালের বন্দে মাতরম্ রক্ষা করা চাই-ই চাই। তার সঙ্গে জরুরি এক ডোজ মার্ক্স্ আর পাঁচ ডোজ লেনিন। এই পাঁতি-মাঝিক গ'ড়ে উঠ্‌বে বা উঠ্‌ছে আমার নয়া বাংলা। বুঝেছিস্?

পত্রিকা-জগৎ

"চায়না ইন্‌ফর্মেশন্ বুলেটিন"

(২ই আগষ্ট, ১৯৪৪ ; ১১৩শ সংখ্যা)

চীনের কমিউনিষ্ট অঞ্চলের প্রতি সমগ্র পৃথিবীর ব্যগ্র দৃষ্টি নিবদ্ধ। চীন যে ফ্যাসিস্ত জাপানের বিরুদ্ধাচরণ করিবার জন্য সাত বৎসর ধরিয়া অবিশ্রান্ত যুদ্ধ চালাইতেছে তাহা চীনা কমিউনিষ্টদের জন্যই সম্ভব হইয়াছে। সম্প্রতি কয়েকজন চীনা ও বিদেশী সাংবাদিক এই কমিউনিষ্ট এলাকায় উপনীত হইয়া এই এলাকার বর্ত্তমান অবস্থার বিবরণী প্রকাশ করিয়াছেন। এই সংখ্যায় তাহা লিপিবদ্ধ করা হইয়াছে। নিম্নে এই বিবরণী সংক্ষেপে প্রকাশ করা হইল।

চীনের এই কমিউনিষ্ট এলাকার নাম শেন্সী-কান্‌সু-নিংসিয়া সীমান্ত অঞ্চল। ইহা সম্পূর্ণরূপে একটী স্বতন্ত্র রাষ্ট্র। ইহার সদর ইনান্ সহরে অবস্থিত। হুং, মিং ও চিং বংশের আমলে এই সহর বিশেষ সমৃদ্ধিশালী থাকিলেও জাপানীদের কৃপায় এখন ইহার অধিকাংশ ধ্বংসস্তূপে পরিণত। সহরের বাহিরে এখন নূতন সহর গড়িয়া উঠিয়াছে। চীনা কমিউনিষ্ট পার্টির কেন্দ্রীয় কমিটীর দপ্তর ও চেয়ারম্যান্ মাও সেতুংয়ের বাসভবন এই অংশে অবস্থিত।

পূর্ব্বেই বলা হইয়াছে, এই কমিউনিষ্ট অঞ্চল সম্পূর্ণ রূপে একটী পৃথক রাষ্ট্র। কমিউনিষ্টরা এখানে তাদের নিজস্ব রাজনৈতিক, অর্থনৈতিক পদ্ধতি এবং শিক্ষা ও বিচারের ব্যবস্থা করিয়াছে। তাহাদের নিজস্ব সৈন্য-বাহিনীও আছে। এই অঞ্চলে জাতীয় গবর্ণমেণ্টের কোন এক্তিয়ারই খাটে না।

"সীমান্ত অঞ্চল গবর্ণমেণ্টের" নিজস্ব ব্যাঙ্কও আছে। ব্যাঙ্কটী "শেন্সী-কান্‌সু-নিংসিয়া বর্ডার রিজিয়ন ব্যাঙ্ক" নামে পরিচিত। নিজস্ব কর-সংগ্রহও এই রাষ্ট্রের মস্ত-বড় এক ব্যাপার। লবণ সম্বন্ধে একচেটিয়া অধিকারও রাষ্ট্রের করায়ত্ত। ইহেন্‌চিতে বিস্তর দ্রব্য উৎপন্ন হয়।

বিগত কয়েক বছর যাবৎ স্বাবলম্বী হওয়ার জন্য সীমান্ত সরকার উঠিয়া পড়িয়া লাগিয়াছে। সরকারী চাকুরে, সৈন্য, ছাত্র, শিক্ষক, ডাক্তার, নার্স, ইঞ্জিনিয়ার ইত্যাদি সমস্ত লোককেই উৎপাদনে, বিশেষতঃ বয়ন ও কৃষিকার্য্যে আত্মনিয়োগ করিতে হয়। গত বৎসর মোট দশ লক্ষ মো পতিত জমিতে আবাদ করিয়া ১,৮০০,০০০ পিকল তুলা উৎপন্ন করা হয়। বর্ত্তমান বৎসরে আরও দশ লাখ মো নতুন জমিতে চাষ আবাদ করা হইতেছে।

"সীমান্ত অঞ্চল সরকারের" শিক্ষা-নীতিও লক্ষ্য করিবার মত। সামরিক ট্রেনিং দান ও সীমান্ত অঞ্চলের উপযোগী কর্ম্মী সঙ্ঘ গড়িয়া তোলার উদ্দেশ্যেই ছাত্রছাত্রীদের শিক্ষা দেওয়া হয়। নতুন গণতন্ত্রের ভিত্তিতে রাজনৈতিক, অর্থনৈতিক, কৃষিগত ও গঠনমূলক বাস্তব কার্য্যকলাপে যাহাতে শিক্ষার্থীরা সার্থকতার সহিত আত্মনিয়োগ করিতে পারে, ইনান্ বিশ্ববিদ্যালয় সেইভাবে পাঠ্য তালিকা স্থির করিয়াছে। অ্যান্টি-জাপানীজ্ আর্ম্মী ইউনিভার্সিটী ও সেণ্ট্রাল পার্টি একাডেমী নামক আরও দুইটী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান আছে। এখানে সৈন্য বিভাগ ও পার্টির শিক্ষানবিশরা যথাক্রমে শিক্ষালাভ করে। সীমান্ত অঞ্চলে ৮০০টীরও অধিক প্রাথমিক বিদ্যালয় আছে।

সীমান্ত সরকারের নিজস্ব হাইকোর্ট ও ডিষ্ট্রিক্ট কোর্ট-সমূহও আছে। নিজস্ব আইন-কানুন অনুসারেই এইসমস্ত আদালত বিচার করিয়া থাকে।

সমালোচনা

"ইণ্টারন্যাশনাল ল অ্যাণ্ড্ টোটালিটেরিয়ান্ ল'-লেস্নস"—লণ্ডন, ইউনিভার্সিটী কলেজের আন্তর্জাতিক আইনের লেক্চারার ডক্টর জোয়ার্জেনবার্গার পি-এইচ-ডি, ডক্টর ফুর্ত্ প্রণীত; ১৯৪০, লণ্ডন: কেপ্; ১৬৮ পৃঃ; মূল্য সাড়ে দশ শিলিং।

জার্মাণি, ইতালি ও জাপান যেসমস্ত আন্তর্জাতিক দস্যুগিরির অবতারণা করিয়াছে, একমাত্র আন্তর্জাতিক আইনের বলেই তাহার প্রতিবিধান করা সম্ভব। অসাধ পাণ্ডিত্যের মালিক গ্রন্থকার তাঁহার এই ক্ষুদ্র পুস্তকে এই মূল মতবাদটা সমর্থনের জন্য বহু পণ্ডিতের অভিমত উদ্ধৃত করিয়াছেন। গ্রন্থকার এইসমস্ত পররাজ্য-আক্রমণকারী শক্তিকে আন্তর্জাতিক সমাজচ্যুত করার পাঁতি দিয়াছেন।

জার্মাণ জাতীয় সমাজতন্ত্রী প্রশ্ন বিশ্লেষণের অস্ত্র হিসাবে আন্তর্জাতিক আইনের যে কত উপায়ে অপপ্রয়োগ করিয়াছে আলোচ্য গ্রন্থে তাহার আনুপূর্বিক বিবরণী স্থান লাভ করিয়াছে। যুদ্ধ অপরাধের শাস্তিদান সম্পর্কে প্রাচীন রীতিসমূহ ও বর্ত্তমান প্রস্তাবগুলারও যথোপযুক্ত-ভাবে বিশ্লেষণ করা হইয়াছে। বিষয়টী অত্যন্ত গুরুত্বপূর্ণ। লণ্ডনে ১৯৪২ সনের ১৩ই জানুয়ারী তারিখে আন্তঃ-মিত্রপক্ষীয় সম্মেলনে গৃহীত ঘোষণাবাণীতে এই সমস্ত উল্লিখিত হইয়াছে। তবে এইসমস্ত বলবৎ করার জন্য রীতিমত আদালত স্থাপন করিয়া যুদ্ধ-অপরাধীদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করিতে হইবে।

গ্রন্থপঞ্জী

"এ ওয়ার্কিং পিস্ সীষ্টেম্"; ডেভিড্ মিট্রানী; ১৯৪৩; নিউইয়র্ক; টোরোণ্টো; বোম্বাই; মেল্‌বোর্ণ; কেপটাউন; অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস; ৪৪ পৃঃ; ষেড় শিলিং।

২। "কিপ দি ল্যাম্প বার্ণিং"; ডাঃ জে ভ্যান্ ডিন্ টেম্পেল; লণ্ডনহেম্; ২৪৬ পৃঃ; সাড়ে দশ শিলিং।

৩। "ওয়ান ওয়ার্ল্ড্" ওয়েণ্ডেল এল উইল্কী; লণ্ডন; টোরোণ্টো; মেলবোর্ণ; সিড্নী; কাসেল; ১৬৯ পৃঃ; সাড়ে সাত শিলিং।

৪। "দিস্ এজ্ অব্ কেবল্"; ওষ্টাভ্ টোল্পার; লণ্ডন; টোরোণ্টো; বোম্বাই; সিড্নী; ৩১৮ পৃঃ; সাড়ে দশ শিলিং।

৫। "ডিক্টেটরশিপ্"; আল্‌ফ্রেড্ কোবান্ এম-এ, পি-এইচ-ডি; লণ্ডন; কেপ্; ৩৪২ পৃঃ; সাড়ে বার শিলিং।

৬। দি সাইকোলজী অব্ ফাসিজ্ম্; পিটার নাথার্ন; লণ্ডন-কেবার; ১৪৮ পৃঃ; সাড়ে আট শিলিং।

অর্থনীতির আত্মসাফাই

অধ্যাপক কস্তুরচাঁদ লালুনী, এম, এ

(পূর্ব্বানুবৃত্তি)

ম্যালথাস সম্বন্ধে এখানে আর একটা কথা বলি। ১৭৯৯ সনে গডউইন একটা বই প্রকাশ করেন। এতে তিনি কয়েকটা বিষয়ের উপর জোর দেন। গডউইনের মতে রাষ্ট্র ব্যবস্থাই হচ্ছে যত অনাচারের মূল। সুতরাং এর উচ্ছেদ হওয়া বিশেষ দরকার। তা ছাড়া, ব্যক্তিগত সম্পত্তির উপরও তিনি আক্রমণ চালিয়েছেন। তাঁর মতে, বিজ্ঞানের উৎকর্ষে ভবিষ্যৎ সমাজ, ব্যবহার এত সামগ্রী তৈরী হবে যে অর্দ্ধেক দিন কাজ করেও মানুষ স্বচ্ছন্দে তার জীবনযাত্রা নির্ব্বাহ করতে পারবে। মার্কসের সঙ্গে এই ধরণের মতের বেশ মিল আছে। মার্কসও একদিকে

ব্যক্তিগত সম্পত্তির উচ্ছেদ চান ; অন্য দিকে তাঁর পরিকল্পিত ভবিষ্যৎ সমাজ-ব্যবস্থা রাষ্ট্রহীন এবং এতে সামগ্রীর উৎপাদন হবে প্রত্যেকের সামর্থ্য অনুযায়ী, অথচ ব্যবহার হবে নিজ নিজ প্রয়োজন অনুসারে। তা ছাড়া ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার বিশ্লেষণ করে তিনি দেখিয়েছেন যে, দৈনিক শ্রম-সময়ের অর্দ্ধেক পরিমাণ সময় কাজ করলেই শ্রমিক তার প্রাণাচ্ছাদনের ব্যবস্থা করতে পারে। তার বেশী সে যেটুকু খাটছে তার মোটটাই অন্যায়ভাবে যাচ্ছে ধনিকের হাতে। তবে মার্কসের সঙ্গে গডউইনের পার্থক্য হলো এই যে, মার্কস বিষয়টির বিশ্লেষণ করছেন বিজ্ঞানসম্মতভাবে ধনতান্ত্রিক ব্যবস্থার জীবকোষের পুরোপুরি বিশ্লেষণের ভিতর দিয়ে। গডউইন কতকটা আদর্শবাদী। যেভাবেই হোক, ধনতন্ত্রবিরোধী এই প্রকার মতবাদের উপর তীব্র আক্রমণ চালানই হলো ম্যালথাসের চরম উদ্দেশ্য।

রিকারডো অবশ্য তাঁর পূর্ব্ববর্ত্তী অর্থনীতিবিদ্‌দের চেয়ে একটু অন্য রকমের দৃষ্টিভঙ্গী গ্রহণের চেষ্টা করেছেন ; কিন্তু পুরোপুরিভাবে তাঁর পূর্ব্ববর্ত্তীদের প্রভাব কাটিয়ে উঠতে পারেন নি। তা ছাড়া, তাঁর বইএর আগাগোড়াই তিনি অবাস্তব মনগড়া নীতির অনুসরণ করেছেন। এতে তাঁর বক্তব্য যেমন অনেক জায়গায় ঘোলাটে রকমের হয়ে পড়েছে। অন্য দিকে এই অবাস্তব নীতির সুযোগ নিয়ে একালের একদল অর্থনীতিবিদ অঙ্কের জালবুনে তাঁদের বক্তব্যকে ভয়ানক দুর্ব্বোধ্য করে তুলেছেন।

কোন কোন রিকারডো-পন্থী সাফাই করতে গিয়ে বলেছেন যে, রিকারডো তাঁর পূর্ব্ববর্ত্তীদের মত উৎপাদন ব্যবস্থার বিশ্লেষণ নিয়েই ব্যস্ত নন, ধনবিতরণের দিকটাও তাঁর আলোচ্য বিষয়ের প্রধান অংশ। কিন্তু তাই বলে আমরা তাঁকে সমাজতন্ত্রীদের একজন চাই বলে স্বীকার করতে পারি না। তিনি যে সময় বই লিখছেন সে সময়ের পারিপার্শ্বিক অবস্থাতেই তাঁকে ধনবিতরণের দিকটাও বিশ্লেষণ করতে বাধ্য করেছে। কারণ, এ সময় চলছে শিল্প-বিপ্লবের অগ্রযাত্রার প্রথম স্তর। চারি দিকে তখনকিত অবাধ প্রতিযোগিতার হিড়িক পড়ে গেছে। শ্রমিকদের মধ্যেও কিছু কিছু চেতনা এসেছে এবং স্থানে স্থানে তাদের ছোট-বড় সঙ্ঘ গড়ে উঠেছে। এই সময় আবার নেপোলিয়ানিক যুদ্ধের অবসান হয়েছে এবং তার পর পরই খাদ্যশস্যের মূল্য গেছে ভয়ানক রকমে বেড়ে। শ্রমিকদের অল্প মূল্যে খাদ্য বিতরণের কথা নিয়ে চারি দিকে আলোচনা চলেছে। কেউ কেউ আবার জমিদারদের আক্রমণ করছে এই দুর্দ্দশার কারণ বলে। চারিদিকে যখন এই অবস্থা তখন ধনবিতরণের যাথার্থ্যই যে প্রধান আলোচ্য বিষয় হবে তাতে আর সন্দেহ কি ? রিকারডো তাই করেছেন। এতে তাঁকে সমাজতন্ত্রী নেতা বললে বেশী বলা হবে।

একথার যাথার্থ্য বেশ বোঝা যাবে তাঁর মতবাদের বিশ্লেষণ থেকে। প্রথমেই জমির খাজনা সম্বন্ধে তাঁর মতামতের কথা বলি। আপাত দৃষ্টিতে মনে হবে যে, রিকারডো এ সম্বন্ধে তাঁর পূর্ব্ববর্ত্তী নিসর্গপন্থীদের থেকে সরে পড়েছেন। তাঁর মতে, যেহেতু ভাল জমির পরিমাণ অফুরন্ত নয়, সুতরাং লোক-সংখ্যা যতই বাড়বে ততই নিকৃষ্টতর জমির চাষ সুরু হবে। এইভাবে চলতে চলতে আমরা পৌঁছাব প্রান্তিক জমিতে যেখানে চাষের খরচ এবং চাষ থেকে প্রাপ্তি—এ দু'টিই হচ্ছে সমপরিমাণ। এর চাইতে নিকৃষ্টতম জমির চাষ হবে না। প্রান্তিক জমির কোন খাজনা নেই। শুধু উৎকৃষ্ট জমির খাজনা দিতে হবে এবং এর হার নির্দ্দিষ্ট হবে—প্রান্তিক জমির চাইতে এই জমি কত বেশী ফসল দিচ্ছে সেই অনুসারে। এই মতবাদে প্রকৃতির দয়ার উপর জোর না দিয়ে জোর দেওয়া হচ্ছে প্রকৃতির কার্পণ্যের উপর। লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে নিকৃষ্টতর জমির হচ্ছে চাষ এবং এ থেকে উৎকৃষ্টতর জমির খাজনার হচ্ছে উদ্ভব। কিন্তু এই সঙ্গেই আবার রিকারডো বলছেন যে জমির খাজনা দেওয়া হচ্ছে জমির আভ্যন্তরীণ আদিম এবং অক্ষয় শক্তির ব্যবহারের জন্যে। পরবর্ত্তী সময়ে এই যুক্তির অবতারণা করে রিকারডো আবার নিসর্গপন্থীদের কাছাকাছি গিয়ে পড়েছেন।

জমির আদিম অক্ষয় শক্তির জন্যই যেখানে খাজনা দেওয়া হচ্ছে সেখানে দু'রকমের ব্যাখ্যা চলতে পারে।

যাঁরা জমিদারদের বিরোধী পক্ষ তাঁরা বলবেন যেহেতু খাজনা আসছে জমির আদিম এবং অক্ষয় বস্তুর জন্যে, সুতরাং ব্যক্তিগতভাবে এতে কারুই অধিকার নেই। আবার যাঁরা ঠিক উলটো মত সমর্থন করেন, তাঁরা বলবেন যে, যেহেতু জমির আইন সঙ্গত মালিক হচ্ছে জমিদার, সুতরাং খাজনা তারই প্রাপ্য। অধিকন্তু এই খাজনা হচ্ছে নিসর্গ নিয়মে নির্দিষ্ট; সুতরাং এ সম্বন্ধে কারোই বলবার কিছু নেই। রিকারডো অবশ্য এই পরবর্তী ব্যাখ্যা সমর্থন করবেন না; কেন না তিনি জমিদার ও সর্ব্বসাধারণের বিপরীত সম্পর্কের উপরই জোর দিয়েছেন। কিন্তু তার প্রধান কারণই হচ্ছে এই যে, যদি শ্রমিকদের বেশী মূল্যে খাদ্যসামগ্রী কিনতে হয় তাহলে তারা শিল্প প্রতিষ্ঠানে কাজ করতে বিনিময়ে বেশী পারিশ্রমিক চাইবে। ফলে, ধনিক উৎপাদকের হবে তাতে অসুবিধা প্রতিযোগিতার ক্ষেত্রে। রিকারডোর ভাষায়, "খাদ্য শস্যের মূল্যটা বেশী হওয়া উৎপাদকের স্বার্থও নয়; কেননা, খাদ্যশস্যের মূল্য যদি বেশী হয়, তাহলে তাতে পারিশ্রমিক যাবে বেড়ে, অথচ তার সামগ্রীর মূল্য বাড়বে না মোটেই।" শিল্পের ক্ষেত্রে উদীয়মান ধনিককে বাঁচাতে গিয়ে তিনি জমিদারের উপর আক্রমণ করেছেন এইমাত্র।

রিকারডোর সামগ্রী মূল্য বিষয়ক মতবাদ থেকেও অনেকেই এই উপসংহারে এসে পৌছান যে, তিনি একজন সমাজতন্ত্রী ছিলেন। কিন্তু বিষয়টা তলিয়ে দেখা দরকার। তিনি অবশ্য একথা বলেছেন যে, সামগ্রীমূল্য নির্দ্ধারিত হয় সামগ্রী উৎপাদনে ব্যয়িত শ্রম দিয়ে। কিন্তু তিনি নিজেই এই মতবাদে সন্তুষ্ট হতে পারেন নি। একথা যেমন তাঁর চিঠিপত্রে বোঝা যায়, তাঁর রচনার অন্যান্য অংশের আলোচনাতেও একথা সুস্পষ্ট। কারণ, একথা তিনি পরিষ্কার করেই বলেছেন যে, শ্রম অনুসারে যেমন মূল্যের ব্যতিক্রম হয়, মূলধনের স্থায়িত্বের তারতম্য অনুসারেও এর ব্যতিক্রম হয়। ফলে, অন্যান্য বিষয় এবং শ্রমশক্তির পরিমাণ যদি ঠিকও থাকে, তবু বিভিন্ন উৎপাদকের মূলধনের স্থায়িত্বের ব্যতিক্রম অনুসারে তাদের খরচের হারে যেমন পার্থক্য হবে, সামগ্রীমূল্যের বেলাতেও হবে ঠিক তেমনি। শুধু তাই নয়; তাঁর বইএর পরবর্তী এক সংস্করণে তিনি এমন পর্য্যন্ত বলেছেন যে, সামগ্রীমূল্য নির্দ্ধারণ করতে লাগে দু'টি পদার্থ—শ্রম পরিমাণ ও লাভের (সুদের) হার।

আমরা আগেই বলেছি যে উৎপন্ন সম্পদের বণ্টন বিষয়ে রিকারডোই আলোচনা সুরু করেন অনেকখানি বিজ্ঞানসম্মত ভাবে; কারণ, তিনিই সর্ব্বপ্রথম আলোচনা করেন কি করে এই সম্পদ্-উৎপাদনক্ষেত্রে বিভিন্ন সহযোগীদের মধ্যে ভাগাভাগি হচ্ছে। এবিষয়ে পরবর্তী সমাজতন্ত্রীদের পক্ষে রিকারডো পথপ্রদর্শক হলেও নিজে তিনি সমাজতন্ত্রী নন। তাঁর বিশ্লেষণে, প্রান্তিক উৎপাদনে জমির খাজনা দিতে হচ্ছে না কিছুই। সুতরাং উৎপন্ন সম্পদ্ ভাগাভাগি হচ্ছে ধনিক ও শ্রমিকের মধ্যে। এই ভাগাভাগিটা হবে কি হারে? রিকারডোর মতে, লাভ নির্ভর করবে পারিশ্রমিকের পরিমাণের উপর; পারিশ্রমিক নির্ভর করবে নিত্যব্যবহার্য্য সামগ্রীমূল্যের উপর, আর নিত্যব্যবহার্য্য সামগ্রীমূল্য নির্ভর করবে, বিশেষ করবে, খাদ্যশস্যের মূল্যের উপর। খাদ্যশস্যের মূল্য নির্ভর করবে —প্রান্তিক জমির চাষবাসের খরচের উপর। রিকারডোর মতে প্রান্তিক জমি খাজনা কিছুই পাবে না। খাদ্য-সামগ্রীর মূল্য অনুসারে শ্রমিকদের পারিশ্রমিক নির্দ্ধারিত হবে সেই হারে—যা না হলে তাদের জীবনযাত্রা অসম্ভব হয়ে উঠে। এই হারে পারিশ্রমিক নির্দ্ধারণের প্রধান কারণই হলো শ্রমিকদের পারস্পরিক প্রতিযোগিতা। বাকি যা থাকলো তা হচ্ছে লাভ বা সুদ। রিকারডোর মতে, এই লাভের পরিমাণও বেশী নয়; কারণ প্রতিযোগিতার ফলে লাভের হারও সুনির্দ্দিষ্ট হয়ে আসে একটা নিম্নতন হারে।

তাহলে আমরা দেখতে পাচ্ছি যে, রিকারডো যে চিত্র এঁকেছেন তাতে প্রান্তিক জমির কোন খাজনা ধরা হয়নি। উৎকৃষ্টতর জমির খাজনা দিতে হচ্ছে বটে, কিন্তু তার কারণ হচ্ছে জমির অন্তর্নিহিত কতকগুলো আদিম অক্ষয় বস্তু। এইভাবে কৌশলে জমিদারকে

সরিয়ে দেওয়ায় থাকলো শুধু ধনিক ও শ্রমিক। এইবারে কেউ কেউ হয়তো আশা করবেন যে, রিকারডো শ্রেণী-সংঘাতের কথা বলবেন। তিনি শ্রেণীসংঘাতের উল্লেখ করেছেন মাত্র। কিন্তু তাঁর মত কৌশলী লোক যেন ভার। পরমুহূর্তেই "অপরিবর্ত্তনশীল" এমন একটা মনগড়া অবাস্তব স্তরের তিনি অবতারণা করেছেন যেখানে লভ্যাংশ হবে শূন্য; আর উৎপন্ন সম্পদের মোটাটাই পাবে শ্রমিকেরা। ব্যস্! সব সমস্যাই চুকে গেল। শ্রমিকদের আর অসন্তুষ্ট হবার কোন কারণই নেই। কিন্তু রিকারডো ছিলেন বড় ধনতান্ত্রিক। পাছে ধনিকেরা এই চিত্রে চিন্তান্বিত হয়ে পড়ে (অবশ্য চিন্তার কোন কারণ নেই; কেননা ধনতান্ত্রিক ব্যবস্থা যতদিন থাকবে ততদিন লাভও থাকবে অনধিকার প্রাপ্তিও থাকবে; অপরিবর্ত্তনশীল স্তর একটা কল্পনা মাত্র) তাই তিনি তাদের সুবিধার জন্যে অবাধ বাণিজ্যের পক্ষে ওকালতি সুরু করলেন। ধনতন্ত্র শুধু নিজের দেশেরই শোষণ করে সন্তুষ্ট থাকবে না; পৃথিবীর যেখানে যেখানে শোষণ করবার সুযোগ পাওয়া যায় তার ব্যবহারে করবে পুরো-মাত্রায়। এরই নাম অর্থনীতির আয়সাকাই।

লণ্ডন ও কেমব্রিজে সামাজিক নৃতত্ত্ব*

শ্রীনরেন্দ্র দত্ত মজুমদার

এই প্রবন্ধের আলোচ্য বিষয়কে পাঁচটী শ্রেণীতে ভাগ করা যায় (১) কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ববিভাগে কি কি বিষয়ের অধ্যাপনা হয়। (২) শিক্ষকদিগের পরিচয় (৩) বিশ্ববিদ্যালয়ে নৃতত্ত্ব শিক্ষার পদ্ধতি। (৪) লণ্ডনে অবস্থিত গ্রেটব্রিটেন ও আয়ারল্যাণ্ডের "রয়াল এনথ্রপলজিকাল ইন্‌সটিটিউটএর কার্যকর্ম। (৫) নৃতত্ত্বের কতকগুলি মতবৈধপূর্ণ জটীল সমস্যা সম্পর্কে কয়েকজন পণ্ডিতের মতামত। (৬) নৃতত্ত্বের সাম্প্রতিক গতি।

কেমব্রিজে নৃতত্ত্বের অধিতব্য বিষয়গুলি আলোচনা করিবার পূর্ব্বেই বলা প্রয়োজন যে, বর্ত্তমান যুদ্ধের (১৯৩৯—) প্রথমেই লণ্ডন স্কুল অব ইকনমিক্স্ কেমব্রিজে স্থানান্তরিত করা হয়। এখন এই দুই বিশ্ব-বিদ্যালয়ের ক্লাসগুলি এক সঙ্গেই বসে। লণ্ডনের বি, এস সি, ও কেমব্রিজের ট্রাইপোস পরীক্ষার জন্য এই একই ব্যবস্থা। বক্তৃতাগুলি কেমব্রিজের "নৃতত্ত্ব ও পুরাতত্ত্বের যাদুঘরে" দেওয়া হয়। যাদুঘর বিশ্ববিদ্যালয়েরই সম্পত্তি এবং নৃতত্ত্ব বিভাগের জন্য ব্যবহৃত হইয়া থাকে। ডাঃ হেডণ্ডার্থই একমাত্র লণ্ডনস্কুল অব ইকনমিকসের লোক। তাঁহার বক্তৃতাগুলি ব্যতীত অন্যান্য সমস্ত বক্তৃতাই কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি।

অধ্যাপনার সুবিধার্থ নৃতত্ত্বকে নিম্নোক্ত কয়েকটী বিভাগে ভাগ করা হইয়াছে। (১) সাধারণ নৃতত্ত্ব। (২) সামাজিক নৃতত্ত্ব (সোস্যাল এন্থ্রপলজি), (৩) দৈহিক নৃতত্ত্ব (ফিজিক্যাল এন্থ্রপলজি) (৪) প্রাগৈতিহাসিক প্রত্নতত্ত্ব ও সাধারণ বস্তুতান্ত্রিক কৃষ্টি (জেনারেল মেটীরিয়্যাল কাল্‌চার?)।

এতদ্ব্যতীত বিশেষ বিশেষ বিষয় সম্বন্ধে ধারাবাহিক কতকগুলি বক্তৃতাও দেওয়া হয়। জিওগ্রফিকাল এথনলজি ইউরোপের মেগালিথিক কৃষ্টি, ফোসিল হোমিনিডিস্, মানুষের জাতি ও সভ্যতার উৎপত্তি, আদিম অর্থনীতি, ভারতীয় ও আফ্রিকার সামাজিক দৈহিক নৃতত্ত্ব ও প্রাগ্ ইতিহাস প্রভৃতি বিষয়-গুলি সম্বন্ধেও বক্তৃতা হয়।

উপরে নৃতত্ত্বের যে শ্রেণীবিভাগ হইয়াছে তাহার কোন্ বিভাগের আলোচ্য বিষয় কি তাহার সম্বন্ধে এইবার সংক্ষেপে বলা হইবে।

সাধারণ নৃতত্ত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলির চর্চ্চা হয়। নৃতত্ত্বের ইতিহাস কৃষ্টির সংজ্ঞা, কৃষ্টি ও পরিবেশ, কৃষ্টিগত পরিবর্ত্তন, কৃষ্টির প্রসার, নৃতত্ত্বের প্রধান প্রধান দল (স্কুল), ভাষার অর্থ ও উৎপত্তি, পৃথিবীর ভাষা—পরিবার, পশুপালন, চাষে কলমে কাজের উদ্ভেদ ও মূলকথা। অন্যান্য

* বঙ্গীয় সমাজবিজ্ঞান পরিষদে প্রদত্ত ইংরাজী বক্তৃতা হইতে শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস এম এ কর্ত্তৃক অনূদিত ও অনুলিখিত।

সামাজিক বিজ্ঞান—যেমন অর্থনীতি সমাজবিজ্ঞান প্রভৃতির সঙ্গে নৃতত্ত্বের সম্বন্ধ-নির্ণয়, সামাজিক নৃতত্ত্বের একটি প্রধান আলোচ্য বিষয়। ইহা ছাড়া, সামাজিক নৃতত্ত্বের উদ্দেশ্য, বস্তুতান্ত্রিক কৃষ্টির সামাজিক রূপ, ব্যক্তিগত ধারণার উপর সামাজিক ধারণার প্রভাব, সমাজ বিভাগের প্রাথমিক রীতি, সমাজের উপর পরিবার প্রথার প্রভাব, বিভিন্ন প্রকারের বিবাহ, পরিবার প্রথার ঐতিহাস, পরিবার গোষ্ঠী ও গোত্রের ক্রিয়া, এক্সোগেমি ও এন্ডোগেমি, টোটেমিজমের প্রকৃতি ও আকৃতি ইত্যাদি।

দৈহিক নৃতত্ত্বের আলোচ্য বিষয়ের একটী তালিকাও নিম্নে দেওয়া গেল :

প্রাণীদের ভিতর মানুষের স্থান, মানুষ ও বানরের পার্থক্য, মানুষের পুঙ্খানুপুঙ্খ, মাথার খুলি, মুখের গড়ন, নাক মাপা ও সূচী তৈয়ার, রক্ত বিভাগ ইত্যাদি।

সাধারণ বাস্তব কৃষ্টির বিভাগ, আবিষ্কার ইত্যাদির প্রভাব, পারিপার্শ্বিকের প্রভাব, যন্ত্রনীতি।

আগুন জ্বালিবার বিভিন্ন উপায়, মৃৎশিল্পের উৎপত্তি, কাচ ও বয়নশিল্পের উৎপত্তি ইত্যাদি।

আদিম অর্থনীতির বিভাগে নিম্নোক্ত বিষয়গুলি শিক্ষা দেওয়া হয়। আদিম অর্থনীতির সমগ্রতা, তাহার সংখ্যাবাচক দিক্ ও গতিশীলতা, গুণ সম্পর্ক তথ্যের প্রভাব, সাধারণ অভাব ও তাহা পরিপূরণের উপায়, উৎপাদনের বৈশিষ্ট্য, বিভিন্ন প্রকারের মূল্য, বিনিময় প্রথার বিভিন্নরূপ, অর্থের ধর্ম, ইত্যাদি।

আদিম ধর্ম সম্বন্ধে নিম্নোক্ত বিষয়ে বক্তৃতা হইয়া থাকে। যাদু ও বিজ্ঞানের সম্বন্ধ মানা এবং টেবু ও ফেটিসইজম ইত্যাদি।

মানবজাতি সম্বন্ধীয় বক্তৃতায় রেস ও রেসের পার্থক্য জাতি ও ন্যাশনেলিটি, জগতের মানব জাতির বিভাগ ইত্যাদি বিষয়ে আলোচনা হইয়া থাকে।

ফসিল হোমিনিডিস সম্বন্ধীয় বক্তৃতায় মানুষের প্রস্তরীভূত কঙ্কাল সম্বন্ধীয় আলোচনা হয়। ডিওক্রনলজিতে তুষার-যুগের সঙ্গে মানবকৃষ্টির সম্বন্ধ, তুষারযুগের কারণ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

এখন অধ্যাপকদের একটু পরিচয় দিব।

অধ্যাপক জে, এইচ, হাটন সাধারণ বাস্তব কৃষ্টি, আদিম ধর্ম ও ভারতের নৃতত্ত্ব সম্বন্ধে বক্তৃতা দিয়া থাকেন। তিনি কেমব্রিজের নৃতত্ত্ব বিভাগের অধ্যক্ষ এবং বর্তমান বৎসরে গ্রেটব্রিটেন ও আয়ারের রয়াল এন্থ্রপলজিক্যাল ইন্‌সটিটিউটের সভাপতি নির্বাচিত হইয়াছেন। তিনি কয়েক বৎসর ভারতে ছিলেন এবং আসামের নাগাজাতি সম্বন্ধে বই লিখিয়াছেন।

মিঃ এম, সি বারকিট্ প্রাগ্-ঐতিহাসিক যুগ সম্বন্ধে বক্তৃতা দিয়া থাকেন। ঐ বিষয়ে তাহার কয়েকখানি ভাল ভাল বই আছে। তিনি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন লোক।

মিঃ জে, এইচ, ড্রাইবার্গ সামাজিক নৃতত্ত্ব সম্বন্ধে বক্তৃতা করেন। তাঁহার কর্মক্ষেত্র ছইল আফ্রিকা। তাঁহার "অসভ্যদের সঙ্গে", "অসভ্যদের প্রকৃত স্বরূপ" চমৎকার বই।

মিঃ জে, সি, ট্রেভর সাধারণত দৈহিক নৃতত্ত্ব, প্রস্তরীভূত মানবকঙ্কাল ও মানবজাতি সম্বন্ধে বক্তৃতা করেন। গ্রেটব্রিটেনের বিভিন্ন বৈজ্ঞানিক পত্রিকায় ইহার মৌলিক গবেষণা মূলক অনেক প্রবন্ধ আছে। কেমব্রিজের ডাক্‌ওয়ার্থ গবেষণাগারের ইনিই প্রথম ডায়প্রাপ্ত নৃতত্ত্ববিদ্। ইহার অধীনে এই গবেষণাগারে বক্তার প্রথম ১০০টী নিগ্রো খুলি লইয়া ইহাদের ক্রেনিয়াল কেপাসিটী মাপ-জোকের গবেষণা করার সুযোগ হইয়াছিল। বক্তা ইহার নিকট হইতে যথেষ্ট সাহায্য পাইয়াছিলেন। মিঃ ট্রেভর অতিশয় চতুর ও বিনয়ী। দুঃখের বিষয় সম্প্রতি সামরিক কার্যের জন্য আফ্রিকা হইতে ইনি আহূত হইয়াছেন। বক্তা আশা করেন যে যুদ্ধের পরে তিনি আবার তাহার গবেষণার ক্ষেত্রে আত্মনিয়োগ করিতে পারিবেন।

কুমারী এম, এল্ টিলডেস্‌লী আন্তর্জাতিক নৃতত্ত্বের টেকনিকের সমতা আনয়নকারী কমিটীর বৃটিশ শাখার সভাপতি। বক্তা তাহার নিকট হইতে প্রচুর সাহায্য পাইয়াছিলেন। (ক্রমশঃ)

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

ভাদ্র—১৩৫৯ ১৯শ বর্ষ—৫ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বাংলায় গমের চাষ

১৯৪৩-৪৪ সনে বাঙলার গম ফসলের পূর্ব্বাভাষে দেখা যায়, আলোচ্য বর্ষে মোট ১৯২,২০০ একর জমিতে গমের চাষ হইয়াছে। পূর্ব্ব বৎসর ১৭৮,৬০০ একর জমিতে চাষ হইয়াছিল। এবার উৎপন্ন ফসলের পরিমাণ শতকরা ৮০ ভাগ হইবে বলিয়া বরাদ্দ করা যাইতেছে ; গত বৎসর শতকরা ৯০ ভাগ ফসল উৎপন্ন হইয়াছিল। স্বাভাবিক উৎপাদনের পরিমাণ প্রতি একরে ৯ মণ ধরিয়া এবার সমগ্র প্রদেশে ৫০,৮০০ টন গম পাওয়া যাইবে বলিয়া বরাদ্দ করা হইয়াছে ; গত বৎসর উৎপন্ন ফসলের পরিমাণ ছিল ৪৩,১০০ টন।

এবার আবহাওয়া মোটামুটি ভাল ছিল এবং কয়েক স্থানে বৃষ্টি, শিলাবৃষ্টি ও কীটের জন্য ফসলের কিছু ক্ষতি হইয়াছে।

পল্লী-অঞ্চলে রেশনিং

পল্লী-অঞ্চলে রেশন-ব্যবস্থা প্রবর্ত্তন সম্পর্কিত বাঙলা সরকারের পরিকল্পনা কার্য্যকরী করার জন্য গত ১০ মাস যাবৎ যে ব্যাপক চেষ্টা চলিতেছে, তাহা প্রায় সম্পূর্ণ হইয়া আসিয়াছে। আগষ্ট মাসের শেষাবধি সকল এলাকায় কেরোসিন, চিনি ও লবণের রেশন ব্যবস্থা সুনিশ্চিতভাবে প্রবর্ত্তন করার জন্য জেলা অফিসারগণকে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। ইহা প্রবর্ত্তনের পর হইতেই যাহাতে প্রত্যেকে রেশন কার্ড অনুযায়ী নির্দ্দিষ্ট পরিমাণ জিনিষ পায়, তৎপ্রতি দৃষ্টি রাখিতে বলা হইয়াছে। ঘাটতি শহর-অঞ্চলেও এক প্রকার আংশিক রেশন ব্যবস্থা শীঘ্রই প্রবর্ত্তিত হইবে। ইতিমধ্যে ৮১৭টি শহরে উক্ত প্রথায় খাদ্যদ্রব্যাদি সরবরাহ করা আরম্ভ হইয়া গিয়াছে। ঘাটতি-অঞ্চলের অন্যান্য শহরেও এই ব্যবস্থা প্রসারিত করার কাজ চলিতেছে। দার্জ্জিলিঙ ও পার্ব্বত্য চট্টগ্রাম ছাড়া অন্যান্য সকল জেলায় সমস্ত প্রকারের ভোক্তা-কমিটি গঠিত হইয়াছে এবং তাহাদের কার্য্য ভালভাবেই অগ্রসর হইতেছে। নিয়ন্ত্রিত দ্রব্যাদির যে সরবরাহ পাওয়া যাইতেছে, তাহা ন্যায়সঙ্গতভাবে বাঁটোয়ারা করিয়া দেওয়া হইতেছে।

অদ্যাবধি ১ কোটী ২০ লক্ষ রেশন কার্ড বিলি করা হইয়াছে এবং সেগুলি ব্যবহৃত হইতেছে। খুচরা দোকান নির্ব্বাচিত করিয়া কতকগুলি পরিবারের (সাধারণতঃ ৪০০টি) জন্য এক একটি দোকান নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। প্রায় ১,০০০টি কেন্দ্রে স্থানীয় কমিটিগুলি

নিজেরাই ক্রেতাদের সমবায় ভাণ্ডার গঠন করিয়া নিয়ন্ত্রিত দ্রব্যাদি সংগ্রহ ও বণ্টনের ভার লইয়াছেন।

চট্টগ্রামের সহরতলী অঞ্চলে দরিদ্র লোকদের শতকরা ৪০ জন এই রকম পূরামাত্রারই রেশন পাইতেছে। জেলার অবশিষ্ট অংশে শতকরা ১৫ জন অধিবাসী রেশন প্রথায় বিভিন্ন পরিমাণ খাদ্যশস্য পাইতেছে।

ম্যালেরিয়া নিবারক ঔষধ

একখানি সরকারী বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, পূর্ব্ব-বঙ্গের যে যে আয়গায় ম্যালেরিয়ার অতিশয় প্রকোপ দেখা যায়, তাহার মধ্যে অনেক স্থানেই ম্যালেরিয়া নিবারণের উপযোগী কুইনাইন বা অপর কোন ঔষধ পাওয়া যাইতেছে না বলিয়া অভিযোগ উত্থিত হইয়াছে। এই অভিযোগের উত্তরে সরকার জানাইতেছেন যে, গত ২ মাসের মধ্যে নিম্নলিখিত জেলাসমূহে নিম্নলিখিত পরিমাণ ম্যালেরিয়া নিবারক ঔষধ প্রেরণ করা হইয়াছে :—

ত্রিপুরা—৩,৩৭২ পাউণ্ড অথবা ৪ লক্ষ ব্যক্তির উপযোগী ঔষধ। ঢাকা—২,৮০০ পাউণ্ড, ফরিদপুর—২,৯৮৩ পাউণ্ড, ময়মনসিংহ—৮,২৩৪ পাউণ্ড।

প্রত্যেক জেলায় ঔষধ-রেশনিং সম্পর্কিত কর্ত্তা হইলেন জেলার সিভিল-সার্জ্জন। আলোচ্য জেলাসমূহের সিভিল-সার্জ্জনদের নির্দ্দেশ দেওয়া হইয়াছে কেমন করিয়া স্থানীয় বিক্রেতাদের মারফৎ জনসাধারণের নিকট ঔষধ বিলি করা হইবে। যদি কোন অঞ্চলে কুইনাইন, মেপাক্রিন অথবা সরকারী বিক্রয় এজেন্টের অভাব ঘটে, তাহা অনতিবিলম্বে জেলার সিভিল-সার্জ্জনকে জানাইতে হইবে।

ঘৃত আমদানি

বাঙলা সরকারের অনুরোধক্রমে যুক্তপ্রাদেশিক সরকার ১৯৪৪ সনের জন্য ৩৫,০০০ মণ এগমার্কা ঘি বাঙলায় ছাড়িয়া দিতে রাজী হইয়াছেন। বাঙলা সরকারের মার্কেটিং বিভাগের ডিরেক্টার ডাঃ এস, হোসেন এই সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য লক্ষ্ণৌ গমন করিয়াছেন। অর্দ্ধেক পরিমাণ ঘৃত নিয়ন্ত্রিত মূল্যে বিক্রয়ের জন্য জেলা কর্তৃপক্ষের হস্তে প্রদান করা হইবে।

আলু আমদানি

মাদ্রাজ গভর্ণমেণ্ট ৪ শত টন আলু বাঙলায় প্রেরণ করিতে সম্মত হইয়াছেন। যাহারা নীলগিরি হইতে মাল সরবরাহ লইতে রাজী হইবেন, এমন নামজাদা আলু ব্যবসায়ীদিগকে কোটা প্রদান করা হইবে এবং কয়েকটী মনোনীত বিক্রেতার মারফৎ উহা নিয়ন্ত্রিত মূল্যে বিক্রয় করা হইবে। এই সম্পর্কে কার্য্যকরী পন্থা অবলম্বনের জন্য বাঙলা হইতে ব্যবসায়ীদের বহু প্রতিনিধি মাদ্রাজে গমন করিয়াছেন।

আর্থিক ভারত

গো-ধন রক্ষা

যেসাময়িক প্রয়োজনে গো-হত্যা সংযত করিবার উদ্দেশ্যে সামরিক কর্তৃপক্ষ যে নীতি অবলম্বন করিয়াছেন, তাহা এবং সপ্তাহে কয়েক দিন মাংস বিক্রয় বন্ধ করার প্রস্তাব ভারত সরকার অনুমোদন করিয়াছেন এবং সম্প্রতি বাঙলার সরকারকে ও অন্যান্য দেশীয় সরকারকে তাহা পালন করিবার নির্দ্দেশ দিয়াছেন। দেশের গো-ধন রক্ষা করাই ইহার একমাত্র উদ্দেশ্য। নিম্নলিখিতরূপ গো-হত্যা কিম্বা হত্যার উদ্দেশ্যে গরু বিক্রয় করা সামরিক কর্তৃপক্ষের আদেশে নিষিদ্ধ হইয়াছে :—

১। তিন বৎসরের নীচে যে কোনও গরু।

২। চাষের কাজের উপযুক্ত ৩ হইতে ১০ বৎসর বয়স্ক বলদ।

৩। দুধ দিতে পারে এমন গাই, যাহাদের বয়স ৩

হইতে ১০ বৎসর। কিন্তু পুনরায় বাছুর দিবার পক্ষে অনুপযুক্ত গাই সম্পর্কে এই নিয়ম খাটিবে না।

৪। দুগ্ধবতী কিংবা গর্ভবতী গাভী।

উল্লিখিত যে কোন প্রকারের গো-হত্যা নিষেধ করিবার অধিকার যে কোনও বে-সামরিক পশু-চিকিৎসকের থাকিবে এবং সামরিক কসাইখানা পরিদর্শন করিতেও তিনি পারিবেন।

স্থানীয় "দ্রব্য ক্রয় সমিতির" সহিত পরামর্শ করিয়াই সামরিক কর্তৃপক্ষ গবাদি পশুর সর্বনিম্ন মূল্য ধার্য্য করিয়া থাকেন। সামরিক ও বেসামরিক উভয় প্রকার প্রতিনিধি লইয়াই ঐ সমিতি গঠিত।

এই বিষয়ে অধিলম্বে ব্যবস্থা করিবার জন্য কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারসমূহকে নির্দেশ দিয়াছেন। বাংলা ও আসাম প্রদেশে ইতিপূর্বেই সপ্তাহের কয়েকটি দিনকে মাংসহীন বলিয়া ঘোষণা করা হইয়াছে এবং মাদ্রাজ, বোম্বাই, যুক্তপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার ও আসামে গো-হত্যা সংযত করিবার কোনও কোনও ব্যবস্থা ইতিপূর্বে করা হইয়াছে।

উড়িষ্যায় চাষ-আবাদ

উড়িষ্যায় প্রতি বৎসর প্রায় ২২৩৬০০ মণ আলু উৎপন্ন ও ১৫০০০০ মণ আলু আমদানি হইয়া থাকে। তথাপি গত জুন মাস হইতে অতিরিক্ত খরচের জন্য আলুর অভাব দেখা দিয়াছে। সেজন্য উড়িষ্যা সরকার উড়িষ্যা হইতে বাহিরে আলু রপ্তানি করার অনিচ্ছা প্রকাশ করিয়াছেন। তাহা ছাড়া মাদ্রাজ সরকারকে প্রায় ৫৪০০ মণ আলু পাঠাইবার জন্য অনুরোধ করিয়াছেন। মাদ্রাজ সরকার সম্মত হইয়াছেন।

মাদ্রাজ ও বিহার হইতে প্রতি বৎসর উড়িষ্যায় ৬০০০০ মণ পিঁয়াজ আসিত। বিহার সরকার সম্প্রতি পিঁয়াজ রপ্তানি করিতে অস্বীকার করিয়াছেন। সম্প্রতি মাদ্রাজ হইতে প্রতিমাসে প্রায় ২০২৫ মণ পিঁয়াজ উড়িষ্যা ও সম্বলপুর অঞ্চলে আসিতেছে। বাঙ্গলা ও বিহারকেও এই বিষয়ে সাহায্য করিতে অনুরোধ করা হইয়াছে।

উড়িষ্যায় খাদ্যশস্য সংগ্রহ

খাদ্যশস্য সংগ্রহ পরিকল্পনা অনুসারে উড়িষ্যায় গত ২৯শে জুলাই পর্য্যন্ত মোট ১০৭৮৪৩৪৩ টন খাদ্য-শস্য সংগ্রহ করা হইয়াছে। ইহার মধ্য হইতে বাঙ্গলায় ৪৫৫৭১৭ টন, বিহারে ১৪৪৩৮৭২ টন ও মাদ্রাজে ২২২৫৮১ টন মোট ৪১১৫৩৩৩ টন বিভিন্ন প্রদেশে পাঠাইয়া দেওয়া হইয়াছে।

ভারতে তুলা উৎপাদন

১৯৪২-৪৩ সনে ভারতবর্ষের মিলগুলিতে ৪,১৪৫,০০০ বেল (প্রতি বেল ৪০০ পাঃ) ভারতীয় তুলা ব্যবহৃত হইয়াছে। মোট তুলা খাদনের পরিমাণ ৪,২৮০,০০০ বেল। এই সনে মিলগুলি ৪২৬,০০০ বেল বিদেশী তুলা আমদানি করিয়াছে। দেশীয় রাজ্যসমূহের মিলগুলিতে তুলা ব্যবহারের পরিমাণ ৭৩০,০০০ বেল।

আলোচ্য সনে বিদেশে মোট ১২৬,০০০ বেল তুলা রপ্তানি হইয়াছে। তন্মধ্যে ৯২,০০০ বেল প্রেরিত হইয়াছে বিলাত, চীন ও প্রাচ্যে (জাপানবাদ), ২১,০০০ বেল ইউরোপে (বিলাত বাদ), পাশ্চাত্য জগতে ৬,০০০ বেল।

দুনিয়ার ধনদৌলত

চীনের কৃষি-প্রগতি

বিগত কয়েক বৎসর যাবৎ চীন দেশে পতিত ও অনাবাদী জমিতে চাষ আবাদের ব্যবস্থা এবং আভ্যন্তরীণ উপনিবেশ সমূহ সংগঠনের দিক দিয়া বেশ কিছু তৎপরতা চোখে পড়ে। এ সম্বন্ধে, বিশেষতঃ যুদ্ধ-প্রত্যাগত সৈনিকদের উপনিবেশ পত্তন লইয়া অনেকগুলি পরিকল্পনা

ও স্থির করা হইয়াছে। নিম্নে এ সম্বন্ধে বিশেষ বিবরণী লিপিবদ্ধ করা হইল :—

মোট ৪,৫৪২,০৮০ মো (১ মো = ⅔ একর) আবাদী জমিসহ ১১টী উপনিবেশ ইতিমধ্যেই পত্তন করা হইয়াছে। তন্মধ্যে ১৯৪২ সনের আগষ্ট মাসের শেষ পর্য্যন্ত ২৩৫,৫৫০ মো এবং ১৯৪৩ সনের জুন মাসের শেষ পর্য্যন্ত ৩৩৯,৫৫০ মো জমিতে চাষ আবাদ হইয়াছে। ১৯৪২ সনের আগষ্ট মাসের শেষ পর্য্যন্ত উপনিবেশিকের সংখ্যা দাঁড়ায় ৩৬,৫৩০ জন এবং ১৯৪৩ সনের জুন মাস পর্য্যন্ত ৬৩,৭১৭ জন (৬১,৮৮০ জনক, ১,৭৮৭ জন বিকলাঙ্গ যোদ্ধা এবং ৫০ জন নিপুণ শ্রমিক)। উপনিবেশগুলি সেলী, ছেডুরান, ডুবিয়েন, কিরাণী, কুইচাও ও হোমান প্রদেশে অবস্থিত ;

জমি উদ্ধারের কাজ সরকারী এজেন্সী তথা ব্যক্তিগত সমিতিসমূহের দ্বারা পরিচালিত। সেবোক্তগুলার সংখ্যা ১৫০। পুঁজি-পাট্টা নিয়োগ করে ল্যাণ্ড্ রিক্ল্যামেশন বিউরো। বিউরো এজন্য ১৯৪৩ সনে কার্ণার্স ব্যাঙ্ক (কৃষি-ব্যাঙ্ক) থেকে ৪০ মিলিয়ন ডলার পুঁজি লাভ করিয়াছে।

সরকারী কৃষি ও বনবিভাগ সীমান্তবর্ত্তী কানুহ, চিংহাই, নিংসিয়া ও সিংকিয়াং প্রদেশগুলির উন্নতি সাধনের জন্য বড় বড় পরিকল্পনা স্থির করিতেছে। যুদ্ধ ক্ষেত্রে সৈন্যদের পুনর্ব্বসতি স্থাপনের প্রতি বিশেষ লক্ষ্য রাখা হইয়াছে। আপাততঃ যে হিসাব স্থির করা হইয়াছে, তাহাতে এই ধরণের ৫লক্ষ সৈন্য ও তাহাদের লাখ-দশেক পোষ্যবর্গের ভরণ-পোষণের সংস্থান হইবে।

ব্যক্তি ও সঙ্ঘ

ভূমধ্যসাগর অঞ্চলে ট্রেড্ ইউনিয়ন আন্দোলন

নিউইয়র্কের আন্তর্জ্জাতিক শ্রমিক সঙ্ঘের প্রতিনিধি ও আন্তর্জ্জাতিক শ্রমিক দপ্তরের অবেণ্ট ম্যারিটাইম্ কমিশনের শ্রমিক সদস্য মিঃ ও মেঃ বেকু সম্প্রতি মধ্য-প্রাচ্য, উত্তর-আফ্রিকা ও ইতালি দেশে ট্রেড্ ইউনিয়নের হালচাল পর্য্যবেক্ষণ করিয়া প্রত্যাবর্ত্তন করিয়াছেন। লণ্ডনে আসার পর মিঃ বেকু তাঁহার রিপোর্টে বলেন যে, মিশরে একলক্ষেরও অধিক মজুর সঙ্ঘবদ্ধ হইয়াছে। কাইরো, আলেকজান্ড্রিয়া ও পোর্টসৈয়দের ট্রান্সপোর্ট শ্রমিকদের প্রতিষ্ঠানগুলি রীতিমত উন্নত ধরণের। মিশরের রেলওয়ে শ্রমিকরা ১৪টি সমিতিতে সঙ্ঘবদ্ধ হইয়াছে।

উত্তর আফ্রিকাতেও ট্রেড্ ইউনিয়ন আন্দোলন ভাল-ভাবে চলিতেছে। আল্‌জিয়ার্সে ফরাসী সাধারণ শ্রমিক সঙ্ঘের ও ফরাসী ট্রান্সপোর্ট শ্রমিকদের সদর কার্য্যালয় স্থাপিত হইয়াছে। সঙ্ঘবদ্ধ ট্রান্সপোর্ট শ্রমিকদের (জাহাজী ও রেলওয়ে শ্রমিক) সংখ্যা ২৫,০০০ ; সঙ্ঘবদ্ধ শ্রমিকদের মোট সংখ্যা ৫০,০০০।

মিঃ বেকুর মতে, ইতালির অবস্থাও সন্তোষজনক। এখানে পুনরায় ট্রেড্ ইউনিয়ন আন্দোলন আরম্ভ হইয়াছে। স্বাধীনতা লাভের পর অধিকৃত ইয়োরোপেও ট্রেড্ ইউনিয়ন আন্দোলন এইভাবে পুনরুজ্জীবিত হইবে।

সুইস খনি-শ্রমিকদের বাধ্যতামূলক ব্যাধি-বীমা

১৯৪৩ সনের ৫ই আগষ্ট তারিখে সুইস্ গবর্ণমেণ্ট খনি-মজুরদের জন্য বাধ্যতামূলক ব্যাধি-বীমা ব্যবস্থা সহ এক আইন জারি করিয়াছেন। এই আইন অনুসারে একাদিক্রমে ৫৪০ দিনের মধ্যে খনি-শ্রমিকরা ৩৬০ দিনের চিকিৎসা ও ঔষধপত্রের সুযোগ লাভ করিবে। দৈহিক অসামর্থ্য ঘটিলে একজন শ্রমিক একাদিক্রমে ৫৪০ দিনের মধ্যে ৩৬০ দিন দৈনিক কমপক্ষে ৪ ফ্রাঁ হিসাবে এবং বিবাহিত শ্রমিক দৈনিক কমপক্ষে ৫ ফ্রাঁ হিসাবে ভাতা পাইবে। ১৯৩১ সনে যক্ষ্মারোগের জন্য বিশেষ ধরণের বীমা প্রবর্ত্তন করা হইয়াছে। যক্ষ্মারোগ-গ্রস্ত খনি-শ্রমিকগণ এই বীমার সুবিধা ভোগ করিবে।

কোন খনি শ্রমিক এই বীমা পরিকল্পনার অন্তর্ভুক্ত না হইয়া থাকিলে, তাহাকে দুই সপ্তাহের মধ্যে ইহার অন্তর্ভুক্ত হইতে হইবে। অন্যথা মালিক তাহাকে ইহার অন্তর্ভুক্ত হইতে বাধ্য করিবে। মালিক ও শ্রমিক উভয়কেই প্রিমিয়াম যোগাইতে হইবে ; মালিকের হিস্যা অন্ততঃপক্ষে অর্দ্ধেক হইবে।

মোলাকাৎ

বাংলায় মজুর-আন্দোলন ও সোশ্যালিজ্‌ম্‌

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—বাংলা দেশে মজুর-আন্দোলন ও সোশ্যালিজ্‌মের আবির্ভাব কবে হ'ল ?

উঃ—মানব রায় (নরেন ভট্টাচার্য্য) আর অবনী মুখোপাধ্যায় দু'জনে মিলে "ইণ্ডিয়া ইন ট্রান্‌সিশন" (পরিবর্ত্তনের পথে ভারতবর্ষ) নামক বই লেখেন (বার্লিন ১৯২২)। এই বইয়ের মার্ক্‌স্‌-পন্থী ব্যাখ্যা আছে। সেই সময় আমেরিকা-প্রবাসী রজনী দাশ বার্লিনে এসে কয়েকখানা মজুর-বিষয়ক বই প্রকাশ করেন। বিদেশ হ'তে আমি ১৯২৫ সনের ডিসেম্বর মাসে কল্‌কাতায় ফিরে এসে দেখি এক নূতন দৃশ্য। দেশ-সেবকেরা অনেকেই মজুর-বিষয়ক কথা বল্‌ছে। সোশ্যালিজ্‌ম্‌ জিনিষটা তাদের সুপরিচিত। "পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র" আর "ধনদৌলতের রূপান্তর" বইয়ের প্রবন্ধগুলাও তাদের বেশ-জানা। বুঝ্‌লাম, —সমাজতন্ত্রী সাহিত্যে তাদের হাতে-খড়ি হ'য়েছে। ১৯২৬ সনে মুজফ্‌ফর আহ্‌মদ আর সৌম্যেন ঠাকুর "লাঙল" আর "গণ-বাণী" ইত্যাদি সাপ্তাহিক পত্রিকায় মার্ক্‌স্‌-নীতির প্রচার কর্‌তে থাকেন। কিন্তু এইসব লেখালেখিকে আমি খাঁটি মজুর-আন্দোলন বা সোশ্যালিষ্ট আন্দোলন বল্‌ব কি না সন্দেহ। তবে ১৯১৯ সনে দেশ-ত্যাগী হবার সময় এসবের কিছুই ছিল না। তার তুলনায় এই অবস্থা একটা যুগান্তর।

প্রঃ—খাঁটি মজুর-আন্দোলনে আর এইসব লেখালেখিতে প্রভেদ কি ?

উঃ—"বর্ত্তমান জগৎ"-গ্রন্থাবলীর বিলাত-খণ্ড (১৯১৮) হ'তে "গণবাণী" সাপ্তাহিক (১৯২৬) পর্য্যন্ত লেখা-লেখির প্রায় ষোল-আনাই লিখিয়ে-পড়িয়ে-লোকের চিন্তা, আদর্শ বা আকাঙ্ক্ষা-মাত্র। এই ধরণের সাহিত্যকে সোশ্যালিজ্‌ম্‌-বিষয়ক লোকশিক্ষার সহায় বিবেচনা করা যেতে পারে। এসবের দ্বারা দেশের ভিতর সার্ব্বজনিক মত গঠন কর্‌বার ব্যবস্থা হ'তে পারে। সরকারী আইন তৈরীর কাজের জন্য পথ পরিষ্কার করা যেতে পারে। কিন্তু শ'য়ে-শ'য়ে বা হাজারে-হাজারে সঙ্ঘবদ্ধ মজুরের আন্দোলন আলাদা জিনিষ। আমার বিশ্বাস,—১৯৩০-৩১ সনের পরবর্ত্তী ট্রেড্‌-ইউনিয়ন (মজুর সমিতি) বিষয়ক বাঙালীর কারবারকে মজুর-"আন্দোলন" বলা চলতে পারে। ১৯৩৫ সনের ভারত-শাসন বিষয়ক আইনে মজুরদেরকে স্বতন্ত্র ইজ্জত দেওয়া হ'য়েছে। এই বৎসরকে বঙ্গীয় মজুর-আন্দোলনের পক্ষে উল্লেখযোগ্য বৎসর বলা চলে।

যারা নিজে মজুর বা মজুর-সমিতির নায়ক অথবা যারা রাষ্ট্রিক আন্দোলনে লিপ্ত তারা নিজ-নিজ অভিজ্ঞতা বিবৃত করলে অনেক নতুন কথা জানা যাবে। মজুর-সেবক ও মজুর-নায়কদের সঙ্গে তোর মোলাকাৎ চালানো উচিত।

প্রঃ—১৯৩০-৩৫ সনের পূর্ব্ববর্ত্তী মজুর-বিষয়ক বাঙালী চিন্তা ও কাজের কোনো দাম নেই ?

উঃ—দাম আছে বৈ কি। ঐতিহাসিক দৃষ্টিতে সব-কিছুই বঙ্গীয় সমাজতন্ত্রের ও মজুর-আন্দোলনের সূত্রপাতের অন্তর্গত। ১৯২০ সনে সমগ্র ভারতের জন্য মজুর-কংগ্রেস বসে বোম্বাইয়ে। বঙ্গীয় মজুর-আন্দোলনে সেই কংগ্রেসের দামও কি কম ? ১৯২৬ সনে সরকারী আইন জারি হয় ভারতীয় ট্রেড্‌ ইউনিয়ন সম্বন্ধে। তার দামও বঙ্গীয় মজুর-আন্দোলনে বেশ-কিছু আছে। কতকগুলা কাজের ফলে মজুর-জীবন সম্বন্ধে জননায়ক ও লিখিয়ে-পড়িয়ে লোকের মগজ ও হৃদয় গঠিত হ'য়েছে। আর কতকগুলা কাজের ফলে খাঁটি মজুরদের

সঙ্গে মিলে-মিশে তাদেরকে সঙ্ঘবদ্ধ করা হ'য়েছে আর সঙ্ঘবদ্ধতার উপকার সম্বন্ধে শিক্ষা দেওয়া হ'য়েছে। ১৯৩০-৩৪ পর্য্যন্ত কাজগুলা প্রধানতঃ এই দুই শ্রেণীর অন্তর্গত।

অবশ্য সর্ব্বদাই মনে রাখতে হবে যে,—"আন্দোলন" শব্দটা আপেক্ষিক। যে অবস্থাকে "আন্দোলন" বল্‌ছি না তাকেও কখনো-কখনো আন্দোলন বলা সম্ভব। আবার যাকে আন্দোলন বল্‌ছি তাও হয় ত সত্যিকার আন্দোলন নয়। মাপকাঠি অনুসারে আন্দোলনের গুরুত্ব বা অস্তিত্ব বুঝ্‌তে হবে।

প্রঃ—আন্দোলনকে "আপেক্ষিক" ব'লে আপনি কি বুঝাতে চাচ্ছেন?

উঃ—চিন্তার বহর ও কর্ম্মের আকার-প্রকার দেখে আন্দোলন শব্দটা কায়েম করা উচিত। কিন্তু এই বহর আর আকার-প্রকার কতখানি হ'লে কোনো চিন্তা বা কর্ম্মকে আন্দোলন বলা যেতে পারে? এ সম্বন্ধে কোনো বাঁধাবাঁধি নেই।

দৃষ্টান্ত দিয়ে বুঝাচ্ছি। ১৯৪২ সনে মজুরেরা বাংলাদেশে কিছু-কিছু সঙ্ঘবদ্ধ। তারা মাঝে-মাঝে ধর্ম্মঘটও করে। মজুরদের নেতা কোনো-কোনো ক্ষেত্রে মজুরেরা নিজেই। লিখিয়ে-পড়িয়ে লেখকেরা তো অনেক ক্ষেত্রে মজুরদের নেতা হ'য়েছেই। আজ পর্য্যন্ত সুরেশ ব্যানার্জির মতন ব্রাহ্মণ ডাক্তার ভারতীয় মজুর-আন্দোলনের সভাপতি। তা ছাড়া মজুর-আইন, সোস্যালিজম্, কমিউনিজম্ ইত্যাদি সম্বন্ধে বাংলায় ও ইংরেজিতে লেখালেখি আর বকাবকি হ'য়েছে উল্লেখযোগ্য রূপে।

কিন্তু তবুও এ-সবকে একটা আন্দোলনের মতন আন্দোলন বলা চলে কি? আমি তো বল্‌তে রাজি নই। কেন? ছয় কোটি বাঙালীর পক্ষে কয়েক হাজার মজুরের এই সব কাজ ধর্ত্তব্যের মধ্যেই নয়। বিলাতী ও আর্ষাণ মাপে বল্‌ছি। জাপানী মাপেও বাঙালীর মজুর-আন্দোলন শোচনীয়। রুশ মাপ তো দেওয়া চল্‌বেই না। এই গেল এক সীমানা,—বঙ্গীয় মজুর-আন্দোলনের চরম বিকাশের অবস্থা। তাকেও আন্দোলন বলা চলে না।

প্রঃ—অন্য সীমানায় কি বলা যেতে পারে?

উঃ—১৯২০ সনের বোম্বাইয়ে অনুষ্ঠিত ট্রেড-ইউনিয়ন কংগ্রেসেও বঙ্গীয় মজুর-আন্দোলনের চিহ্নোৎ ছিল বলা যেতে পারে। ১৯১১ সনে বাঙালী-পরিচালিত "মডার্ণ রিভিউ" পত্রিকায় পাঞ্জাবী হরদয়ালের মার্ক্‌স-বিষয়ক প্রবন্ধ প্রকাশিত হয়। সেটাও বঙ্গীয় সোস্যালিজম্ আন্দোলনের গৌণ চিহ্নোৎ। ১৯০৪-১৪ সনে বাঙালী স্বদেশ-সেবকগণের প্রতিষ্ঠিত নৈশ পাঠশালাসমূহকেও বঙ্গীয় মজুর-আন্দোলনের সাক্ষী বলা চলে। অর্থাৎ দরকার হ'লে নেহাৎ কতকগুলা বাজে বা ছেলেখেলাকেও আন্দোলন বলা যুক্তিহীন নয়। হয়ত সেগুলাকে মজুর-প্রীতি বা মজুর-বোধ বলা উচিত।

পত্রিকা-জগৎ

"ইণ্টার-ন্যাশনাল্ লেবার রিভিউ"

(১৯৪৪, এপ্রিল—যে সংখ্যা)

আলোচ্য সংখ্যায় ডাঃ অতুলচন্দ্র চ্যাটার্জ্জী লিখিত "ভারতে শ্রমিক আইন ও ভাবী যুক্তরাষ্ট্র" শীর্ষক এক বিরাট প্রবন্ধ স্থান লাভ করিয়াছে। লেখক ১৯১৯ সনে ওয়াশিংটনে আন্তর্জ্জাতিক শ্রমিক সম্মেলনের প্রথম অধিবেশনে ভারত গভর্ণমেণ্টের প্রতিনিধিরূপে যোগদান করেন। তদনন্তর ২০ বৎসর যাবৎ ইনি আন্তর্জ্জাতিক

শ্রমিক প্রতিষ্ঠানের নানামুখী কার্যকলাপের সহিত যোগ-সূত্রে আবদ্ধ হন এবং ভারতের প্রতিনিধিরূপে আন্তর্জাতিক শ্রমিক দপ্তরের বিবিধ অনুষ্ঠান-প্রতিষ্ঠানে অংশ গ্রহণ করেন। কাজেই প্রবন্ধটী যে সারগর্ভ ও মূল্যবান তথ্য-রাজি-সম্বলিত তাহাতে তিলমাত্র সন্দেহের অবকাশ নাই। ভারতের বর্তমান ও ভবিষ্যৎ শ্রমিক সমস্যাগুলির সমাধানে ইহা বিশেষ সাহায্য করিবে।

আলোচ্য সংখ্যায়, রুথ রেটিকের লিখিত "মার্কিণ যুক্তরাষ্ট্রে বেকার-ক্ষতিপূরণ" নামক একটী মূল্যবান প্রবন্ধ এবং "বিলাতে জাতীয় স্বাস্থ্য-সার্ভিস" নামক আরও একটী প্রবন্ধ স্থান লাভ করিয়াছে। স্যার উইলিয়াম বীভারিজের ব্যাপক জাতীয় বীমা পরিকল্পনার মধ্যে জাতীয়-স্বাস্থ্য-সার্ভিস সম্বন্ধেও উল্লেখ আছে; কিন্তু কিভাবে যে এই সার্ভিসের কাজ চলিবে সে সম্বন্ধে কোন আভাস দেওয়া হয় নাই। গবর্ণমেণ্ট ও-সম্বন্ধে রীতিমত তদন্তের পর কতক-গুলি বাস্তব প্রস্তাব উত্থাপন করিয়াছেন। শেষোক্ত প্রবন্ধে সংক্ষেপে এইসমস্ত প্রস্তাব বিশ্লেষণ করা হইয়াছে।

আলোচ্য সংখ্যার বিভিন্ন অধ্যায়ে প্রথা অনুযায়ী শ্রমিক ও কারখানা জগতের নানাপ্রকার তথ্য ও খোঁজ-খবর সন্নিবেশিত হইয়াছে। আধুনিক শ্রমিক জগতের হাল-চাল বুঝার পক্ষে এই অধ্যায়গুলি বিশেষ সাহায্য করিবে।

সমালোচনা

"হোয়ার্ দি মানি কামিং ফ্রম?"—হ্যারল্ড চেজ; নিউইয়র্ক, টোয়েন্টিয়েথ্ সেঞ্চুরী ফাণ্ড; ১৯৪৩; ১৭৯ পৃঃ; মূল্য ১ ডলার।

মার্কিণ যুক্তরাষ্ট্র কিভাবে যুদ্ধের খরচ ও যুদ্ধোত্তর যুগের খরচ নির্বাহ করিবে, এই গ্রন্থে তাহা আলোচনা করা হইয়াছে। ১৯৪৫ সনে যুদ্ধ চলিলে মার্কিণ যুক্তরাষ্ট্রের জাতীয় ঋণের পরিমাণ দাঁড়াইবে ২৪০,০০০ মিলিয়ন ডলার। গ্রন্থকার ইহাতে আদৌ আতঙ্কিত নহেন। গ্রন্থকার এজন্য তাড়াতাড়ি ঋণ পরিশোধের ব্যবস্থা না করিয়া মার্কিণ গবর্ণমেণ্টকে চড়া হারে ট্যাক্স প্রবর্তনের জন্য সুপারিশ করিয়াছেন। সাধারণ ব্যবসায়ীরা অবশ্যই অত্যধিক পরিমাণে উৎপাদন ও বণ্টনের ভার গ্রহণ করিবে এবং গবর্ণমেণ্ট বেকার সমস্যার সমাধানে মোতায়েন থাকিবে। আর অর্থ যাহাতে সঞ্চিত না হইয়া শিল্প-ব্যবসায়ে নিযুক্ত হইতে পারে, গবর্ণমেণ্টকে সেইভাবেই কর প্রবর্তনের নীতি গ্রহণ করিতে হইবে। গ্রন্থকারের মতে, ইহাতে বেকার-সমস্যার পূর্ণ সমাধান সম্ভব হইবে।

"বাল্কেরিয়া—দি প্রব্লেম্ অব্ জার্মাণ কেন্ডারেলিজম্"—এফ, এল, এন্ড্রেল; ১৯৪৩; লণ্ডন; নিউ ইয়োরোপ পাব্লিশিং কোম্পানী; ৩১ পৃঃ; ১ শিঃ।

গ্রন্থকার পুরাতন বাল্কেরিয়ান্ ডাচেটের সদস্য। তিনি তাঁহার এই ক্ষুদ্র পুস্তকে বাল্কেরিয়ার বিশেষত্বের সংক্ষিপ্ত পরিচয় প্রদান করিয়া জার্মাণ সমস্যার যুক্তরাষ্ট্র-ঘটিত সমাধানের চেষ্টা করিয়াছেন। তৃতীয় রাইখ্, বিসমার্কের রাইখ্ তথা উইমার গণতন্ত্রের একক রাষ্ট্রের একটীমাত্র সার্বজনীন বিশেষত্ব দেখা যায়। তাহা হইতেছে প্রুসিয়ার প্রাধান্য। গ্রন্থকারের মতে, এতদ্সমূহের পরিবর্তে প্রকৃত ফেডারেল রাষ্ট্রের ভিত্তি প্রতিষ্ঠা করিতে হইবে। জার্মাণির বিভিন্ন প্রদেশ ইতিপূর্বে স্বাধীনরাষ্ট্র ও আপন আপন ঐতিহ্যের অধিকারী ছিল। খাঁটি ফেডারেল রাষ্ট্রের গঠন করিতে হইলে এই সমস্ত প্রদেশকে পুনরায় স্বাধীন রাষ্ট্রে পরিণত করিয়া যাহাতে এইগুলি স্বাধীন সদস্য হিসাবে জার্মাণ ফেডারেশনে যোগদান করিতে পারে, তাহার ব্যবস্থা করিতে হইবে। গ্রন্থকার বাল্কেরিয়াকে এই কন্-ফেডারেশনের বিশেষ গুরুত্বপূর্ণ আঞ্চলিকরূপেই কল্পনা করিয়াছেন। বাল্কেরিয়ানরা অষ্ট্রিয়ান আর চেক্ প্রতিবেশী-দের সাথে সদ্ভাব রক্ষা করিয়া আসিয়াছে এবং ভবিষ্যতেও তাহা অক্ষুণ্ণ রাখিয়া চলিবে। গ্রন্থকারের মতে, প্রুশীয় সামরিকতন্ত্র হইতে যদি পরিত্রাণ লাভ করিতে হয়, তাহা হইলে প্রুসিয়াকে তাহার বর্তমান প্রাধান্য হইতে বিচ্যুত করিতে হইবে।

গ্রন্থপঞ্জী

১। "এম্প্লয়ী কাউন্সেলিং"; হেলিন্ বেকার; প্রিন্সটন; প্রিন্সটন ইউনিভার্সিটী। ইণ্ডাষ্ট্রিয়াল্ রিলেসন্স্ সেক্সন, ১৯৪৪; ৪৪ পৃঃ।

২। "দি মাইনিং ইণ্ডাষ্ট্রিজ্, ১৮৯৯-১৯৩৯"; হারল্ড বার্গার ও অ্যাম্ এইচ ব্যার; নিউ ইয়র্ক, ন্যাশনাল বুরো অব্ ইকনমিক্ রিসার্চ; ১৯৪৪; ৪৫২ পৃঃ, ৩ ডলার।

৩। "কম্প্যারেটিভ্ ইকনমিক্ সিষ্টেমস্" রাল্ফ এইচ ব্রড্গেট্; নিউইয়র্ক; দি ম্যাক্মিলান্ কোম্পানী ১৯৪৪; ৮৪৫ পৃঃ।

৪। "দি মিল্স অব্ স্মল এম্প্লয়মেণ্ট"; জি ডি এইচ কোলে; লণ্ডন; ভিক্টর গলান্জ্ লিমিটেড্; ১৯৪৩; ১৭৫ পৃঃ; ৬ শিঃ।

৫। "ওয়েজ্ ডিটারমিনেশন আণ্ডার ট্রেড্ ইউনিয়ন"; জন টি ডানলপ্; নিউ ইয়র্ক; দি ম্যাক্মিলান্ কোম্পানী; ১৯৪৪; ২৩১ পৃঃ।

৬। "কেনিয়া—হোয়াইট্ মাল্ কান্ট্রি"; কেনিয়ান্ কলোনিয়াল বুরো; লণ্ডন; কেনিয়ান্ পাব্লিকেসান্স্ লিমিটেড্ ও ভিক্টর গলান্ৎস্ লিমিটেড্; ১৯৪৪; পৃঃ ৩২; ১ শিঃ।

লণ্ডন ও কেমব্রিজে সামাজিক নৃতত্ত্ব

শ্রীনবেন্দু দত্ত মজুমদার, এম্ এ, বঙ্গীয় সমাজবিজ্ঞান পরিষদের অবৈতনিক গবেষক

(পূর্ব্বানুবৃত্তি)

ডাঃ সে, সি, ডি, ক্লার্ক জিওক্রনলজি সম্বন্ধে বক্তৃতা দেন। তিনি তাহার নিজস্ব বিষয় সম্বন্ধে একখানি প্রমাণ্য পুস্তক লিখিয়াছেন।

ডাঃ সি, ই, ডেনিয়েল ইয়োরোপের মেগালিথিক কৃষ্টি ও সভ্যতার উৎপত্তি সম্বন্ধে বক্তৃতা করেন। তিনি ট্রিনিটী কলেজের ফেলো।

ডাঃ রেমণ্ড ফার্থএর নাম পূর্ব্বেই বলা হইয়াছে। একজন নৃতত্ত্বের বিশেষজ্ঞ বলিয়া তাঁহার খ্যাতি আছে। তাঁহার অনেকগুলি বইও আছে। তাহার তিনখানি প্রসিদ্ধ পুস্তকের নাম আদিম পোলিনেসিয়ান অর্থনীতি এবং নিউজিল্যাণ্ডের মাওরিদের আদিম অর্থনীতি এবং উই, দি টিকোপিয়া। ইহার অধীনেও বক্তা কিছুকাল গবেষণা করেন।

এইখানে কেমব্রিজ ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে নৃতত্ত্ব অধ্যাপনার একটু তুলনা করা যাইতে পারে। দৈহিক নৃতত্ত্বের দিক্ হইতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম, এ ও এম, এস সি ছাত্রদের কেমব্রিজ ট্রাইপোস ছাত্রদের অপেক্ষা অধিক শিখিতে হয়। দৈহিক নৃতত্ত্ব শিক্ষার যন্ত্রপাতি ও উপাদান ইত্যাদির দিক্ হইতেও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উৎকর্ষ সম্বন্ধে সন্দেহ নাই। কেমব্রিজের পূর্ব্ববর্ত্তী অধ্যাপক মিঃ ট্রে ডন যন্ত্রপাতির অভাবের বিষয়ে সচেতন ছিলেন এবং এ অভাব দূর করার জন্য যথেষ্ট চেষ্টাও করিয়াছেন। দৈহিক নৃতত্ত্ব মোটামুটিভাবে গ্রেটব্রিটেনে তেমন সমাদর লাভ করে নাই বলা যাইতে পারে। কিন্তু প্রাক্-ইতিহাস সম্বন্ধে কেমব্রিজে যথেষ্ট ভাল পড়াশুনা হয়। এই বিষয় সংগ্রহও তাহাদের কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে বেশী। কলিকাতার কর্তৃপক্ষ এবিষয়ে সচেতন হইলে ছাত্রদের অনেক সুবিধা হইবে।

এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে অধ্যাপনার রীতিগত পার্থক্যও আছে। কেমব্রিজে সবসময়েই ক্লাসে আলোচনার সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়। সমস্ত ক্লাসকে ভাগিয়া প্রত্যেক গ্রুপে ৪।৬টি ছাত্র লইয়া এক একটী টিউটোরিয়াল গ্রুপ করা হয়। এখানে অধ্যাপকেরা ছাত্রদের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে আসিতে পারেন। ছাত্রদিগকে ক্লাসে যেসকল রেফারেন্সের বই বলিয়া দেওয়া হয় সেইগুলি পড়িতে উৎসাহ দেওয়া হয়। ডাঃ এ, সি, হাডন কর্তৃক প্রদত্ত

হাডন পুস্তকাগার নামে কেমব্রিজে একটী চমৎকার নৃতত্ত্বের লাইব্রেরী আছে। বক্তৃতা শেষ হইবার পর ছাত্রগণ এখানে গিয়া পড়াশুনা করে।

১৯৩৩ অব্দের অক্টোবর মাসে রয়্যাল এনথ্রপলজিক্যাল ইনসটিটিউটের শতবার্ষিক উৎসব হইয়া গেল। নৃতত্ত্বের উন্নতির জন্য এই সভার দান অপরিমেয়। সমিতির লণ্ডনস্থ বাড়ীতে প্রতি মাসেই একটী করিয়া সভা হয়। এখানে অনেক মৌলিক প্রবন্ধাদি পঠিত ও আলোচিত হয়। ইহার একটী সুসম্পূর্ণ পুস্তকাগার আছে। ইহার সভ্যেরা সেখান হইতে পুস্তক লইয়া পড়িতে পারেন। সভাপতির বাৎসরিক বক্তৃতা এবং হাক্সলি মেমোরিয়াল বক্তৃতাগুলি ইহার বিশেষত্ব। ইহাতে নৃতত্ত্বের উন্নতির সম্বন্ধে অনেক মূল্যবান পরামর্শ ও অনেক নূতন নূতন বিষয় থাকে।

এইবার নৃতত্ত্বের কয়েকটি মতদ্বৈধপূর্ণ সমস্যা দেখা যাউক।

(১) আদিম সমাজে কি আইন ছিল? লণ্ডনের ভূতপূর্ব্ব অধ্যাপক বি ম্যালিনোস্কির মতে প্রাচীনসমাজে আইন ছিল। কিন্তু অক্সফোর্ডের নৃতত্ত্ব বিভাগের অধ্যক্ষ ডাঃ র‍্যাডক্লিফ্ ব্রাউন তাহা স্বীকার করেন না।

(২) তথাকথিত অসভ্যদের মন কি সভ্যদের মানসিক অবস্থা হইতে সম্পূর্ণ পৃথক?

(৩) মানুষের বিভিন্নজাতি সংমিশ্রিত হইয়া গিয়াছে। সে জাতি সম্বন্ধে গবেষণা করিয়া কি কোন ফল হইবে?

এই সকল বিষয়ে যথেষ্ট মতভেদ আছে।

পরিশেষে নৃতত্ত্বের সাম্প্রতিক চিন্তাধারার উল্লেখ করিয়াই এই প্রবন্ধ শেষ করা হইবে। এখানে ৩টী বিষয় উল্লেখ করা যাইতেছে।

প্রথমতঃ নৃতত্ত্বকে একটি পূর্ণাঙ্গ বিজ্ঞানে পরিণত করিবার জন্য এক বিরাট চেষ্টা আরম্ভ হইয়াছে। নৃতত্ত্ব অবশ্য পদার্থবিজ্ঞান অথবা রসায়ন শাস্ত্রের মত সম্পূর্ণ বিজ্ঞান হইবে না সত্য, তবু ইহাকে বর্ত্তমান অপেক্ষা অনেক উচ্চ বৈজ্ঞানিক স্তরে লইয়া যাওয়া যায়। রয়্যাল এনথ্রপলজিক্যাল ইনসটিটিউটের শতবার্ষিক উৎসবের সময় এই লক্ষণটি বিশেষ পরিস্ফুট হইয়াছিল।

দ্বিতীয়তঃ, ব্যাবহারিক নৃতত্ত্ব সৃষ্টির চেষ্টা একটী লক্ষণীয় সাম্প্রতিক বিশেষত্ব। এই প্রচেষ্টা দুইভাগে দৃষ্ট হয়। একটি হইতেছে ঔপনিবেশিক শাসনের সঙ্গে নৃতত্ত্বের অধিকতর যোগাযোগ স্থাপন। নৃতত্ত্বের লব্ধ জ্ঞান-সম্ভার আদিম মানব সমাজ শাসনের কার্য্যে অধিকতর কার্য্যকরীরূপে ব্যবহৃত হইতেছে। ইহার একটী খারাপ দিকও আছে। নৃতত্ত্ব যদি সাম্রাজ্যবাদী জাতিগুলির শোষণনীতির অস্ত্র হিসাবে ব্যবহৃত হয় এবং নৃতত্ত্ববিদ্‌গণ যদি এই শোষণনীতির সমর্থন করেন তবে বৈজ্ঞানিক আবিষ্কারের দিক্ হইতে নৃতত্ত্বের ক্ষতি হইবে। শাসনতন্ত্রের সহিত সহযোগিতায় নৃতত্ত্ববিদ্‌গণের প্রচুর স্বাধীনতা আবশ্যক। শতবার্ষিকী উৎসবে এই বিষয়ের প্রতি বক্তা সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন।

প্রচেষ্টার দ্বিতীয় প্রকাশ দেখা যায় ব্যাবহারিক নৃতত্ত্ব সৃষ্টির যুদ্ধোত্তর যুগে পৃথিবীর সভ্য অসভ্য জাতিগুলির পুনর্গঠনের কাজে নৃতত্ত্বের নিয়োগ কি ভাবে হইতে পারে সেই আলোচনায়। এজন্য এমন সমস্ত অবস্থার পর্য্যবেক্ষণ দরকার যাহার দ্বারা বর্ত্তমানে বিশেষ বিশেষ জনসমষ্টির ব্যবহারগত পার্থক্য জন্মায়। শুধু অসভ্য নয়, এই দিক্ হইতে সভ্য মানুষকেও নৃতত্ত্বের আওতায় আনিয়া ফেলিবার চেষ্টা চলিতেছে।

কেমব্রিজের মনোবিজ্ঞান বিভাগের অধ্যক্ষ এফ সি বার্টলেট তাঁহার হাক্সলি মেমোরিয়াল বক্তৃতায় দেখাইবার চেষ্টা করিয়াছেন যে, নৃতত্ত্বকে সমাজগঠনের কাজে কিভাবে নিযুক্ত করা যাইতে পারে। তাঁহার মতে ছোট ছোট সমষ্টির ব্যবহার পর্য্যবেক্ষণ দ্বারা ফল আহরণ করিয়া নৃতত্ত্ব যুদ্ধোত্তর জগতে সমাজগঠনে অনেক সাহায্য করিতে পারে। এইরূপ অনুশীলনের তিনি নাম দিয়াছেন অণু-সমাজ বিজ্ঞান (মাইক্রো সোসিওলজি)।

তৃতীয়তঃ, নৃতত্ত্বের সহিত অন্যান্য সামাজিক বিজ্ঞানগুলির আরও ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপনের জন্য একটা বিশেষ চেষ্টা চলিতেছে।

'ডাস্ ক্যাপিটাল'এ মার্ক্‌সের প্রতিপাদ্য*

অধ্যাপক কস্তুরচাঁদ লালুয়ানী, এম্ এ, পুনা, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের অবৈতনিক গবেষক

একথা সমস্ত বিজ্ঞানের বেলাতেই বলা চলে যে, প্রারম্ভমাত্রই বেশ শক্ত। মার্ক্‌স্ ধনবিজ্ঞানে যে নূতন দৃষ্টিভঙ্গীর অবতারণা করেছেন এ সম্বন্ধেও ঠিক একই কথা বলা চলে। তাঁর আলোচনার সুরুই হলো সামগ্রী নিয়ে; সুতরাং সামগ্রী-বিষয়ক আলোচনা একটু বেশী দুর্বোধ্য বলে মনে হবে। মার্ক্‌স্ যতদূর সম্ভব সকলের পক্ষে সুখবোধ্য করে মূল্যের সারাংশ ও পরিমাণ বিশ্লেষণের চেষ্টা করেছেন। কারণ তাঁর দৃষ্টিভঙ্গীতে প্রধান প্রতিপাদ্য বিষয়ই হলো বাস্তবজগতের নিপীড়ন এবং সকলের সামনে তারই উলঙ্গ চেহারা তুলে ধরা। বৈজ্ঞানিক বিশ্লেষণ-পদ্ধতি বজায় রেখে বিষয়-বস্তুকে যতটা সহজবোধ্য করা চলে মার্ক্‌স্ তা করতে প্রয়াস পেয়েছেন।

মূল্যের পূর্ণতাপ্রাপ্ত রূপ টাকার কথা অত্যন্ত সহজ এবং প্রাথমিক। মানবমন দু'হাজার বছরেরও বেশী সময় ধরে এ বিষয়টি তলিয়ে দেখার নিষ্ফল প্রয়াস করে এসেছে। এই সূক্ষ্ম বিষয়টির আলোচনায় কৃতকার্য্য না হলেও এদের যোগসম্ভূত বিমিশ্র জটিল রূপের আলোচনায় তাঁরা সাফল্যের অনেকটা কাছাকাছি পৌঁছেছেন। কিন্তু এর কারণ কি? সমস্ত অঙ্গপ্রত্যঙ্গের জৈব সংযোগ যে দেহ তার সম্বন্ধে আলোচনা প্রত্যেকটি জীবকোষ নিয়ে আলোচনার তুলনায় অনেক সহজ। অর্থনৈতিক 'রূপের' বিশ্লেষণের বেলায় অণুবীক্ষণ বা রাসায়নিক অভিজ্ঞান কোন কাজেই আসে না। ধনবিজ্ঞান বা অর্থশাস্ত্রে এ দু'য়েরই কাজ করে মানসিক পৃথক্করণ। ধনতান্ত্রিক সমাজে শ্রমশক্তি সৃষ্ট সামগ্রীর চেহারা বা সেই সামগ্রীর মূল্যের চেহারা,—এগুলো অর্থশাস্ত্রের জীবকোষ-বিশেষ। মূলের বিশ্লেষণে যাঁরা অভ্যস্ত, সূক্ষ্মতার জন্যে এরা তাঁদের কাছে ধরাই পড়বে না। আণুবীক্ষণিক অস্ত্রোপচারের মত, মার্ক্‌স্ এইসব জীবকোষেরই বিশ্লেষণ করেছেন; ধনতান্ত্রিক অর্থনীতিবিদ্‌দের মত তাঁর কারবার অর্থশাস্ত্রের স্থূল বিষয়-গুলি নিয়ে নয়।

প্রাকৃতিক ব্যাপার যেখানে স্বতই সংঘটিত হচ্ছে অতি সুস্পষ্টরূপে, যেখানে কোন বিরোধী প্রভাবের বালাই নেই, পদার্থবিদ্ সেইসব ব্যাপারগুলোকেই পুঙ্খানুপুঙ্খরূপে পর্য্যবেক্ষণ করেন কিংবা নিজ চেষ্টায় অনুকূল অবস্থার সৃষ্টি ক'রে ঐরূপ ঘটনাকে পূর্ণ আদর্শরূপ দিয়ে তিনি পরীক্ষা চালান। তাঁর 'ডাস্ ক্যাপিটাল' গ্রন্থে মার্ক্‌স্ ধনতান্ত্রিক উৎপাদন প্রণালী এবং তারই আনুষঙ্গিক বিভিন্ন অবস্থা ও বিনিময়ের বিশ্লেষণ করেছেন। মার্ক্‌স্ যেসময় বই লিখছেন তখনও শিল্পবিপ্লবের প্রথম পর্ব্ব একমাত্র ইংলণ্ডেই পরিসমাপ্ত হয়েছে—অন্যান্য দু'একটা দেশে তখনও উদ্যোগপর্ব্বই চলছে মাত্র। তাই মার্ক্‌স্ তাঁর আলোচনা চালাচ্ছেন ইংলণ্ডের শিল্পবিপ্লব ও তার ফলাফলের চিত্র সামনে রেখে, ইংলণ্ডকেই তিনি ব্যবহার করেছেন তাঁর সর্ব্বপ্রধান উদাহরণ হিসাবে। কিন্তু ঐ সঙ্গে তাঁর জার্ম্মাণ পাঠকদেরও মার্ক্‌স্ সাবধান করে দিতে ছাড়েন নি। তিনি বলছেন, এখনও পর্য্যন্ত এই পর্য্যবেক্ষণের সর্ব্বোৎকৃষ্ট ক্ষেত্রই হচ্ছে ইংলণ্ড। তাই আমার মতবাদের পরিপুষ্টিতে ইংলণ্ডকেই সর্ব্বপ্রধান উদাহরণরূপে ব্যবহার করেছি। তাই বলে জার্ম্মাণ পাঠক যদি ইংলণ্ডের শিল্প ও কৃষি-শ্রমিকদের অবস্থা দেখে ঘাড় কুঁচকান এবং আশাবাদীর ভঙ্গীতে এই বলে সান্ত্বনা পান যে, জার্ম্মাণিতে অবস্থা অতটা খারাপ নয়, তাহলে আমাকে পরিষ্কার বলতে হবে যে, তাঁদের এ কাল্পনিক আশা আকাশকুসুম মাত্র।

(ক্রমশঃ)

---

* 'ডাস্ ক্যাপিটাল' গ্রন্থের প্রথম ও দ্বিতীয় সংস্করণের ভূমিকা অবলম্বনে লিখিত।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আশ্বিন—১৩৫১ আর্থিক উন্নতি ১৯শ বর্ষ—৬ষ্ঠ সংখ্যা

মহর্ষির্যঃ সহস্রান উত্তরো নাম তৃম্যাঃ।
অভীমাততস্রি বিশ্বাধাড়াশামাশাং বিষাসতি।

অথর্ববেদ ১২।১।৪৪

পরাক্রমের মূর্তি আমি,—'প্রেরক্তম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বস্ত্র-সমস্যা

অন্ন-সমস্যার ন্যায় বস্ত্র-সমস্যাও সকলের পক্ষে যন্ত্রণাদায়ক হইয়া উঠিয়াছে। এই সমস্যার লাঘবকল্পে গভর্ণমেণ্ট হইতে ষ্ট্যাণ্ডার্ড কাপড় প্রবর্ত্তন, বস্ত্র ও সূতার মূল্য নিয়ন্ত্রণ, তত্ত্বাবধায়ক কর্ম্মচারী নিয়োগ আদি বিধি ব্যবস্থা অবলম্বিত হইতেছে, কিন্তু মূল্যহ্রাস ত দূরের কথা, অধিকন্তু উচ্চ মূল্য দিয়াও প্রয়োজনমত কাপড়-সাওয়া অসম্ভব হইয়াছে। লোকে নিতান্ত নিরুপায় হইয়া স্বাভাবিক মূল্য অপেক্ষা ৪।৬ গুণ অধিক মূল্যে ক্রয় করিতে বাধ্য হইতেছে। গভর্ণমেণ্ট যে বাঁধা দরে সূতা ও কাপড় বিক্রয় নির্দ্ধারণ করিয়া দিয়াছেন, সেই দরে লোকে সূতা কি কাপড় না পাইবার কারণ কি আমরা একবার কর্ত্তৃপক্ষকে তলাইয়া দেখিতে অনুরোধ করি। আমরা প্রায়ই শুনিতে পাইতেছি যে, দোকানে সূতা ও কাপড় মজুদ থাকা সত্ত্বেও—নাই, ফুরাইয়া গিয়াছে, ইত্যাদি বলিয়া সকলকে ফিরাইয়া দেওয়া হইতেছে। ইহার কারণ কি? ৪০ নম্বরের সূতা এখানকার হাটবাজার সমূহে ৸০ আনা দরে বিক্রয় হইতেছিল, কিন্তু দর কমাইয়া নিয়ন্ত্রিত মূল্য করিয়া দেওয়ায় এখন আর ঐ সূতা উচ্চ মূল্য দিতে রাজী হইয়াও লোকে আদৌ পাইতেছে না। কোথাও কোথাও যাহা পাইতেছে, তাহার দামও এক টাকার কম নহে। কাজেই সূতার দরের ঐরূপ ধাপ্পাবাজীর জন্য তাঁতের কাপড়ের দরেও একটা জোয়ার ভাটা খেলিতেছে। এখন ইহার প্রতিকারের উপায় কি? সম্মুখে শারদীয়া মহাপূজা এবং ঈদ্ পর্ব্ব, হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়েরই প্রধান উৎসব আসিতেছে। এ সময় হিন্দু মুসলমান সকলেরই নূতন কাপড় চাই; কিন্তু সকলেই আজ অভাবের দারুণ তাড়নায় ব্যতিব্যস্ত। এই সমস্যা সমাধানের জন্য গভর্ণমেণ্ট রাশি রাশি টাকা ব্যয়ে যেসকল কর্ম্মচারী নিযুক্ত রাখিয়াছেন, আমরা সকলেই এই প্রয়োজনের সময় সাধারণ হিতার্থে তাঁহাদিগকে এ বিষয়ে অবহিত হইতে অনুরোধ করিতেছি। (নীহার)

ম্যালেরিয়ার দিগ্বিজয়

আমাদের এই বন্যা-বিধ্বস্ত অঞ্চলের (কাঁথি) চারিদিকেই ম্যালেরিয়ার তাণ্ডব-লীলায় দেশ উজাড় হওয়ার বিষয় আমরা ধারাবাহিক আলোচনা করিয়া আসিতেছি। এতদ্ব্যতীত আমাদের এতদঞ্চল ধনী, শ্রমিক সকল শ্রেণীর লোকেরই উপনিবেশস্বরূপ। ইহার অধিবাসীদের উপায় ও

জীবিকার সর্ব্বপ্রধান পথ সুন্দরবনের লাট অঞ্চলের চারিদিকেও ম্যালেরিয়ার তাণ্ডবলীলা চলিতে থাকায় লোকাভাবে এ সব স্থলের জমির আবাদ-কার্য্যের যেরূপ প্রতিবন্ধক ঘটিয়াছে ও কালবিলম্ব হইতেছে, তদ্রূপ ঔষধ পথ্যাদির দুর্ম্মূল্যতা ও দুষ্প্রাপ্যতার জন্য লোকের দুর্দ্দশার একশেষ হইয়াছে। ম্যালেরিয়ার এরূপ সর্ব্বগ্রাসী বিভিষিকা প্রকোপ পূর্ব্বে আর কখনও শুনা যায় নাই।

চাষের অবস্থা

আশ্বিন মাস হইয়া গেল এখন পর্য্যন্তও লোকে সকল স্থানের আবাদ কার্য্য শেষ করিয়া উঠিতে পারে নাই। শেষ করিতে এই আশ্বিন মাসের অর্দ্ধেক সময় হইয়া যাইবে; কিন্তু তবুও সব জমির আবাদ শেষ হইবে কিনা সন্দেহ। বিশেষতঃ, সমুদ্রোপকূলবর্ত্তী বিস্তৃত অঞ্চলের কোথাও কোথাও ২।৩ বিঘা জমি অনাবাদী থাকিয়া যাইবে মনে হইতেছে; কিন্তু এখন সকল স্থানেই প্রচুর বৃষ্টির প্রয়োজন হইয়াছে। প্রয়োজন মত বৃষ্টি না হইলে লোকের এত যত্ন ও পরিশ্রম যে সবই ব্যর্থ হইয়া যাইবে তাহা বলা নিষ্প্রয়োজন।

আর্থিক ভারত

মহীশূর রাজ্যে স্বর্ণ উৎপাদন

মহীশূর রাজ্যে ১৯৪৪ সনের ফেব্রুয়ারী মাসে ১৮,৩০২ আউন্স স্বর্ণ উৎপন্ন হইয়াছে। এই সনের জানুয়ারী মাসে উৎপন্ন হইয়াছিল ১৯,৭৮২ আউন্স এবং ১৯৪৩ সনের ফেব্রুয়ারী মাসে ১৯,৯৮৭ আউন্স। কাজেই দেখা যাচ্ছে আলোচ্য মাসে ১৯৪৪ সনের জানুয়ারী মাসের তুলনায় ৮·১১% এবং ১৯৪৩ সনের ফেব্রুয়ারী মাসের তুলনায় ৯% কম স্বর্ণ উৎপন্ন হইয়াছে। আলোচ্য মাসে উৎপন্ন স্বর্ণের মোট মূল্য ৩৪,৪০,৭৭৮৲ টাকা, ১৯৪৪ সনের জানুয়ারী মাসে উৎপন্ন স্বর্ণের মূল্য ৩৭,১২,৫৮০৲ টাকা এবং ১৯৪৩ সনের ফেব্রুয়ারী মাসের উৎপন্ন স্বর্ণের মূল্য ৩৪,৭০,২২৮৲ টাকা।

বিহারের পল্লী-অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ

বিহার গবর্ণমেণ্ট ৩৩,০০০ ভোল্ট ইলেকট্রিক লাইন প্রবর্ত্তনের এক বিরাট পরিকল্পনা স্থির করিয়াছেন। এতদ্দ্বারা নলকূপের সাহায্যে দক্ষিণের জেলাগুলির সেচ-ব্যবস্থার উন্নতিসাধন করা হইবে। বিদ্যুৎ উৎপন্ন করা হইবে পাটনা শহরে। লাম্ব-সিভিয়ারী লাইনগুলির সাহায্যে ১১,০০০ ভোল্ট বৈদ্যুতিক শক্তি সরবরাহ করা হইবে। স্থানীয় নলকূপগুলি এই বিদ্যুৎ দ্বারা পরিচালিত হইবে।

আহার্য্যদ্রব্য সরবরাহের সুরাহা হইবে, এই আশায় কেন্দ্রীয় সরকার বিহার গবর্ণমেণ্টকে এ-সম্বন্ধে অর্থ সাহায্য করিতে সম্মত হইয়াছেন। সস্তায় ও সুবিধা-জনক দরে আবশ্যকীয় যন্ত্রপাতি আনয়নের জন্য বৃটিশ গবর্ণমেণ্টের সাথেও চুক্তি করা হইয়াছে। আলোচ্য পরিকল্পনা কার্য্যে পরিণত হইলে ৪৬৮,০০০ মণ খাদ্যশস্য বৃদ্ধির আশা আছে।

মহীশূর রাজ্যের আয়-ব্যয়

১৯৪৪-৪৫ সনে মহীশূর রাজ্যের ৮১৮·০১ লক্ষ টাকা আয় এবং ৮১৬·০৮ লক্ষ টাকা ব্যয় ধরা হইয়াছে। মহীশূর রাজ্যে সাধারণতঃ প্রত্যেক বৎসর পৌনে পাঁচ কোটী টাকা ব্যয় হয়। আলোচ্য সনে যে ব্যয় ধরা হইয়াছে, তন্মধ্যে ২০৪·৫ লক্ষ টাকা রিজার্ভ ও অন্যান্য তহবিলে জমা পড়িবে। যুদ্ধের জন্য খরচ ধরা হইয়াছে ৭১ লক্ষ টাকা! এ-ছাড়াও ব্যয়ের বাড়তি দেখা যায়, তাহা ঘটিবে মূল্য বৃদ্ধি ইত্যাদি যাবদ বিভিন্ন সরকারী বিভাগের ব্যয়-বৃদ্ধির জন্য। এই ব্যয়-বৃদ্ধি নিশ্চয়ই সাময়িক। যুদ্ধের পর আবার ব্যয় স্বাভাবিক অবস্থায় ফিরিয়া যাইবে।

দুনিয়ার ধনদৌলত

যুদ্ধোত্তর সংগঠন

মার্কিণ যুক্তরাষ্ট্রে অধিকৃত দেশসমূহের কমপক্ষে ৮,৫০০ জন ছাত্র-বিশেষজ্ঞকে শিল্প, শিক্ষা ও কৃষিবিদ্যা সম্বন্ধে ট্রেনিং দানের এক পরিকল্পনা স্থির হইয়াছে। যে সমস্ত লোক গোপনে শত্রুকে বাধাদানের কার্যে মোতায়েন আছে, তাহারাই এইরূপ ট্রেনিং গ্রহণের উপযুক্ত বিবেচিত হইবে। অধিকৃত দেশসমূহের মুখপাত্রেরা জানাইয়াছেন যে, তাঁহারা অবিলম্বে এই পরিকল্পনায় যোগদানে প্রস্তুত আছেন। কারণ যুদ্ধ থামার সঙ্গে সঙ্গেই পুনর্গঠনের জন্য যে, এই ধরণের ট্রেনিং-প্রাপ্ত বিশেষজ্ঞদের প্রয়োজন হইবে, তাহা তাঁহারা বিলক্ষণ অবগত আছেন।

এই পরিকল্পনার জন্য মোট ব্যয় হইবে, ২,৫০০,০০০ ডলার। এই অর্থের এক-তৃতীয়াংশ যোগাইবে মার্কিণ গভর্নমেণ্ট, এক-তৃতীয়াংশ সংগ্রহ বিভিন্ন বৈদেশিক গবর্নমেণ্ট এবং বাকীটা এক-তৃতীয়াংশ যোগাইবে বিভিন্ন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। এই ট্রেনিং পরিকল্পনার ভারগ্রহণ করিয়াছেন ইণ্টার-ন্যাশনাল এক্সচেঞ্জেস্ অ্যাণ্ড রিলায়েন্স্ কমিটী নামক একটী প্রতিষ্ঠান। পোলিশ গবর্নমেণ্ট এই কমিটীকে জানাইয়াছেন যে, তাঁহারা অবিলম্বে ৪৭০ জন ছাত্র প্রেরণ করিবে। ইহারা সকলেই অধিকৃত এলাকার বাহিরে অবস্থান করিতেছে। চেকোস্লোভাকিয়া ২৫০ জন, যুগোস্লাভিয়া ২৫০ জন, গ্রীস ৪৫০ জন এবং চীন ১০০ জন ছাত্র প্রেরণে প্রস্তুত আছে।

মধ্যপ্রাচ্যে খাদ্যোন্নতির ব্যবস্থা

গত ফেব্রুয়ারী মাসে কায়রোর সহরে মধ্যপ্রাচ্যের কৃষি উন্নতি সম্পর্কে এক সম্মেলনের অধিবেশন হইয়া গিয়াছে। মধ্য প্রাচ্যের ১২টী এলাকার ১০০ জনেরও অধিক প্রতিনিধি ও দর্শক সম্মেলনে যোগদান করেন। মধ্যপ্রাচ্যবাসীর যাহাতে কোন সময়েই খাদ্যাভাব না ঘটে তৎপ্রতি লক্ষ্য রাখিয়া জমির সদ্ব্যবহার ও উন্নতিসাধনের ব্যবস্থা করাই এই সম্মেলনের মুখ্য উদ্দেশ্য।

যুদ্ধের মধ্যে সেচ-ব্যবস্থার উন্নতিসাধন ইত্যাদি যে-সমস্ত কার্যক্রম গৃহীত হইয়াছে, সেইগুলি যাহাতে যুদ্ধের পর পরিত্যক্ত না হয় এবং এদিক দিয়া আরও বেশী অগ্রসর হওয়া যায়, সে-সম্বন্ধে সম্মেলনে বিবিধ প্রস্তাব গৃহীত হইয়াছে। মধ্যপ্রাচ্যবাসীকে কৃষি সম্বন্ধে উন্নত প্রণালীর শিক্ষাদানের পরিকল্পনাদিও স্থির করা হইয়াছে।

ব্যক্তি ও সঙ্ঘ

পূর্ব্বআফ্রিকায় শ্রমিক পরিস্থিতি

শ্রমিক কমিশনার তাঁহার বার্ষিক রিপোর্টে ১৯৪২ সনে কেনিয়ার শ্রমিকদের হাল-চালের বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। ৩১শে ডিসেম্বর তারিখে বে-সামরিক কাজে রেজেষ্টারী করা আফ্রিকানদের সংখ্যা ছিল নিম্নরূপ :

কেনিয়ার দেশীয় অধিবাসী (স্বেচ্ছায় কাজে নিযুক্ত)	২৩০,১৩৮
কেনিয়ার দেশীয় লোক (বাধ্যতামূলকভাবে কাজে নিযুক্ত)	১৩,৬৪২
কেনিয়ার বাহিরের লোক	৮,২১০
মোট	২৪২,৮৬০

দেশের সর্ব্বত্র সাধারণভাবে মজুরির হার বাড়িতে দেখা যায়। অধিকাংশ মালিক সরকারী দৃষ্টান্তের অনুসরণ করিয়া জীবন-যাত্রার উপযোগী বোনাস দেয়। রেলওয়ে শ্রমিকদের ১৫।১৬ শিলিং মাসিক বেতন বর্দ্ধিত হয় মাসিক ৬ শি: ৫ পে:। চাষী মজুরদের বেতন বৃদ্ধির হার দাঁড়ায় মাসিক ২।৩ শি:; এর সঙ্গে অবশ্য অপেক্ষাকৃত ভাল আহার্য্য দ্রব্যের রেশনের ব্যবস্থা আছে। জীবন-যাত্রার মূল্য বৃদ্ধির ফলে যে-সমস্ত ধর্ম্মঘট হইয়াছে, তাহার রেকর্ড রাখাও হইয়াছে; তবে সমস্ত ধর্ম্মঘটই অল্পদিনের জন্য স্থায়ী হইয়াছে।

কমিশনার সহরের পরিস্থিতির বিরুদ্ধ সমালোচনা

করিয়া বলেন যে, অধিকাংশ দেশীয় মজুরকেই বর্ত্তমান জীবনের উপযোগী খুব কম পারিশ্রমিকে কাজে নিয়োগ করা হইয়াছে। আহার ও বাসস্থানের ব্যবস্থা-বর্জ্জিত ভাবে মাসিক বেতনের হার সময় সময় মাসিক ১১ শিঃ পর্য্যন্ত প্রদত্ত হইয়াছে।

কেনিয়ার একটী সহরে আইন করিয়া ১৪ বৎসরের কম বয়স্ক বালক-বালিকাকে কারখানার কাজে বা জাহাজে নিয়োগ নিষিদ্ধ করা হইয়াছে। তবে বৃটেনের অন্যান্য অধীন রাজ্যে বাপ-মার অথবা নিজ পরিবারের লোকজনের সাথে ছাড়া ১২ বৎসরের কম বয়স্ক বালক-বালিকাকে কাজে নিয়োগ করা যেভাবে নিষিদ্ধ করা হইয়াছে, কেনিয়ায় সেভাবে কোন আইন করা হয় নাই। টাঙ্গানিকাকায় ১৯৪৩ সনে এই ধরণের আইন জারী করা হইয়াছে।

চীনে বাধ্যতামূলক শ্রমিক নিয়োগ

চীনের জাতীয় গবর্ণমেণ্ট ১৯৪৩ সনের ৪ঠা ডিসেম্বর তারিখে বাধ্যতামূলক শ্রমিক নিয়োগ সম্পর্কে নূতন আইন-কানুন জারি করিয়াছেন। এই নয়া বিধান চীনা গণতন্ত্রের ১৮ হইতে ৩০ বৎসর বয়স্ক সমস্ত পুরুষ প্রজার উপর বলবৎ হইয়াছে। প্রত্যেককেই বৎসরে ৮০ ঘণ্টা পরিশ্রম করিতে হইবে। কোন কোন ক্ষেত্রে ১৬০ ঘণ্টা পর্য্যন্ত খাটানো হইবে। দিনে কমপক্ষে কাহাকে ৮ ঘণ্টার অতিরিক্ত মেহনৎ করিতে হইবে না, আবার দিনে ১ ঘণ্টার কম খাটুনি ধর্ত্তব্যের মধ্যে গণ্য হইবে না। সড়ক নির্ম্মাণ, পয়ঃপ্রণালী খনন ইত্যাদি জনহিতকর কার্য্যসমূহের জন্য এই বাধ্যতামূলক মেহনৎ আদায়ের ব্যবস্থা করা হইয়াছে। সাধারণতঃ বাসস্থানের আশেপাশেই সকলকে কাজ ক'রতে হইবে। কোন কারণ বশতঃ কাহাকেও যদি বাসভূমির ৪ কিলোমিটারের অধিক দূরবর্ত্তী স্থানে গমন করিয়া খাটিতে হয়, তাহা হইলে সে বিনামূল্যে আহার ও বাসস্থান পাইবে। সকলেই বিনামূল্যে ঔষধপত্রাদি পাইবে আর খাটুনির সময় যদি অঙ্গহানি হয়, তাহা হইলে পেন্সন ভোগ করিবে।

মোলাকাৎ

১৯৮০ সনের বাঙালী

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—ভবিষ্যৎ বাংলা সম্বন্ধে আপনার অভিমত শুনতে চাই। একমাত্র বস্তুনিষ্ঠার জোরে ভবিষ্যতের বাংলা দেশ সম্বন্ধে কী দেখতে পাবো?

উঃ—নতুন-নতুন চিজ দেখতে পাবি ঢের। ১৯০৫-এর পারিপ্রেক্ষিকে ১৯৪২ সন বাঙালী জাতের ভেতর অনেক-কিছু নতুন এনে হাজির ক'রেছে। সেই সবেরই জের দেখতে পাবি তুই ১৯৮০ সনে। নতুন-কিছুগুলা সংখ্যাশাস্ত্রের হিসাবে হবে অনেক। আর আকার-প্রকারে হবে সে-সব রকমারি। ১৯৪২ সনের বাঙালীই যে ১৯৮০ সনের বাঙালীতে ফিরে ঠেকেছে তা বিশ্বাস করা কঠিন মনে হ'তে পারে। বিপ্লব, রদ-বদল, পরিবর্ত্তন, রূপান্তরগুলা দেখাবে খুব অবরদস্ত।

প্রঃ—কোন্ কোন্ দিকে পরিবর্ত্তন, রদ-বদল বা বিপ্লব দেখতে পাবো বেশী-বেশী?

উঃ—"নয়া বাঙলার গোড়াপত্তন" (দুই খণ্ড ১৯৩২) আর "বাস্তুতির পথে বাঙালী" (১৯৩৯) এই দুই বইয়ে বিপ্লব বা রূপান্তরগুলার "ঝোঁক", গতি ও ধারা দেখিয়ে দিয়েছি। এই আট-দশ বছরে আমার মত বড়-একটা বদলায় নি। ১৯৩৯ সনের পরবর্ত্তী বিংশ শতাব্দীর দ্বিতীয় কুরুক্ষেত্রের আবহাওয়ায়ও একপ্রকার বদলায়নি।

প্রঃ—এত-বড় লড়াইয়ের প্রভাবেও আপনি আপনার ১৯৩২-৩৪ সনের মত বদলাচ্ছেন না?

উঃ—না। মাস ছেড়েক ধ'রে চাটগাঁয় আর আসামের উত্তর-পূর্ব্ব কোণে জাপানী বোমা পড়্‌ছে। এমন কি এই সেদিন,—২০শে তারিখে—কল্‌কাতায়ও জাপানী বোমা প'ড়েছে। আজ পর্য্যন্ত চার রাত বোমা পড়্‌লো। দেখ্‌ছিস্ তো লোকজনের মাথা ঠিক নেই। কল্‌কাতা ছেড়ে চ'লেছে অগণিত লোকের সার। তবুও দেশোন্নতির কর্ম্ম-কৌশল, ধারা ও পথ সম্বন্ধে নতুন কিছু পাচ্ছি না। সমাজের ক্রমবিকাশের প্রণালী সম্বন্ধে বছর কয়েক আগে যা ভেবেছি তাই এখনো ভাব্‌ছি। কোনো-কোনো ক্ষেত্রে দশ বছরের কাজ হয়ত তিন বছরে শেষ হ'তে পারে। কিন্তু দেশোন্নতির উপায় আর ধাপগুলা বদ্‌লাতে পারে না। এই হচ্ছে আমার উন্নতি-তত্ত্বের বা "বৌদ্ধ-দর্শনের" আসল কথা। ১৯৮০ সনের বাঙালীকে আজ হ'তে শেষ পর্য্যন্ত সবক'টা প্রণালীই কাজে লাগাতে হবে। কোনো পথ এড়িয়ে শেষ ধাপে পৌঁছানো সম্ভবপর হবে না।

উঃ—আচ্ছা ১৯৪২ হ'তে ১৯৮০ সনের ভেতরকার প্রণালীগুলা বলুন। শেষ ধাপে বাঙালী জাতের অবস্থা কিরূপ দেখ্‌তে পাবো?

উঃ—প্রথমেই বল্‌বো যে,—বাঙ্‌লাদেশের চৌহদ্দি বদ্‌লে যাবে। যে চার-সীমানায় ভেতর আজ বাঙ্‌লা দেশ র'য়েছে সেই চার-সীমানা থাকবে না। নতুন-নতুন সীমানা কায়েম হবে।

দ্বিতীয় কথা হচ্ছে যে,—বাঙালী জাতের ভেতর নয়া-নয়া হাড়মাসের নরনারী খানিকটা মাথা চেঁড়ে তুল্‌বে। বাঙালী-জাতের কৃতিত্ব বল্‌তে নতুন-নতুন চেহারায় অনেক লোকের কৃতিত্ব বুঝা হবে। আজকাল যে-সব জাত্ বাঙলার নরনারী হিসাবে অনেকটা নগণ্য তাদের অনেকে বেশ-কিছু গণ্যমান্য হ'তে থাকবে।

তৃতীয় কথা—বাংলা ভাষার ভেতর এই সব নয়া-নয়া হাড়মাসওয়ালা লোকজনের হরেক-রকম শব্দ ঢুকে' যাবে। বাংলা ভাষার স্বরূপ যারপরনাই বদ্‌লাবে। ১৯০৫-এর তুলনায় ১৯৪২ সনে বাংলা ভাষার যতটা রূপান্তর ঘ'টেছে ১৯৪২-এর তুলনায় ১৯৮০ সনে তার চেয়ে বেশী রূপান্তর ঘ'টবে।

চতুর্থ কথায় বল্‌বো যে,—বিয়ের লেনদেনে একালের জাত-পাত অনেকটা ক'মে আস্‌বে। অনুলোম-প্রতিলোমের পাতি ছেড়ে যাবে বেশ উল্লেখযোগ্য ভাবে। বংশ-গৌরব, ঠিকুজি-মাহাত্ম্য, স্পৃশ্যাস্পৃশ্য, জলচল ইত্যাদি পারিভাষিকের আধিপত্য বড় একটা দেখা যাবে না। জাতিভেদ-হীন হিন্দুত্ব হিন্দু-সমাজের ভেতর প্রতিষ্ঠিত হ'তে সুরু কর্‌বে। বিবাহের বন্ধনে হিন্দু-মুসলমানের মিলনও চল্‌তে থাকবে খানিকটা বিস্তৃতরূপে।

প্রঃ—বঙ্গ-সংস্কৃতির আকার-প্রকার কিরূপ দেখাবে?

উঃ—দেশী-বিদেশী আদর্শ নিয়ে ১৯৮০ সনের বাঙালী বেশী-কিছু মাথা ঘামাবে না। প্রাচ্য-পাশ্চাত্য সংস্কৃতির ঝামেলা একপ্রকার উঠে যাবে। হিন্দু-মুসলমানের সাংস্কৃতিক লেনদেন ও সমঝৌতা দেখা দিবে নিত্যনৈমিত্তিক কাজ-কর্ম্মে। সর্ব্বত্রই সকল কর্ম্মক্ষেত্রেই মালুম হবে সংস্কৃতি-সমন্বয়, সংস্কৃতির মেল-মেশ, সাংস্কৃতিক বর্ণসঙ্কর। বাঙালীরা সাংস্কৃতিক সর্ব্বভূতরূপে দুনিয়ায় পরিচিত থাকবে।

প্রঃ—সাংস্কৃতিক সমন্বয়ের কিছু ইঙ্গিত কর্‌তে পারেন?

উঃ—সংস্কৃতি সম্বন্ধে সর্ব্বভূতের একটা দৃষ্টান্ত দিচ্ছি সুকুমার শিল্পের তরফ থেকে। ১৯০৫-১৪ সনের যুগে "ভারতীয় শিল্প-কলা"র ভাবুকতায় যুবক বাংলা মশ্‌গুল ছিল। "অবনীন্দ্র-মণ্ডলে"র নন্দলাল বসু সেই ধারার অন্যতম বর্ত্তমান প্রতিনিধি। কিন্তু তথাকথিত "ভারতীয় শিল্পকলা"র ভাবুকতা দিয়ে আর বাঙালী জাতের পেট ভর্‌বে না।

প্রঃ—তার কোনো চিহ্ন বর্ত্তমানে দেখ্‌তে পাচ্ছেন?

উঃ—নিশ্চয়। তার নমুনা ইতিমধ্যেই পাওয়া গিয়েছে। যামিনী রায়ের হাতে বাংলার পটশিল্প বাংলা ও ভারত ছাড়িয়ে একালের ভবিষ্যপন্থী ইয়োরোপেরও সাক্‌রেতি কর্‌তে অভ্যস্ত। অতুল বসুর প্রতিকৃতি-

চিত্রণে দেশী-বিদেশীর মামলা নেই। এই শিল্প সোজাসুজি ও আন্তরিকভাবে পাশ্চাত্য। মুকুল দে-প্রবর্তিত এচিং(তক্ষণ)গুলাও বিনা বাক্য-ব্যয়ে বিদেশী কায়দার মাল। ভবানী লাহার কাজে ফরাসী রঙ-রং গুলজার। বছর দশেক ধ'রে কলকাতার সুকুমার-শিল্প প্রদর্শনীতে হরেক-রকম রীতি দেখা যাচ্ছে। মহারাজা প্রদ্যোৎকুমার ঠাকুর-প্রবর্তিত অ্যাকাডেমি অব ফাইন আর্ট্‌স্ (সুকুমার শিল্প পরিষৎ) কি বছর মিউজিয়ামে দেশী ও বিদেশী দুই রীতির কাজ একসঙ্গে দেখিয়েছে। ১৯৮০ সনের বঙ্গ-শিল্পীরা এইরূপ সর্ব্বমুকের আদর্শেই বেশী-বেশী প্রেরণা পাবে।

প্র:—আর্থিক ক্ষেত্রে ১৯৮০ সনের বাঙালী জাতের অবস্থা কিরূপ মনে হচ্ছে?

উ:—যন্ত্রনিষ্ঠ শিল্পের কারবারে বাঙালী জাতের হাত-পা ও মগজ কিছু-কিছু পেকে উঠ্‌বে। ব্যাঙ্ক, বীমা, বহির্ব্বাণিজ্যও খানিকটা বড়-বহরে বাঙালীর হাতে আস্‌বে। কিন্তু মোটের উপর বাঙালী জাত্ কৃষি-সম্বলই র'য়ে যাবে। মাথা-পিছু দারিদ্র্য বাংলার নর-নারীর বড়-বেশী কম্‌বে না। আর্থিক উন্নতির মাত্রা থাক্‌বে বৎসামান্য মাত্র।

তবে ব্যক্তিগত, পারিবারিক ও সার্ব্বজনিক স্বাস্থ্যের দিকে বাঙালী জাতের নজর যাবে। বিধান রায় ও অমূল্য উকিল আর সরকারী স্বাস্থ্য-বিভাগের অনিল চ্যাটার্জ্জি ইত্যাদি ডাক্তারদের প্রচারিত পথে বাঙালী জাত্ স্বাস্থ্যের আন্দোলনে নজর দিতে সুরু করবে। ফলতঃ মৃত্যুহার ক'মে আস্‌বে। জন্মহার কিছু কম্‌তে পারে। মোটের উপর বৃদ্ধি-হার নিচু, বাটো বা অল্পমাত্র থাক্‌বে।

প্র:—বাঙালী সমাজে সোস্যালিজ্‌মের প্রভাব কিরূপ হবে?

উ:—একালে সমাজ-তন্ত্র (সোস্যালিজ্‌ম্) গোটা দুনিয়ার আর্থিক ও রাষ্ট্রিক ব্যবস্থায় প্রথম স্বীকার্য্য বা হাতের পাঁচ বিশেষ। বাংলাদেশেও সেই অবস্থা প্রায় আস'-আস' হ'য়েছে। বাঙালী সমাজে সমাজ-তন্ত্রের দিগ্‌বিজয় সম্বন্ধে নতুন-কিছু বল্‌বার নেই। তবে জেনে রাখা উচিত যে, এই সমাজ-তন্ত্র হবে একালের জার্ম্মাণ-ইংরেজ সমাজ-তন্ত্রের মাসতুতো ভাই। সোভিয়েট রুশিয়ার অন্ত ঢঙের সমাজ-তন্ত্র কায়েম হ'য়েছে। তাকে বলি কমিউ-নিজ্‌ম্। রুশ সমাজ-তন্ত্র বিলাতেও নেই আর জার্ম্মাণিতেও নেই। বাঙালীর চরিত্রে আর ক্ষমতায় আজ পর্য্যন্ত এমন-কিছু দেখা যাচ্ছে না যার ফলে ১৯৮০ সনের যুগে রুশ কায়দার সমাজ-তন্ত্র কায়েম হ'তে পারে। তবে "অনিশ্চিত" শক্তি ও সুযোগের কার্য্যফল আলাদা।

:—বিদেশে বাঙালীর নাম-ডাক ১৯৮০ সনে কিরূপ থাক্‌বে?

উ:—১৯০৫ সনে বাঙালীর নামডাক বিদেশে ছিল কতটা? ধরা যাক্ তার কিম্বৎ হ'চ্ছে "ক"। ১৯৪২ সনে এই নামডাকের কিম্বৎ কত? আমার বিবেচনায় কমসে-কম পঁচিশ গুণ অর্থাৎ ২৫ ক। তা'হলে ১৯৮০ সনে দেখতে পাচ্ছি কিম্বতের পরিমাণ ২৫০০ ক। বাংলার নরনারী বিদেশের সঙ্গে আনাগোনায়, মেলামেশায়, কাজকর্ম্মে, টক্করে-সহযোগিতায় এগিয়ে যাবে এক-শ গুণ। এই আমার বিশ্বাস। "বিশ্বশক্তির সদ্ব্যবহার" চল্‌বে যখন-তখন যেখানে-সেখানে। এ চিজটা দাঁড়িয়ে যাবে ডাল-ভাত খাবার মতন।

বাঙালীর বাচ্চাকে বিদেশ-দক্ষ কর্‌বার কাজে যোগেন ঘোষ উঠে-প'ড়ে লেগেছিলেন ১৯০৩-০৪ সনে। বঙ্গ-বিপ্লবের আর্থিক আন্দোলনে তাঁর বিদেশ-প্রেরণ-সমিতির কার্য্যফল বিপুল। ১৯৪২ সনে বিদেশ-দক্ষ বাঙালীর দল বহরে বেশ-পুরু। এই দলের আকার-প্রকার আগামী দশকের ভেতর অভাবনীয়রূপ বেড়ে যাবে। তার পরে বাড়্‌বে আরও বেশী-বেশী।

প্র:—১৯৮০ সনের ভেতর দুনিয়ার লড়াইয়ের অবস্থা কিরূপ দেখ্‌ছেন?

উঃ—অনেকবার নানা জায়গায় ব'লেছি যে, বর্ত্তমানের লড়াই হ'চ্ছে বিংশ শতাব্দীর দ্বিতীয় কুরুক্ষেত্র। এটা খতম হ'তে পারে ১৯৪৫ সনে। তৃতীয় কুরুক্ষেত্রের যোগ দেখ্‌তে পাচ্ছি ১৯৮০-৮৫ অথবা ১৯৬৫-৭০ সনের যুগে। এই সব কথা "পোলিটিক্যাল ফিলজফির সিক্স ১৯০৫" বইয়ের দ্বিতীয় ভাগের তিন খণ্ডের (১৯৪২) ভেতর নানা উপলক্ষে আলোচিত হ'য়েছে। ১৯৮০ সনের পূর্ব্বেই একটা মহালড়াইয়ের সম্ভাবনা আছে। আর তাতেও বাঙালী জাত্ "বাড়্‌তির পথে"ই এগিয়ে চল্‌বে।

প্রঃ—বাঙালীর মগজ ভবিষ্যতে দাঁড়াবে কিরূপ?

উঃ—বাঙালীর মগজ অপেক্ষাকৃত যুক্তিনিষ্ঠ, বিজ্ঞান-নিষ্ঠ ও যন্ত্রনিষ্ঠ হবে। ১৯৮০ সনের বিচারে ১৯৪২ সনের কাজকর্ম্মের অনেক-কিছু বিবেচিত হবে আহাম্মুকি ও পুরাপুরি বর্জ্জনীয় মাল। খানিকটা হয়তো পরিশোধিত ও রূপান্তরিত হ'য়ে থেকে যাবে। সামান্য মাত্র দাঁড়িয়ে থাক্‌বে টেকসই ভাবে। একালের অনেক হোমরা-চোমরাকেই ১৯৮০ সনের ছোকরারা নকড়া-ছকড়া ভাব্‌বে।

প্রঃ—শিক্ষার অবস্থা কিরূপ দাঁড়াবে?

উঃ—আজকাল শতকরা দশজন মাত্র লিখ্‌তে-পড়্‌তে পারে। ১৯৮০ সনের অবস্থায় এই অনুপাত হবে শতকরা বিশ জন,—বড়জোর পঁচিশ জন,—পর্য্যন্ত উঠবে। তার চেয়ে বেশী উঁচু হার এখনো,—"বস্তুনিষ্ঠ"ভাবে, অর্থাৎ সংখ্যাশাস্ত্রের "কৌত" দেখে'—বিশ্বাস কর্‌তে পার্‌ছি না।

পত্রিকা-জগৎ

"আমেরিকান্ সোসিয়োলজিক্যাল রিভিউ"

(ডিসেম্বর ১৯৪২)

দ্বৈমাসিক পত্রিকা—আমেরিকান্ সোসিয়োলজিক্যাল্ সোসাইটীর মুখপত্র। ওয়াশিংটন, ষ্টেট্ কলেজের অধ্যাপক চার্লস ভাম্রিউ, নেলসন কর্ত্তৃক লিখিত বুদ্ধিবৃত্তির উপর শহর ও পল্লীর প্রভাব শীর্ষক প্রথম প্রবন্ধটী রীতিমত প্রণিধানের যোগ্য। বুদ্ধিবৃত্তির পরীক্ষায় দেখা যায় পাড়াগাঁয়ের ছেলেরা শহরে ছেলেদের তুলনায় অনেকখানি অনগ্রসর। বুদ্ধিবৃত্তির এই পার্থক্যটা জন্মগত না অর্জ্জিত, তা নিয়ে বিশেষজ্ঞদের মধ্যে খুব বেশী মত-বিরোধ উপস্থিত হয়েছে। চিত্তবিজ্ঞান-বিদ্‌দের মতে শহরে ছেলেরা জন্মগত শ্রেষ্ঠত্বের অধিকারী। সমাজ-বিজ্ঞানবিদ্‌দের মতে কিন্তু পারিপার্শ্বিক অবস্থাই এর জন্য দায়ী। সমস্যাটী জটিল, এবং এ-সম্বন্ধে এখনও চরমসিদ্ধান্ত স্থির হয় নাই। প্রবন্ধটী পড়িলে সমস্যাটী সম্বন্ধে অনেক কিছু জ্ঞাত হওয়া যাইবে।

আভ্যন্তরীণ নিগ্রো চলাচল প্রবন্ধটীও প্রয়োজনীয় তথ্যাদিতে পরিপূর্ণ। আমেরিকার নিগ্রোরা কি ভাবে এবং কি জন্য এক অঞ্চল হইতে অন্য অঞ্চলে বসবাসের জন্য যাত্রা করে সে সম্বন্ধে এই প্রবন্ধে গবেষণা করা হইয়াছে। দলে দলে ও ব্যক্তিগত ভাবে দুই ভাবে এই চলাচল ঘটিয়া থাকে। এ-সম্বন্ধে বর্ত্তমানে একরূপ পরিবর্ত্তন ঘটিয়াছে আলোচ্য প্রবন্ধে তাহার হদিস মিলিবে।

এই মার্কিণ পত্রিকাখানি যে কি ধরণের চিজ তা এই দুইটী প্রবন্ধ হইতে বেশ বুঝা যাইতেছে।

আলোচ্য পত্রিকায় আরও কয়েকটী সামাজিক তথ্যপূর্ণ প্রবন্ধ স্থানলাভ করিয়াছে। ছাত্রদের বিবাহ সম্বন্ধে লিখিত প্রবন্ধটী বিশেষভাবে উল্লেখযোগ্য। আর একটী প্রবন্ধে ইহুদীদের সম্বন্ধে জনসাধারণের মনোভাব লইয়া আলোচনা করা হইয়াছে। অপরাধতত্ত্ব সম্বন্ধেও গোটা-দুয়েক প্রবন্ধ স্থান লাভ করিয়াছে। গ্রন্থ সমালোচনা সেক্সনটীও রীতিমত সমৃদ্ধ।

সমালোচনা

"টুমরো, অলওয়েজ্ কামস্"; জার্গন বার্টলেট্; টোরোন্টো; দি ম্যাক্‌মিলান কোম্পানি অব্ ক্যানাডা; ১৯৪৩; ১২৮ পৃঃ; বেড ডলার।

ভূয়োদর্শী ও বহু অভিজ্ঞ গ্রন্থকার কর্তৃক লিখিত কল্পনামূলক চমৎকার পরিকল্পনা। নাটকীয় ঘটনাবলীর মধ্যে বর্ত্তমান ইউরোপীয় সংগ্রামের যে কিভাবে পরিসমাপ্তি ঘটিতে পারে, আলোচ্য গ্রন্থে তাহা মনোজ্ঞ ভাষায় বর্ণিত হইয়াছে। পুনর্গঠন সম্বন্ধে আজকাল পাদায় পাদায় গ্রন্থ প্রকাশিত হইতেছে। কাজেই আলোচ্যগ্রন্থে এ সম্বন্ধে যে মোলাবিষয়টার আভাষ দেওয়া হইয়াছে, তাহা অনেকটা আটপৌরে গোছেরই মনে হইবে। কিন্তু তাহা হইলেও, যুদ্ধশেষে যেসমস্ত সমস্যার সমাধানের প্রয়োজন হইবে, সেইগুলির জটিলতা সম্পর্কে রীতিমত গুরুগম্ভীরভাবে পুনরায় দৃষ্টি আকর্ষণ হিসাবেই বইখানা বেশ কার্য্যকরী বিবেচিত হইবে। তাছাড়া অনাগত ভবিষ্যতকে রূপ দেওয়া সম্পর্কে গ্রন্থকার নিজেও অনেক কিছু মূল্যবান ইঙ্গিত বাৎলাইয়াছেন।

"দি বৃটেন আই ওয়ান্ট"; ইমানুয়েল সিন্‌ওয়েল; লণ্ডন; ম্যাক্‌মোনাল্ড অ্যাণ্ড কোং; ১৯৪৩; ২১৬ পৃঃ; সাড়ে দশ শিলিং।

আলোচ্য গ্রন্থে যুদ্ধোত্তর যুগে গ্রেটবৃটেনের আভ্যন্তরীণ সংস্কারের উপর বিশেষ জোর দেওয়া হইয়াছে। বৃটিশ জনসাধারণ যে সত্যসত্যই এই সংস্কারের পক্ষপাতী তাহা বিশেষভাবে বুঝাইবার উদ্দেশ্যে গ্রন্থকার বৃটেনের প্রাক্‌যুদ্ধ অবস্থার প্রতি তীব্র কশাঘাত করিয়াছেন। অভাব, রোগ, অজ্ঞতা, অপরিচ্ছন্নতা ও কুঁড়েমি—এই পাঁচ দৈত্যের বিরুদ্ধে ইনি জেহাদ ঘোষণা করিয়াছেন। গ্রন্থকারের মতে, যুদ্ধের সময় রাষ্ট্র যখন মানুষের ধনমুণ্ডের কর্ত্তা, তখন শান্তির সময় রাষ্ট্রের পক্ষে প্রজাপুঞ্জের সকলপ্রকার অভাব-অভিযোগ পূরণের প্রয়োজন। এজন্য রাষ্ট্রকে শ্রেণীগত পার্থক্য ও বেকার সমস্যা দূর করিতে হইবে, ব্যাপক সামাজিক নিরাপত্তার ব্যবস্থা করিতে হইবে এবং শিক্ষা ব্যবস্থার ও ব্যাঙ্কিং প্রথার আমূল পরিবর্ত্তন সাধন করিতে হইবে। গ্রন্থকার তাঁহার গ্রন্থে বাসগৃহ-বিষয়ক এক চমৎকার পরিকল্পনাও স্থির করিয়াছেন।

গ্রন্থপঞ্জী

১। কম্পারেটিভ্ সাইকোলজী অব্ মেণ্টাল ডেভেলপমেণ্ট, হিঙওয়ার্থ; অনুবাদক, ই বি গার্ভাসাইর্ড; নিউইয়র্ক; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স; ১৯৪০; ৪১০ পৃঃ; ৩ ডলার।

২। সোস্যাল সাইকোলজী (দ্বিতীয় সংস্করণ); রিচার্ড টি লাপিয়ারে ও পল আর ফার্নসওয়ার্থ; নিউইয়র্ক; ম্যাক্‌গ্র'-হিল বুক কোম্পানি; ১৯৪২; ৪১১ পৃঃ; সাড়ে তিন ডলার।

৩। সোস্যাল লার্নিং অ্যাণ্ড ইমিটেশন; নিলই মিলার ও জন ডলার্ড; নিউ হ্যাভেন; ইয়েল ইউনিভার্সিটী প্রেস; ১৯৪১; ৩৪১ পৃঃ; সাড়ে তিন ডলার।

৪। সোস্যাল কণ্ট্রোল থ্রু ল; রবো পাউণ্ড; নিউহ্যভেন ইয়েল ইউনিভার্সিটী প্রেস; ১৯৪২; ১৩৮ পৃঃ; ২ ডলার।

৫। আমেরিকান্ সোস্যাল প্রবলেমস্; মেরী এলিজাবেথ ওয়ালস্; নিউইয়র্ক, অ্যাপলটন-সেঞ্চুরী কোং; ১৯৪২; ২০৪ পৃঃ; ২ ডলার।

৬। দি নিউজ পেপার অ্যাণ্ড সোসাইটী; জর্জ এল বার্ড ও ফ্রেডারিক ই মেকহল্; নিউইয়র্ক; প্রেন্টিস হল; ১৯৪২; ৬২৭ পৃঃ; ৪ ডলার।

৭। নীড্‌স্ অব্ চিল্ড্রেন; কেন্ট্রিজ; হাউটন মিফলিন কোম্পানি; ১৯৪১; ২৬৬ পৃষ্ঠা; আড়াই ডলার।

'ডাস্ ক্যাপিটাল'-এ মার্ক্সএর প্রতিপাদ্য

অধ্যাপক কস্তুরচাঁদ লালুভানী, এম্ এ, পুনা, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের অবৈতনিক গবেষক

(পূর্বানুবৃত্তি)

ধনতান্ত্রিক উৎপাদনের অন্তর্নিহিত বিরোধের ফলে যে সামাজিক সংঘর্ষের উদ্ভব হয় তার পরিণতিটা বেশী কি কম এটা আসল প্রশ্নই নয়; আসল আলোচনার বস্তু হচ্ছে এই নিয়মগুলিই। যে পরিণাম এড়াবার কোন উপায় নেই, সেদিকে কেমন করে অনিবার্যাভাবের কণ্টক-গুলো প্রবণতা এসে যায় সেটিই হচ্ছে বিবেচ্য। যে দেশ শিল্পে অধিকতর প্রগতিশীল, সেই দেশ অপেক্ষাকৃত কম উন্নত দেশের সামনে তার ভবিষ্যৎ রূপের একটা পূর্বাভাস এনে দেয় এই মাত্র।

তাছাড়া জার্মানিতে যেখানে যেখানে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থা জার্মান জাতির ভিতরে মজ্জাগতভাবে পড়েছিল, সেই সব জায়গায় কারখানা আইনপরিদর্শক প্রতিষেধকের অভাবে অবস্থা হয়েছিল ইংলণ্ডের চাইতেও শোচনীয়। অন্যান্য বিষয়ে, পশ্চিম ইউরোপের অন্য সব ভূখণ্ডের মত জার্মানরাও ভূগোল ভূগছিল কেবল ধন-তান্ত্রিক ব্যবস্থার প্রসারের ফলেই নয়, এর পরিণতির অপূর্ণতার ফলেও। আধুনিক কালের অভিশাপের পাশে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত আরও যত অভিশাপ—যেগুলোর উদ্ভব হয়েছে সেকেলে উৎপাদন প্রণালীর নির্জীব, অস্থির এবং সেকেলে অপরিহার্য রাজনৈতিক ও সামাজিক অবস্থা থেকে—আমাদের উৎপীড়ন করছে নানান সামাজিক এবং রাজনৈতিক অপরিহার্য অবস্থার উদ্ভব ঘটিয়ে। আমরা অত্যাচারিত হচ্ছি শুধু বর্তমান দিয়েই নয়, যা অতীত, যা মরে গেছে তাও আমাদের উৎপীড়ন করছে। আজও যে সব দেশে ধনতান্ত্রিক পূর্ণতম বিকাশ সম্ভব হয় নি তাদের অবস্থা মার্কসের সমসাময়িক জার্মানির অবস্থারই মত—তাদের উৎপীড়ন হচ্ছে শুধু অপূর্ণ ধনতান্ত্রিক ব্যবস্থা দিয়েই নয়, সেই সঙ্গে সেকেলে যে সব প্রতিষ্ঠান আজও খুঁটো গেড়ে বসে আছে তাদের দিয়েও। এই যে অতীত ও বর্তমানের নিষ্পেষণ, এ থেকে এরা আজও উদ্ধার পেল না।

তাঁর সময়কার জার্মান ধনতন্ত্রের কথা বলতে গিয়ে মার্কস বলছেন যে, ইংলণ্ডের তুলনায় জার্মানি এবং অবশিষ্ট পশ্চিম ইউরোপীয় ভূভাগের যা সংখ্যা-ঘটিত বর্তমান সংগৃহীত হয়েছে, তার অবস্থা অভিশোচনীয়। কিন্তু যেটুকু পাওয়া যায়, তাতেই গ্রীক পুরাণের নেড়ুসা দানবের মাথা একটু নজরে পড়ে। জার্মান সরকার যদি ইংলণ্ডের মত অর্থ নৈতিক অবস্থা তদন্তের জন্য সময় সময় তদন্তকারী সমিতি নিয়োগ করতেন, আর এইসব সমিতিকে যদি সত্য সিদ্ধান্তে উপনীত হবার উপযোগী পূর্ণ ক্ষমতা দেওয়া হতো, আর যদি ইংরাজ কারখানা-পরীক্ষক-দের মত যোগ্য পক্ষপাত-দোষমুক্ত লোক মিলতো, জন-সাধারণের স্বার্থে এবং স্ত্রী ও শিশু শ্রমিকদের নির্যাতনের বিবরণ যদি তাঁরা দিতেন, তাহলে আমরা বিস্ময়ে হতবাক্ হয়ে যেতাম। মানবকুল নিধনের জন্যে পারসিউস এক ভীতিপ্রদ টুপী ব্যবহার করেছিলেন যাতে দানবগুলো তাঁকে দেখতে না পায়; আমরা সেই টুপী দিয়ে নিজেদের চোখগুলো ঢেকে ফেলেছি এবং এই ভুল বিশ্বাস নিয়ে বসে আছি যে কোথাও কোন রৈত্য-দানব নেই। এ বিষয়ে আমাদের আত্মপ্রতারণা আর সম্ভব হবে না। অষ্টাদশ শতাব্দীতে যেমন আমেরিকার স্বাধীনতা সংগ্রাম ইউরোপীয় মধ্যবিত্ত সম্প্রদায়ের কাছে ভবিষ্যৎ ভয়ের একটা পূর্বাভাস এনে দিয়েছিল, ঊনবিংশ শতাব্দীতেও ঠিক তেমনি আমেরিকার গৃহবিবাদ বাজিয়েছিল ইউরোপীয় শ্রমিক-দের কাণে বিপদসূচক ঘণ্টা। মার্কসের সময়ই কোন-কোন দেশে, বিশেষ করে শিল্প জগতে অগ্রণী ইংলণ্ডে, এই সামাজিক তাণ্ডবের প্রসার বেশ অনুভূত হচ্ছিল। এই তাণ্ডব যখন একটা বিশেষ নির্দিষ্ট অবস্থায় এসে পৌঁছুবে তখন তার প্রতিক্রিয়া সুরু হবে সারাটা পৃথিবী জুড়ে। আর শ্রমিকশ্রেণীরই পরিপুষ্টির পরিমাণ অনুসারে এটি স্থায়ীও হবে অধিকতর ভয়াবহ, পাশবিক, আর কোথাও হবে মানবসুলভ মৃদুতাসম্পন্ন। তাই মহান কোন লক্ষ্যের কথা ছেড়ে দিয়েও শাসক-সম্প্রদায়ের নিজেদের স্বার্থেই তাদের কর্তব্য হয়ে পড়েছে শ্রমিক সম্প্রদায়ের স্বাধীন

পরিণতির পথে আইন করে সরাণো যায় এমন যে সব বাধা রয়েছে সেগুলোর উচ্ছেদ করা। এই জন্যেই মার্কস তাঁর গ্রন্থে ইংলণ্ডের কারখানা আইন সম্বন্ধে এত কথা বলেছেন। কিন্তু এতেও যখন কাজ পুরোপুরি এগুলো না, তখন জার্মানিতে সামাজিক বীমা এবং ইংলণ্ডে জাতীয় বীমা বিষয়ক আইন প্রণয়ন কর্তে হয়। কিন্তু আসল সমস্যার সমাধান এতে কোনদিনই সম্ভব নয়। অবশ্য এক দেশের লোক অন্য দেশের লোকের কাছে অনেক কিছু শিখতে পারে এবং শেখা উচিতও। এই ভাবে যখন মানব সমাজের একটা অংশ তার অগ্রগতির স্বাভাবিক নিয়ম খুঁজে পায় ও ঠিক পথে যাত্রা সুরু করে, তখনও স্বাভাবিক পরিণতির বিভিন্ন অবস্থায় যে সব বাধার উৎপত্তি হয়, সাধন করে লাফিয়ে সেগুলো অতিক্রম করা সম্ভব নয়, আইন করে সেগুলোকে সরিয়ে দেওয়াও সব সময় হয়ে উঠে না। তবে এই সব আইনে নূতন সমাজ-ব্যবস্থার প্রসব-বেদনার কথঞ্চিৎ লাঘব হতে পারে. এবং পরিণতির সময়ও সঙ্কুচিত করতে পারে। ডাসক্যাপিটাল গ্রন্থে মার্কসের চরম উদ্দেশ্যই হচ্ছে তাঁর সমসাময়িক সমাজ প্রগতির অন্তর্নিহিত অর্থনৈতিক নিয়মসমূহের পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ।

একটা কথা এখানে বলে রাখি। মার্কস যখনি তাঁর গ্রন্থে ধনিক বা জমিদারের কথা বলেছেন, তখনি তাদের ধরে নিয়েছেন অর্থনৈতিক চিন্তাধারার এক একটি প্রতিরূপ হিসাবে, বিশেষ শ্রেণী-সম্পর্ক ও শ্রেণীস্বার্থের মূর্তবিগ্রহ হিসাবে। মার্কস যে দৃষ্টিভঙ্গীতে ইতিহাসের ধারায় সমাজের অর্থনৈতিক গঠনের ক্রমবিন্যাসকে দেখেছেন, তাতে এইসব লোককে ধরে নিতে হয়েছে সামাজিক ভাবে তারা যে সম্পর্কের সৃষ্টি সেই সম্পর্কের জন্যে দায়ী করে—ব্যক্তিগত ভাবে সেই অবস্থা থেকে নিজেকে তারা যতই উন্নত করুক না কেন।

অর্থনীতির ক্ষেত্রে স্বাধীন বৈজ্ঞানিক অনুসন্ধানের পথে অপরাপর ক্ষেত্রের মত একই প্রকার প্রতি-পন্থীর সম্মুখীন হতে হয় না। অর্থনীতিশাস্ত্রে যে বিশেষ বিষয় নিয়ে নাড়াচাড়া করে, তাতে মানব হৃদয়ের সর্বাপেক্ষা উগ্র, হীন, হিংসা-কুটিল প্রবৃত্তি এবং ব্যক্তিগত স্বার্থের প্রবল আবেগ বাধা হয়ে দাঁড়ায় ও অনুসন্ধানকারীকে সমরে আহ্বান করে। উদাহরণ দিতে গিয়ে মার্কস বলছেন যে, বিলিতি 'বিবিবহু গির্জার' ধর্মযাজকেরা তাদের পর্শের ৩৯টি সূত্রের মধ্যে ৩৮টির উপর আক্রমণ নির্বিবাদে ক্ষমা কর্তে পারে, কিন্তু তাদের আয়ের ১/৩ অংশের উপর আক্রমণ তারা সইবে না। আজকাল প্রচলিত ব্যক্তিগত সম্পদের বিরুদ্ধে কথা বলাটা নাস্তিকতার চেয়েও বড় অপরাধ। কিন্তু তা সত্ত্বেও অভাবনীয় উন্নতি ঘটে গিয়েছে। এ সব সময়েরই ফল—কিছুতেই ঠেকে রাখা যায় না। এতে একথাই প্রমাণিত হচ্ছে, যে বর্তমান সমাজ ব্যবস্থা শাশ্বত, সনাতন কিছু নয়; এ এমন একটা বস্তু যার পরিবর্তন সম্ভব-এবং যার পরিবর্তন ঘটেছে প্রতিনিয়ত। এই সত্যটা শাসক সমাজ ও বেশ ভাল ভাবেই বুঝেছে। তাই না এত আয়োজন, এত পরিকল্পনা নূতন নূতন পরিস্থিতির সমাধান কর্বার।

মার্কস ডাস ক্যাপিটালের (১৮৭১) প্রথম সংস্করণের ভূমিকায় যে কথাগুলো বলেছেন তা আমরা দেখলাম। এখানে সমাজের অর্থনৈতিক বিকাশের জীবকোষের বিশ্লেষণই তাঁর কাজ—আর এবিষয়ে আজ পর্যন্ত কোন অর্থনীতিবিদ্ বাস্তবের ত্রিসীমা থেকে তাঁর সমকক্ষতা কর্তে পারেন নি। এঁরা সবাই খোসাটা নিয়ে ব্যস্ত—সামাজিক অর্থনীতির মূল দিকটাই এদের বিশ্লেষণের উপাদান। তাঁর গ্রন্থের দ্বিতীয় সংস্করণের (১৮৭৩) ভূমিকায় অর্থনীতির মত-বাদের দিক সম্বন্ধে মার্কস যে কথাগুলো বলেছেন, সেগুলো আর্থাদিকে উদ্দেশ্য করেই বলা হয়েছে বটে। অবশ্য, জার্মাণ ধনতন্ত্র সে স্তর থেকে আজ অনেক এগিয়ে এসেছে। কিন্তু যে সব দেশ আজও সেই একই স্তরে রয়েছে বা ওদে পৌঁছেছে, তাদের পক্ষে মার্কসের কথাগুলো আজও সমভাবেই সত্য।

(ক্রমশঃ)

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

অগ্রহায়ণ—১৩৫১ ১৯শ বর্ষ—৮ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পৃথিবীর পুত্র আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বাঙলায় বিদেশী কৃষি-বিশেষজ্ঞ

মিউজিল্যাণ্ড গভর্ণমেণ্ট বাঙলা সরকারকে যার স্বরূপ তিনজন কৃষি-বিশেষজ্ঞ প্রদান করিয়াছেন। ইঁহারা গত ৪ঠা সেপ্টেম্বর তারিখে বিমানযোগে কলিকাতায় পৌঁছিয়া স্ব স্ব কার্য্যভার গ্রহণ করিয়াছেন। বিশেষজ্ঞগণ এক বৎসর কাল এখানে থাকিবেন। ইঁহাদের দুই জন ডেয়ারী পরিচালন ও পশু-স্বাস্থ্য সম্পর্কে এবং অপর একজন পক্ষিপালন বিষয়ে বিশেষজ্ঞ।

তন্তুবায়দিগকে সুতা সরবরাহ

গত শনিবার সকালে বাংলার প্রধান প্রধান বয়নকেন্দ্রের মহকুমা হাকিমদিগকে খাদ্যসচিব মিঃ সুরাবর্দ্দি এক সম্মেলনে আহ্বান করেন। প্রকাশ, তাঁতিদিগকে প্রয়োজনীয় সুতা যোগান ও তাহাদের তৈয়ারী জিনিষের সেন্সাস গ্রহণের সিদ্ধান্ত সম্মেলনে গৃহীত হইয়াছে। তাঁতিদিগকে সুতা সরবরাহ করা সম্পর্কে রেশনিং প্রথা প্রবর্ত্তনের ব্যবস্থা হইতে পারে।

কলিকাতা হইতে বিভিন্ন কেন্দ্রে সুতা সরবরাহ কিভাবে নিয়ন্ত্রিত হইতে পারে, তৎসম্পর্কে গভর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন।

ম্যালেরিয়ার প্রকোপ

এতদঞ্চলের সহর ও মফঃস্বলের সর্ব্বত্রই পুনরায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ব্যাপকভাবে বৃদ্ধি পাইতে থাকায় এখন এই ধান কাটার সময় সকলেরই যেরূপ অসুবিধা ঘটিয়াছে, তেমনি শ্রমিক অভাবে রবিশস্য আবাদ কার্য্যেরও ব্যাঘাত ঘটিতেছে। একে ত ঔষধ, পথ্য ও ডাক্তারের অভাব, তারপর এক একটী গৃহস্থবাড়ী হাসপাতালে পরিণত হওয়ায় রোগীর সেবা ও ঔষধপথ্যাদি যোগাইবার জন্য যে দারুণ ক্লেশ ভোগ করিতে হইতেছে, তাহা বর্ণনাতীত। ম্যালেরিয়া একবার যাহাকে ধরিতেছে, দীর্ঘকাল ধরিয়া পুনঃ পুনঃ আক্রমণ করিয়া তাহার শক্তিক্ষয় করিয়া দিতেছে। এজন্য শ্রমিকের অভাব অতি তীব্রভাবে অনুভূত হইতেছে। এ ছাড়া সরকারী ভাণ্ডার নির্ম্মাণাদি কার্য্যে অনেক শ্রমিক এবং বাঁশ প্রভৃতি প্রয়োজন হওয়ায় উক্ত দুই জিনিষই ক্রমে দুষ্প্রাপ্য হইয়া উঠিতেছে। বাত্যাবর্ত্তে যেসের বাঁশঝাড় সকল নির্ম্মূল হইয়াছে। যে বাঁশের একশতের দাম ৮৫০৲ টাকার বেশী ছিল না তাহার দাম ৬০।৭০৲ টাকা হওয়ায় বিপন্ন ব্যক্তিদের বিধ্বস্ত গৃহের পুনঃ নির্ম্মাণও দুঃসাধ্য হইয়া পড়িয়াছে। ইহার উপর

দারুণ শীত পড়িয়াছে। কাজেই শীত ও ম্যালেরিয়ার আক্রমণে লোকে জীবন্মৃত হইয়াছে। সহর কি পল্লীর পথঘাট ও জলাশয়সমূহ ম্যালেরিয়ার বিষবাহী মশক উৎপাদনের আকরস্বরূপ নানা দূষিত আবর্জ্জনাদিতে পরিপূর্ণ থাকিয়া চারিদিকেই ব্যাপকভাবে ম্যালেরিয়ার বিষ বিস্তার করিতে থাকায় এখন কি গভর্ণমেণ্ট কি দেশবাসী সকলেই একযোগে ইহার প্রতিকারে বদ্ধপরিকর না হইলে ম্যালেরিয়া-বিধ্বস্ত চন্দ্রকোণা প্রভৃতি স্থানের ন্যায় এতদঞ্চল যে উজাড় হইয়া যাইবে, তাহার বিচিত্র কিছুই নাই। (নীহার—কাঁথি)

কমলাঘাটের অগ্নিকাণ্ড

মুন্সীগঞ্জ মহকুমার অবস্থিত কমলাঘাট বন্দরে গত ২৬-২৭ অক্টোবর রাত্রিতে অগ্নিকাণ্ড ঘটায় যাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছে, তাহাদিগকে গভর্ণমেণ্ট সহানুভূতি জানাইতেছেন। এই সম্পর্কে সংবাদপত্রসমূহে যেসমস্ত উক্তি ও মন্তব্য প্রকাশ করা হইয়াছে, তাহা বস্তুত্ব বজায় রাখার পক্ষে একান্ত ক্ষতিকর। তদন্ত-কার্য্য এখনও চলিতেছে; কিন্তু জনসাধারণকে সুনিশ্চিত-ভাবে বলা যাইতে পারে যে, এই ঘটনা সাম্প্রদায়িক বিদ্বেষ-প্রসূত বলিয়া মনে করিবার কোন কারণ পাওয়া যায় নাই। কোনপ্রকার লুটতরাজ হয় নাই। সমস্ত সংবাদপত্র ও জনসাধারণকে গভর্ণমেণ্ট বুঝাইয়া দিতে চাহেন যে, অভিযোগ ও পাল্টা অভিযোগ হইতে বিরত হওয়া আবশ্যক, অন্যথা বন্ধুত্ব স্থাপনে বিঘ্ন ঘটিবে এবং তদন্ত-কার্য্য সুচারুরূপে সম্পন্ন করা সম্ভবপর হইবে না।

অগ্নিকাণ্ডে ক্ষতি

কমলাঘাটের অগ্নিকাণ্ডের ফলে সরকারী গুদামের ১৩২৩ মণ চাউল, ৩৩৬৩ মণ ধান, পৌণে তিন মণি বস্তার ৯৫৬ বস্তা চিনি এবং অড়াইমণি বস্তার ৩২১৪ বস্তা লবণ পুড়িয়া নষ্ট হইয়াছে।

আর্থিক ভারত

কয়লা শিল্পের হালচাল

মাকুনীল গ্রুপের অন্তর্ভুক্ত কোল কোম্পানিগুলা ১৯৪৪ সনের ৩০শে জুন পর্য্যন্ত ছয় মাসে পূর্ব্ববর্ত্তী ছয় মাসের তুলনায় যথেষ্ট উন্নতি করিয়াছে। পূর্ব্ববর্ত্তী ছয় মাসের ৭,৮৪,১০০ টনের স্থলে আলোচ্য ছয় মাসে এই গ্রুপের অন্তর্ভুক্ত কয়লার খনিগুলি হইতে ১১,৪৪,০১৩ টন কয়লা উত্তোলিত হইয়াছে। ১৯৪৩ সনের একই সময়ে কয়লা উঠিয়াছিল ১০,২৬,৩৫৮ টন। চালান দেওয়ার হালচালও একই ধরণের। আলোচ্য সময়ে ১১,৪২,০৭৪ টন; পূর্ব্ববর্ত্তী দুই সময়ে যথাক্রমে ৮,০১,২৭৫ টন ও ১০,৫১,২৫৬ টন। মজুত কয়লার পরিমাণও অত্যন্ত কম; যথাক্রমে ৩৭,৯১৮ টন, ৫৭,৭১৬ টন ও ৫৫,৫৬৩ টন। কাজেই দেখা যাইতেছে যে, আলোচ্য ছয় মাসে মালগাড়ীর মোটেই অভাব ঘটে নাই। যে পরিমাণে কয়লা উত্তোলিত হইয়াছে, সেই পরিমাণেই প্রেরণ করাও হইয়াছে।

কয়লা বিক্রয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১·২৪ কোটী টাকা অর্থাৎ ৫০% বেশী বিক্রয় হইয়াছে। পূর্ব্ববর্ত্তী ছয় মাসে বিক্রয় দাঁড়াইয়াছিল ৬৩·৩ লক্ষ টাকা এবং ১৯৪৩ সনের একই সময়ে বিক্রয় হইয়াছিল ৫১·২ লক্ষ টাকা। পূর্ব্ববর্ত্তী ছয় মাসের তুলনায় এই সময়ে কোম্পানি আলোচ্য ছয় মাসে ৬ গুণ বেশী লাভ করিয়াছে; পূর্ব্ববর্ত্তী ছয় মাসের ৬·৩ লক্ষ টাকার স্থলে আলোচ্য সময়ে ৪৪·২৭ টাকা লাভ হইয়াছে। ১৯৪৩ সনের এই সময়ে লাভ হইয়াছিল ১০·৯ লক্ষ টাকা।

প্রগতির পথে "ইণ্ডিয়ান ব্যাঙ্ক"

মাদ্রাজের এই সুপ্রসিদ্ধ ব্যাঙ্কটী ১৯৪৪ সনের ৩০শে জুন পর্য্যন্ত ছয় মাসে দ্রুত উন্নতি লাভ করিয়াছে। ব্যাঙ্কের সাগর পারের শাখাগুলি শত্রুপক্ষের হস্তগত হওয়ায় ১৯৪২ সনে যে ক্ষতির সূচনা হইয়াছিল, এই উন্নতি তাহা অনেকাংশের পূরণ করিয়াছে। জনসাধারণ আবার ব্যাঙ্কের প্রতি আস্থা-সম্পন্ন হইয়াছে। ১৯৪৩ সনের গোড়ায় ব্যাঙ্কের

সঞ্চিত অর্থের পরিমাণ ছিল ৮·১৪ কোটী টাকা। এখন ইহার পরিমাণ দাঁড়াইয়াছে ৯·৫ কোটী টাকা। ১৯৪৩ সনের এই সময়ে সঞ্চিত অর্থের মোট পরিমাণ ছিল ৫·২৪ কোটী টাকা। কাজেই দেখা যাইতেছে ১৮ মাসের মধ্যে সঞ্চিত অর্থের পরিমাণ দ্বিগুণ হইয়াছে। প্রাপ্ত মূলধনের পরিমাণ ২৮·১ লক্ষ টাকার স্থলে ৩৩·৩ লক্ষ টাকা দাঁড়াইয়াছে। নগদ অর্থ ও পুঁজি নিয়োগ ৫·৮ কোটী টাকার স্থলে ৮·২৬ কোটী টাকা। নগদ অর্থের পরিমাণ ১·৮৮ লক্ষ টাকা; বাকী ৪·৩৮ কোটী টাকার মধ্যে ৪ কোটী টাকা প্রাদেশিক ও কেন্দ্রীয় গবর্ণমেণ্টের সিকিউরিটি, ৩৪ লক্ষ টাকা ষ্টেট লোন, ১৮ লক্ষ টাকা যৌথ কোম্পানির শেয়ার ও ডিবেঞ্চার।

১৯৪৩ সনের প্রথম ছয় মাসে ৫·৪৭ লক্ষ টাকা এবং গোটা ১৯৪৩ সনে ১০·২৭ লক্ষ টাকার স্থলে ১৯৪৪ সনের প্রথম ছয় মাসে ৭·৭৪ লক্ষ টাকা লাভ হইয়াছে। লাভের হার যদি অব্যাহত থাকে, তাহা হইলে এই সনে ব্যাঙ্ক ১৪ লক্ষ টাকা লাভ করিতে পারিবে। মেড় লক্ষ টাকা রিজার্ভ তহবিলে দেওয়া হইয়াছে। ফলে তহবিলের মোট পরিমাণ দাঁড়াইয়াছে ৩২ লক্ষ টাকা। ডিরেক্টরগণ ১০% ডিভিডেণ্ড ঘোষণা করিয়াছেন।

মহীশূর রাজ্যে তূলা উৎপাদন

১৯৪৪ সনের ফেব্রুয়ারী মাসে মহীশূর রাজ্যের কারখানাগুলিতে ১,৩৪৭ গাঁট তূলা পেশাই হইয়াছে (১ বেল বা গাঁট—৪০০ পাউণ্ড)। ১৯৪৪ সনের জানুয়ারী মাসে পেশাই হইয়াছিল ৩৬৯ গাঁট।

নিম্নের তালিকায় মহীশূর রাজ্যের কটনমিলগুলায় কি পরিমাণ তূলা ব্যবহৃত হইয়াছে, তাহার পরিচয় দেওয়া গেল :—

	গাঁট
১৯৪৪ সনের জানুয়ারী মাসে	৫,০০০
" ফেব্রুয়ারী "	৯,০৬৭
১৯৪৩ " " "	৬,৭৩৩
১৯৪৩ সনের ১লা সেপ্টেম্বর হইতে আলোচ্য সময় পর্য্যন্ত	৩১,৯৮৯
পূর্ব্ববর্ত্তী সনের একই সময়ের খাদন	৩৬,০২৯

দুনিয়ার ধনদৌলত

মার্কিণ যুক্তরাষ্ট্রে পশম উৎপাদন

১৯৪৩ সনে মার্কিণ যুক্তরাষ্ট্রে কাটা ও টানা উভয় জাতীয় মোট ৪৪৭,৯৭৮,০০০ পাউণ্ড পশম উৎপন্ন হইয়াছে, তন্মধ্যে কর্ত্তিত পশমের পরিমাণ ৩৮৪,৩৭৮,০০০ পাউণ্ড এবং উৎপাটিত পশম ৬৩,৬০০,০০০ পাউণ্ড। কর্ত্তিত পশমের মোট মূল্য ১৫৯,২৫৩,০০০ ডলার। ১৯৪৩ সনে মোট ৪৮,৫৭৩,০০০টী ভেড়ার পশম কর্ত্তিত হইয়াছে।

মার্কিণের পশু-সম্পদ্

১৯৪৪ সনের জানুয়ারী মাসে মার্কিণ যুক্তরাষ্ট্রের মোট পশুসম্পদের মূল্য অন্যূন পক্ষে ৮·৮ বিলিয়ন ডলার। এই তারিখে শূকরের সংখ্যা ৮৩,৭৫৬,০০০টী, মূল্য ১,৪৭১,৭৫৩,০০০ ডলার। ভেড়ার সংখ্যা ৫১,৭১৮,০০০টী, মূল্য ৪৪১,২৬৭,০০০ ডলার।

১৯৪৪ সনের ১লা জানুয়ারী তারিখে মার্কিণ যুক্তরাষ্ট্রে গরু-বাছুরের মোট সংখ্যা ৮২,১৯২,০০০টী, অর্থাৎ গত সনের তুলনা ৩,০৭৮,০০০টা অর্থাৎ ৪% বেশী। দুগ্ধবতী গরু ও বকনার সংখ্যা ৪০,৮৬৮,০০০ এবং অন্যান্য গরুর সংখ্যা ৪১,৩২৪,০০০টী।

১৯৪৪ সনের ১লা জানুয়ারী তারিখে মার্কিণ যুক্তরাষ্ট্রে ঘোড়ার সংখ্যা ৯,৩০০,০০০টী, গত বারের তুলনায় ঘোড়ার সংখ্যা ৩৪৫,০০০টী অর্থাৎ ৪% হ্রাস পাইয়াছে। এই সমস্ত ঘোড়ার মোট মূল্য ৭৩৩,২১১,০০০ ডলার। খচ্চরের সংখ্যা ৩,৭০৪,০০০ হইতে ৩,৪৫৯,০০০টীতে হ্রাস

পাইয়াছে। এই সমস্ত খচ্চরের মোট মূল্য ৫১০,১২২০০০ ডলার। টাকী পাখীর সংখ্যা ৭,৫২০,০০০টা, মূল্য ৩১,৮০৯,০০০ ডলার; মুর্গী ৫৭২,৪৬০,০০০টা মূল্য ৬৭০,৮০৯,০০০ ডলার।

মার্কিণমুল্লুকে মজুদ গম

ক্রপ্ রিপোর্টিং বোর্ডের হিসাবে প্রকাশ, ১৯৪৪ সনের ১লা জানুয়ারী তারিখে আভ্যন্তরীণ মিল, মালগুদাম ইত্যাদিতে মজুদ গমের পরিমাণ ছিল ১৪৫,৯৮৬,০০০ বুশেল। এক বৎসর পূর্ব্বের তুলনায় ইহা ৩২%, ১৯৪২ সনের ১লা জানুয়ারীর তুলনায় ৩৪% এবং ১৯৪১ সনের ১লা জানুয়ারীর তুলনায় ১৩% কম। রপ্তানির জন্য মজুদ মার্চেণ্ট মিলগুলিতে মজুদ এবং কমোডিটি ক্রেডিট কর্পোরেশনের তাঁবে যেসমস্ত গম রহিয়াছে তাহা এই হিসাবের অন্তর্ভুক্ত করা হয় নাই।

কৃষি খামারগুলিতে মজুদ গম পূর্ব্বোক্ত মজুদ গমের সহিত যোগ করিলে ১৯৪৪ সনের ১লা জানুয়ারী তারিখে মোট মজুদ গমের পরিমাণ দাঁড়ায় ৫২৪,১০৭,০০০ বুশেল। ১৯৪৩ সনের ১লা জানুয়ারী মজুদের পরিমাণ ৭২৮,৯০৬,০০০ বুশেল; কাজেই এই তারিখের তুলনায় মজুদের পরিমাণ ২৮% কম, কিন্তু ৮ বৎসরের (১৯৩৪-৪২) গড়ের (৩৪২,১৮৪,০০০ বুশেল) তুলনায় ৪৯% বেশী।

ব্যক্তি ও সঙ্ঘ

রুশিয়ার সংস্কৃতিমূলক প্রচেষ্টা

যুদ্ধের জন্য অত্যন্ত ব্যস্ত থাকা সত্ত্বেও সোভিয়েট গভর্ণমেণ্ট সোভিয়েট ইউনিয়ন হইতে নিরক্ষরতা দূর করিবার জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। তাঁহাদের শিক্ষা-সংক্রান্ত ব্যবস্থার ফল কিরূপ হইতেছে, তাহা লণ্ডনে প্রাপ্ত সংবাদ হইতে জানা যায়। জার্ম্মাণরা যখন রুশিয়া আক্রমণ করে, তখন সকল সাংস্কৃতি পদদলিত করিয়া এই দেশের লোককে দাসরূপে ব্যবহার করা তাহাদের একটি সুনির্দ্দিষ্ট লক্ষ্য ছিল। ইউরোপীয় রুশিয়ার একটা বিরাট অংশে তাহাদের এই উদ্দেশ্য সফল হইয়াছিল। এখন প্রত্যেক জেলার প্রধান কেন্দ্রে সংস্কৃতি পরিষদ স্থাপিত হইয়াছে। ইহাদের শিক্ষা-সংক্রান্ত কাজের জন্য গভর্ণমেণ্ট প্রচুর অর্থ-সাহায্য করিয়া থাকেন। সোভিয়েট রাজ্যে এইরূপ ১৮শত সংস্কৃতি পরিষদ আছে। এই সংস্কৃতিকেন্দ্র-গুলি ঐক্যতানবাদ্য, বক্তৃতা, প্রদর্শনী, গ্রাম্য সঙ্গীত, অভিনয় ও চলচ্চিত্রের ব্যবস্থা করিয়া থাকে।

এই সংস্কৃতি পরিষদগুলি ছাড়া রুশিয়ার গ্রামাঞ্চলে ৫০ হাজার সরকারী সংস্কৃতি-প্রতিষ্ঠান আছে। গ্রাম-বাসীরা নিজে ১৫শত সমবায় কৃষি ক্লাব গঠন করিয়াছে। ইহা ছাড়া ছোট ছোট ক্লাব ঘর আছে; সেখানে সংবাদ-পত্র, প্রাচীর-পত্র এবং মাসিক পত্র রাখা হয়। শিক্ষা বিস্তারের ফলে ক্রমেই যেসব লোকের নূতন দৃষ্টিভঙ্গী খুলিতেছে ও নূতন আশার সঞ্চার হইতেছে, তাহারা এইসব পত্রিকা ব্যবহার করে।

বিলাতে নৃতত্ত্ব অধ্যাপনা

গত ৭ই মে রবিবার সকাল ৮৷৷০ ঘটিকার সময় বঙ্গীয় সমাজ বিজ্ঞান পরিষদের উদ্যোগে ৯৬নং আমহার্ষ্ট ষ্ট্রীটে "লণ্ডন ও কেমব্রিজের সামাজিক নৃতত্ত্ব বিদ্যা" সম্বন্ধে একটি মনোজ্ঞ বক্তৃতার আয়োজন হইয়াছিল। বক্তা বঙ্গীয় সমাজ বিজ্ঞান পরিষদের গবেষক শ্রীযুক্ত নবেন্দু দত্ত মজুমদার এম-এ, বি-এল সম্প্রতি ইংলণ্ড হইতে ফিরিয়াছেন। বক্তৃতা উপলক্ষে তিনি সাম্প্রতিক বিলাতে নৃতত্ত্ব অধ্যাপনা, অধ্যাপক ও অধিতব্য বিষয় সম্বন্ধে অনেক কথা বলেন।

ডাঃ ভূপেন্দ্রনাথ দত্ত এম এ, পি, এইচ, ডি সভাপতির আসন গ্রহণ করেন। অধ্যাপক বিনয়কুমার সরকার ডাঃ নরেন্দ্রনাথ লাহা, অধ্যাপক আবদুল সাত্তার, হারল্ড এইন্সবোথার্থ, শ্রীগোপালচন্দ্র রায়, বি এস সি, বি এল,

শ্রীযুত সুধাকান্ত দে এম এ, বি এল, শ্রীযুক্তা অমিতা দত্ত মজুমদার, শ্রীপ্রতাপচন্দ্র মজুমদার, শ্রীঅনিলকুমার মুখোপাধ্যায়, "দেশপ্রাণ" সম্পাদক প্রমথনাথ পাল, শ্রীউমাপদ বা, শ্রীনরেন্দ্রনাথ রায়, শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস এম এ, শ্রীহিরণ্ময় বন্দ্যোপাধ্যায়, শ্রীকিতীন্দ্রনাথ নাগ, শ্রীনরেন্দ্রনাথ চৌধুরী, অধ্যাপক বাণেশ্বর দাস ও আরও অনেক কৃতবিদ্য ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন ও আলোচনায় যোগ দিয়াছিলেন।

প্রথমে ডাঃ সরকার বক্তার সহিত উপস্থিত সকলের পরিচয় করাইয়া দেন। , বঙ্গীয় সমাজ বিজ্ঞান পরিষদের আদর্শ ও কর্মপন্থা সম্বন্ধেও তিনি উপস্থিত সকলকে অবহিত করাইয়া দেন। অতঃপর আলোচ্য বিষয়ের উপক্রমণিকা হিসাবে তিনি বলেন যে ইতিহাসের গণ্ডী "সভ্যমানুষে"র কার্যকর্মের ভিতর সীমাবদ্ধ আর নৃতত্ত্বের আলোচনার বিষয় হইল "অ-সভ্য" মানুষ। নৃতত্ত্বকে আবার দুইটী ভাগে ভাগ করা যায়—(১) শারীরিক ও (২) সামাজিক।

মার্ক্স ও মর্গানের নৃতত্ত্ব বিংশ শতাব্দীতে আর চলে না। ইহা পুরাতন হইয়া গিয়াছে।

বক্তা নবেন্দু দত্ত মজুমদার তাঁহার প্রবন্ধ পাঠ করেন। বক্তৃতার শেষে বক্তাকে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করা হয় এবং তিনিও প্রত্যেকের যথাযথ উত্তর দেন।

অধ্যাপক আবদুস সাদেক জিজ্ঞাসা করেন যে, প্রত্যেক আদিম জাতির ভিতরই অর্থ ও অলঙ্কারের প্রচলন ছিল কিনা। উত্তরে বক্তা বলেন যে আদিম জাতির ভিতর সর্বত্রই অলঙ্কারের প্রচলন লক্ষ্য করা যায় কিন্তু সর্বত্রই অর্থের প্রচলন ছিল ইহার কোন প্রমাণ নাই।

ডাঃ নরেন্দ্রনাথ লাহা প্রশ্ন করেন—এগ্রোভেড এনথ্রপলজির বাস্তব দিকটা কি? এবং পারিপার্শ্বিকের প্রভাব সমাজকে কতদূর প্রভাবিত করে?

উত্তরে "টাকার কথা"-প্রণেতা ধনবিজ্ঞান পরিষদের গবেষক নরেন রায় একটী সুন্দর উদাহরণের উল্লেখ করেন। কোন একটী আদিম জাতির শাসনের জন্য ভারত গভর্ণমেণ্ট মিশনারীদের অনুরোধে কয়েকটী আইন প্রণয়ন করেন; কিন্তু তাহার ফলে অত্যন্ত অশান্তির সৃষ্টি হয়। ব্যাপারটী তখন বিশ্ববিদ্যালয়ের নিকট পাঠান হয়। নৃতত্ত্ববিজ্ঞানের সূত্র অনুযায়ী বিশ্ববিদ্যালয় হইতে যে অনুরোধ করা হয় তদনুযায়ী আইন করিয়া অবশেষে বেশ সুফল পাওয়া গেল। ইহাই এগ্রোভেড এনথ্রপলজির একটী বাস্তব দিক্।

ডাঃ লাহার দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলা হয় যে, অনুরূপ পরিবেশে বিভিন্ন সামাজিক গঠন থাকা সম্ভব। এই কারণেই পরিবেশের প্রভাব চরম নয়, ইহা সমাজ-ব্যবস্থাকে খানিকটা প্রভাবিত করে মাত্র।

আরও কয়েকজনের প্রশ্নোত্তরের পর সভাপতি ডাঃ ভূপেন্দ্রনাথ দত্ত অভিভাষণে বলেন যে, শ্রীযুত দত্ত মজুমদার তাঁহার চমৎকার বক্তৃতার জন্য সকলেরই ধন্যবাদের পাত্র। সভাপতি নিজে আমেরিকায় নৃতত্ত্ব অধ্যয়ন আরম্ভ করেন। আমেরিকা সোশ্যাল এনথ্রপলজিতে অনেকটা অগ্রসর। জার্মানিতে ফিজিক্যাল এনথ্রপলজিও অনেকটা অগ্রসর হইয়াছে। ইংলণ্ডে কিন্তু এ বিষয়ে চর্চা একটু পরে আরম্ভ হইয়াছে। সোশ্যাল এনথ্রপলজি অনেকটা আধুনিক, এবং মাত্র অল্পদিন হইল এ সম্বন্ধে চর্চা আরম্ভ হইয়াছে। সমাজ বিজ্ঞানের অনেক বিভাগই, রাজনৈতিক কিম্বা অন্য কারণে পক্ষপাতদুষ্ট সুতরাং একদেশদর্শী। নৃতত্ত্বের বেলায় একথা যত খাটে তত আর কিছুর সম্বন্ধেই নহে। জার্মাণ, ফ্রান্স, ইংলণ্ড, রাশিয়া প্রত্যেক দেশেরই নৃতত্ত্ব সম্বন্ধে নিজস্ব বিশেষ বিশেষ মতবাদ আছে। এই জন্য আমাদের ছাত্রদের একাধিক দেশের মতবাদের সঙ্গে পরিচিত থাকা উচিত। তাহা না হইলে পক্ষপাতহীন সত্যের সন্ধে পরিচিত হওয়া কষ্টকর।

মূল প্রবন্ধ "আধিক উন্নতি"র শ্রাবণ ও ভাদ্র সংখ্যায় প্রকাশিত হইয়াছে।

মোলাকাৎ

আত্মা, পরকাল, ভগবান

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—চিন্তার বিষয় হিসাবে আত্মা, পরকাল, ভগবান ইত্যাদি বস্তু সর্ব্বশ্রেষ্ঠ নয় কি ?

উঃ—না। আত্মা, ভগবান ইত্যাদি বস্তু কল্পনা করা মানুষের পক্ষে সর্ব্বশ্রেষ্ঠ কল্পনা নয়। এইসব তার হাজার কল্পনার অন্যতম কল্পনা-মাত্র। এইসব কল্পনায় খারাপ কিছু নেই। মানুষের উপকারও হ'তে পারে। তবে অন্যান্য কল্পনারও মানুষের উপকার হয়। কোন্ কল্পনায় কিছু-বেশী উপকার আর কোন্ কল্পনায় কিছু-কম উপকার তা এক কথায় বলা কঠিন। সবই বিশ্লেষণ-সাপেক্ষ।

আত্মা, ভগবান ইত্যাদি বস্তুর কল্পনা না ক'রেও মানুষ দুনিয়ার চরম-শ্রেষ্ঠ ব্যক্তি হ'তে পারে। এই সব শব্দ মুখে যে না আনে তার পক্ষেও চরিত্র হিসাবে মহত্তম হওয়া সম্ভব।

আমি বহুবনিষ্ঠ। সেজন্য আত্মা, পরকাল, ভগবান ইত্যাদি বস্তু সম্বন্ধে চর্চ্চা-গবেষণা-বিশ্লেষণের সঙ্গে অসহযোগ চালাই না। যাঁরা আত্মাকে উপলব্ধি কর্‌তে চান্, ভগবানকে দেখ্‌তে চান, পরমেশ্বরের সঙ্গে মিলে যেতে চান,—তাঁদের স্বরাজ আমি সর্ব্বদাই স্বীকার ক'রে চলি। ভগবানকে যাঁরা দেখ্‌ছেন তাঁরা আরও দেখুন, ভগবানে যাঁরা বিশ্বাস করেন, তাঁরা আরও বিশ্বাস করুন।

প্রঃ—ভগবানকে "উপলব্ধি" করবার অভিজ্ঞতা লাভ কি দার্শনিকের চরম লক্ষ্য নয় ?

উঃ—না। আত্মা, ব্রহ্ম, ভগবান, পরমেশ্বর ইত্যাদি বস্তু দেখার বা জীবনে উপলব্ধি করার অভিজ্ঞতা সর্ব্বশ্রেষ্ঠ বা চরম অভিজ্ঞতা নয়। এই সবের সাহিত্যও সর্ব্বশ্রেষ্ঠ বা চরম দর্শন (বা বিজ্ঞান) নয়। এই সবের আলোচনা বা গবেষণা একমাত্র দর্শন (বা বিজ্ঞান) নয়।

প্রঃ—ভারতীয় দর্শনের অধিকাংশ ভগবানকে "উপলব্ধি" করার সাহিত্য নয় কি ? ভারতে দর্শন বল্‌লে ভগবানকে দেখার আলোচনাই বুঝায় না কি ?

উঃ—অতটা জরিপ ক'রে দেখিনি। ঐ বিশাল সমুদ্রে ডুব মার্‌বার ক্ষমতাও নেই। এক কথায় জবাব দেবো,—"বোধ হয় না"। মনে কর্ ভগবানকে দেখার সাহিত্য একমাত্র বা সর্ব্বশ্রেষ্ঠ বা চরম দর্শন। তা'হলে অবস্থা কি দাঁড়ায় জানিস্ ? সেকালের বৈশেষিক হ'তে একালের নব্যন্যায় ও জগন্নাথ তর্কপঞ্চাননের পূর্ব্বি পর্য্যন্ত ভারতীয় সংস্কৃত, পালি ও প্রাকৃত সাহিত্যের পৌনেষোল-আনা হিস্যা হয় দর্শনের বহির্ভূত মাল, কেননা এই সকল সাহিত্যে ভগবান দেখা-দেখির মামলা নেই। তাহ'লে মারাঠী অভঙ্গ, বৈষ্ণব পদাবলী, কবীরের দোহা ইত্যাদি কাব্য-সাহিত্যের কিয়দংশ বাদে আর সব-কিছুই দর্শন ব'লে পরিচিত হবে না। কেননা অন্যান্য সাহিত্যে ভগবান দেখার কারবার অজ্ঞাত। তাহ'লে "রাম রহিম না জুদা করো ভাই, দিল্‌কো সাচ্চা রাখো জী" ইত্যাদি সাধু-ফকিরদের বয়েৎসমূহের মতন পাঁতিগুলাই ভারতীয় দর্শনের একমাত্র প্রতিনিধি দাঁড়িয়ে যাবে। এই যদি অবস্থা হয় তবে ভারতীয় মগজখানা দর্শনের ইতিহাসে কৃপার পাত্র বিবেচিত হ'তে বাধ্য।

প্রঃ—আপনার বিবেচনায় ভারতীয় দর্শনের প্রধান অংশ কিরূপ ?

উঃ—ভারতীয় সাহিত্যের দর্শনবিভাগে ভগবান দেখাদেখি বেশী আছে কিনা সন্দেহ। কিন্তু একটা জিনিষ আছে। তা বোধহয় দুনিয়ার, সব মিঞাই জানে। সে হচ্ছে তর্কের কচ্‌কচানি,—ভাষা-পরিচ্ছেদের মাম্‌লা, "প্রমা"র স্বরূপ, "বুদ্ধি"-তত্ত্ব ইত্যাদি। ভাষ্য, টীকা, তারও ভাষ্য, তদ্ভাষ্যি টীকা,—এই হ'লো ভারতীয় দর্শন সাহিত্যের

কাঠাম। এসবের ভেতর অন্তর্দৃষ্টি, গূঢ়রহস্য, অনুভূতি, বোধি ইত্যাদির হাওয়া চলে কি না সন্দেহ। সর্ব্বত্রই পাই বুদ্ধির লীলা—যুক্তির রেওয়াজ। সোজা কথা, পাশ্চাত্য দর্শনে মগজের খেলা যতখানি ভারতীয় দর্শনেও ততখানি। ভক্তি-যোগের পাল্লায় প'ড়ে জ্ঞানযোগ গ্রাহ্যের মধ্যে আসে নি।

প্রঃ—ভগবানকে দেখার দর্শন কি ভারতীয় চিন্তাধারার "বৈশিষ্ট্য" নয়?

উঃ—না। কেননা পাশ্চাত্য খৃষ্টিয়ান চিন্তার আস্থার সাহিত্য,—ভগবানকে দেখাদেখির সাহিত্য,—বহরে খুব লম্বা-চওড়া। বোধি, অন্তর্দৃষ্টি, রহস্যবোধ, অতীন্দ্রিয়-জ্ঞান, গূঢ়-অনুভূতি ইত্যাদি বস্তু মধ্যযুগের ইয়োরোপে বেশ প্রবল। ইয়োরোপের প্রতিভূস্, দান্তে, বোমে, একেহার্ট, দান্তোদি ইত্যাদি লেখকেরা সাধক, যোগী, সত্যদ্রষ্টা, ঋষি। এঁদের পশার ইয়োরোপে আজও কম নয়। আবার মার্কিণ মুলুকের থোরো, পার্কার, এমার্সন ইত্যাদি লেখকদের রচনা বোধিনিষ্ঠায় ভরপুর। ভগবান দেখাদেখির কাণ্ডকে একমাত্র, সর্ব্বশ্রেষ্ঠ বা চরম দর্শন বল্‌তে চাস্? ব'লে যা, কুছ্-পরোয়া নেই। তাহ'লেও ভারতবর্ষকে তার একচেটিয়া বেপারী ভেবে রাখ্‌লে চলবে না। তাতে ইয়োরামেরিকাকেও বেশ-কিছু হিস্যা দিতে হবে। ইয়োরামেরিকার দর্শন-সাহিত্যটা একমাত্র বুদ্ধি, যুক্তি ও তর্কের আখ্‌ড়া নয়।

:—আত্মা, ভগবান ইত্যাদি বস্তু মানুষের চিন্তার সর্ব্বশ্রেষ্ঠ নয়,—একথা সাধারণ ভারতবাসী বিশ্বাস করতে বাধ্য হবে কি?

উঃ—কি কর্‌বো তারা? আমি পাপিষ্ঠ,—তা তো জানাই আছে! আত্মা, পরকাল, ভগবান ইত্যাদি বস্তু সম্বন্ধে চিন্তা করা, কল্পনা করা কঠিন হ'তে পারে। কিন্তু এই চিন্তা বা কল্পনা মানুষের সর্ব্বশ্রেষ্ঠ চিন্তা বা কল্পনা নয়। এসব জিনিষ চোখে দেখা যায় না। ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থের শ্রেণীতে এসব পড়ে না। এসবকে খানিকটা অলীক বলা যেতে পারে। এজন্যই ধারণা করা সহজ নয়।

কিন্তু স্বার্থত্যাগী, পরোপকারী মানব-সেবক হবার জন্য আত্মা, ভগবান ইত্যাদি বস্তু কল্পনা করা আবশ্যক হয় না। ব্রহ্মচর্য্য-পালন বা সন্ন্যাস-গ্রহণের তাগিদ্‌ও আত্মা, ভগবান ইত্যাদি বস্তুতে বিশ্বাসের উপর নির্ভর করে না। আত্মা, ভগবান ইত্যাদি পারিভাষিক শব্দ মানুষের কর্ম্ম বা চিন্তায় অতিমাত্রায় জরুরি জিনিষ নয়। কোনো-কোনো লোকের কাছে হয়তো এই সব পারিভাষিক শব্দ বেশ-কিছু আবশ্যক।

পত্রিকা-জগৎ

"দি এগ্রিকাল্‌চারাল সিচুয়েশন্"

(মে, ১৯৩৪)

মার্কিণ সরকারী কৃষিবিভাগ কর্ত্তৃক প্রকাশিত এই বিখ্যাত সাময়িক পত্রিকার "মে, ১৯৩৪" সংখ্যা আমাদের হস্তগত হইয়াছে। আলোচ্য সংখ্যায় 'কৃষিজাত ও কৃষি-সম্পর্কিত বিভিন্ন পণ্য দ্রব্যের হালচাল', "হাঁস মুর্গী শিল্পের পরিবর্ত্তন", "তেজার আকার অবয়ব পরিবর্ত্তনে বিজ্ঞানের বাহাদুরি", "হাওয়ার আহার্য্য দ্রব্য চলাচল", "পশুধন-বিনাশ পরিস্থিতি", "ঘোড়া ও খচ্চর পালনের অবস্থা" ইত্যাদি প্রবন্ধ স্থানলাভ করিয়াছে।

মুখবন্ধে বর্ত্তমান বর্ষে মার্কিণ মুলুকে চাষ-আবাদের হাল-চাল বর্ণিত হইয়াছে। ১৯৩৪ সনের প্রথম তিনমাসে কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে ২২·৪ মিলিয়ন অর্থাৎ ১৯৩৩ সনের প্রথম তিন মাসের তুলনায় ৫৩% বেশী শূকর হত্যা করা হইয়াছে। কিন্তু গোহত্যা এই তিন মাসে পূর্ব্ব সনের একই সময়ের তুলনায় মাত্র ১৫% বেশী দাঁড়াইয়াছে।

সাধারণ ব্যবসা বাণিজ্যের খাতে, জানুয়ারী হইতে যে মাসের শেষ পর্য্যন্ত নূতন হাঁস মুর্গীর সংখ্যা ১৮% কম হইবে বলিয়া আশা করা যাইতেছে। গরু-শিল্প দুধের

পরিমাণ কমিলেও গরুর সংখ্যা-বৃদ্ধির দরুণ ১৯৪৪ সনে ১৯৪৩ সনের সমান দুগ্ধজাত দ্রব্য, অর্থাৎ ১১৮ বিলিয়ন পাউণ্ড উৎপন্ন হইবে।

শীতকালীন গোধূম উৎপাদন ৬৬২ মিলিয়ন বুশেল অর্থাৎ ১৯৪৩ সনের চেয়ে ১৩২ মিলিয়ন বুশেল বেশী হইবে বলিয়া আশা করা যাইতেছে।

আলোচ্য সংখ্যার প্রবন্ধগুলার মধ্যে সব চেয়ে চমক উৎপাদন করিয়াছে "ভেড়ার আকার-অবয়ব পরিবর্ত্তনে বিজ্ঞানের বাহাদুরি" শীর্ষক প্রবন্ধটী। মার্কিণ যুক্তরাষ্ট্র পশুপালনে যুগান্তর আনয়ন করিয়াছে। মার্কিণ যুক্তরাষ্ট্রের ডুবইস নামক সহরে ওয়েষ্টার্ণ শিপ্ ব্রিডিং লেবরেটরী নামক গবেষণাগারের বৈজ্ঞানিকগণ এ-সম্বন্ধে বহু বৎসর যাবৎ মাথা ঘামাইতেছেন। তাঁহারা চমকপ্রদ ফলও লাভ করিয়াছেন। নিম্নে এই সাফল্যের যৎ-সামান্য পরিচয় দেওয়া যাইতেছে।

লিন্‌কল্‌ন্ জাতীয় ম্যাড়া (পুঃ ভেড়া) ও র‍্যাম্‌বুলেট জাতীয় ভেড়া হইতে বৈজ্ঞানিকগণ কলাবিয়া নামক নতুন এক শ্রেণীর ভেড়া উৎপাদন করিয়াছেন। শৃঙ্গহীন এই সমস্ত ভেড়া আকারে বেশ বড় ও বলিষ্ঠ; পশম উৎপাদনের পরিমাণ বৎসরে ১২ পাউণ্ড, পক্ষান্তরে অন্য জাতীয় ভেড়ার বার্ষিক গড় উৎপাদনের হার বড় জোর ৮ পাউণ্ড। শিশুটীর শিশুটীর বাড়িয়া উঠাও কলাবিয়া ভেড়ার বাচ্চার একটা প্রধান বিশেষত্ব। ১৩০ দিনের মধ্যে ওজন দাঁড়ায় গড়ে ৮০ পাউণ্ড।

প্রজনন-সৃষ্ট আর এক শ্রেণীর ভেড়ার নাম দেওয়া হইয়াছে টার্ষী। এই ভেড়ার লোম কলাবিয়া ভেড়ার চেয়ে সূক্ষ্মতর; তবে র‍্যামবুলেট শ্রেণীর মত-অত-মসৃণ নহে। টার্ষীর বাচ্চাও শিগ্‌গীর বাড়িয়া উঠে। ১৪০ দিনের বাচ্চার গড় ওজন দাঁড়ায় ৮০ পাউণ্ড।

যুক্তরাষ্ট্রের পূর্ব্বাংশের বিশেষতঃ নিউ ইংলণ্ডের খেত-খামারের উপযোগী ছোট ধরণের ভেড়া উৎপাদনের দিকেও মার্কিণ বৈজ্ঞানিকগণ মনোনিবেশ করিয়াছেন। মাংস ও পশম দুইয়েরই যাহাতে শ্রীবৃদ্ধি সাধিত হয়, এই দিকে নজর রাখিয়া গবেষণা পরিচালিত হইতেছে। এই নতুন ভেড়ার নাম দেওয়া হইবে—শাউথডেল্। এই গবেষণা চলিতেছে মিড্‌ল্‌বেরীর নিকটবর্ত্তী সরকারী কৃষিক্ষেত্রে। তা ছাড়া মার্কিণ সরকারী কৃষিবিভাগ মরু অঞ্চলের ইণ্ডিয়ানদের নাভাহো নামক ভেড়ার উন্নতিসাধনের চেষ্টা করিতেছে। সঙ্গে সঙ্গে ইণ্ডিয়ানদের নাভাহো বয়ন-প্রণালী সংরক্ষণেরও চেষ্টা চলিতেছে।

সমালোচনা

"আউটলাইন্স্ অব্ দি কিউচার-ওয়ার্ল্ড্ অর্গা-নিজেশন ইয়াঙ্কিং ফ্রম দি ওয়ার"—হেনরী জন, শিকাগো, ওয়ার্ল্ড্ সিটিজেন্স্ অ্যাসোসিয়েসন্স্; ১৯৪৩; ১২৮ পৃঃ; ২৫ সেণ্ট।

"ইণ্টার-ন্যাশনাল ইন্‌ষ্টিটিউট্ অব্ ইণ্টেলেক্‌চুয়াল কো-অপারেসনের" প্রাক্তন ডিরেক্‌টার কর্ত্তৃক পরিচালিত সম্মিলিত পণ্ডিত নিচয় সম্বন্ধে গবেষণা-বিষয়ক প্রবন্ধাবলীর তৃতীয় পুস্তক। যুদ্ধের মধ্যে এবং যুদ্ধ পরিচালনের সহায়তা-কল্পে বিভিন্ন কার্য্যক্ষেত্রে যে-সমস্ত সমবায়-মূলক ও তজ্জাতীয় ব্যবস্থাদি কায়েম করা হইয়াছে, আলোচ্য গ্রন্থে তাহা বর্ণনা করা হইয়াছে এবং যুদ্ধের পর, স্থায়ী আন্তর্জ্জাতিক সমবায়ের ভিত্তি হিসাবে যে এই সমস্ত ব্যবস্থা প্রযুক্ত হইতে পারে, আলোচ্য গ্রন্থে সে সম্বন্ধেও আলোচনা করা হইয়াছে।

"ম্যাস্‌পাওয়ার ফর ভিক্টরী—টোটাল্ মোবিলিজেসন্ ফর টোটাল ওয়ার"—পল ডি, ম্যাক্‌নাট লিখিত ভূমিকাসহ; জন ডে কাটন; নিউইয়র্ক ও টোরোণ্টো; কাগার অ্যাণ্ড রাইন্ হার্ট; ১৯৪৩; ২৯৯ পৃঃ।

পরিভাষা-বর্জ্জিত এই সুপাঠ্য গ্রন্থে মার্কিণ যুক্তরাষ্ট্রে যুদ্ধ-প্রচেষ্টায় লোক-নিয়োগের বিবরণী স্থান লাভ করিয়াছে। যে সমস্যা উদ্ভূত হইয়াছে এবং সমাধানের জন্য যে সমস্ত ব্যবস্থা আলোচিত হইয়াছে এবং যতদূর

সাফল্য লাভ ঘটিয়াছে আলোচ্য গ্রন্থে তাহা মনোজ ভাষায় বিবৃত হইয়াছে। শেষ অধ্যায়ে লোকবল বিষয়ক কতক-গুলা সমস্যা সম্বন্ধেও আলোচনা করা হইয়াছে। যুদ্ধের পর পরিবর্ত্তনের যুগে এই সমস্ত সমস্যার সম্মুখীন হইতে হইবে। গ্রন্থকার যুদ্ধের প্রারম্ভে লোকবল-সম্পর্কিত সরকারী নিয়োগ বিভাগের ডিরেক্টর পদে সমাসীন ছিলেন। কাজেই প্রত্যক্ষ অভিজ্ঞতা লইয়া আলোচনা করিয়াছেন। বর্ত্তমানে ইনি সামাজিক নিরাপত্তা বোর্ডের সভ্য। বীমা ব্যুরোর ডিরেক্টর পদে সমাসীন আছেন।

গ্রন্থপঞ্জী

১। ইণ্ডিয়া আর্মস ফর ভিক্টরী"; জি, ডাব্লিউ, টাইকস; এলাহাবাদ, কিতাবীস্তান; ১৯৪৩; ২৪৫ পৃঃ; সাড়ে চার টাকা; সাড়ে সাত শিলিং।

২। ক্যাপিটালিজম্, সোস্যালিজম্ অ্যাণ্ড্ ডেমোক্রেসী; জোসেফ এ শুম্‌পিটার্; নিউইয়র্ক ও লণ্ডন; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স; ১৯৪২; ৩৮১ পৃঃ; সাড়ে তিন ডলার।

৩। দি ইকনমিক্স অব্ আমেরিকা অ্যাট্ ওয়ার; সেমুয়েল হ্যারিস; নিউইয়র্ক; ডাব্লিউ, ডাব্লিউ, নর্টন অ্যাণ্ড্ কোং; ১৯৪৩; ৪১৮ পৃঃ; ৩'৭৫ ডলার।

৪। ওয়ার্কার্স এডুকেসন; এ উইসকনসিন এক্সপেরিমেণ্ট; আর্থার ই, মোর্গ্যানটন; ম্যাডিসন; ইউনিভার্সিটী অব্ উইস্‌কন্সিন প্রেস; ১৯৪২; ১৮২ পৃঃ।

৫। ইণ্ডিয়ান ট্রেড্; বি, ভি, নারায়ণস্বামী নাইডু; আন্নামালাই ইউনিভার্সিটী ইকনমিক সিরিজ; ৯ নং; আন্নামালাই নগর; আন্নামালাই ইউনিভার্সিটী; ১৯৪২; ২৭০ পৃঃ; ২৲ টাকা।

৬। ইণ্টারন্যাশনাল ট্রেড্ অ্যাণ্ড ন্যাশনাল ইনকাম্; মাণ্টিন্যারার; ক্রিৎস মাম্যুন; ফিলাডেলফিয়া; দি ব্ল্যাকিষ্টোন কোম্পানি; ১৯৪৩; ২৩৭ পৃঃ; ৩'০০ ডলার।

৭। এসিয়া আন্‌বাউণ্ড—এ প্যাটার্ণ ফর ক্রিডম ইন দি ইষ্ট; লিড্‌নী গ্রীন্‌বি; নিউইয়র্ক ও লণ্ডন; জি, অ্যাপলটন সেঞ্চুরী কোং; ৩৯৩ পৃঃ; ৩ ডলার।

যুদ্ধের তিন বৎসরে দ্রব্য-মূল্য ও মজুরির হার *

এ, এল, বাউলী

১৯১৪ হইতে ১৯১৭ সন পর্য্যন্ত তিন বৎসরে মূল্য বৃদ্ধি ও অত্যধিক মজুরি বৃদ্ধি দাবীর চাপে যে সমস্যার উৎপত্তি হয়। বিগত তিন বৎসরেও একই কারণ বশতঃ একই ধরণের সমস্যাসমূহ উপস্থিত হইয়াছে। এই দুই সময়ে সংশ্লিষ্ট সূচী-সংখ্যাগুলির গতিবিধির তুলনামূলক বিচার বেশ কাজে লাগিতে পারে। নিম্নের তালিকায় ইহার পরিচয় দেওয়া গেল।

মূল্য ও মজুরি হারের সূচী সংখ্যা	দ্রব্যমূল্য হত বৎসর শেষে ৩	৪
পাইকারী সংখ্যাশাস্ত্রসম্মত		
(ক) ১৯১৪ সনের জুলাই থেকে—১০০	১২৯	২৩৫
(খ) ১৯৩৯ সনের সেপ্টেম্বর থেকে—১০০	১৪৫	—
জীবনযাত্রার মূল্য		
(ক) ১৯১৪ সনের জুলাই থেকে—১০০	১২৪ ১৪৫ ১৮০	
(খ) ১৯৩৯ সনের সেপ্টেম্বর থেকে—১০০	১২১ ১২৮ ১৪৯	—

* রয়াল ইকনমিক সোসাইটীর ৯২ নং মেমোরেণ্ডামে প্রকাশিত ইংরাজী প্রবন্ধের (১৯৪১ নবেম্বর) অনুবাদ। অনুবাদক শ্রীসমরনাথ সরকার এম এ।

কেবলমাত্র খাদ্যদ্রব্য (খুচরা)				
(ক)	১৩৩	১৬১		
(খ)	১২০	১২০		—
	মজুরি-হার বর্ত্ত বৎসর শেষে			
	১	২	৩	৪
সাধারণ গড়				
(ক)	১০৫-১১০			১৭৫-১৮০
(খ)	১১৩			—
ইষ্টক প্রস্তুতকারক				
(ক)	১০২	১০৮		১৫৭
(খ)	১০৮	১১৩		—
ইষ্টক প্রস্তুতকারকদের কুলি				
(ক)	১০৩	১১৫		১৮৫
(খ)	১১০	১২০		—
ইঞ্জিনিয়ারদের ফিটার				
(ক)	১১০			
(খ)	১০৮			—
ইঞ্জিনিয়ারদের কুলি				
(ক)	এন-এস	এন-এস		২১৩
(খ)	১১০	১১৭		—
জাহাজ-নির্ম্মাতাদের প্লেটার				
(ক)	এন-এস	এন-এস		১৬৯
(খ)	১০৯	১১৫		—
কয়লাখনির মজুর				
(ক)	১১৩	১২৯	১৩৬	১৮৭
(খ)	১১৫	১৩৬	১০৮	—
ডকের কুলি				
(ক)	১১১			১৯৩
(খ)	১১৫			—
রেলওয়ে শ্রমিক				
(ক)	১১০	১২০	১৫৫	১৯৫
(খ)	১১০	১১৬	১২১	—
কৃষি-মজুর				
(ক)	এন-এস			১৮৯
(খ)	১৪০			—
তুলা				
(ক)				
(খ)				—
শণ				
(ক)	১১৫		১৪৯	১৬৪
(খ)	১১৯		১৩৮	—
ছাপাখানার কম্পোজিটার				
(ক)	১০০	১০৫	১২০	১৪৬
(খ)	১০৭	১০৭	১১৫	—

উভয় তারিখে ব্যবহৃত সূচীসংখ্যাগুলা প্রায় একই ভরমূলা বা সূত্রের উপর দণ্ডায়মান। পাইকারী দরগুলার সংখ্যাশাস্ত্র-সম্মত সূচীসংখ্যা সব সময়েই পাওয়া গিয়াছে। ৭০ বৎসরেরও অধিক সময় যাবৎ ইহার বিশেষ কোন নড়চড় দেখা যায় নাই। তবুও আলোচ্য সময় দুইটীর মধ্যে ইহা "ইকনমিষ্ট" ও "বোর্ড অব ট্রেডের" সংখ্যাগুলার সাথে সমান্তরালভাবেই চলিয়াছে। জীবনযাত্রার মূল্য ও আহার্য্য দ্রব্যের খুচরা দরের সূচীসংখ্যা এখনও ১৯১৪ সনের মাপকাঠিতেই রহিয়াছে। ১১৩৭-৩৮ সনের বাজেটে সংগ্রহগুলা গণনার মধ্যে আনয়ন করিলে দেখা যাইবে যে, বিগত কয়েক বৎসরের মধ্যে এই দুই সংখ্যার তেমন কোন পরিবর্ত্তনই ঘটে নাই। উক্ত তারিখে একই বার রকমের পেশার মজুরি-হার লইয়া আলোচনা করা হইয়াছে। এই বার রকমের পেশার চেয়ে বিস্তৃততর গ্রুপের মজুরি-হারের সূচীসংখ্যা বর্ত্তমানে প্রকাশিত হইয়াছে। উক্ত বার পেশার ১৯৩১-৩২ সনের গড় সূচী-সংখ্যা আর শেষোক্ত বিস্তৃততর গ্রুপের মজুরি-হারের সূচী-সংখ্যার ভিতরে বিশেষ কোন পার্থক্যই দেখা যায় না। ১৯১৪-১৮ সনে নির্দ্দিষ্ট মাপকাঠি প্রয়োগ করা সম্ভব হয় নাই, কাজেই ফলাফলগুলার অনেক কিছু দোষ-ত্রুটির সম্ভাবনা রহিয়াছে। (ক্রমশঃ)

* আড়াই বৎসর পর ১৪০। এন-এস উল্লেখ নাই।

২, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

পৌষ—১৩৫১ আর্থিক উন্নতি ১৯শ বর্ষ—৯ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

ম্যালেরিয়ার প্রাদুর্ভাব

মুন্সীগঞ্জ মহকুমায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হইয়াছে। পল্লী-অঞ্চলে শতকরা ৬০ জন লোক ম্যালেরিয়ায় ভুগিতেছে বলিয়া অনুমান করা যাইতেছে। কতকলোক ম্যালিগন্যাণ্ট ম্যালেরিয়ায় আক্রান্ত হইয়াছে বলিয়াও সংবাদ পাওয়া গিয়াছে। মৃত্যুসংখ্যা খুব বেশী। ডাক্তার পাওয়া যাইতেছে না। ম্যালেরিয়াপীড়িত লোকজনের উপযুক্ত চিকিৎসা হইতেছে না। তাহারা উপযুক্ত পথ্যাদিও পাইতেছে না। কুইনাইন বণ্টনের যে ব্যবস্থা করা হইয়াছে তাহা পর্য্যাপ্ত নহে বলিয়া প্রকাশ।

কলিকাতায় ম্যালেরিয়ার প্রতীকার

প্রায় দুই সপ্তাহ পূর্ব্বে ম্যালেরিয়ার প্রাদুর্ভাবের কারণ নির্দ্ধারণ করিবার জন্য বাঙলা সরকারের জন-স্বাস্থ্যবিভাগ পূর্ব্ব-কলিকাতার ম্যালেরিয়া-প্রপীড়িত ওয়ার্ডসমূহে যে অনুসন্ধান-কার্য্য আরম্ভ করিয়াছিলেন, তাহা সম্পন্ন হইয়াছে। যে সমস্ত ম্যালেরিয়া প্রতিষেধক ব্যবস্থা প্রয়োজনীয় বলিয়া অনুমিত হইয়াছিল, তাহা গত কয়েক দিবসের মধ্যে অবলম্বন করা হইয়াছে এবং তাহার ফলে কাজ অনেকটা অগ্রসর হইয়াছে।

গভর্ণমেণ্টের পরিকল্পনানুযায়ী ৩৬ জন ডাক্তার নিযুক্ত হইয়াছে; তাঁহারা পীড়িত নাগরিকদের বাড়ীতে যাইয়া চিকিৎসা করিবেন, ম্যালেরিয়া-গ্রস্ত অঞ্চলসমূহে মশা বিনষ্ট করিবেন, পুকুর, ডোবা ইত্যাদির জলজ উদ্ভিদ পরিষ্কার করিয়া এবং সঞ্চিত জল ও জলাশয় সমূহের মশা ধ্বংস করিয়া মশার উৎপাত নিবারণ করিবেন।

ম্যালেরিয়া-প্রতিষেধক ঔষধের ঘাটতি সম্পর্কে যে গুজব রটিয়াছে, জনস্বাস্থ্য বিভাগের ডিরেক্টর মহোদয় তাহার তীব্র প্রতিবাদ জানাইতেছেন। ম্যালেরিয়ার ঔষধ সংগ্রহ করিতে যাঁহাদিগকে অসুবিধা ভোগ করিতে হইতেছে, তাঁহাদের প্রতি তাঁহার উপদেশ—তাঁহারা যেন অতি সত্বর উক্ত অসুবিধার কথা তাঁহাকে জানান।

চট্টগ্রামের হেরফের

১৯৪২ সনে জাপানীরা যখন ব্রহ্মদেশে অভিযান করে এবং ভারতের পূর্ব্ব সীমান্তের অবস্থা আশঙ্কাজনক হইয়া উঠে, তখন চট্টগ্রাম বন্দরটি ভাঙ্গিয়া ফেলার পরামর্শ করা হইয়াছিল; কিন্তু বন্দরটিকে ধ্বংস না করিয়া, সমুদয় প্রয়োজনীয় যন্ত্রপাতি খুলিয়া সরাইয়া লইয়া যাওয়াই কর্তৃপক্ষের উদ্দেশ্য ছিল। এই কাজটি খুব সহজ ছিল না; অনেক

সুরক্ষ ইঞ্জিনীয়ার ও যন্ত্রবিশারদের উপরে প্রয়োজন। বন্দরের বড় বড় ক্রেণগুলি (কপিকল) খুলিয়া অংশগুলি আলাদা করিয়া কাশীর ইঞ্জিনিয়ারিং কলেজে পাঠাইয়া দেওয়া হইল। আসাম-বেঙ্গল রেলের প্রকাণ্ড কারখানা চট্টগ্রামে ছিল, তাহার সমস্ত যন্ত্রপাতি ও জিনিষপত্র অন্য নানা কারখানায় পাঠাইয়া দেওয়া হইল। ইণ্ডিয়ান ইঞ্জিনিয়ার্স দল বন্দরের মালগাড়ীগুলিকে ব্যবহারের অযোগ্য করিয়া রাখিলেন। একবার জাপানী বোমার আক্রমণে এই দলের ৮ জন লোক প্রাণ হারাইয়াছেন।

যে সকল অতিরিক্ত ভারী যন্ত্রপাতি সরাইয়া নিবার উপায় ছিল না, সেগুলির কাছে বিস্ফোরক সামগ্রী রাখিয়া দেওয়া হইয়াছিল, যাহাতে জাপানী আক্রমণকালে সেগুলি নষ্ট হইয়া যায়। বেসামরিক সরকারী কর্মচারীদের স্থানান্তরিত করিবার জন্য ৪টি স্পেশাল ট্রেণ প্রস্তুত রাখা হইয়াছিল। প্রকৃতপক্ষে চট্টগ্রামে জীবনের কোন লক্ষণ আর দেখা যাইতেছিল না।

মাসের পর মাস কাটিয়া গেল—স্থলপথে শত্রুরা চট্টগ্রাম আক্রমণ করিল না। অবশেষে ঘটনার মোড় ফিরিয়া গেল। চট্টগ্রামে প্রয়োজনীয় জিনিষপত্রের আমদানি আরম্ভ হইল।

ছোট ট্যাঙ্ক এবং—যানবাহী মোটরের শব্দে চট্টগ্রামের রাস্তাগুলি সরগরম হইয়া উঠিল। পূর্ব্ব ও দক্ষিণ দিকের পাহাড়ে যাইয়া নূতন সৈন্যদল দুর্গ পাহারায় নিযুক্ত হইল। বন্দরের যন্ত্রপাতি আবার ফিরাইয়া আনা হইল; সেগুলি আগের মতই কাজ করিতে লাগিল। চট্টগ্রাম আবার নিরাপদ হইল। পূর্ব্ব সীমানায় শত্রুর দিকে এখন আর ভয়ে তাকাইতে হয় না, মিত্রপক্ষের আরাকান অঞ্চলের সৈন্যবাহিনীর জন্য প্রচুর সরঞ্জাম এখন চট্টগ্রাম হইতে সরবরাহ করা হইতেছে।

(নোয়াখালিহিতৈষী)

চাউলের মূল্য-বৃদ্ধি

এখানে চাউলের দর মণ প্রতি প্রায় দুই টাকা বৃদ্ধি পাইয়াছে।

নবাব আবদুল গণির হাটে বালাম চাউল মিলে নাই। মোটা দেশী চাউল ১১৲-১২৲ এবং ভাল দেশী চাউল ১৫৲-১৬৲ টাকা দরে প্রতি মণ বিক্রী হইয়াছে। (পঞ্চায়েৎ—ঢাকা

আর্থিক ভারত

খাদ্য ফসল বৃদ্ধির পরিকল্পনা

৩৮ লক্ষ একর জমিতে জরুরী সেচ কল্পনার ৩৮ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে। দেশে খাদ্যশস্যের ফলন বাড়াইবার উদ্দেশ্যেই ইহা করা হইয়াছে।

কেন্দ্রীয় গভর্ণমেণ্টের সাহায্যে ৫ লক্ষ ৭২ হাজার একর জমিতে এই পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ হইয়াছে; আরও ১২ লক্ষ ৩৪ হাজার একর জমি সম্বন্ধে তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। এইসকল পরিকল্পনার ব্যয় হইবে ৫ কোটি ৬৮ লক্ষ টাকা; তাহার মধ্যে ৪৪ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার হইতে দেওয়া হইবে।

প্রদেশগুলিতেও স্বতন্ত্রভাবে এইরূপ পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে; তাহাদের মোট খরচ হইবে ৩ কোটি ১১ লক্ষ টাকা। ইহার ফলে অতিরিক্ত ২০ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা হইবে এবং ৪ লক্ষ টন খাদ্য-শস্য উৎপন্ন হইবে বলিয়া আশা করা যায়।

প্রাদেশিক পরিকল্পনাগুলির অধিকাংশই ১৯৪৫ সনের শেষ দিক্ পর্য্যন্ত প্রস্তুত হইয়া যাইবে।

বিভিন্ন প্রদেশে ও দেশীয় রাজ্যে স্বল্প মিয়াদী পরিকল্পনায় সেচ ব্যবস্থার আয়োজন করা হইয়াছে। চলতি দেশীয় ব্যবস্থায় নলকূপ, নদী ইত্যাদি হইতেই সে সকল জায়গায় জল সেচ করা হইবে।

দীর্ঘ মিয়াদী পরিকল্পনায় জল সেচের জন্য নদী খাল কাটা, পাকা বাঁধ তৈয়ার করা ইত্যাদি নানা কাজের প্রয়োজন হয়। যুদ্ধের জন্য পাঞ্জাব ছাড়া কোথাও এখন

সে সব কাজে হাত দেওয়া হয় নাই। পাঞ্জাবের নল খাল কাটার কাজ অনেকখানি অগ্রসর হইয়াছে।

বোম্বাই, মধ্যপ্রদেশ ও রাজপুতানার উপযুক্ত জায়গায় নীচু বাঁধ দিয়া বৃষ্টির জল ধরিয়া রাখার অনেক নূতন আয়োজন করা হইয়াছে। অল্প ঢালু জমিতে বাঁধের জলের সাহায্যে জমির মাটি নরম রাখার ব্যবস্থা করা হইয়াছে এবং নীচু ডোবা জমিতে (বিশেষভাবে বাংলা এবং আসামে) নালা কাটিয়া জল বাহির করিয়া দিবার ব্যবস্থার অনেক উন্নতি করা হইয়াছে।

ভারতে সামরিক ব্যয়

১৯৪২-৪৩ সনে ও পরবর্ত্তী দুই বৎসরে ভারত সরকারের সমর বিভাগে মোট ব্যয়ের পরিমাণ ৭৪৩ কোটি ৮৮ লক্ষ টাকা। তদ্ব্যতীত উপরিউক্ত তিন বৎসরে যথাক্রমে ৫২ কোটি ৫১ লক্ষ টাকা, ৩৮ কোটি ৩০ লক্ষ টাকা ও ২৪ কোটি ৬০ লক্ষ টাকা এককালীন ব্যয় হইয়াছে। ১৯৩৯-৪০ সন হইতে চলতি বৎসর পর্য্যন্ত ভারতে মোট সামরিক ব্যয় ২৪৮১ কোটি টাকা, তন্মধ্যে ১৩৮৮ কোটি টাকা বৃটিশ সরকারের নিকট হইতে আদায় করা যাইবে।

দুনিয়ার ধনদৌলত

মিশরের প্রাপ্য ষ্টার্লিং

লণ্ডনে মিশরের যে ৩০ কোটি ষ্টার্লিং পাওনা আছে তাহা লইয়া শীঘ্রই বৃটিশ ও মিশরের গবর্ণমেণ্টের মধ্যে আলোচনা আরম্ভ হইবে। সম্প্রতি বৃটেন ও মিশরের মধ্যে যে চুক্তি হইয়া গিয়াছে উক্ত পত্রিকায় তাহার নিম্নলিখিতরূপ বিস্তৃত বিবরণী প্রকাশিত হইয়াছে:—(১) ১৯৪৬ সনে মিশরে বৃটিশ পণ্যদ্রব্য আমদানির পরিমাণ দ্বিগুণে পরিণত করিতে হইবে; (২) ইতিপূর্ব্বে আমদানির বিরুদ্ধে যে সমস্ত বিধি-নিষেধ ছিল, তন্মধ্যে কতকগুলি প্রত্যাহার করিতে হইবে; (৩) "ন্যাশনাল ব্যাঙ্ক অব ইজিপ্টের" বৈদেশিক কারেন্সী নিয়ন্ত্রণ বোর্ডের অর্থসচিব মিশর গবর্ণমেণ্টের পক্ষ হইতে প্রতিনিধিত্ব করিবেন।

ইরাক-লেবানন বাণিজ্য-নীতি

কিছুদিন যাবৎ সিরিয়া-লেবানন সরকার ও ইরাকের মধ্যে বাধ্যতা প্রথায় বাণিজ্য করিবার জন্য যে আলোচনা চলিতেছিল তাহা শেষ হইয়াছে। ইরাক, সিরিয়া ও লেবাননের অবস্থা পর্য্যবেক্ষণ করিয়া বাণিজ্য চুক্তি সহি করিবার জন্য তথায় একটী অর্থনৈতিক মিশন পাঠাইবে বলিয়া স্থির করিয়াছে।

ইরাকের বর্ত্তমান রেলপথ বিস্তার ও উন্নত করিবার উদ্দেশ্যে ব্রিটীশ প্রতিষ্ঠানকে ৪,০০০,০০০ দিনার (ইরাকী মুদ্রায়) মূল্যের একটী কণ্ট্রাক্ট দেওয়া সম্পর্কে ইরাক ও ব্রিটিশ কর্তৃপক্ষের মধ্যে যে আলোচনা চলিতেছিল তাহা শেষ হইয়াছে।

সিরিয়া ও ইরাকের মধ্যে ডাক ও টেলিগ্রাফের সংযোগ স্থাপন সম্পর্কে চুক্তি করিবার জন্য ইরাক হইতে সিরিয়ার ডাক ও টেলিগ্রাফ অফিসের নিকট একটী মিশন পাঠান হয়। মিশনটী চুক্তি সম্পন্ন করিতে সমর্থ হইয়াছে।

ইরাকের অর্থনৈতিক মন্ত্রিসভা আগামী তিন বৎসরের বৃহৎ নির্ম্মাণ-কার্য্য সম্পর্কে একটী বিল বিবেচনা করিতেছেন। এই নির্ম্মাণ-কার্য্যের জন্য বাৎসরিক ২০০০ দিনারের অধিক ব্যয় হইবে।

চীনে সমবায় আন্দোলন

সম্প্রতি প্রেসিডেন্সী কলেজে নারী-সেবা-সঙ্ঘ হলুশিয় প্রদর্শনীতে মিস্ এলসি ফেয়ারব্যাঙ্ক চোম্‌লি (মিসেস এপলটিন নামে পরিচিতা) চীনের সমবায় আন্দোলন সম্বন্ধে এক বক্তৃতা করেন।

তিনি এইরূপ অভিমত প্রকাশ করেন যে, চীনের কুয়োমিনটাং-শাসিত অঞ্চলে সমবায় আন্দোলন বিচ্ছিন্নভাবে কথঞ্চিৎ সফলতা লাভ করিলেও জাতীয় আন্দোলন হিসাবে উহা ব্যর্থ হইয়াছে।

বক্তৃতা প্রসঙ্গে তিনি বলেন যে, গণতান্ত্রিক পরি-

দেশের মধ্যেই কেবল জাতীয় সমবায় আন্দোলন বৃদ্ধিলাভ করিতে পারে। বর্ত্তমানে চীনদেশের অবস্থা সেরূপ নহে। চীনে যদি একটি সাধারণ রাজনৈতিক আন্দোলন এবং বিভিন্ন দলের মধ্যে যদি আরও অধিক একতা থাকিত তাহা হইলে সমবায় আন্দোলনের উদ্যোগীরা তাহাদের সঞ্চিত অভিজ্ঞতার সাহায্যে সমবায় আন্দোলনের বিস্তার সাধন করিতে পারিতেন, বক্তা বলেন যে, এই সকল মন্তব্য প্রধানতঃ কুয়োমিনটাং-শাসিত চীনের সম্বন্ধেই প্রযোজ্য।

অতঃপর তিনি বলেন যে, ১৯৩৭ সনে চীনের অভ্যন্তরভাগে বৃহৎ শ্রমশিল্পের কোন অস্তিত্ব ছিল না। উপকূলবর্ত্তী সহরগুলিতেই উহা কতকটা গড়িয়া উঠিয়াছিল। চীনের প্রাচীন বৃহশিল্পও প্রায় ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল। জাপানীরা উপকূলবর্ত্তী ভূভাগ দখল করায় চীনের বৃহৎ শ্রমশিল্প নষ্ট হইয়া যায়। অতঃপর চীনের অর্থনীতিবিদ্ নেতৃবর্গ চীনের অভ্যন্তরে সমবায় আন্দোলনের সাহায্যে হস্তশিল্পের প্রসারের জন্য চেষ্টা করেন।

দুই বৎসর পূর্ব্বে প্রায় ৩০০০ সমবায় সমিতি গঠিত হইয়াছিল। বিশেষ উন্নতির সময় উক্ত সমিতিগুলির সভ্য-সংখ্যা হইয়াছিল ২০,০০০ এবং প্রায় ৫০,০০০ লোক সমবায় আন্দোলনের জন্য উপকৃত হইয়াছিল। বর্ত্তমানে চীনের কুয়োমিনটাং এলাকায় মাত্র ১৮০০ সমবায় সমিতি আছে। উহাদের সভ্য-সংখ্যা ১৪০০০ এবং আরও ঐরূপ ১৪০০০ লোক সমিতিগুলির জন্য উপকৃত হয়। সমবেত প্রচেষ্টার অভাবের ফলেই এইরূপে অবনতি ঘটিয়াছে। গবর্ণমেণ্ট সমবায় আন্দোলন চালনার কার্য্যে লোক নিযুক্ত করিয়া থাকেন বটে কিন্তু উপর হইতে নিযুক্ত এইরূপ লোকের নেতৃত্বে সমবায় আন্দোলন সমৃদ্ধ হইতে পারে না এবং অধিকাংশক্ষেত্রে ঐ সকল লোক আন্দোলনের বিরুদ্ধভাবে কার্য্য করিয়া থাকেন।

বক্তা বলেন যে, কমিউনিষ্টদল কর্ত্তৃক শাসিত অঞ্চলে তিনি যান নাই। তবে তিনি জানিতে পারিয়াছেন যে, সেখানে সমবায় আন্দোলনের অবস্থা বিশেষ উন্নত।

ব্যক্তি ও সঙ্ঘ

লড়াইয়ের খরচা ও আর্থিক মুসাবিদা

গত ৪ঠা জুন ২৬নং আমহার্ষ্ট ষ্ট্রীটে ডাঃ নরেন্দ্রনাথ লাহার বাসভবনে বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের এক অধিবেশন হয়। ডাঃ নরেন্দ্রনাথ লাহা সভাপতির আসন গ্রহণ করেন। সভায় সুধাকান্ত যে, অধ্যাপক জগদীশ ভট্টাচার্য্য প্রফুল্লরতন বিশ্বাস, ডক্টর ত্রিগুণা সেন, নবেন্দু দত্ত মজুমদার, গোপালচন্দ্র রায়, ডক্টর সচীন সেন, অধ্যাপক আবদুস সাদেক, সুধাংশুমুখার্জ্জী, কালীপদ ভট্টাচার্য্য, তারকনাথ দত্ত, প্রদ্যোৎ মুখার্জ্জী, অধ্যাপক ব্যাপেরর দাস প্রভৃতি সুধীগণ উপস্থিত ছিলেন। অধ্যাপক বিনয়কুমার সরকার সভায় লড়াইয়ের খরচা ও আর্থিক মুসাবিদা সম্বন্ধে বক্তৃতা করেন এবং তাহা লইয়া আলোচনা হয়।

অধ্যাপক সরকার লড়াইয়ের খরচা, মুসাবিদা, মুদ্রা-স্ফীতি ইত্যাদি বস্তুর ব্যাখ্যা করেন। তাঁহার মতে, মুদ্রা-স্ফীতি যুদ্ধের স্বাভাবিক পরিণতি, অনেক স্থলে ইহা সুফলও প্রসব করে। অধ্যাপক সরকার বলেন, ১৯৩৯ সনের পর যে বাড়তি-খরচ ঘটিয়াছে, তাহাই যুদ্ধের ব্যয় বলিয়া ধরা হয়। কিন্তু প্রকৃত অবস্থা তাহা নয়। বহু পূর্ব্ব থেকেই, অর্থাৎ ১৯১৯ সন থেকেই এর খরচা সুরু হইয়াছে। এর নাম দেওয়া হইয়াছে ষ্টেবিলিজেশন, ডেফ্‌রালাপমেণ্ট, প্ল্যানিং ইত্যাদি। আবার সন্ধির সঙ্গে সঙ্গেই লড়াইয়ের খরচা শেষ হয় না। তারপরে বহু বৎসর পর্য্যন্ত জের চলে। এইরূপ কারণেই যুদ্ধের সঙ্গেই যুদ্ধোত্তর পরিকল্পনার প্রয়োজন।

লড়াইয়ের খরচা সাধারণতঃ যা ধরা যায় প্রকৃত খরচা তার চেয়ে অনেক বেশী। কেবলমাত্র গোলাবারুদ ও যুদ্ধের অন্যান্য সাজ-সরঞ্জাম নয়। যত লোক মরিতেছে, আহত ও নিখোঁজ হইতেছে, তাহাও যুদ্ধের খরচা। আহত লোকের মধ্যে অনেকে মরে।

যুদ্ধলিপ্ত লোকদের বাঁচাইয়া রাখার জন্য দেশের লোকদিগকে যে ত্যাগ স্বীকার করিতে হয়, তার মূল্যও হিসাব করিয়া যুদ্ধের খরচার মধ্যে গণ্য করা উচিত। যুদ্ধের জন্য অনেক বাজে খরচাও হয়। শত্রুর নিকট যে সমস্ত জিনিষপত্র ফেলিয়া আসা হয় তাহাও বাজে খরচের অন্তর্ভুক্ত।

সৈন্য সংগ্রহ করা হয় লোভ দেখাইয়া। পৃথিবীর ধন-সম্পদ্ এত বেশী নয় যে সকলে সুখে থাইতে পারে। যুদ্ধের সময় সৈন্যদল সুখে থাকিলেও জনসাধারণকে ত্যাগ স্বীকার করিতে হয়। আর্থিক বৈষম্য সব সময়েই বর্ত্তমান। তবে পূর্ব্বে যারা সুখে ছিল, এখন তাহারা দুঃখে আছে। এই জন্য লড়াই শ্রেণী-বিপ্লব আনয়ন করে।

অধ্যাপক সায়েক বলেন, ১৯০৫ সনে ইংলণ্ডে ৩,৫০০,০০০ এবং জার্ম্মাণিতে ৬,০০০,০০০ জন ভীষণ অভাবগ্রস্ত দেখা যায়। বেকার লোকেরা যখন সমাজের ভার, তখন যুদ্ধে যদি তাহারা মারাও যায়, তাহাতে সমাজের কোন ক্ষতি নাই। যুদ্ধের সময় জীবনযাত্রার মাপকাঠি যদি বাড়ে তবে সেটা লাভ। যে দেশে বেকার-সমস্যা আছে, সেদেশের যুদ্ধ সভ্যতার পরিপোষক।

সভাপতি ডাঃ নরেন্দ্রনাথ লাহা বলেন, যুদ্ধের পর যখন শান্তি আসে তখনকার খরচা পরবর্ত্তী যুগের যুদ্ধের খরচার খাতে ধরা উচিত নয়। এই সম্পর্কে তিনি জৈনদের একটী কৌতূহলোদ্দীপক কথার উল্লেখ করেন। তাঁহার মতে, সন্ধির পর লোকের পরবর্ত্তী যুদ্ধ সম্বন্ধে ঠিক ধারণা থাকে না। আর ম্যানিংটী যে যুদ্ধের জন্যই, ইহা ঠিক নয়। উদাহরণস্বরূপ তিনি প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনার কথা উল্লেখ করিয়া বলেন যে, বেকার লোকরা দেশের সম্ভাব্য শক্তি; যুদ্ধের ফলে তাহাদের মৃত্যু সমাজের কল্যাণকর ত নহেই বরং ক্ষতিকর। তাহারা যে কাজে নিযুক্ত হওয়ার অবসর পায় নাই, সমাজকেই সেজন্য নিন্দার ভাগী হইতে হইবে।

শ্রীযুক্ত সুধাকান্ত দে বলেন, গবর্ণমেণ্ট যুদ্ধের সময়ের মত শান্তির সময়ে খরচ করিতে পারে না, এটা সম্পূর্ণ সত্য নয়। যুদ্ধের ফলে যে শ্রেণী-বৈষম্য উপস্থিত হয়, সেটা সত্যই টিকে কিনা, তাহা ভাবিয়া দেখা দরকার।

শ্রীযুত নরেন্দু দত্ত মজুমদার বলেন, যুদ্ধের পর ও আগের খরচা হিসাব করা যায় না। জীবনযাত্রার মাপকাঠি সাধারণভাবে বর্দ্ধিত হয়। ইংলণ্ডে বিভিন্ন শ্রেণীর জীবন-যাত্রা প্রণালীর মধ্যে এত বৈষম্য নাই। রণক্ষেত্রে যাহারা যায়, তাহারা সকলেই সুখে থাকে না। জনসাধারণ এই জন্যই কলকারখানায় চাকুরী খোঁজে, রণক্ষেত্রে যাইতে চায় না।

সভাপতি মহাশয় অতঃপর বলেন যে, পরবর্ত্তী যুদ্ধের জন্য প্রস্তুত হওয়ার জন্যই যে যুদ্ধ শেষ করা হয়, তাহা স্বীকার করা যায় না। যুদ্ধোত্তর যুগের হালচালের উপরেই পরবর্ত্তী লড়াই নির্ভর করে। উদাহরণ স্বরূপ তিনি জৈন দর্শনের একটী দৃষ্টান্ত ও ১৯১৯ সনের ভার্সাই সন্ধির কথা উল্লেখ করেন। ১৯৩৩ সনে হিটলারের শাসন-ক্ষমতা লাভের পর জার্ম্মাণিতে যুদ্ধের জন্য খরচা প্রকৃত পক্ষে আরম্ভ হয়। বৃটেনের পক্ষে ১৯১৪ বৎসরের খরচা যুদ্ধ খরচার অন্তর্ভুক্ত করা ঠিক নয়।

ম্যানিংয়ের অর্থ যুদ্ধের জন্য ম্যানিং নাও হইতে পারে। যুদ্ধের সহিত বোধাই পরিকল্পনার কোন সম্পর্ক নাই।

মোলাকাৎ

কাল-মাহাত্ম্য, বিপ্লব ও যুগান্তর

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—আপনি কয়েকবার বিবেকানন্দ-যুগ, বঙ্গবিপ্লবের যুগ ইত্যাদি শব্দ ব্যবহার করেছেন। ১৮৯০, ১৯০৫ ইত্যাদি বৎসরও আপনার কথাবার্ত্তার ভেতর একাধিকবার ব্যবহৃত হ'য়েছে। এসব যুগবিভাগ সম্বন্ধে আপনি একটু পরিষ্কার ক'রে কিছু বল্‌বেন?

উঃ—প্রত্যেক মানুষের জীবনেই,—চিন্তা ও কাজের ধরণ-ধারণ দেখে',—যুগবিভাগ করা সম্ভব। আমার বিশ্বাস,—মানুষের জীবনযাত্রা তিন-তিন মাস পর-পর বদ্‌লে' যায়। বেড়-বেড় বছর পর-পর অনেকেই ব্যক্তিগত জীবনে যেন-কিছু পরিবর্ত্তন

দেখতে পায়। তিন বছর, পাঁচ বছর, বা সাত বছর মেয়াদ ধিলে তো আরও বেশী ওলট-পালট দেখা যেতে বাধ্য।

আগে একবার ব'লেছি বয়স-তত্ত্ব। এখন বলছি কাল-তত্ত্বের কথা। সময়ের প্রভাব খুব বেশী।

প্রঃ—এইসকল পরিবর্ত্তন সম্বন্ধে আপনি কী বলতে চাচ্ছেন?

উঃ—এ রকম মেয়াদের পরিবর্ত্তনগুলা খুব গভীর আকারে দেখা দেয়। পাঁচ বছর আগেকার জীবনের সঙ্গে প্রায় কোনো লোকই তার বর্ত্তমান জীবনের যোগাযোগ খুঁজে পায় না। মনে কর,—কোনো দুই বন্ধু সাত বছর পরস্পরের সঙ্গে দেখা করবার সুযোগ পায়নি। সাত বছর পরে দেখা হ'লো। ছ'কোর নল-নলচে বদলে যাওয়া কাকে বলে জানিস্? পুরাণো হুঁকোটার অস্তিত্বই নেই। একটা নয়া হুঁকো এসে হাজির। পাঁচ-সাত বৎসর ব্যক্তিত্বটা দু'জনেরই ঠিক যেন নল্-নলচের মতো আগা-গোড়া বদলে গেছে মনে হবে। কালযাদ্বাত্মা এতই বেশী। কালের অর্থ অভিজ্ঞতা ও ঘটনা।

প্রঃ—ব্যক্তিগত জীবনে কাল-মাহাত্ম্য বেশী কি?

উঃ—নিশ্চয়। সন-তারিখ সম্বন্ধে খুব-বেশী জোর দেওয়া উচিত। কোনো ঘটনা কবে ঘ'টল জানা যেমন দরকার, ক'দিন পরে ঘ'টল তা জানাও তেমনি দরকার। মানুষমাত্রেরই জীবন বিপ্লবে পরিপূর্ণ। ছোটখাটো পরিবর্ত্তন, ওলট-পালট বা বিপ্লব অনুসারে আমি ব্যক্তিগত জীবনে যুগবিভাগ ক'রে থাকি। যাহা নতুন অভিজ্ঞতা, তাহা নতুন যুগ। যাহা নতুন ঘটনা, তাহা নতুন যুগ।

প্রঃ—আপনি কি ব্যক্তিগত জীবনের যুগবিভাগ-প্রণালী জাতির রাষ্ট্রের বা দেশের সম্বন্ধেও প্রয়োগ করতে চান?

উঃ—ঠিক তাই। ধর আজ ১৯৪২ চলছে—নবেম্বরের প্রথম সপ্তাহ। বিংশ শতাব্দীর দ্বিতীয় যুদ্ধক্ষেত্র সুরু হ'য়েছে তিন বছর দু'মাস হ'লো (১৯৩৯ সনের সেপ্টেম্বর)। এই সময়টুকুর ভেতর ইয়োরোপে চরম পরিবর্ত্তন ঘ'টে গেছে। ফ্রান্সে সাধিত হ'য়েছে একটা খাঁটি সমাজতান্ত্রিক রাষ্ট্র-বিপ্লব। ভারতবর্ষেই কি কম বিপ্লব ঘ'টেছে? তবুও দেশের বুকের উপর আসল লড়াইটা এসে হাজির হয় নি।

প্রঃ—১৯৪২ সনে আপনি ভারতবর্ষেও বিপ্লব দেখতে পাচ্ছেন?

উঃ—হাঁ, নিশ্চয়। ইংরেজেরা ১৯৩৯ সনে ভারতের নর-নারীকে এক চোখে দেখতো। সেই গবর্ণমেণ্টই আজও র'য়েছে। কিন্তু আমাদের দেশকে এরা ঠিক সেই চোখে আর দেখছে না। ১৯৩৯ সনে ভারতীয় জননায়কগণ নানাদলে বিভক্ত ছিল—নানা লোকের নানা আওয়াজ শোনা যেতো। আজ সে সব দলও নেই, সে সব নেতাও নেই,—সে সব আওয়াজও নেই। আছে অন্য চংয়ের সঙ্ঘজীবন, অন্য ধরণের নেতৃত্ব, অন্য ধরণের চিন্তা ও কর্ম্ম। এরই নাম পরিবর্ত্তন, বিবর্ত্তন, ওলট্-পালট্, বিপ্লব। আর,—যাহা বিপ্লব তাঁহা যুগ। গবর্ণমেণ্ট স্বয়ংই এই সব বিপ্লবের কথা ব'লেছে। মাস মাফিক মুহূর্ত্তেও ভারতীয় বিপ্লবের কথা আলোচিত হচ্ছে।

প্রঃ—লড়াইয়ের আবহাওয়ায় বিপ্লব ও যুগান্তর দেখা যেতে পারে মেনে নিলাম। কিন্তু অন্য সময়ে কিরূপ অবস্থা?

উঃ—সব কয়টা বিপ্লব অবশ্য একমাত্র লড়াইয়ের আমলে দেখা যায় না। নিত্য-নৈমিত্তিক কাজকর্ম্ম আর ঘটনাগুলাও পরিবর্ত্তনে ভরা, ওলট্-পালট্ময়, বিপ্লবপূর্ণ। প্রায় যে-কোনো দেশ বা সমাজ সম্বন্ধেই দেড়-তিন-পাঁচ-সাত বৎসর পর-পর বিপ্লব বুকে রাখা আমার অভ্যাস। সঙ্গে-সঙ্গে যুগ পরিবর্ত্তন আর যুগান্তর ইত্যাদিও আমি দেখে থাকি।

যুগ ভাগ করার খেয়াল আমার অনেকদিন থেকেই র'য়েছে। স্বদেশী যুগের "গৃহস্থ" পত্রিকায় তার খোঁজ পাবি। "বিশ্বশক্তি" বইটাতে (১৯১৬) তখনকার আট-নয় বৎসরের সময়কে দুই-তিন যুগে বিভক্ত ক'রেছি।

পত্রিকা-জগৎ

"ক্রপস্ অ্যাণ্ড্ মার্কেটস্"

(জুলাই, ১৯৪৪)

মার্কিণ যুক্তরাষ্ট্রের সরকারী কৃষিবিভাগ কর্তৃক ওয়াশিংটন হইতে প্রকাশিত এই ত্রৈমাসিক পত্রিকা আমাদের হস্তগত হইয়াছে। এই বিখ্যাত পত্রিকায় কেবলমাত্র মার্কিণ যুক্তরাষ্ট্রের অমূল্য শস্য-সম্পদের বিবরণীই প্রকাশিত হয় নাই। নানা জাতীয় ফল-মূল এবং গৃহপালিত পশু-সম্পদেও মার্কিণ মুলুক যে কত গরীয়ান্ এই পত্রিকা নিয়মিতরূপে পাঠ করিলে তাহার পরিচয় লাভ হইবে। আরও দেখা যাইবে যে, দুনিয়ার অগ্রগামী দেশগুলা কেবলমাত্র কল-কারখানার দিক্ থেকেই উন্নত নয়, কৃষিকার্যের উন্নতি সাধনের জন্যও এগুলো রীতিমত তৎপর। কৃষিকার্যে এই সমস্ত দেশ যে রেকর্ড বা কীর্তি স্থাপন করিতেছে, তাহা অনগ্রসর দেশগুলার চক্ষু ফুটাইতে যথেষ্ট সাহায্য করিবে।

পত্রিকাখানার তুলনামূলক তালিকাগুলাও রীতিমত প্রণিধানের যোগ্য। সংখ্যা-শাস্ত্র লইয়া যে সমস্ত কৃষি বিশেষজ্ঞ মাথা ঘামান, এই সমস্ত তালিকা তাহাদের বিশেষ কাজে লাগিবে।

আলোচ্য সংখ্যার প্রথমেই শস্য সম্পর্কে বিবরণী প্রকাশিত হইয়াছে। ১৯৪৪ সনের ১লা জুলাই তারিখের এই বিবরণীতে দেখা যায়, ১৯৪৪ সনে ১৯৪৩ সনের সমান শস্য-সম্পদ উৎপন্ন হইবে। এই দুই বৎসরে কোন কোন শ্রেণীর শস্য উৎপাদনের বেলায় যথেষ্ট তারতম্য ঘটিলেও মোটের উপর এই দুই বৎসরে ১৯৪২ সনের পূর্ব্ববর্তী যে কোন দু'বছরের চেয়ে বেশী শস্য উৎপন্ন হইয়াছে।

১লা জুলাই তারিখের অবস্থা অনুসারে যে হিসাব ধরা হইয়াছে তাহাতে দেখা যায়, ১৯৪৪ সনে ১,১২৮,০০০,০০০ বুশেল গম উৎপন্ন হইয়াছে। যব ও জই উৎপন্ন হইয়াছে প্রচুর পরিমাণে। মার্কিণ মুলুকে এই সনে মোট ৩৭,৪১৯,০০০ একর জমিতে অর্থাৎ ১৯৪৩ সনের তুলনায় ১০২'৯% জমিতে চাষ-আবাদ হইয়াছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রে আলোচ্য সনে ১,৪৭৭,০০০ একর জমিতে ধানের আবাদ হইয়াছে। এই সমস্ত জমিতে মোট ৭০,০৪২,০০০ বুশেল চাউল উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। একর প্রতি উৎপাদনের হার পড়ে ৪৭'৪ বুশেল।

সমালোচনা

"ইণ্ডিয়া আন্‌রেস্ট ফর ফিডম"—মি, ভারিউ, টাইসন; এলাহাবাদ কিতাবীস্তান; ১৯৪৩; ২৭৪ পৃঃ, ৪।০ টাকা; ৭ শিঃ ৬ পেঃ।

লেখক প্রবিত্তষপা সাংবাদিক। ভারতবর্ষের সহিত ইহার পরিচয়ও অনেক দিনের। যুদ্ধ ভারতীয় শিল্পের উপর কিরূপ বিরাট প্রভাব বিস্তার করিয়াছে গ্রন্থকার আলোচ্য গ্রন্থে তাহা মনোজ্ঞ ভাষায় বর্ণন করিয়াছেন। গ্রন্থখানা প্রয়োজনীয় ও মূল্যবান তথ্যরাজিতে পরিপূর্ণ। সর্ব্বগ্রাসী যুদ্ধের দাবী পূরণের জন্য পুরাতন-পন্থী দেশে আধুনিক ধরণের শিল্পকে যে কি ভীষণ বাধাবিঘ্নের সম্মুখীন হইতে হয় এই গ্রন্থে তাহার যথাযথ বিবরণী প্রকাশিত হইয়াছে। প্রথম বাধা উপস্থিত হয়, তাড়াতাড়ি ও প্রয়োজন-মাফিক সংখ্যায় নিপুণ শ্রমিক সংগ্রহের বেলায়। গ্রন্থকার বলেন, অপেক্ষাকৃত আধুনিক সময়ে ভারতবর্ষে পুঁজির অভাব মোটেই ঘটে নাই। নূতন নূতন শিল্প-প্রচেষ্টায় পুঁজিপাট্টা নিয়োগের ঝুঁকি লইতেও ভারতের পুঁজিপতিরা পশ্চাদ্‌পদ নয়। কিন্তু মুস্কিল উপস্থিত হইয়াছে শ্রমিকদের ট্রেনিং দান লইয়া। বড় বড় কার্যগুলা এজন্য শ্রমিকদের ছেলে-মেয়েদের গোড়া থেকে ট্রেনিং দানের জন্য উঠিয়া পড়িয়া লাগিয়াছে। এই প্রচেষ্টা বহু দেশের পক্ষে যুদ্ধাবস্থায় তথা শান্তির সময়েও মূল্যবান রূপে গণ্য হওয়া বাঞ্ছনীয়।

"ডিস্‌চার্জড্‌—এ কমেণ্টারী অন্‌ সিভিল্‌ রি-এাব্লিশমেণ্ট অব্‌ সোলজার্স ইন্‌ ক্যানাডা" ; রবার্ট ইংল্যাণ্ড ; টোরোণ্টো ; দি ম্যাক্‌মিলান্‌ কোম্পানী অব্‌ ক্যানাডা ; ১৯৪৩ ; ৪১৮ পৃঃ।

ক্যানাডার সশস্ত্রবাহিনী থেকে ছাড়িয়ামুক্ত লোকজনকে নাগরিক জীবনে পুনঃ-প্রতিষ্ঠিত করিবার জন্য বহু ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। আলোচ্য গ্রন্থে এইগুলির বিষয়ই বিশেষ কৃতিত্বের সহিত লিপিবদ্ধ হইয়াছে। বইখানা প্রয়োজনীয় এবং সুপাঠ্যও বটে। পুনর্ব্বসতি সংক্রান্ত বিভিন্ন পরিকল্পনা সম্পর্কে গ্রন্থকারের প্রত্যক্ষ যোগাযোগবশতঃ তিনি উহার সহায়ক বহু মাল-মসলা বইখানাতে সংযোজিত করিয়াছেন। ফলে বইখানার কিম্বৎ আরও বর্দ্ধিত হইয়াছে। পুনর্ব্বসতির বড় বড় দিকগুলা লইয়া অনেক অধ্যায় লিখিত। উদাহরণস্বরূপ চিকিৎসা, পেন্সন, কাজে নিয়োগ, বৃত্তিশিক্ষা ও সাধারণ শিক্ষা, ভূমি-বন্দোবস্ত ইত্যাদি বিষয়গুলি লইয়া লিখিত অধ্যায়গুলার কথা উল্লেখ করা যাইতে পারে। "কর্ম্ম-সূচী" শীর্ষক শেষ অধ্যায়টী বিশেষরূপে প্রণিধানের যোগ্য। যুদ্ধ-ফেরৎ লোকজনের জন্য ক্যানাডিয়ান্‌ গবর্ণমেণ্টকে আরও বহু নূতন সমস্যার সম্মুখীন হইতে হইবে, এই অধ্যায়ে তাহা লইয়া আলোচনা করা হইয়াছে। পরিশিষ্টে পুনর্ব্বসতি পরিকল্পনার কয়েকটি মূল্যবান অংশের বিবরণী বর্ণিত হইয়াছে। ক্যানাডার সামরিক লোকজনকে নাগরিক জীবনে পুনঃ প্রতিষ্ঠিত করিবার জন্য যে সমস্ত উপায় অবলম্বিত হইয়াছে তাহা এবং যুদ্ধোত্তর যুগে সামরিক লোকজনকে কাজে নিয়োগের জন্য যে আরও অনেক কিছু করার দরকার তাহা বইখানা পড়িলে বেশ বুঝা যাইবে, এবং ইহাতে বইখানা আমাদের দেশবাসীরও বিশেষ কাজে লাগিবে।

গ্রন্থপঞ্জী

১। "ইণ্টার-ন্যাশনাল ট্রেড্‌ অ্যাণ্ড ন্যাশনাল ইন্‌কাম মাণ্টগ্যারার"—ব্রিণ্ট্‌ ; ম্যাচ্‌লাপ্‌ ; ফিলাডেলফিয়া, দি ব্ল্যাকিষ্টোন্‌ কোম্পানী ; ১৯৪০ ; ২৩৭ পৃঃ ; ৩·৫০ ডলার।

২। "এশিয়া আন্‌বাউণ্ড—এ প্যাটার্ণ ফর ফ্রিডম ইন্‌ দি ফার ইষ্ট" ; সিড্‌নী গ্রীন্‌বি ; নিউইয়র্ক ও লণ্ডন ; দি আপল্‌টন-সেঞ্চুরী কোং ; ৩৯০ পৃঃ ৩ ডলার।

৩। দি ইকনমিক্স অব্‌ আমেরিকা অ্যাট্‌ ওয়ার ; সেমুর ই হ্যারিস ; নিউইয়র্ক ; ডাব্লিউ ডাব্লিউ নর্টন অ্যাণ্ড কোং ; ১৯৪৩ ; ৪১৮ পৃঃ ; ৩·৭৫ ডলার।

ক্যাপিটালিজ্‌ম্‌ সোসালিজ্‌ম অ্যাণ্ড্‌ ডেমোক্রেসী ; জোসেফ এ শুম্‌পিটার ; নিউইয়র্ক ও লণ্ডন ; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স ; ১৯৪২ ; ৩৮১ পৃঃ ; ৩·৫০ ডলার।

৫। "ইণ্ডিয়াস্‌ ট্রেড্‌" ; বি ভি নারায়ণস্বামী নাইডু ; আন্নামালাই ইউনিভার্সিটি ইকনমিক্স সিরিজ ১নং ; আন্নামালাই নগর ; আন্নামালাই ইউনিভার্সিটী ; ১৯৪২ ; পৃঃ ২৭০ ; ২৲ টাকা।

৬। ওয়ার্কার্স এডুকেশন্‌—এ উইন্ডসিন্‌ এক্সপেরিমেণ্ট ; আর্থার ই মর্গ্যান্‌ ; ম্যাডিসন্‌ ; ইউনিভার্সিটী অব্‌ উইস্কন্সিন প্রেস ; ১৯৪২ ; ১৮২ পৃঃ।

৭। কেবিয়ান সোসালিজ্‌ম্‌ ; বি ডি এইচ কোল ; লণ্ডন ; মর্জ্জ অ্যালেন অ্যাণ্ড্‌ আনউইন্‌ কোং, ৭ শিং ৬ পেঃ।

যুদ্ধের তিন বৎসরে দ্রব্য-মূল্য ও মজুরির হার

এ, এল, বাউলী*

(পূর্ব্বানুবৃত্তি)

পাইকারী দর

১৯১৪ হইতে ১৯১৭ সন পর্য্যন্ত প্রায় নিয়মিতভাবে মাসিক ২% হিসাবে সূচী-সংখ্যার ঊর্দ্ধগতি দেখা যায়। চতুর্থ বৎসরে বাড়তির হার কিছু কম দাঁড়ায়। বর্ত্তমান যুদ্ধের প্রথম পাঁচ মাসে সূচীসংখ্যা দ্রুতগতিতে বর্দ্ধিত হয়। অতঃপর বাড়তির হার ক্রমশঃ মন্দীভূত ও সবিরাম অবস্থায় উপনীত হয়। সম্প্রতি ছয় মাসের মধ্যে বিশেষ কোন পরিবর্ত্তনই দেখা যায় নাই। আলোচ্য উভয় সময়ের মধ্যেই সূচীসংখ্যার গতিবিধির পরিধি অনেকটা অনিশ্চিত অবস্থায় দেখিতে পাওয়া যায়। অনেক জিনিষের দর সাম্যাবস্থা প্রাপ্ত হয়। কারণ গবর্ণমেণ্ট এই সমস্ত জিনিষের প্রধান বা একমাত্র খরিদ্দারে পরিণত হয়।

খুচরা দর

আলোচ্য সময় দুইটীর মধ্যে এক নির্দ্দিষ্ট তালিকা (আহার্য্য বাজেট) অনুসারে জীবনযাত্রা মূল্যের সূচীসংখ্যা স্থির করা হইয়াছে। বাস্তবিক পক্ষে আহার্য্য নিয়ন্ত্রণ ও ঘাটতির দরুণ এই বাজেট অনুসারে জিনিষপত্র ক্রয়-করা ঘটিয়া উঠে নাই। দ্রব্য-মূল্যের কার্য্যকর পরিবর্ত্তনের অপর কোন মাপকাঠির সাথে এই সূচীসংখ্যার সম্পর্ক ঠিক একই ধরণের। ১৯১৪-১৮ সনগুলা সম্পর্কে নিম্নে কতকগুলা মন্তব্য উল্লেখ করা গেল। বর্ত্তমানেও এইগুলি যৌথিকভাবে প্রয়োগ করা যাইতে পারে। যখন নিত্য-প্রয়োজনীয় জিনিষপত্রের অভাব হয়, তখন লোকে আর পাঁচটা অত্যাবশ্যক জিনিষ-ক্রয় বাড়াইতে চেষ্টা করে। শেষোক্ত জিনিষগুলির দর নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকিলে এগুলির দাম দ্রুতগতিতে বাড়িয়া চলে। দর নিয়ন্ত্রণের সঙ্গে সঙ্গে পরিমাণের বরাদ্দ স্থির করা না থাকিলে, আর সরবরাহের নূতন কোন ব্যবস্থা না করিতে পারিলে ঐসব জিনিষ শীঘ্রই নিঃশেষিত হইবে। "মুক্তবাজারে এই সমস্ত জিনিষ সরবরাহ (বর্ত্তমানে ব্ল্যাক্ মার্কেট অর্থাৎ চোরাবাজার নামে পরিচিত) শীঘ্রই শেষ হইয়া গিয়াছে অথবা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হইয়াছে। কাজেই এই সমস্ত জিনিষপত্রের জন্য লোককে খুব বেশী পরিমাণে বা বেশী দিন ধরিয়া খরচপত্র করিতে হয় নাই। তবুও আহার্য্য বাজেটের ঘাটতি পূরণের উপযোগী বাড়তি অর্থের অধিকাংশের মধ্যে এই কোঁকটা না থাকিয়াই পারে না।" ১৯১৮ সনে শ্রমিক শ্রেণীর খরচপত্র সম্পর্কে তদন্ত করা হয়। এই তদন্তের রিপোর্টের সাথে আহার্য্য-সচিবের দফতরের খাদ্য-সম্পর্কিত তথ্যগুলি যোগ করা হয়। ইহাতে খরচপত্রের যে সংশোধিত সূচীসংখ্যা পাওয়া যায় তাহার সহিত খরারাবা বাজেটের সূচীসংখ্যার অনেক পার্থক্য দেখা যায়। নিম্নে সংশোধিত অঙ্কগুলা দেওয়া হইল :—

সূচীসংখ্যাসমূহ। ১৯১৪ সনের জুলাই মাসের শতকরা হিসাব।

	গত বৎসর শেষে			
	১	২	৩	৪
জীবনযাত্রার মূল্য	১২৫	১৪৫	১৮০	২০৫
খরচপত্র	১২০	১৩৫	১৬০	১৮০

১৯১৮ সনে জীবন-যাত্রার মূল্য সম্পর্কে তদন্তের জন্য কমিটী নিয়োগ করা হয়। কমিটী দেখিতে পায় যে, এই সনে আহার্য্য দ্রব্যের খরচপত্রের বাজেটে ১৯১৪ সনের তুলনায় ক্যালরি অর্থাৎ তাপশক্তির ভাগ প্রায় ৩% কম দাঁড়াইয়াছে। কমিটী আরও দেখিতে পায়, আহার্য্য দ্রব্যের খুচরা দরের সরকারী সূচীসংখ্যা ২১০-এর তুলনায় আহার্য্য দ্রব্য সম্পর্কে খরচপত্রের সূচীসংখ্যা ১৮৪ দাঁড়াইয়াছে। বর্ত্তমান সময়ের এই ধরণের পূর্ণ হিসাবও আমাদের হস্তগত হয় নাই। তবু ১৯১৯ সনের পর থেকে জীবনযাত্রা-মূল্যের সূচীসংখ্যার তুলনায় খরচপত্রের অধিকতর দ্রুতবেগে বর্দ্ধিত হওয়ার কোঁক দেখিতে পাওয়া

---

* অনুবাদক শ্রীনরেন্দ্রনাথ সরকার, এম এ

যায় কাজেই মনে হয়। ১৯৪২ সনে প্রয়োজনীয় জিনিষপত্রের ব্যয়ের সূচীসংখ্যা সরকারী সূচীসংখ্যার ১২৯ এর পরিবর্ত্তে ১৩৫-১৪০ দাঁড়াইবে। সেইজন্য আরও একটা সম্ভাবনার সন্ধান যেন পাওয়া যাইতেছে। ১৯১৪-১৮ সনে মূল্যের সূচীসংখ্যার তুলনায় ঘরভাড়া অপেক্ষাকৃত কম গতিবেগসহ বর্দ্ধিত হইয়াছিল। ১৯৩৯-৪২ সনগুলিতে ইহার ঠিক উল্টা অবস্থা দাঁড়াইবে। উভয় সময়েই পাইকারী দরের তুলনায় খুচরা দর অপেক্ষাকৃত কম দাঁড়াইয়াছে। কিন্তু বর্ত্তমানে সরকারী সাহায্য খুব বেশী পরিমাণে বর্দ্ধিত হইয়াছে। আহার্য্যের বরাদ্দ নির্দ্ধারণ এবং মূল্য নিয়ন্ত্রণও চলিয়াছে ব্যাপকভাবে। সেইজন্য বর্ত্তমানে মূল্য-বৃদ্ধি অপেক্ষাকৃত কম দাঁড়াইয়াছে।

মজুরির হার

স্বাভাবিক কালের সময় ও কাজকর্ম্মের মজুরি হারের তুলনায় বেতনহারের পরিমাণ সাধারণতঃ অধিকতর দ্রুত-বেগে বর্দ্ধিত হইয়াছে। পূর্ব্ববর্ত্তী প্রবন্ধপত্রে এ-সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। এ-সম্বন্ধে পূর্ব্ববর্ত্তী সময়ের সহিত বর্ত্তমান সময়ের তুলনা করার জন্য যথোপযুক্ত মাপ-জোক ও তথ্যাদি পাওয়া যায় না। উপরের তালিকায় যথেষ্ট পার্থক্যই দেখা গিয়াছে। ১৯১৪-১৮ সনে মজুরি হারের পরিবর্ত্তন মূল্যের সাথে তাল রাখিতে পারে নাই। ১৯৪০ ও ১৯৪১ সনে বড় একটা পার্থক্য দেখা যায় না। ১৯৩৯-৪২ সনগুলিতে মজুরি ও জীবনযাত্রা-মূল্যের সূচী-সংখ্যা একই হারে বাড়িয়াছে। দুই যুদ্ধের প্রথম তিন বৎসরে মজুরি হারের সাধারণ গতিবিধির বিশেষ কোন পার্থক্য ঘটে নাই। তবে ১৯১৪-১৫ সনের তুলনায় ১৯৩৯-৪০ সনে বাড়তি চলিয়াছিল অধিকতর দ্রুতবেগে। তিন বৎসরের এক সঙ্গে হিসাব লইলে, বিপরীত অবস্থাই চোখে পড়িবে।

তালিকার যুদ্ধের চতুর্থ বৎসর সম্পর্কে গুরুতর সতর্কবাণী উল্লেখ করা হইয়াছে। প্রধানতঃ অনবরত খুচরা মূল্য বৃদ্ধির ফলে ১৯১৭-১৮ সনে মজুরির হার যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত হয়। সূচী-সংখ্যা বাড়িয়া দাঁড়ায় ১৮০ (১৯২০ সনে ২৬০), ১৯৩৯ সনের পর বিভিন্ন পেশায় বাড়তিতে যথেষ্ট অনৈক্য দেখিতে পাওয়া যায়। তাহা হইলেও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যগুলির মূল্যের মাপ-জোক দ্বারা যুদ্ধের চতুর্থ বৎসরের মূল্যের অনুরূপ মূল্যের গতিবিধির যুক্তিযুক্ত ব্যাখ্যা করা অসম্ভব।

আলোচ্য উভয় সময়েই কারিগরদের তুলনায় কল-কারখানার মজুরদের মজুরি-বৃদ্ধির শতকরা হার বেশী দাঁড়াইয়াছে। কিন্তু কেবলমাত্র বর্ত্তমান যুদ্ধেই চাষী-মজুর ও খনির মজুরগণ বিশেষ সুযোগ-সুবিধা পাইয়াছে। প্রাক্‌যুদ্ধ বৎসরগুলিতে যখন শিল্পের মজুরদের মজুরির হার ছিল অত্যন্ত কম। সেই জন্য ১৯৩৯-১৯৪০ সনে এই শিল্পে মজুরিহার অধিকতর পরিমাণে বাড়িতে দেখা গিয়াছে। উভয় যুদ্ধেই পল্লী জিনিষ-পত্রের চাহিদা বাড়িয়াছে অসম্ভবরূপ। সেইজন্য এই শিল্পে মজুরি হারের গড় বাড়তি হারের চেয়ে অধিক দাঁড়াইয়াছে। ১৯১৪—১৯১৮ সনগুলিতে রেলওয়ে শ্রমিকদের মজুরি অন্যান্য মজুরির সাথে তাল রক্ষা করিয়া চলে। কিন্তু ১৯৩৯ সনের পর সর্ব্বনিম্ন হার কোনরূপে রক্ষিত হইলেও রেলওয়ে শ্রমিকদের মজুরি বৃদ্ধির হার অত্যন্ত কম দাঁড়াইয়াছে। অতিরিক্ত সময় খাটুনীর দ্বারা কিভাবে শ্রমিকদের ক্ষতিপূরণ হইয়াছে তাহা জানা যায় নাই। উভয় সময়েই সময়ের তুলনায় ছাপাখানার কম্পোজিটারদের চাহিদা মাঝারি রকমের রহিয়াছে।

(ক্রমশঃ)

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

মাঘ—১৩৫১ আর্থিক উন্নতি ১৯শ বর্ষ—১০ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্ত আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

কলিকাতার বস্তি-উন্নয়ন

কলিকাতার বস্তি এলাকার উন্নয়ন সম্পর্কে বিবেচনার জন্য বাঙলা গভর্ণমেণ্ট যে সম্মেলন আহ্বান করেন, গত ৩রা জানুয়ারী অপরাহ্ণে রাইটার্স বিল্ডিংসে গভর্ণর বাহাদুরের সভাপতিত্বে তাহার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হইয়াছে। কলিকাতা কর্পোরেশন, কলিকাতা ইম্‌প্রুভমেণ্ট ট্রাষ্ট এবং গভর্ণমেণ্টের প্রতিনিধিবর্গ সভায় উপস্থিত হইয়াছিলেন।

সম্মেলনের উদ্বোধন করিয়া গভর্ণর বাহাদুর বলেন, ইহা একটি কাজের সভা; যত শীঘ্র সম্ভব হাজার হাজার লোকের বাসগৃহের উন্নয়ন-সমস্যার সমাধানই এই কাজ।

আলোচ্য সমস্যাটিতে দীর্ঘ-মেয়াদী ও স্বল্প-মেয়াদী এই দুই রকম পরিকল্পনার মধ্যবর্ত্তীতায় হস্তক্ষেপ করিতে হইবে। সংশ্লিষ্ট যাবতীয় লোকের গৃহ-পত্তন হইবে এক দীর্ঘ মেয়াদী কাজ; কিন্তু অনেক রকমের উন্নয়নই অবিলম্বে করিতে হইবে। এই জন্য পাঁচটি প্রধান কার্য্যক্রম গ্রহণ করিতে হইবে, যথা—(১) বস্তির ভিতর দিয়া গলি নির্ম্মাণ করিয়া উহাদের মুখ বাহিরে খুলিয়া দেওয়া, (২) যে-সকল খোলা নালায় জল চলে না, সেগুলি বুজাইয়া ফেলা, (৩) জল সরবরাহ ব্যবস্থা উন্নত করা, (৪) পায়খানাগুলির উন্নতিবিধান করা এবং (৫) রাস্তায় আলোর ব্যবস্থা করা।

গভর্ণর আরও বলেন: কোন পক্ষ হইতে যদি কোনরূপ বাধা আসে, সে-বাধা অবশ্যই অতিক্রম করিতে হইবে। কলিকাতা কর্পোরেশনের চীফ্ এক্সিকিউটিভ অফিসার ও চীফ ইঞ্জিনিয়ার এবং ইম্‌প্রুভমেণ্ট ট্রাষ্টের চেয়ারম্যান ও চীফ্ ইঞ্জিনিয়ারকে লইয়া একটি ছোট ওয়ার্কিং সাব-কমিটি গঠন করিতে হইবে। বাঙলা গভর্ণমেণ্টের রোড ও বিল্ডিংসমূহের চীফ্ ইঞ্জিনিয়ার এবং স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের সেক্রেটারীকেও এই সাব-কমিটিতে প্রেরণ করা হইবে। শেষোক্ত ব্যক্তি উহার চেয়ারম্যান হইবেন।

কমিটি নিম্নলিখিত বিষয়ে যথাকর্ত্তব্য করিবেন: (১) অবিলম্বে কি কি উন্নতির ব্যাপার হাতে নিতে হইবে, (২) কলিকাতা মিউনিসিপ্যাল আইনের ২২ পরিচ্ছেদের অনুরূপ কার্য্যক্রম অবলম্বিত হইবে, না অন্য কোনরূপ কার্য্যবিধি গ্রহণে অধিকতর সুফল পাওয়া যাইবে, (৩) জরুরী উন্নতি বিধানের জন্য পরিচালনার কাজ কাহাদের হস্তে ন্যস্ত করা উচিত, (৪) যাঁহাদের হস্তে

কার্য্য পরিচালনার ভার ন্যস্ত হইবে, তাঁহাদিগকে কার্য্য পরিচালনার যথাযথ কর্তৃত্ব প্রদানের জন্য কি আইন-বিধির প্রয়োজন ?

দীর্ঘমেয়াদী উন্নয়ন ব্যবস্থা সম্পর্কে অর্থাৎ একলক্ষ বস্তিবাসীর নূতন করিয়া গৃহ গঠনের জন্য একটি খসড়া পরিকল্পনা এক মাসের মধ্যে গভর্ণমেণ্টের নিকট দাখিল করার জন্য কলিকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট ও কলিকাতা কর্পোরেশনকে নির্দ্দেশ দেওয়া হইয়াছে।

আর্থিক ভারত

ভারতীয় রেলের বিপুল আয়

১৯৪৩ সনের ১লা এপ্রিল হইতে ৩০শে নবেম্বর পর্য্যন্ত রেলের মোট আয়ের পরিমাণ ১৩৬ কোটি ৬১ লক্ষ টাকা। গত বৎসর একই সময়ে ইহা অপেক্ষা ২০ কোটি ৭৫ লক্ষ টাকা কম আয় হইয়াছিল।

ভারত ও কানাডার ইস্পাত-শিল্প

ভারতবর্ষের জন্য কানাডায় ৮ হাজার ইস্পাতের ট্রাক্ তৈয়ারী হইতেছে। কানাডার পারস্পরিক সাহায্য দান বিভাগ এই বিষয়ে কন্ট্রাক্ট করিয়াছেন। কানাডার কারখানা-গুলি আজ পর্য্যন্ত ভারতবর্ষের জন্য ১৫০ খানি রেল ইঞ্জিন ও কয়েক শত ট্রাক্ তৈয়ারী করিয়াছে।

এখন প্রকাশ করা হইয়াছে যে, লিবিয়ার ও অন্যত্র ব্যবহারের জন্য ভারতবর্ষ হইতে যেসব রেল ইঞ্জিন ও রেলগাড়ী লইয়া যাওয়া হয় তাহাদের স্থান পূর্ণ করিবার জন্যই উহার অধিকাংশের প্রয়োজন। ব্রহ্মচীন রণাঙ্গনের জন্য ক্রমবর্দ্ধমান পণ্যের ভার বহন করিবার উদ্দেশ্যে ভারতীয় রেলপথের উন্নতি বিধান অবশিষ্টাংশের উদ্দেশ্য।

এই কানাডীয় কারখানাগুলি রুশিয়ার জন্য দুই হাজার ট্রাক্ তৈয়ারী করিতেছে।

ভারতে বীমাব্যবসায়ের প্রসার

১৯৪০ সনে ২ লক্ষ ৯৬ হাজার বীমাপত্রে মোট ৭২ কোটি ১২ লক্ষ টাকার নূতন জীবন বীমা করা হইয়াছে এবং উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক ৩ কোটি ৯৭ লক্ষ টাকা আয় হইয়াছে। ১৯৪২ সনে ১ লক্ষ ৭৮২ হাজার বীমাপত্রে মোট ৪২ কোটি ৮৩ লক্ষ টাকার নূতন জীবন বীমা হইয়া-ছিল। উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক আয় ছিল ২ কোটি ২২ লক্ষ টাকা। ভারতীয় বীমা প্রতিষ্ঠানগুলি ২ লক্ষ ৮৩ হাজার বীমাপত্রে মোট ৬২ কোটি ৯৪ লক্ষ টাকার বীমা করিয়াছেন এবং উহার প্রিমিয়াম বাবদ বাৎসরিক আয় হইয়াছে ৩ কোটি ৪৮ লক্ষ টাকা।

ভারতবর্ষে যেসকল কোম্পানী জীবনবীমা ব্যতীত অন্যান্য বীমার কাজ করিয়া থাকেন ১৯৪৩ সনে জীবনবীমা ছাড়া অন্যান্য বীমার প্রিমিয়াম বাবদ তাহাদের মোট ৭ কোটি ৬৩ লক্ষ টাকা আয় হইয়াছে। পূর্ব্ব বৎসর এই আয়ের পরিমাণ ছিল ৭ কোটি ৩৮ লক্ষ টাকা। ইহার মধ্যে ভারতীয় বীমা কোম্পানীগুলির আলোচ্য বর্ষে (১৯৪৩) ২ কোটি ৮৯ লক্ষ টাকা হইয়াছে। পূর্ব্ব বৎসর ঐ আয়ের পরিমাণ ছিল ২ কোটি ৬ লক্ষ টাকা। ভারতীয় বীমা প্রতিষ্ঠানগুলি অন্যান্য বীমার মধ্যে অগ্নিবীমা বাবদ ১ কোটি ৬৬ লক্ষ টাকা জাহাজী বীমা বাবদ ৭৩ লক্ষ টাকা এবং অন্যান্য বিবিধ বীমা বাবদ ৫০ লক্ষ টাকা পাইয়াছেন। অভারতীয় বীমা প্রতিষ্ঠানগুলি অগ্নিবীমা বাবদ ১ কোটি ৮১ লক্ষ টাকা জাহাজী বীমা বাবদ ২ কোটি ৭ লক্ষ টাকা এবং অন্যান্য বিবিধ বীমা বাবদ ৮৬ লক্ষ টাকা পাইয়াছেন।

কতগুলি ভারতীয় কোম্পানী বিদেশেও জীবনবীমা ছাড়া অন্যান্য বীমার কাজ করিয়া থাকেন। এইসকল কোম্পানীর আলোচ্য বর্ষে বিদেশে জীবনবীমা ছাড়া অন্যান্য বীমার প্রিমিয়াম বাবদ মোট ১ কোটি ১০ লক্ষ টাকা আয় হইয়াছে। পূর্ব্ব বৎসর ঐরূপ আয়ের পরিমাণ ছিল ১ কোটি ১৪ লক্ষ টাকা।

দুনিয়ার ধনদৌলত

মার্কিণ যুক্তরাষ্ট্রে তুলা উৎপাদন

১৯৪৪ সনে ১১ মিলিয়ন বেলের কিছু অধিক তুলা উৎপন্ন হইবে। ১৯৪৩ সনে উৎপন্ন হইয়াছিল ১১·৪ মিলিয়ন বেল। এবার উৎপাদনের হার বেশ ভাল, গত বৎসরের তুলনায় একর প্রতি ১০ পাউণ্ড বেশী এবং ১৯৩৯-৪২ সনের তুলনায় একর প্রতি ৩৭ পাউণ্ড বেশী।

১৯৪৪ সনে উৎপন্ন তুলার সহিত পূর্ব্বসঞ্চিত ১০·৬ মিলিয়ন বেল যোগ করিলে ১৯৪৪-৪৫ সনে দেশের ব্যবহারের জন্য তুলার পরিমাণ দাঁড়াইবে ২১·৪ মিলিয়ন বেল। ১৯৪৩-৪৪ সনে দেশের ব্যবহারের জন্য তুলার পরিমাণ দাঁড়ায় ২১·৮ মিলিয়ন বেল।

দেশের মধ্যে গত বৎসর তুলা ব্যবহৃত হয় ৯,৯৪২,০৭০ বেল। যুদ্ধের পূর্ব্বে সবচেয়ে বেশী তুলা খাদনের রেকর্ড অন্ত ৮ মিলিয়নের তুলনায় এই খাদন অবশ্যই বেশী; কিন্তু ১৯৪১-৪২ এর ১১,১৭০,১০৬ বেলের তুলনায় ইহা ১১% কম।

মার্কিণ শিল্পপতিদের যুদ্ধোত্তর পরিকল্পনা

ওয়াল ষ্ট্রীটের 'আর্গাসে' বলা হইয়াছে যে, ডিট্রয়েটের ৮৫টি কোম্পানীতে খবর লইয়া দেখা গিয়াছে ইহার মধ্যে প্রায় সবগুলি কোম্পানীই যুদ্ধের পর একটা না একটা নূতন জিনিষ তৈরীর পরিকল্পনা করিয়াছে। কোন কোন কোম্পানী দুই তিনটা পর্য্যন্ত অভিনব জিনিষ তৈরীর পরিকল্পনা করিয়াছে। ফোর্ড কোম্পানী এক সময় যাত্রিবাহী বিমান নির্ম্মাণের ইচ্ছা করিয়াছিল, কিন্তু এখন তাহাদের বোধ হয় আর সে ইচ্ছা নাই। তাহারা যুদ্ধের পর হয়ত সস্তা মোটরকার বা চাষের যন্ত্র বাহির করিবে। কিছুদিন আগে ফোর্ড সাহেব ঘোষণা করিয়াছিলেন যে, তিনি যুদ্ধের পর ৫ শত ডলারে (প্রায় ১৭ শত টাকায়) মোটরকার বিক্রয় করিবেন।

অন্যান্য কোম্পানীগুলির কোনটি নূতন উপায়ে পেনিসিলিন তৈরী, কোনটি মোটরকারের পেরিস্কোপ, তিন চাকার মোটরকার প্রভৃতি তৈরীর পরিকল্পনা করিয়াছে।

আর্জ্জেন্টিনার প্রসূতি বীমা

আর্জ্জেন্টিনার ১৯৩৪ সনে প্রসূতি বীমা তহবিল স্থাপিত হইয়াছে। এই প্রতিষ্ঠানের ১৯৪২ সনের কার্য্য বিবরণী প্রকাশিত হইয়াছে। উহাতে দেখা যায়, এই সনে বিভিন্ন খাতে তহবিলের ৬,৩০০,০০০ পিসো আয় এবং ৩,১০০,০০০ পিসো ব্যয় হইয়াছে। ১৯৪২ সনের ৩১শে ডিসেম্বর তারিখে তহবিলে মৌজুদ অর্থের পরিমাণ ছিল ১৬,৭০০,০০০ পিসো।

আলোচ্য সনের শেষভাগে ২১,১৪৭ জন নিয়োগকর্ত্তা এই প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত ছিল; বীমাকারিণীর সংখ্যা ছিল ৪১০,৪৮০ জন অর্থাৎ ১৯১৪ সনের তুলনায় সংখ্যাবৃদ্ধি ৮০,০০০ জন।

আলোচ্য সনে ৮,৩৬০টী কেসে মোট ২,৩০০,০০০ পিসো সাহায্য প্রদত্ত হয়। প্রতিষ্ঠানটী কায়েম হওয়ার পর ১৯৪২ সনের শেষ ৩১,২১৮টী কেসে মোট ৮,৫০৮,৩০০ পিসো সাহায্য প্রদত্ত হইয়াছে।

১৯৪২ সনের জুলাই মাসে সরকারী ঘোষণা অনুসারে নবজাত শিশুদের পোষাক-পরিচ্ছদ দানের আদেশ জারি করা হইয়াছে এবং ৪,৫০০ জন নারী এই সাহায্য লাভ করিয়াছে।

১৯৩৯-১৯৪২ সনের মধ্যে শতকরা ৬০·৭৪ প্রসূতি হাসপাতালে ভর্ত্তি হয় এবং বাদ-বাকী প্রসূতিদের বাড়ীতে সেবাশুশ্রূষার ব্যবস্থা করা হয়। প্রসবকালীন মৃত শিশুর হিসাব দাঁড়ায় ৫·৮%। ৮৮·১২% প্রসূতি নবজাত শিশুদের স্তন্যদানে সমর্থ হয়। সর্ব্ব-সময়ে শতকরা ৪৫ জন প্রসূতি চিকিৎসা সাহায্য লাভ করে; কিন্তু শতকরা ৬৯ জন প্রসূতি মাঝে মাঝে চিকিৎসা-কেন্দ্রে উপস্থিত হইয়া শিশুদের ডাক্তারী পরীক্ষার ব্যবস্থা করে।

ব্যক্তি ও সঙ্ঘ

চীন সরকারের খাদ্যনীতি

চীন সরকার আহার্য্যদ্রব্যের উৎপাদন বৃদ্ধির জন্য এক প্রতিষ্ঠান কায়েম করিয়াছেন। এই প্রতিষ্ঠান যে সমস্ত কাজ করিয়াছে নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল :—

১৯৪০ সনে কৃষি ও বন বিভাগীয় মন্ত্রিপদ সৃষ্টি হওয়ার পর একটি কমিটী স্থাপিত হয়। কমিটী অনেকগুলি পরিকল্পনা স্থির করিয়াছে এবং প্রাদেশিক ও জেলা কর্তৃপক্ষদের সাহায্যে এইসমস্ত পরিকল্পনা কার্য্যে পরিণত করিতে চেষ্টা করিতেছে। সরকারী কৃষি গবেষণাগারেও এ-সম্বন্ধে যথেষ্ট চেষ্টা চলিতেছে। কৃষিবিভাগ এদিক্ দিয়া কতদূর অগ্রসর হইয়াছে, নিম্নে তাহার পরিচয় দেওয়া গেল :—

১৯৪১ সনে এই প্রতিষ্ঠান ৪০,১৫৪,৪৪০ মো(১ মো=⅙ একর) নূতন জমি চাষ-আবাদের ব্যবস্থা করিয়াছে। এই সমস্ত জমিতে ৮৪,১৭১,৪৮০ পিকল শস্য উৎপন্ন হইয়াছে। ইতিপূর্ব্বে যে ১১,১৪৪,৪৭১ মো জমি আবাদের ব্যবস্থা করা হইয়াছিল, তাহাতে শস্য ফলন হইয়াছে ৯,২৪৬,৪০৬ পিকল হোনান প্রদেশে গমের আবাদ বাড়িয়াছে ৬৬০,০০ একর (৮০০,০০০ পিকল) যুদ্ধের পূর্ব্বে এই প্রদেশে প্রত্যেক বৎসর গম উৎপন্ন হইত ৯০ মিলিয়ন পিকল। কান্‌সু প্রদেশে নানারূপে খাদ্যশস্যের উৎপাদন বাড়িয়াছে ১৩০,০০০ পিকল। নিংসিয়ার ১,০০০০০ পিকল, ১৯৪৩ সনে ধান, গম ও অন্যান্য খাদ্যশস্যের ফলন ৪২,১২৪,০০০ পিকল বর্দ্ধিত করার পরিকল্পনা স্থির করা হইয়াছে।

মোলাকাৎ

সরকারী চাকুরে ও অর্থশাস্ত্রী

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীশিবচন্দ্র দত্তের কথোপকথন]

প্রঃ—আপনি বঙ্গীয় ধনবিজ্ঞান-পরিষদের আলোচনায় অনেক সময়ে সরকারী চাকুরেদের দুর্ব্যাতি ক'রে থাকেন। কারণ কি ?

উঃ—সোজা কথা। কারবারীদের ন্যায় সরকারী চাকুরেরাও স্বার্থনিষ্ঠ লোক। তত্ত্বের ধার এরা বড়-একটা ধারে না। অর্থশাস্ত্রীরা প্রধানতঃ তত্ত্বনিষ্ঠ, কিন্তু তাদের বিশেষ অরুচি তথ্যের। এই জন্যই আমি তথ্যনিষ্ঠের তারিফ করি। জানোই তো আমি যখন-তখন "বস্তুনিষ্ঠা", "বস্তুনিষ্ঠা ব'কে থাকি। বস্তুনিষ্ঠ কারবারী আর বস্তুনিষ্ঠ সরকারী চাকুরেদের সঙ্গে সহযোগ থাকলে অর্থশাস্ত্রীরা তত্ত্বনিষ্ঠার পেকে উঠ্‌তে পারে।

প্রঃ—সরকারী চাকুরেরা কারবারীদের মতন একপেশে নয় কি ?

উঃ—ব'লে গেল,—তাতে ক্ষতি কি ? সংসারের সব জিনিষই অল্প-বিস্তর একপেশে, এক-চোখো, কাণা। কিন্তু যার যে-চোখ সে সেই চোখে কিছু-না-কিছু দেখে। আর তাতে অন্যান্য এক-চোখোগুলার চোখের সাম্‌নে নতুন-নতুন কিছু-না-কিছু ভাসে। সুতরাং আড্ডায় ব'সে রকমারি লোক তর্ক-বিতর্ক করলে প্রত্যেকেরই লাভ ছাড়া লোকসান নাই। অধিকন্তু সরকারী চাকুরেরা অনেকেই মাথাওয়ালা লোক। তাদের মুড়োয় ঘী আছে বেশ-কিছু।

প্রঃ—কি রকম ?

উঃ—সাধারণতঃ, লোকের বিশ্বাস যে, ইস্কুল-মাষ্টার আর অধ্যাপকরাই একমাত্র মুড়োওয়ালা পণ্ডিত। তারা গবেষণা করে, প্রবন্ধ লেখে, বই লেখে এই জন্যে। কিন্তু হাকিমি, জমিদারি করতে গবেষণার দরকার কম হয় কি? প্রত্যেক মকর্দ্দমায় রায় এক-একটা গবেষণা ছাড়া আর কিছু নয়। পেন্‌সন পাবার পর বছর দশেক ব'রে সরকারী চাকুরেরা

বই লেখার দিকে মগজ খেলালে বাঙালীর সংস্কৃতি কেশ-কিছু উঁচিয়ে যেতে পারে। বিশেষতঃ, ধন-বিজ্ঞানের ক্ষেত্রে। পঞ্চাশ হ'তে পঁয়ষট্টি বছর বয়সের লোকগুলার অভিজ্ঞতার কিমৎ খুব বেশী। রেলের কর্মচারী, স্বাস্থ্য-বিভাগের কর্মচারী, সমবায়-বিভাগের কর্মচারী, এঞ্জিনিয়ারিং-বিভাগের কর্মচারী, ডেপুটি-ম্যাজিষ্ট্রেট, মুন্সেফ, জজ, ইত্যাদি নানা শ্রেণীর সরকারী চাকুরের কথাই বল্‌ছি।

পত্রিকা-জগৎ

"হুইট্ ষ্টাডিজ" (ষ্ট্যান্ফোর্ড, কালিফোর্নিয়া)

(সেপ্টেম্বর, ১৯৪০)

জে, এল, ভেজিস্ লিখিত "হুইট্ আউট-লুক অ্যাণ্ড পালিসিজ্" প্রবন্ধটা বিশেষরূপে প্রণিধানের যোগ্য। মার্কিণ যুক্তরাষ্ট্র হইতে ইয়োরোপ ও সোভিয়েট রুশিয়ার গম ও ময়দা রপ্তানি যথেষ্ট পরিমাণে বাড়িয়াছে। সম্মিলিত জাতি সমূহের গম ও ময়দার প্রয়োজন অবশ্যই আছে, তবে প্রয়োজনের পরিমাণটা অনেক সময় অতিরঞ্জিত; কারণ, রুশিয়া ও আইবেরিয়ান উপদ্বীপ বাদে ইয়োরোপের অধিকাংশ দেশে গম ভাল ফলিয়াছে এবং আবাদও বাড়িয়াছে। ১৯৩২-৩৩ সনে সব চেয়ে বেশী গম উৎপন্ন হয়। ১৯৩৯-৪০ সনে ঐ পরিমাণে গম উৎপন্ন হইয়াছে। সাগরপারের রপ্তানিকারক দেশগুলায় এত বেশী বাড়তি গম জমিয়াছে যে এই সমস্ত সরাইবার মত জাহাজ মিলান ভার হইয়া পড়িয়াছে। ক্যানাডায় ময়দা উৎপাদন চূড়ান্ত সীমায় উপনীত; অষ্ট্রেলিয়া ও মার্কিণ যুক্তরাষ্ট্রে ময়দার উৎপাদন বাড়িতেছে। মার্কিণ যুক্তরাষ্ট্রে গবর্ণমেণ্ট গমের দাম অত্যন্ত চড়াইয়া রাখিয়াছে; ক্যানাডাতেও গমের মূল্য অত্যন্ত বর্দ্ধিত হইয়াছে। গম রপ্তানিকারক সেরা দেশ-চতুষ্টয়ে খাদ্য ও খাদনের সমপরিমাণে গম অন্যান্য কাজেও ব্যবহৃত হইবে। মার্কিণ যুক্তরাষ্ট্রেই পশু-খাদ্যের জন্য গম আমদানির পরিমাণ এই দেশ থেকে গম ও ময়দা রপ্তানির পরিমাণকে অতিক্রম করিবে। ব্রাজিল ও ফুট্টার খাটতির দরুণ আর্জেন্টিনা গম পুড়াইয়া ফেলিতে বাধ্য হইতেছে। এই দুই দেশে গম আবাদের পরিমাণ বর্দ্ধিত করা হইতেছে। বাড়তি গমের সুরাহা করা সম্ভব হইলে ক্যানাডা ও অষ্ট্রেলিয়াতেও গমের আবাদ বাড়িয়া যাইবে। যুদ্ধ-প্রপীড়িত দেশগুলার সাহায্যদানের জন্য যদি গমের মৌজুদভাণ্ডার গড়িয়া তুলিতে হয়, তাহা হইলে পশু-খাদ্য সুরাহার, ইন্ধন প্রভৃতিতে গমের রূপান্তরসাধন নিয়ন্ত্রণের ব্যবস্থা করিতে হইবে। মোটের উপর, গম উৎপাদন ও খাদনের যথাবিহিত জাতীয় ও আন্তর্জাতিক বিধি-ব্যবস্থা প্রবর্ত্তনের প্রয়োজন উপস্থিত হইয়াছে।

সমালোচনা

এনিমি উইদিন; জে, এফ, ভোবী; লণ্ডন, হাচিন্সন্ ১৯৪০; ৮০ পৃঃ; ১ শিং।

"স্বাধীনতা-সংগ্রাম সিরিজের" অন্যতম গ্রন্থ। প্রবাসী জার্মাণরা যোর জার্মাণির অংশ—এই ধারণাটা পূর্ব্বে রহস্যজনক প্রহেলিকা মনে হইলেও ক্রমে ইহা রীতিমত বিজ্ঞানে পরিণত হইয়াছে, এবং নাৎসী জার্মাণির হাতে অন্যতম রাজনৈতিক অস্ত্রে পরিণতিলাভ করিয়াছে। আলোচ্য গ্রন্থে তাহা বিশেষ নৈপুণ্যের সহিত প্রদর্শিত হইয়াছে। একজন চেক, একজন হাঙ্গারিয়ান, একজন পোল, একজন রুমানিয়ান ও একজন যুগোস্লাভ—এই পুস্তিকাখানায় লেখনী সঞ্চালন করিয়াছেন। ইহারা সকলেই আপন আপন দেশের পঞ্চমবাহিনীর কার্য্য-কলাপও লিপিবদ্ধ করিয়াছেন।

"বিনয় সরকারের বৈঠকে" (বিংশ শতাব্দীর

বঙ্গসংস্কৃতি) প্রথমভাগ ; চক্রবর্ত্তী, চাটার্জ্জি এণ্ড কোং লিঃ, ১৫নং কলেজ স্কোয়ার, কলিকাতা ; দ্বিতীয় (পরিবর্দ্ধিত) সংস্করণ ; মূল্য ছয় টাকা ; শ্রীহরিদাস মুখোপাধ্যায়, শ্রীশিবচন্দ্র দত্ত, শ্রীহেমেন্দ্রবিজয় সেন, শ্রীক্ষিতি মুখোপাধ্যায়, শ্রীপ্রবোধ-কৃষ্ণ ঘোষাল ও শ্রীমন্মথনাথ সরকারের সঙ্গে অধ্যাপক বিনয়কুমার সরকারের কথোপকথন এই গ্রন্থে সন্নিবেশিত হইয়াছে।

ইহাতে আছে রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী-আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্পবাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, অধনীন্দ্র-মণ্ডল, লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্মসমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাষ্ট্রীয় ভগবান্, গল্প-রচনায় বাঙালী মেয়েরা, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামা প্রসাদ, ১৯৮০ সনের বাঙালী, বীরেশ সেনের বঙ্গোপনিষৎ, রমাঁ রলাঁ, আনাতল ফ্রাঁস্, চার্চ্চি, গল্‌সোআর্দি ও শ', আগে বাঙালী তারপর ভারতবাসী, যুবক এশিয়ার ভবিষ্য-নিষ্ঠা, ভবঘুরে রবীন্দ্রনাথ, মুসলিম দুনিয়া ও যুবক বাঙলা, ভারতে ইয়োরামেরিকার চোরাই মাল, শশাঙ্ক সেন, মোহিত মজুমদার ও প্রবন্ধ বিশী, সোনোর বনাম সরকার, বাঙলার মুসলমান, হিন্দুধর্ম্ম বাঙলায় বিদেশী, রবীন্দ্র-সাহিত্যের বিকাশ রেখা, বাঙলামি, আবদুল গফুরের যুক্তিনিষ্ঠা, সরকারী চাকরে ও বেপারীর দল, স্বদেশী আন্দোলন ও নোবেল প্রাইজ, ইয়োরোপের পারিবারিক ও সামাজিক কৌবন, দারিদ্র্যদোষ কি গুণ-রাশিনাশী, কারবারী ও অর্থ-শাস্ত্রী, মার্ক্স্-পন্থী সাহিত্য-সমালোচনা, সাহিত্যের স্বরাজ, ১৯৩১-৪৪ সনের বঙ্গ-সাহিত্য, বাঙালী-করণ, সবার বিরুদ্ধে একা, দিগ্বিজয়ী বাঙালীর দল ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ সংস্কৃতি-সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত।

এই গ্রন্থের অন্যতম বিশেষত্ব :—

নজরুল-কাব্যের বিশ্লেষণে আশী পৃষ্ঠা দেওয়া হইয়াছে। ম্যাট্রিক, আই-এ, বি-এ ইত্যাদি পরীক্ষার জন্য বাংলা রচনার কাজে ছাত্রদের পক্ষে এই গ্রন্থ দরকার হইবে।

ইহাতে ৩৮০ জন বাঙালী স্ত্রীপুরুষের কর্ম্ম ও চিন্তাবৃত্তান্ত পাওয়া যায় ; তাহার সঙ্গে ২০০ অ-বাঙালী ও অ-ভারতীয় পাশ্চাত্য নরনারীর উল্লেখ আছে।

দ্বিতীয় সংস্করণের পৃষ্ঠা-সংখ্যা প্রথম সংস্করণের প্রায় তিন গুণ। প্রথম খণ্ড ৮১০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

গ্রন্থপঞ্জী

১। দি গ্রেট্ হেট্রেড্ ; মরিস ডামুয়েল ; ১৯৪৩ ; লণ্ডন—গোলান্‌ৎস্ ; ১৪০ পৃঃ ; দামে তিন শিলিং।

২। ফ্রন্টলাইন অ্যাণ্ড ফ্রন্টপেজ ; ডেভিড্ উড্‌ওয়ার্ড ; ১৯৪৩ ; লণ্ডন ; ২৩২ পৃঃ ; দামে দশ শিলিং।

৩। রিটার্ণ টু হ্যাপিনেস ; জোলাস্ লীড্ ; লণ্ডন, ম্যাক্‌মিলান্, ১৯৪৩ ; ৩১৮ পৃঃ ; ১৮ শিঃ।

৪। দি ওয়ার্ল্ড টু কাম ; এইচ, আর, আ্যাবার ক্রাম্বী ; সাউথ আফ্রিকা ; সেণ্ট্রাল নিউজ এজেন্সী লিমিটেড ; ১৯৪২ ; ৩১৮ পৃঃ ; ১০ শিঃ ৬ পেঃ।

৫। সামারী অব্ দি ওয়ার্ল্ড্ কেডারেশান্ প্ল্যান ; ই, কালবার্টসন ; লণ্ডন ; ফেবার অ্যাণ্ড ফেবার ; ১৯৪৪ ; ৭৮ পৃঃ ৪ শিঃ।

৬। দি মিসিং টেক্‌নিসিয়ান ইন্ ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাক্‌সন ; জে, রোরাল ; লণ্ডন ; অ্যালেন্ অ্যাণ্ড অ্যানউইন্ ; ১৯৪৪ ; ১০৭ পৃঃ ; ৭ শিঃ ৬ পেঃ।

যুদ্ধের তিন বৎসরে দ্রব্য-মূল্য ও মজুরির হার

এ, এস, বাউলী

(পূর্ব্বানুবৃত্তি)

বোর্ড অব ট্রেডের মোট সূচী সংখ্যা

আগষ্ট, ১৯৩৯

ডিসেম্বর, ১৯৩৯

ডিসেম্বর, ১৯৪০

ডিসেম্বর, ১৯৪১

মার্চ্চ, ১৯৪২

জুন, ১৯৪২

সেপ্টেম্বর, ১৯৪২

বড় বড় গ্রুপগুলিতে পরিবর্ত্তন

	১৯৩৯ আগষ্ট	১৯৪১ আগষ্ট	১৯৪২ মার্চ্চ	১৯৪২ জুন	১৯৪২ সেপ্টে.
খাদ্যবস্তু	১০০	১৮০	২৪০		২২৩
মাছ, মাংস, ডিম	১০০	১৩৮	১৩৮		১৩৮
অন্যান্য খাদ্যদ্রব্য ও তামাক	১০০	১৬৫	১৬৫	১৭৬	১৭০
মোট খাদ্যদ্রব্য ইত্যাদি	১০০	১৬১	১৭৫	১৭৮	১৭৩
কয়লা	১০০	১৩৮	১৩৯	১৩৯	১৩৯
লোহা-লক্কড়	১০০	১৪১	১৪২	১৪২	১৪২
লৌহেতর ধাতু	১০০	১২৩	১২৫	১২৫	১২৫
কার্পাস তুলা	১০০	১৭২	১৭৭	১৭৬	১৭৬
পশম	১০০	১৬৬	১৬৮	১৬৮	১৭০
অন্যান্য বয়নশিল্প	১০০	১৬৭	১৭১	১৭২	১৭৪
রাসায়নিক দ্রব্য ও তেল	১০০	১৩৮	১৪৪	১৪৫	১৪৫
বিবিধ	১০০	১৭৭	১৭৭	১৭৮	১৮০
মোট ধাতু ইত্যাদি	১০০	১৪৩	১৪৫	১৪৬	১৪৮
সমস্ত মোট	১০০	১৫৬	১৬২	১৬৩	১৬৩

১৯৪২ সনের জুলাই মাসের পর দ্রব্য-মূল্যের বিশেষ কোন পরিবর্ত্তন ঘটে নাই। আলুর মূল্য হ্রাস রুটি ও ময়দার মূল্য-বৃদ্ধির ক্ষতিপূরণ করিয়াছে। আহার্য্য দ্রব্যের খুচরা দরের ১লা অক্টোবর তারিখের সূচী-সংখ্যার এই দুই ব্যাপারই অন্তর্ভুক্ত করা হইয়াছে। মফঃস্বলের কম্পোজিটারদের মজুরি-হার বাড়িয়াছে। জুতা-ব্যবসায়ে মোতায়েন মেয়েদের সর্ব্বনিম্ন মজুরির হারও বাড়িয়াছে। মাত্র এই দুই শ্রেণীর মজুরি হারের পরিবর্ত্তন জুলাই থেকে ১৬ই অক্টোবর পর্য্যন্ত আমাদের সূচীসংখ্যার যা কিছু পরিবর্ত্তন ঘটাইয়াছে।

জীবন-যাত্রা-মূল্যের সূচীসংখ্যা

১৯৩৯ সনের ১লা সেপ্টেম্বরের পর শতকরা হ্রাস-বৃদ্ধি

	১৯৪০ ১লা অক্টো	১৯৪১ ১লা অক্টো	১৯৪২ ১লা অক্টো
গোমাংস, বৃটিশ	১৮	১৮	১৯
" আমদানি	২৮	২৮	২৮
ভেড়ার মাংস বৃটিশ	১০	১১	
" আমদানি	৭	৮	৮
শূকর মাংস	২৩	৩৬	৩৭
মাছ	৫৫	৪১	৪২
ময়দা	—৫	—১	২৩
রুটি	০	২	৯
চা	৭	৭	৭
চিনি	৬৪	৩২	—১
দুধ	১৭	৩২	৩৩*
মাখন	২১	২২	২২
পনীর	২৯	৩০	৩০
মার্গারিন্	১২	১২	১২
ডিম	৭০	২৬	
আলু	২৩	২৩	৬
সকল রকম খাদ্যদ্রব্য	২২	২০	১৭

* অস্থায়ী হিসাব।

ঘরভাড়া	১	১	১
পোষাক	৪৪	৮৭	৮৭
জ্বালানি	১৮	২৬	৩২
বিবিধ	২২	২৯	৪৯
সমস্ত ধরা	২২	২৮	২৯

মজুরি হারের পরিবর্তন

১৯৩৯ সনের আগষ্ট মাসের শতকরা অংশরূপে ১৯৪২ সনের অক্টোবর মাসের হিসাব

ইটক প্রস্তুতকারক	১২৩
„ কুলি	১২৪
ছাপাখানার কম্পোজিটার	১১৯
ডকের কুলি	১২৬
ইঞ্জিনিয়ার : ফিটার	১৩৪
কুলি	১৩৭
স্থানীয় স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠান	১২৩
ষ্টীম	১২৪
লরী ড্রাইভার	১১৯
জুতাওয়ালা	১২৬
মিষ্টান্ন প্রস্তুতকারক	১৩৪
দরজী	১৩৭
জাহাজ-নির্ম্মাতা	১২৯
রেলওয়ে শ্রমিক	১২১
বস্ত্র-শিল্প	১৩৪
পশম শিল্প	১৩৮
তামাক	১২৩
কয়লা	১৪৮
কৃষিকার্য্য	১৭৩
মোট গড়	১৩০

(ক্রমশঃ)

কেইন্‌স্ ও সেকেলে অর্থশাস্ত্র

কস্তুরচাঁদ লালুভাই,
অধ্যাপক, কলেজ অব কমার্স, পুণা, অবৈতনিক সংবেদক, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ, কলিকাতা

একথা সব অর্থশাস্ত্রীরই জানা আছে যে, সেকেলে অর্থশাস্ত্রের গোড়াপত্তন করেন আদমস্মিথ। স্মিথের আগে বহু দিন ধরে বাণিজ্যনিষ্ঠ অর্থশাস্ত্রীদের রচনাই বিলেতে এবং ইউরোপের কোন কোন দেশে প্রাধান্যলাভ করেছিল। স্মিথের অব্যবহিত পূর্ব্বে প্রায় দু'শ বছর ধরে অর্থশাস্ত্রীরা এবং বাস্তবক্ষেত্রে জনসাধারণ একথা নিঃসন্দেহে মনে করতেন যে, যে কোন দেশের পক্ষে আমদানীর চাইতে রপ্তানী বেশী হওয়াই সুবিধাজনক এবং তা না হয়ে মূল্যবান ধাতু যদি দেশ থেকে বেরিয়ে যায় তাহলে সমূহ বিপদের সম্ভাবনা। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, গত দেড়শ' বছর ধরে অর্থশাস্ত্রী এবং বাস্তববাদী জনসাধারণ এ দু'য়ের মতে আকাশ-পাতাল পার্থক্য ঘটেছে। অধিকাংশ দেশেই রাজনীতিবিদ্ এবং বাস্তবক্ষেত্রের জনসাধারণ বাণিজ্যনিষ্ঠ মতবাদকেই স্বীকার করেছেন। এমনকি গত শতাব্দীর শেষার্দ্ধের কথা বাদ দিলে বিলেতেও অধিকাংশ বাস্তববাদী জনসাধারণই বাণিজ্যনিষ্ঠ মতবাদের সমর্থক। ১৮২৪ সনে বিলেতে কলকব্জার রপ্তানীর উপর যে নিষেধাজ্ঞা জারী করা হয় সেইটেই হলো এর সর্ব্বশ্রেষ্ঠ প্রমাণ। তারপর থেকে অবশ্য প্রায় চল্লিশ বছর কতকটা অবাধবাণিজ্যের পক্ষই রাষ্ট্রীয় সমর্থন লাভ করেছে। কিন্তু গত শতাব্দীর অষ্টম দশক থেকে আবার স্রোতের পরিবর্ত্তন দেখা দেয় এবং এর চরম আকার হলো বর্ত্তমান শতাব্দীর তৃতীয় দশকের প্রারম্ভে অটাওয়া চুক্তি। কিন্তু এই সুদীর্ঘ দেড়শ' বছর কাল ধরে অর্থশাস্ত্রীরা শুধু একথাই মনে করে আসছেন যে, সঙ্কীর্ণতম দৃষ্টিভঙ্গী ছাড়া এবিষয়ে চিন্তিত হওয়া সম্পূর্ণ নিরর্থক। এঁদের মতে, বহির্ব্বাণিজ্যের যন্ত্রটি স্বয়ং-সামঞ্জস্যশীল এবং এতে হস্তক্ষেপ করতে যাওয়াটা

নিরর্থক'ও বটেই, সেই সঙ্গে আন্তর্জাতিক শ্রমবিভাগের সুবিধা গ্রহণ করতে না পারায় ভয়ানক ক্ষতিকরও। এইভাবে এঁরা বাণিজ্যনীতি মতবাদকে 'চিন্তবৃত্তির ভ্রমমাত্র' আখ্যা দিতেও বিরত হন নি।

বিলেতে ধনতান্ত্রিক উৎপাদন-ব্যবস্থার অগ্রগতির বিশ্লেষণ-চক্র যখন অসংখ্য মূর্খ, নারী ও শিশুদের দলিত মথিত করে চলেছে, তখন সহানুভূতি পরবশ হয়ে কোন কোন লেখক এদের পক্ষ অবলম্বন করেছেন; কিন্তু তাঁদের যুক্তির ভিত্তি মোটেই মজবুত নয়। অপরপক্ষে রিকারডোর সময় থেকে অর্থশাস্ত্রীরা কথার জাল বুনে এমন ভাবেই 'যা হচ্ছে হতে দাও' নীতির সমর্থন আরম্ভ করলেন যে এঁদের তর্কপ্রবাহের সামনে দাঁড়ায় কার সাধ্যি। অবিশ্যি এতে ধনতন্ত্রের বিস্তারের পক্ষে যে অত্যন্তরানি সুবিধা হয়েছে একথা ধনতন্ত্রের অতিবড় মিত্রও অস্বীকার করতে পারবে না। এ সময় যদি এতে হস্তক্ষেপ করা হতো তাহলে এর প্রসার এত দ্রুত হতে পারতো না। এর প্রকৃষ্ট প্রমাণ হলো জার্মানি। তখন প্রাচীনতর উৎপাদন ব্যবস্থার প্রাধান্য নেপোলিয়ানের আক্রমণকাল পর্য্যন্ত চলেছিল এবং জার্মানির যেসব অংশ আরও পশ্চাৎপদ সেইসব অঞ্চলে এর প্রাধান্য ঐ যুদ্ধের অবসানের পরও অনেকদিন ছিল। এর ফলে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার এদেশে দৌড়াপত্তন হলো অনেক শেষে। তাই মার্কসের গবেষণা চলেছে বিলাতি ধনতন্ত্র নিয়ে, জার্মাণ ধনতন্ত্র নিয়ে নয়। তাই বলছিলাম, 'যা হচ্ছে হতে দাও' নীতিতে বিলিতি ধনতন্ত্রের দ্রুত প্রসার সম্ভব হয়েছে।

কিন্তু এই সময় থেকেই শুরু হলো অর্থশাস্ত্রের এক ভাঙাচোরা অবস্থা। অর্থশাস্ত্র ও অর্থনীতি এখন থেকে দ্বিধা বিভক্ত হয়ে পড়লো। একদিকে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থা আপন মনে প্রসার লাভ করে চলেছে; অন্যদিকে অর্থশাস্ত্রীরা নিজের ধারণা অনুসারে মতবাদ গঠন করছেন; আর একদিকে মার্কস ও তাঁর চেলারা একদিক থেকে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার উপর আক্রমণ চালাচ্ছেন। আগেই বলেছি, ধনতান্ত্রিক অগ্রযাত্রার চক্র অবাধে ঘুরছে। এদিকে অর্থশাস্ত্রীরা কতকগুলো ধারণার উপর তাঁদের মতবাদকে খাড়া করেছেন; অথচ এই সব ধারণার সঙ্গে বাস্তব জগতের কোন যোগাযোগ নেই। এ বিষয়ে অবিশ্যি রিকারডোর বাহাদুরী আছে। তাঁর চিন্তাশক্তির সর্বশ্রেষ্ঠ অবদানই হলো এই যে, বাস্তবজগতের বাইরে দাঁড়িয়ে তিনি আর এক জগতের এমন একটি মানসিক চিত্র আঁকতে পেরেছেন যেন এই পরবর্তী জগৎই হলো আমাদের অভিজ্ঞতার জগৎ; এবং মানস পটের এই জগতে বসবাস করবার পক্ষে যা-কিছু অপরিহার্যভাবে প্রয়োজনীয়, তার সব-কিছুরই অবতারণা তিনি এতে করেছেন। রিকারডো ছিলেন মস্ত মাথাওয়ালা লোক. তাঁর পক্ষে বাস্তব জগতের বাইরের একজগতের কথা কল্পনা করা কঠিন কিছু নয়। কিন্তু তাঁর চেলারা ত তাঁর সমকক্ষ নন। তাঁদের অনেকেরই এ বিষয়ে যুক্তিতে স্খলন ঘটেছে এবং তার ফলে, তাঁরা তাঁদের আলোচনার সামঞ্জস্য বজায় রাখতে পারেন নি। অবিশ্যি যাঁরা পরবর্তী অর্থশাস্ত্রীদের আলোচনার কাঠামোর সঙ্গে মাত্র পরিচিত তাঁরা এ বিষয়ে আমার বক্তব্যটি বুঝে উঠতে পারবেন না; এবং দুঃখের বিষয় এই যে, কি এদেশে এবং কি অন্যদেশে, সবাই মাতামাতি করেন সেকেলে অর্থশাস্ত্রের কাঠামোখানি নিয়ে। এঁদের একথা মনে রাখা উচিত যে, এই কাঠামোর ভিতর কোন অসামঞ্জস্য পাওয়া যাবে না; কেননা, এই কাঠামো খাড়া করা হয়েছে অসাধ যন্ত্রের সঙ্গে। তাই যুক্তির দিক্ থেকে এই কাঠামোর সামঞ্জস্য ষোল আনা বজায় রয়েছে। কিন্তু স্থাবরভাবে যদি একটু তলিয়ে দেখা যায় তাহলে সহজেই বোঝা যাবে যে, এই কাঠামো যেসব উপাদানে গঠিত, অর্থাৎ সেকেলে অর্থশাস্ত্রীদের মতবাদ যেসব ধারণার উপর প্রতিষ্ঠিত, তাদের ভিত্তি অতীব শিথিল, এবং বাস্তবের সঙ্গে এইসব ধারণার কোন যোগাযোগ নেই। ধনতান্ত্রিক ব্যবস্থা চলেছে একভাবে; অর্থশাস্ত্রীদের মতবাদ চলছে অন্যভাবে।

ইতিমধ্যে দু'য়ের উপরই তীব্র আক্রমণ শুরু হলো মার্কসের রচনার ধারা দিয়ে। কিন্তু আশ্চর্যের বিষয়

এই যে, মার্ক্সীয় অর্থশাস্ত্রও সেকেলে অর্থশাস্ত্রের, বিশেষ করে রিকার্ডীয় অর্থশাস্ত্রের, অনেকগুলো ধারণাকে অবলম্বন করেছে। তা'ছাড়া মার্কসীয় চিন্তাধারা গঠনমূলী নয়, ধ্বংসমূখী। সমাজতান্ত্রিক যারা, আমার একথায় নিশ্চয়ই আশ্চর্য্য বোধ করবেন। তাই বিষয়টিকে একটু বুঝিয়ে বলি। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে যাচাই করে মার্ক্সীয় রচনাকে আমি সমাজতান্ত্রিক অর্থশাস্ত্র বলতে পারি না। মার্ক্সের রচনার আপাগোচাই হলো ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার বিশ্লেষণ। সেকেলে অর্থশাস্ত্রীরা এই ব্যবস্থার বিশ্লেষণ করতে পারেন নি। এঁদের সবাই এমন একটি দীর্ঘকালিন পরিস্থিতি নিয়ে ব্যস্ত যে পরিস্থিতিকে দেখবার জন্যে আমরা কেউ বেঁচে থাকব না। শুধু আমরা কেন, আমাদের ভবিষ্যৎ বংশধরেরাও এ পরিস্থিতি দেখতে পাবে কিনা সে বিষয়ে আমার গভীর সন্দেহ আছে এবং আমরা এমন পর্য্যন্ত বলতে পারি যে, স্যর্ জেম্‌স্ জীন্‌স্ পৃথিবীর ভবিষ্যৎ বিষয়ে যে চিত্র আমাদের সামনে খাড়া করেছেন, সে চিত্র বাস্তবে পরিণত হবার কাল পর্য্যন্তও এই সব অর্থশাস্ত্রীদের দীর্ঘকালিন পরিস্থিতির আবির্ভাব না হওয়াই সম্ভব। এদিক্ থেকে মার্ক্সীয় অর্থশাস্ত্রের যথেষ্ট অবদান আছে। ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা যে কি পদার্থ তার বিশ্লেষণ মার্ক্সের রচনায় পাওয়া যাবে। কিন্তু আগেই বলেছি, মার্ক্সের দৃষ্টিভঙ্গী হলো ধ্বংসমূখী; তাঁর বিশ্লেষণের উদ্দেশ্যই হলো ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার পূর্ণোপুরি উচ্ছেদ। এই ব্যবস্থার উচ্ছেদই তাঁর চরম লক্ষ্য, তাঁর রচনার সর্ব্বত্রই এই একই সুর বাজছে; সে হ'লো ধ্বংসের সুর। বোধ হয়, এই কথাই মনে করে মার্ক্স্ বলেছিলেন, "ভগবানকে ধন্যবাদ, আমি মার্ক্স্-পন্থী নই।" যাই হোক, কিন্তু সমাজতান্ত্রিক ব্যবস্থার চেহারা যে কি দাঁড়াবে এ-বিষয়ে তাঁর রচনায় কোন উল্লেখ নেই। এ যেন শরৎ বাবুর এবং বার্ণার্ড শ'এর সমাজ-সংস্কার। এঁরা সবাই একটি ব্যবস্থার বিশ্লেষণ করছেন, এর গলদের বিরুদ্ধে সমালোচনা করছেন, কিন্তু এর জায়গায় কি চ'লে ভাল হয় এবং এই ভাল বাস্তবের খোলে কতখানি টিঁকবে সে সম্বন্ধে এঁরা কোন আলোচনাই করেন নি। তাই মার্ক্সের অর্থশাস্ত্র সমাজতন্ত্রের অর্থশাস্ত্র নয়; এ হলো বাস্তবের, ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার অর্থশাস্ত্র। সেকেলে অর্থশাস্ত্র যে বেসুরা হয়ে বাজছিল, এবং যার ফলে শিল্পীরা লোকের আস্থা হারিয়ে ফেলেছিলেন, সেখানে আসর জমাবার জন্যেই মার্ক্সের আবির্ভাব। মার্ক্স্‌কে নিয়ে মাতামাতি যাঁরা করেন এই গোড়ার কথাটি তাঁদের কারোই জানা নেই, আজ আমি স্পষ্টার সঙ্গেই বলব। সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা কি প্রকার হবে এবং এই ব্যবস্থায় অর্থশাস্ত্রের চেহারা কি দাঁড়াবে এ নিয়ে পরের এক প্রবন্ধে আলোচনা করবো; এই প্রবন্ধে নয়। (ক্রমশঃ)

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

ফাল্গুন—১৩৫৯ আর্থিক উন্নতি ১৯শ বর্ষ—১১শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাডাশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪ ।

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

বাংলার সম্পদ্

বিনামূল্যে বস্ত্র বিতরণের ব্যবস্থা

বাঙলা গভর্ণমেণ্ট কলিকাতার মধ্যবিত্ত দুঃস্থ পরিবার-সমূহকে বিনামূল্যে বস্ত্র ও কম্বল বিতরণ করিবার ব্যবস্থা করিয়াছেন। প্রত্যেক ওয়ার্ডে কয়েকজন বেসরকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের মারফৎ এই বিতরণকার্য্য অনুষ্ঠিত হইবে। উহাদের মধ্যে বালীগঞ্জ সাহায্য সমিতি, রোটারী ক্লাব, জিলা দাতব্য প্রতিষ্ঠান, কলিকাতা সাহায্য সমিতি (ডাঃ বিধান রায় এই সমিতির সভাপতি), স্যালভেশন আর্ম্মী, বিনামূল্যে খাদ্যসাহায্য সমিতি, বিচারপতি আর, সি, মিত্রের সাহায্য প্রতিষ্ঠান, বিচারপতি এস, আর দাশ, বিচারপতি খোন্দকার, মুসলিম চেম্বার অব কমার্স, মুসলিম সাহায্য সমিতি, কলিকাতা জিলা মুসলিম লীগ এবং অন্যান্য বহু ব্যক্তি ও প্রতিষ্ঠান আছেন।

প্রায় ১১ হাজার ধুতি, ১০ হাজার শাড়ী, ছেলেমেয়েদের জামা কাপড় ৬ হাজার এবং ৭ হাজারের উপর কম্বল পূর্ব্বোক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট বিতরণের জন্য প্রেরণ করা হইয়াছে। এতদ্ব্যতীত এইসকল প্রতিষ্ঠান গভর্ণমেণ্টের পরিকল্পনানুযায়ী তাঁহাদের নিজেদের ফাণ্ড হইতে অর্দ্ধ-মূল্যে আরও বস্ত্রাদি সংগ্রহ করিবার ব্যবস্থা করিয়াছেন। তাহাতে ঐ সকল প্রতিষ্ঠান সস্তা দরে আরও ৩ হাজার শাড়ী, ২,২০০ ধুতি, ২,৩০০ কম্বল পাইয়াছেন।

কৃষি-শিক্ষায় বিরাট দান

কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের সিনেট সভায় ডাঃ নীলরতন সরকার কে সি এস-সি আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় মহাশয়ের স্মৃতি-রক্ষা-কল্পে বিশ্ব-বিদ্যালয়ে কৃষি কলেজ স্থাপন জন্য এক লক্ষ টাকা কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের হাতে দিবার যে প্রস্তাব করিয়াছিলেন, সিনেট সভা ধন্যবাদের সহিত তাহা গ্রহণ করিয়াছেন। ডাঃ সরকার এই সম্পর্কে কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলারকে আরও জানাইয়াছেন যে, ভবিষ্যতে এতদুদ্দেশে আরও প্রায় এক লক্ষ টাকা দিবার তাঁহার ইচ্ছা আছে। উন্নত বৈজ্ঞানিক প্রণালীতে কৃষিশিক্ষার দ্বারা কৃষিকার্য্যের উৎকর্ষ বিধানার্থ সমুন্নত পাশ্চাত্য দেশসমূহ যে অপূর্ব্ব সুফল লাভ করিতেছে, এই কৃষিজীবন দেশে যদি সেই পন্থাবলম্বনে কৃষি শিক্ষার ব্যবস্থা করা হয়, তাহা হইলে এ দেশের দৈন্য-দারিদ্র্য বহু পরিমাণে দূর হইতে পারে। ইহার দ্বারা দেশের প্রকৃত কল্যাণ-জনক একটা কাজের মত কাজ হইবার আশা করা যায়।

বাংলায় ভাদুই শস্যের পূর্ব্বাভাস

ভাদুই শস্যের চূড়ান্ত পূর্ব্বাভাস অনুসারে বাংলায় ১৯৪৪-৪৫ সনে মোট ৮,৯১০,২০০ একর জমিতে বিভিন্ন প্রকারের ভাদুই শস্য বপন করা হইয়াছে। গত বৎসর ৪,৭৮৩,০০০ একর জমিতে উক্ত শস্য বপন করা হইয়াছিল। ইহার মধ্যে আউশ ধান্যের জমির পরিমাণ ৮,০৮৪,০০০ একর। গত বৎসর ৭,৯১২,১০০ একর ছিল।

সাধারণতঃ যে পরিমাণে উৎপাদিত হয় এই বৎসর বিভিন্ন প্রকারের ভাদুই শস্যের উৎপাদন তাহার শতকরা ৮২ ভাগ। আউশ ধান্যের ফসল স্বাভাবিক অবস্থায় শতকরা ৮২ ভাগ নিরূপিত হইয়াছে। গত বৎসর ছিল শতকরা ৯৬ ভাগ।

প্রদেশে ভাদুই শস্যের মোট উৎপাদন এই বৎসর ২,৬৪৪,৩০০ টন নিরূপিত হইয়াছে। গত বৎসর ৩,০৪১,৩০০ টন ছিল। গত অক্টোবরে প্রথম সপ্তাহে প্রাথমিক পূর্ব্বাভাষ প্রকাশিত হওয়ার পর হইতে আবহাওয়ার অবস্থা মোটেই অনুকূল নহে।

আর্থিক ভারত

দি ব্যাঙ্ক অব্ বড়োদা লিমিটেড

১৯৪৪ সনের বৎসর শেষে ব্যাঙ্ক অব বড়োদা লিমিটেডের পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত লাভ সহ হিসাব সাপেক্ষ ২৭,৫০,১০৪৸/৬ লাভ দাঁড়াইয়াছে। ডিরেক্টরবৃন্দ এই অর্থ হইতে শতকরা দশ টাকা হারে লভ্যাংশ দিতেছেন এবং শতকরা ১৲ টাকা হারে বোনাস দিতেছেন। কর্ম্মচারিগণের বোনাস বাবদে তাঁহারা ২,১০,০০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন।

পাঞ্জাব ইণ্ডাষ্ট্রিয়াল ব্যাঙ্ক

পাঞ্জাব ইণ্ডাষ্ট্রিয়াল ব্যাঙ্কের ডিরেক্টরগণ সকলেই বিশেষ অভিজ্ঞ। এই ব্যাঙ্ক ব্যবসায়ী এবং শিল্পিগণকে সর্ব্ব প্রকারে সাহায্য করিবেন। মুসলমান ব্যবসায়ী ও শিল্পী এ বিষয়ে কখনও উপযুক্ত সাহায্য ও সহানুভূতি পায় নাই। অতএব তাহাদিগকে সর্ব্বতোভাবে সাহায্য করা এই প্রতিষ্ঠানের কর্ত্তব্য হইবে। এই ব্যাঙ্কটিকে একটি ব্যবসা হিসাবেই চালাইতে হইবে। যদিও ব্যাঙ্ক কেন্দ্রীয় সরকারের অধীন তবু বাংলা গবর্ণমেণ্ট এই ব্যাঙ্ককে সর্ব্বপ্রকারে সাহায্য করিবেন।

সিন্ধুর দশ কোটি টাকা উদ্বৃত্ত

সিন্ধু ভারতের উন্নতশীল প্রদেশসমূহের অন্যতম। সরকারীভাবে জানান হইয়াছে যে, উদ্বৃত্ত খাদ্য-শস্য বিক্রয় ও কৃষি-রাজস্বের নবপ্রবর্ত্তিত হার প্রয়োগ করায় বিগত দুই বৎসরে সিন্ধু সরকারের মোট দশ কোটি টাকা উদ্বৃত্ত হইয়াছে। কেবলমাত্র বাণিজ্য ব্যাপারেই ৪ কোটি টাকা উদ্বৃত্ত হইয়াছে। এই উদ্বৃত্ত অর্থলাভে যুদ্ধের বাজারেও তহবিল বাঁধের ঋণ দেনা বাবদ সিন্ধু সরকার গত বৎসর ৪ কোটি ৭০ লক্ষ টাকা পরিশোধ করিতে সমর্থ হইয়াছে।

ভারতে মোটরকার নির্ম্মাণ

হুম্বিল্ড প্রতিষ্ঠান হইতে ঘোষণা করা হইয়াছে যে, কলিকাতার বিড়লা ব্রাদার্সের সহিত হুম্বিল্ড প্রতিষ্ঠানের একটি চুক্তি হইয়াছে। বিড়লা ব্রাদার্স হিন্দুস্থান মোটর নির্ম্মাণ করিতে আরম্ভ করিয়াছিলেন। এই চুক্তি অনুসারে হুম্বিল্ড প্রতিষ্ঠান বিড়লা ব্রাদার্সকে কারিগর সরবরাহ করিবেন। শীঘ্রই একদল কারিগর বৃটেন হইতে ভারতবর্ষে যাত্রা করিবেন। ভারতীয়গণ কর্ত্তৃক প্রথম যে মোটরকার নির্ম্মিত হইবে তাহাকে "হিন্দুস্থান ১০" বলিয়া অভিহিত করা হইবে।

দুনিয়ার ধনদৌলত

পারস্যে তৈলশিল্প প্রসারের পরিকল্পনা

ইউরোপ ও প্রাচ্য খণ্ডের সামরিক প্রয়োজন মিটাইবার উদ্দেশ্যে সরবরাহের পরিমাণ বৃদ্ধির জন্য বৃটিশ ব্যবসা বাণিজ্য বিষয়ক পত্রিকাগুলি পারস্য উপসাগরের বৃটিশ-নিয়ন্ত্রিত তৈল উৎপাদনের কল-কারখানাগুলির গুরুত্বপূর্ণ প্রসারের পরিকল্পনার কথা বলিতেছেন। চালু তৈল শোধনাগারগুলির বড় রকমের প্রসার সাধনে এবং নূতন নূতন তৈলের কারখানা নির্মাণে অন্ততঃ ৩ শত দক্ষ শ্রমিকের প্রয়োজন হইবে। বৃটিশ শ্রম-সচিবের দপ্তর হইতে স্বেচ্ছাসেবকের জন্য জরুরী আবেদন জানান হইয়াছে।

বাগদাদ ও জাফা শহর পুনর্গঠনের আয়োজন

মধ্যপ্রাচ্যের জাফা শহরটীর পুনর্গঠনের পরিকল্পনা করা হইয়াছে। পরিকল্পনার মধ্যে ১০০০ হাজার গৃহ, সাধারণের নিমিত্ত কতিপয় বাগান, বারটী বিদ্যালয়, ১টী উপকূলবর্ত্তী সড়ক ও ১টি নূতন মিউনিসিপ্যালিটি-গৃহ নির্ম্মাণের ব্যবস্থাও আছে পরিকল্পনাটি কার্য্যকরী করিতে প্রায় ৭০০০০ পাউণ্ড ব্যয় হইবে।

বাগদাদ শহরটীরও উন্নতি-বিধানের জন্য একটী পরিকল্পনা করা হইয়াছে। তন্মধ্যে বহু নূতন শাখা সড়ক খোলার এবং একটী ব্যাঙ্ক ব্যবসার কেন্দ্র গঠনের ব্যবস্থা করা হইয়াছে।

বিলাতের বস্ত্রশিল্প

বিলাতের কটন বোর্ড বিদেশে বস্ত্র রপ্তানির প্রথম কিস্তি সম্পর্কে বিলি-ব্যবস্থা করিয়াছেন। তালিকায় ভারতের নাম অন্তর্ভুক্ত হইয়াছে। ভারতকে ইউরোপীয় ধরণের ২০ লক্ষ বর্গ গজ বস্ত্র সরবরাহ করা হইবে।

মার্কিণ মুলুকে তামাকের চাষ

তামাকের, বিশেষতঃ সিগারেটের চাহিদা বর্দ্ধিত হওয়ায় তামাক চাষের অবস্থা বেশ সন্তোষজনক। অন্ততঃ পক্ষে আরও এক বৎসর অবস্থা এই রকমই থাকিবে বলিয়া আশা করা যায়।

১৯৪৪ সনে মার্কিণ মুলুকে ১,৮১৬ মিলিয়ন পাউণ্ড তামাক উৎপন্ন হইয়াছে, ১৯৪৩ সনে উৎপাদনের পরিমাণ দাঁড়ায় ১,৩৯৯ মিলিয়ন পাউণ্ড, ১০ বৎসরের গড় (১৯৩৩-৪২) ১,৩৮৯ মিলিয়ন।

ব্যক্তি ও সঙ্ঘ

কারিগর ও শিল্প শিক্ষা বোর্ড গঠনের প্রস্তাব

মিঃ কজলুর রহমানকে সভাপতি করিয়া বাঙ্গলা সরকার যে টেকনিক্যাল শিক্ষা কমিটি নিয়োগ করিয়াছিলেন সেই কমিটির রিপোর্টে প্রদেশের কারিগরী ও শিল্প-শিক্ষা নিয়ন্ত্রণ পরিচালনা ও উন্নয়নের জন্য ব্যাপক কার্য্যকরী ক্ষমতা দিয়া একটি স্ট্যাটুটরি বোর্ড প্রতিষ্ঠার সুপারিশ করা হইয়াছে। টেকনিক্যাল শিক্ষাদানের জন্য বর্ত্তমানে যে সকল প্রতিষ্ঠান রহিয়াছে সেইগুলির সংস্কার, কতকগুলি নূতন শিক্ষাপ্রতিষ্ঠান ও একটি কেন্দ্রীয় পলিটেকনিক শিক্ষা-প্রতিষ্ঠান স্থাপনেরও সুপারিশ করা হইয়াছে।

কমিটির বিভিন্ন প্রস্তাব কার্য্যকর করিতে যে ব্যয় হইবে তাহার বিস্তৃত হিসাব তালিকা প্রদান করা হইতেছে। কেন্দ্রীয় পলিটেকনিক প্রতিষ্ঠানের জন্য প্রাথমিক প্রায় ৮১ লক্ষ টাকা এবং বার্ষিক প্রায় ৯ লক্ষ টাকা ব্যয় হইবে।

মিঃ রহমান তাঁহার রিপোর্টের সুপারিশসমূহ ব্যাখ্যা করিয়া বলেন, টেকনিক্যাল ট্রেনিংয়ের উন্নয়ন এবং দেশের শিল্প বাণিজ্যের অগ্রগতির সহিত তাল রাখিয়া শিল্প-শিক্ষার ব্যবস্থা করাই প্রধান উদ্দেশ্য। টেকনিক্যাল শিক্ষা কমিটির তদন্তে এবং যুদ্ধের সময় সামরিক ও অসামরিক শিল্পকার্য্যে কারিগর সরবরাহের ব্যাপারে

ইহাই প্রকাশ পাইয়াছে যে, বাঙলা টেকনিক্যাল শিক্ষার দিক্ দিয়া অনেক পশ্চাতে পড়িয়া আছে। এপর্য্যন্ত যতটুকু শিল্পোন্নতি ঘটিয়াছে তাহা দেশের পক্ষে পর্য্যাপ্ত নহে। এই পশ্চাতে পড়িয়া থাকার কারণ হইতেছে (১) দেশের শিল্পোন্নতি সম্পর্কে সরকারের হস্তক্ষেপ না করার নীতি এবং তাহার ফলে কারিগরি ও শিল্প শিক্ষার উন্নতি সাধনে তাহাদের উদাসীন্য, (২) কোন এককালে কতটুকু শিল্পোন্নতি ঘটিয়াছে মাত্র সেই পর্য্যায় পর্য্যন্ত শিল্প শিক্ষার উন্নতি সাধন এবং ভবিষ্যতের হিসাব না করা। এইরূপ অতি সতর্কতার ফলে টেকনিক্যাল শিক্ষা অগ্রসর হইতে পারে নাই, (৩) শিল্প-প্রতিষ্ঠানে বাঙালী যুবকদিগকে হাতেকলমে শিক্ষার সুযোগদানে শিল্প-প্রতিষ্ঠানের মালিকদের অনিচ্ছা।

যুদ্ধোত্তরকালে দেশের অর্থনৈতিক উন্নতির জন্য কারিগর শ্রেণীর লোকের বিশেষ প্রয়োজন বলিয়া এখন হইতে সর্ব্বশ্রেণীর কারিগরদের ট্রেনিং দিয়া শিক্ষিত করিয়া তোলা অত্যন্ত দরকার।

টেকনিক্যাল শিক্ষার ভিত্তি সুদৃঢ় করিবার জন্য নিম্নলিখিতভাবে সাধারণ শিক্ষা ব্যবস্থার সংস্কার প্রয়োজন: (ক) ৬ হইতে ১৪ বৎসর বয়স্ক বালকদের জন্য বিনা বেতনে আবশ্যকীয় শিক্ষার ব্যবস্থা, (খ) ৬ হইতে ১৪ বৎসর বয়স্ক বালকদের পাঠ্যতালিকায় বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা করিয়া ব্যবহারিক শিক্ষার দিকে আগ্রহ সৃষ্টির ব্যবস্থা, (গ) সাধারণ হাইস্কুলে ও টেকনিক্যাল হাইস্কুলে ১১ বৎসর হইতে ১৪ বৎসর বয়স্ক বালকদের জন্য একইরূপ পাঠ্যতালিকার ব্যবস্থা, (ঘ) হাইস্কুলে আর একটি ক্লাস বাড়াইতে হইবে এবং বিশ্ববিদ্যালয়সমূহে আণ্ডার গ্র্যাজুয়েট কোর্স আর এক বছর বাড়াইয়া দিলে ইণ্টার মিডিয়েট ক্লাসসমূহের প্রয়োজন থাকিবে না।

যতদিন পর্য্যন্ত এই সকল সংস্কার সাধিত না হইবে ততদিন পর্য্যন্ত কারিগর ও শিল্প শিক্ষাপদ্ধতি নিম্নলিখিত পর্য্যায় সমূহে বিভক্ত থাকিবে:—

প্রথম পর্য্যায়—দুইবৎসর—১১ বৎসর বয়স হইতে ১৩ বৎসর বয়স পর্য্যন্ত। সাধারণ হাইস্কুলের সপ্তম ও অষ্টম শ্রেণীর সমান। এই সময় সাধারণ বিষয়ের শিক্ষার সঙ্গে সঙ্গে প্রাথমিক বৈজ্ঞানিক ও কারিগরী শিক্ষার ব্যবস্থা করিতে হইবে। টেকনিক্যাল হাইস্কুল ও সাধারণ হাইস্কুলে এই বিষয়ে একই রকম শিক্ষা দেওয়া হইবে।

দ্বিতীয় পর্য্যায়—নবম দশম শ্রেণীর সমান ১৪ হইতে ১৫ বৎসর বয়স পর্য্যন্ত। এইসময় স্কুলের কারখানায় ব্যাবহারিক ট্রেণিং দানের ব্যবস্থা করিতে হইবে।

তৃতীয় পর্য্যায়—একাদশ ও দ্বাদশ শ্রেণী—আধুনিক ব্যবস্থায় ইণ্টারমিডিয়েট ক্লাসের সমান। উচ্চস্তরের কারিগরী শিক্ষা পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত হইবে।

টেকনিক্যাল ইণ্টার মিডিয়েট কলেজে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্য্যায়ের শিক্ষা ব্যবস্থা থাকিবে।

চতুর্থ পর্য্যায়—এই পর্য্যায়ে গ্র্যাজুয়েট ও পোষ্টগ্র্যাজুয়েট ট্রেণিং, টেকনিক্যাল বিষয়ে গবেষণা এবং কাঁচড়াপাড়া টেকনিক্যাল স্কুলের মত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণের ব্যবস্থা থাকিবে।

কমিটি প্রচলিত বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সংস্কার এবং নূতন নূতন শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাব করিয়াছেন।

মোলাকাৎ

ভারতে ইয়োরামেরিকার চোরাই মাল

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্র:—বর্ত্তমানে ভারতবর্ষের যত-কিছু বড়-বড় আন্দোলন ও কর্ম্মপ্রচেষ্টা সকলের মূলেই পাশ্চাত্য প্রেরণা আছে,—আপনি প্রায়ই একথা ব'লে থাকেন। আপনার এই মত যুক্তি-সঙ্গত কি?

উ:—আলবৎ। রামমোহনের সময় আমাদের আধুনিক যুগের সূচনা। সে-সময় থেকে আজ পর্য্যন্ত আমাদের

দেশে আন্দোলন চলছে রকমারি আর গণ্ডা-গণ্ডা। সেগুলো রাষ্ট্রিক, সাংস্কৃতিক, আর্থিক, সামাজিক, আত্মিক ইত্যাদি ধরণের। তার কোনোটাই একমাত্র প্রাচ্যের জোরে, একথায় ভারতীয় মুক্তোর জোরে দেখা দেয় নি বা পুষ্ট হচ্ছে না। সবগুলার মূলেই আছে অথবা সবের সঙ্গে জড়ানো র'য়েছে পাশ্চাত্য প্রভাব, পাশ্চাত্য দৃষ্টান্ত, পাশ্চাত্য সহযোগ।

:—বর্তমান ভারতের আসল সংস্কৃতি ইয়োরামেরিকার "চোরাই মাল"। একথা কোনো লোক বিশ্বাস করবে কি? এই পাশ্চাত্য প্রভাব সব সময় প্রমাণ করা যায় কি?

উ:—চেষ্টা করলেই যায়। ইয়োরামেরিকার প্রভাব অনেক সময়ই অজ্ঞাতসারে কাজ ক'রে চ'লেছে। ভারতের সর্বত্রই চ'লেছে পশ্চিম থেকে অনুকরণ, সরঞ্জামহরণ, "চুরি"।

প্র:—দু-একটা দৃষ্টান্ত দেবেন?

উ:—ইয়োরোপের বাঘা-বাঘা পাঁচটা আন্দোলন আছে। জানিস তো? "রেণেসাঁস" (পুনর্জীবন), "রিফর্মেশন" (ধর্ম-সংস্কার), শিল্প-বিপ্লব, ফরাসী-বিপ্লব এবং রোমান্টিক আন্দোলন। তা'ছাড়া সমাজ-তন্ত্র সোশ্যালিজম, কমিউনিজম) আছে। যাক্। এ পাঁচটা শক্তির দ্বারা আধুনিক ভারত অতি ব্যাপকভাবে ও নিবিড়ভাবে প্রভাবিত। এমন কোনো নামজাদা ভারতীয় কর্মক্ষেত্র আছে কিনা সন্দেহ যেখানে এই পাঁচটা শক্তির কমসে-কম একটাও কাজ করে না।

প্র:—এদেশের যারা প্রাচীন ভারতীয় ধর্ম-দর্শন-ইতিহাস-রাজনীতি-সমাজনীতি প্রভৃতি নিয়ে আলোচনা, গবেষণা, লেখালেখি ক'রে থাকেন, তাঁদের সম্বন্ধেও একথা খাটে কি?

উ:—নিশ্চয়। ষোল আনা খাটে। এঁদের প্রায় সকলেই "পুনর্জীবন", "নবাভ্যুদয়" বা রেণেসাঁসের দ্বারা অনুপ্রাণিত।

প্র:—অন্যান্য ক্ষেত্রের ভারতীয় মনীষীদের কার্যকর্মকেও পাশ্চাত্য প্রভাব ও সহযোগের ফল বিবেচনা করা উচিত কি?

উ:—ভারতীয় সাহিত্যবীরদের সবাই কম-বেশী রোমান্টিক ধর্ম প্রভাবিত। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে তো সোজাসুজি শিল্প-বিপ্লবের শক্তি ভারতে কাজ ক'রে চলেছেই। রাষ্ট্রনীতির ক্ষেত্রে যাঁরা জীবন ঢেলে-ছেন তাঁরা প্রায় সবাই ফরাসী-বিপ্লব ও তৎসংশ্লিষ্ট চিন্তায় ভরপুর। দুনিয়াখানাকে তলিয়ে-মজিয়ে বুঝতে শেখ। আমি সর্বদাই বলি যে, একালের ভারতবাসীদের প্রায় সবাই পাশ্চাত্য চিন্তাবীর ও কর্মবীরদের বাচ্চা, উনবিংশ ও বিংশ শতাব্দীর ভারতীয় সংস্কৃতি চুরি-করা মাল।

প্র:—সাহিত্য-জগতের চুরি ও চোর সম্বন্ধে আপনি বুদ্ধ-দেব বসুর বক্তৃতায় সভাপতি হিসাবে এই ধরণের কথাই ব'লেছিলেন মনে পড়ছে (২০ মার্চ ১৯৪৩)। "সাহিত্যিকা" সমিতি সভায় অনেকেই আপনার কথা শুনে চমকে গিয়েছিল। আপনার "চোরাই-মাল" শব্দটা বড় কড়া ও নিষ্ঠুর।

উ:—আমার পারিভাষিক "চুরি" বা "চোরাই মাল" খারাপ-কিছু নয়। তার মানে হচ্ছে বিদেশী "প্রভাব" ও বিদেশী সহযোগ। এতে লজ্জার কিছু নাই। ইংরেজরাও "চোর", ফরাসীরাও "চোর", জার্মানরাও "চোর", মার্কিনরাও "চোর", জাপানীরাও "চোর", রুশরাও "চোর"। বর্তমান ভারতের প্রায় সব-কিছুই ধোঁয়াসা। জগতের সকল সংস্কৃতিই "বর্ণ-সঙ্করে"র পুকুর বা সমুদ্র।

পত্রিকা-জগৎ

দি এগ্রিকাল্‌চারাল সিচুয়েশন

(সেপ্টেম্বর, ১৯৪৪)

মার্কিণ সরকারী কৃষি বিভাগের এই মাসিক পত্রিকার বর্ত্তমান সংখ্যায় প্রকাশিত "তৈল বীজের যুদ্ধোত্তর সম্ভাবনা" শীর্ষক প্রবন্ধটী বিশেষরূপে প্রণিধানের যোগ্য। গত দশ ব'ছরের মধ্যে মার্কিণ মুল্লুকে তৈলবীজ, চর্ব্বি ও তৈল উৎপাদনে, প্রক্রিয়া ব্যবহারে সব দিক দিয়াই যথেষ্ট পরিবর্ত্তন দেখা যায়। প্রাক্‌যুদ্ধ যুগে মার্কিণ যুক্তরাষ্ট্র বৎসরে ১½ বিলিয়ন পাউণ্ড এই সমস্ত জিনিষ আমদানি করিত; কিন্তু ১৯৪৩ ও ৪৪ সনে মার্কিণ যুক্তরাষ্ট্র এখন এই সমস্ত দ্রব্যের রপ্তানিকারক দেশে পরিণত হইয়াছে।

১৯৩৭-৪১ সনগুলির গড়ের তুলনায় ১৯৪৩ সনে মার্কিণ মুল্লুকে তৈলবীজ উৎপাদনের পরিমাণ কিরূপ বর্দ্ধিত হইয়াছে, নিম্নে তাহার পরিচয় দেওয়া যাইতেছে:— সয়াবিন—১২৬ মিলিয়ন বুশেল, ১৫৭% বৃদ্ধি; মসিনা ৪২ মিলিয়ন বুশেল, বাড়তি ১৬৬%; চিনাবাদাম, ২,২০০ মিলিয়ন পাউণ্ড, বাড়তি ৫৮%। ১৯৪৩-৪৪ সনে যুক্তরাষ্ট্রে মোট ১১·৩ বিলিয়ন পাউণ্ড চর্ব্বি ও তেল উৎপন্ন হইয়াছে; ১৯৩৭-৪১ সনের গড়ের তুলনায় বাড়তির পরিমাণ ৩৮%।

যুদ্ধের পর বিদেশে মার্কিণ-জাত তেল ও চর্ব্বির এত বেশী চাহিদা খুব বেশী দিন না থাকিলেও, মার্কিণ মুল্লুকে ইহার চাহিদা দিন দিন বাড়িয়া চলিবে। যুদ্ধ-বিধ্বস্ত ইউরোপকে এখনও দীর্ঘ সময় যাবৎ এই দুই জিনিষ সম্পর্কে মার্কিণের মুখাপেক্ষী হইতে হইবে। দক্ষিণ-পশ্চিম প্যাসিফিকের নারিকেল ও তাল-কুলগুলির পক্ষে প্রাক্‌-যুদ্ধ উৎপাদন-ক্ষমতা লাভে বেশ কিছু বিলম্ব ঘটিবে। কাজেই এই দুই মার্কিণ শিল্পের ভবিষ্যৎ এখনও কয়েক বৎসর যাবৎ উজ্জ্বল থাকার বিশেষ সম্ভাবনা আছে।

আলোচ্য সংখ্যায় "যুদ্ধের আমলে বিলাতী চাষবাস", "তুলা পরিস্থিতি", "চাষী ও নূতন আয়কর" প্রভৃতি কয়েকটী মূল্যবান প্রবন্ধ স্থানলাভ করিয়াছে। অর্থনৈতিক পরিকল্পনা লইয়া মাথা ঘামাইতে অভ্যস্ত লোকজন পত্রিকাখানা নিয়মিতরূপে পাঠ করিলে বিশেষ লাভবান হইতে পারিবেন।

সমালোচনা

বৃটিশ ইকনমিক ইণ্টারেষ্টস্ ইন্ দি ফার ইষ্ট ৷ ই এম গাল; লণ্ডন; হাম্‌ফ্রে মিলফোর্ড; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস; ১৯৪৩; ২৭২ পৃঃ, ১৬ শিঃ।

রয়্যাল ইন্‌স্টিটিউট্ অব্ ইণ্টার-ন্যাশনাল আফেয়ার্স কর্ত্তৃক প্রকাশিত এই গ্রন্থখানায় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর যুগ থেকে, সাম্রাজ্যিক পক্ষপাতের ভিতর দিয়া ১৯৪১ সনে জাপানের সহিত যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্ব মুহূর্ত্ত পর্য্যন্ত সুদূর প্রাচ্যে বৃটেনের অর্থনৈতিক স্বার্থের বাড়তি ও গতিবিধি লিপিবদ্ধ করা হইয়াছে। চীন, জাপান, মালয়, বর্ম্মা, বোর্ণিও প্রভৃতি সুদূর প্রাচ্যের বিভিন্ন দেশে বৃটেনের ব্যবসা-বাণিজ্য ও পুঁজিপাট্টা নিয়োগের কাহিনী বিবৃত হ'লেও গ্রন্থকার চীন সম্বন্ধে বিস্তৃত অভিজ্ঞতাবশতঃ এই দেশ লইয়াই বেশীর ভাগ আলোচনা করিয়াছেন।

বইখানায় বাস্তব-নিষ্ঠার প্রচুর নিদর্শন মিলে। কাজেই, সুদূর-প্রাচ্য সংক্রান্ত বইগুলায় সাধারণতঃ যে সমস্ত কুসংস্কার ও ভাব-প্রবণতার ছড়াছড়ি দেখিতে পাওয়া যায়, সেই সমস্ত দোষ-ত্রুটি বইখানাকে স্পর্শ করে নাই বলিলেই চলে। গ্রন্থকার যুক্তিতর্কগুলা অঙ্ক ও তথ্যের সাহায্যে প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন। কাজেই গ্রন্থখানা প্রশান্ত মহাসাগর অঞ্চল লইয়া ভবিষ্যতে মাথা ঘামাইতে অভ্যস্ত ব্যবসায়ী ও গবেষক উভয়েরই বেশ কাজে লাগিবে। ইউরোপে নাৎসী শাসন ও প্রাচ্যে জাপ আধিপত্যের মধ্যে যে বিশেষ কোন কারাক্ নাই, গ্রন্থকার তাহা মাঞ্চুরিয়া, মঙ্গোলিয়া ও উত্তর চীন সম্পর্কিত জাপ-পরিকল্পনাগুলা বর্ণনা করিয়া সুস্পষ্টরূপে প্রমাণ করিয়াছেন।

গ্রন্থপঞ্জী

১। রিলিজিয়ন অ্যাণ্ড্ দি ষ্টেট ; ইভার্টস্ বি গ্রীন ; নিউইয়র্ক ; ইউনিভার্সিটি প্রেস ; লণ্ডন ; হাম্ফ্রে মিলফোর্ড ; অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস ; ১৭২ পৃঃ ; ১৬ শিঃ ৬ পেঃ।

২। দি অ্যামেরিকান্ পলিটিক্যাল সিষ্টেম ; ডি ডাব্লিউ ব্রোগান ; লণ্ডন ; হ্যামিশ হ্যামিল্টন ; ১৯৪৩ ; ৪১৪ পৃঃ ; ১৮ শিঃ।

৩। রেড্ মুন রাইজিং ; জর্জ রোজার ; লণ্ডন ; ষ্টেট প্রেস ; ১৯৪৩ ; ১২৭ পৃঃ ; ১২ শিঃ ৬ পেঃ।

৪। এডুকেশনাল প্রোগ্রেস্ ইন্ সাউথ ইষ্ট এসিয়া ; জে এস ফার্ণিভাল ; নিউইয়র্ক ; ইনষ্টিটিউট্ অব্ প্যাসিফিক রিলেশন্স ; ১৯৪৩ ; ১৮৩ পৃঃ ; ২ ডলার ; লণ্ডন ; অ্যালেন অ্যাণ্ড্ আন্উইন্ ; ৪ শিঃ।

৫। ট্র্যাভেলার্স জয় টোকিয়ো ; অন মরিস ; লণ্ডন ; জেনেই প্রেস ; ১৯৪৩ ; ১৬৩ পৃঃ ; ১০ শিঃ ৬ পেঃ।

৬। জাপান ট্রিম্ অব্ ওয়ার্ল্ড এম্পায়ার ; কার্ল ক্রো ; লণ্ডন ; অ্যালেন্ অ্যাণ্ড্ আনউইন ; ১৯৪৩ ; ৬৮ পৃঃ ; ৩ শিঃ ৬ পেঃ।

৭। পেজাণ্ট লাইফ্ ইন্ চায়না ; সিয়াও-তুং ছেই পি-এইচ-ডি (লণ্ডন) ; লণ্ডন ; কেগান্ পল ; ১৯৪৩ ; ৩০০ পৃঃ ; ১৪ শিঃ।

৮। ইণ্ডিয়ান ক্রাইসিস্ ; অন এস হবল্যাণ্ড এম এ ; লণ্ডন ; অ্যালেন অ্যাণ্ড আনউইন ; ১৯৪৩ ; ১৯৪ পৃঃ ;

যুদ্ধের তিন বৎসরে দ্রব্য-মূল্য ও মজুরির হার

এ, এল, বাউলী

(পূর্ব্বানুবৃত্তি)

বেকার তহবিল

সাপ্তাহিক গড় (হাজার পাউণ্ডে হিসাব)

বেনিফিট

কোয়ার্টার	১৯৩৯	১৯৪০	১৯৪১	১৯৪২
১	১১২৬	৭৮৪	৩৫০	২১
২	৭৮১	৩৮৩	১৮০	৬৮
৩	৪১৭	৩৮৯	১১২	—
৪	৩২১	৪০২	৮৩	—

শ্রমিকদের চাঁদা

কোয়ার্টার	১৯৩৯	১৯৪০	১৯৪১	১৯৪২
১	৪০৮	৪০১	৪৮৩	৪১৩
২	৪২১	৪০৭	৪৮৪	৪১৪
৩	৪৭৪	৪১৪	৪৮৪	—
৪	৪১৭	৪৪৪	৪৮৬	—

১৯৪০ সনের আগষ্ট মাসে চাঁদার হার বর্দ্ধিত হয়।

১৯৪০ সনের সেপ্টেম্বর মাসে আয়ের সীমারেখাও বর্দ্ধিত হয়।

বেকার তহবিলের অবস্থাদির আয় মাসে মাসে প্রকাশিত হয় না। "মিনিষ্ট্রি অব্ লেবার গেজেটের" জুলাই সংখ্যায় এক সঙ্গে তিন মাসের হিসাব বাহির হইয়াছে।

১৯৪২ সনের প্রথম ছয় মাসে মালিকদের চাঁদা সপ্তাহে ৯,০০০ পাঃ অর্থাৎ শ্রমিকদের দেয় চাঁদার তুলনায় বেশী দাঁড়াইয়াছিল। যতদূর সম্ভব, বৃদ্ধ বয়সের পেন্সন-ভোগীদের জন্য 'দের চাঁদা অন্তর্ভুক্ত করার ফলেই মালিকদের চাঁদার হিস্যা বেশী দাঁড়াইয়াছে। পরের হিসাবগুলিতে মালিক ও শ্রমিকদের চাঁদার পরিমাণ সমান সমান দাঁড়াইয়াছে।

১৯৪০ সনের দ্বিতীয় ছয় মাসে ১৮ ব'ছরের অধিক বয়স্ক লোকদের জন্য চাঁদার হার সপ্তাহে ১ পেঃ বর্দ্ধিত করা হয়। শারীরিক পরিশ্রম করে না এইরূপ শ্রমিকদের

রেহাই প্রাপ্তির সীমা বার্ষিক ২৫০ পাঃ হইতে ৩২০ পাউণ্ডে বর্দ্ধিত করা হয়। সরকারী এক্চুয়ারী হিসাব করিয়া দেখান যে, এই দুই পরিবর্ত্তন থেকে আয়-বৃদ্ধি দাঁড়াইবে প্রতি বৎসরে ২·৪ মিলিয়ন পাঃ (মিনিষ্ট্রি অব্ লেবার গেজেট, ১৯৪০, ১৮৪ পৃঃ) : অর্থাৎ শ্রমিকদের নিকট থেকে সপ্তাহে ৬০,০০০ পাঃ চাঁদা আদায় হইবে। পূর্ব্ববর্ত্তী স্মারক পত্রগুলিতে এই পরিবর্ত্তনের উপর তেমন গুরুত্ব আরোপ করা হয় নাই। বিশেষভাবে ১৯৪২ সনের এপ্রিল মাসের মেমোরাণ্ডামের (স্মারক পত্র) দ্বিতীয় কলমে প্রকাশিত হিসাবপত্রের রীতিমত সংশোধনের প্রয়োজন। ১৯৩৮-১৯৪১ সন হইতে বেসামরিক কার্য্যকর্ম্মে নিযুক্ত লোকজনের সংখ্যাবৃদ্ধি ১৬% (মেমোরাণ্ডামে লিখিত) হইতে পারে না। মিঃ কালেকির হিসাবে এই বাড়তি বড় জোর ৪%। মোটের উপর মেমোরাণ্ডামে বিপজ্জনক উদ্বৃত্ত তহবিলেরই আভাষ দেওয়া হইয়াছে। ইহার সংশোধন করিলে আয়ের মোট পরিমাণের ৩০০ মিলিয়ন পাউণ্ড অফিসার ছাড়া বৃটিশ বাহিনীর সাধারণ সৈন্যদিগকে প্রদত্ত বেতনের পরিমাণ বলিয়া জানা যাইবে। কিন্তু এই সমস্ত রকার সঠিক মূল্য নির্দ্ধারণ অসম্ভব।

বিক্রয়ের সূচীসংখ্যার (মূল্য)

১৯৩৭ সনের গড় দৈনিক বিক্রয়—১০০

গ্রেটবৃটেন

	১৯৪১			১৯৪২		
	জুলাই	আগ.	সেপ্ট.	জুলাই	আগ.	সেপ্ট.
মোট	১০১	৯৮	৯৯	১০৪	৯৮	১০১
আহার্য্য ও পচন-যোগ্য জিনিষপত্র	১১০	১০৬	৯৯	১১৭	১১০	১০৫
অন্যান্য পণ্যদ্রব্য	৮৯	৯০	১০১	৮৯	৮৬	১০০
পোষাক	৮৬	৮৫	১০৫	৮৯	৮৫	১০২
ঘরওয়ার জিনিষ	৮৩	৯১	৮৮	৭৫	৭৭	৭৮

১৯৪১ সনের গ্রীষ্মকালের তুলনায় ১৯৪২ সনের গ্রীষ্মকালে আহার্য্য দ্রব্য সম্পর্কে ব্যয়ের পরিমাণ বেশী দাঁড়ায়। তাহা সত্ত্বেও উভয় সময়ে আহার্য্য দ্রব্যের সূচীর মূল্যের সূচীসংখ্যা একরূপ অপরিবর্ত্তিত দেখা যায়। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ইন্‌ষ্টিটিউট্ অব্ ষ্ট্যাটিষ্টিক্স্ কর্ত্তৃক সঙ্কলিত বাজেটগুলিতে শ্রমিক শ্রেণীর এক সেক্সনের পক্ষে এই পরিবর্ত্তন স্বীকার করিয়া লওয়া হইয়াছে। কিন্তু সঙ্গে সঙ্গে এইরূপ আভাষ দেওয়া হইয়াছে যে, পরিবর্ত্তন, যবনিকার অন্তরালে কোন কোন দ্রব্যের মূল্যবৃদ্ধির জন্য ঘটে নাই; আহার্য্য তালিকার উন্নতি-সাধনের ফলেই পরিবর্ত্তন দাঁড়াইয়াছে।

কেইন্‌স্ ও সেকেলে অর্থশাস্ত্র

কস্তুরচাঁদ লালুয়ানী,
অধ্যাপক, কলেজ অব কমার্স, পুণা, অনুক্তিক গবেষক, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ, কলিকাতা

(পূর্ব্বানুবৃত্তি)

মার্ক্‌সের এই বহুমুখী আক্রমণের চোট সামলাবার মত ক্ষমতা সেকেলে অর্থশাস্ত্রের নাই। তাই সেকেলে অর্থশাস্ত্রে এসে পড়লো একটা ভাবাবেগ অবস্থা। কোন কোন অর্থশাস্ত্রী অর্থশাস্ত্রকে গণিত-প্রধান করে তুললেন; কেউ কেউ আবার অর্থশাস্ত্রের আলোচনায় ধনতন্ত্রকেই প্রধান আসন প্রদান করলেন। কেউ কেউ অর্থধনর্থ না ভাবলেও অর্থকেই গৌণ স্থান দিয়ে 'সবার উপর মানুষ শ্রেষ্ঠ' এই ভিত্তিতে অর্থশাস্ত্রের সংস্কার সুরু করলেন; কেউ কেউ আবার কল্যাণের অযোঘবাণীতে অর্থনৈতিক জগৎকে পরিব্যাপ্ত করতে লাগলেন। এই অবস্থাই চলেছে বর্ত্তমান শতাব্দীর তৃতীয় দশকের মাঝামাঝি কাল পর্য্যন্ত। এই সময় কেইন্‌সের রচনা অর্থশাস্ত্রে মস্ত যুগান্তর আনলো। আমি কেইন্‌সের প্রথমদিককার রচনার কথা বলছি না; আমার লক্ষ্যই হলো তাঁর "নিয়োগ, সুদ ও টাকা বিষয়ক সাধারণ মতবাদ" গ্রন্থটি। এখানে একটি কথা মনে রাখতে হবে, এবং সেকথা কেইন্‌স্ নিজেও

স্বীকার করেছেন। কেইন্‌স্ সমাজতান্ত্রিক লেখক নন। বর্তমান রাষ্ট্রনিয়ন্ত্রণের পক্ষে তাঁকে ওকালতি করতে দেখে যদি কেউ একথা মনে করেন যে, সেকেলে অর্থশাস্ত্রীদের পক্ষে কেইন্‌স্ ঘরভেদী বিভীষণ, তাহলে তাঁর মনে করাটা মোটেই ঠিক হবে না। বিরহবাবু তাঁর "রাজনৈতিক চিন্তাধারা" গ্রন্থে এই ভ্রান্তধরণই কতকটা সমর্থন করেছেন বলে আমার ধারণা। সংক্ষেপে কেইন্‌সের আলোচনার বিষয়বস্তু হলো ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থা এবং সেকেলে অর্থশাস্ত্র এ দুটিকে যথাসম্ভব ঠিক রেখে এ দু'য়ের প্রয়োজন মত সংস্কারের মধ্যে দিয়ে পুনরায় এদের যোগসূত্র স্থাপন করা। এতে কেইন্‌স্ কতখানি সফলকাম হয়েছেন সে বিষয় আমার বর্তমান প্রবন্ধের আলোচ্য নয়। কিন্তু একথা নিঃসন্দেহে বলতে পারি যে, কেইন্‌সের এই পাল্টা আক্রমণ সহ্য করা সমাজতন্ত্রীদের পক্ষে সহজসাধ্য নয়। কেইন্‌স্ সেকেলে মতবাদের সংস্কার করে ধনতন্ত্রের সঙ্গে এর যোগাযোগ স্থাপন করার চেষ্টা করছেন; এসময় সমাজতন্ত্রী নেতারা যদি সমাজতান্ত্রিক ব্যবস্থার পুরোপুরি চিত্র আমাদের সামনে হাজির না করেন তাহ'লে তাঁরা পেছিয়ে পড়লেন একথা বলতে হবে। তাঁরা যদি রুশ-ধনতন্ত্রকে তাঁদের সমাজতন্ত্রের আদর্শ বলে গ্রহণ করে থাকেন, তাহ'লে অদূর ভবিষ্যতে তাঁরা নিজেদের ভুল বুঝতে পারবেন। যা বলছিলাম, কেইন্‌স্ সমাজতন্ত্রীও নন, অর্থনৈতিক চিন্তার ক্ষেত্রে বিপ্লবীও নন। তিনি হলেন সংস্কারক মাত্র। তিনি নিজেই বলছেন—

"অর্থশাস্ত্রের গৃহীত সেকেলে মতবাদের বিরুদ্ধে আমাদের সমালোচনার উদ্দেশ্য এঁদের বিশ্লেষণ পদ্ধতির গলদ বের করা নয়; আমাদের প্রধান উদ্দেশ্যই হলো এই কথা প্রমাণ করা যে, এঁরা যে সব বিষয়কে স্বতঃসিদ্ধ ধরে নিয়েছেন সে সব বিষয় কদাচিৎই ঠিক, অথবা একেবারেই ঠিক নয়; ফলে বাস্তব জগতের অর্থনৈতিক সমস্যা এই মতবাদের সাহায্যে সমাধান করা যেতে পারে না। কিন্তু আমরা যে কেন্দ্রীয় নিয়ন্ত্রণের কথা বলেছি এতে যদি মোট উৎপাদনের পরিমাণ যথাসম্ভব পূর্ণ নিয়োগের কাছাকাছি এসে পৌঁছায়, তাহলে এই স্তর থেকে সেকেলে মতবাদকে ঠিক বলে গ্রহণ করা যেতে পারবে। আমরা যদি উৎপাদনের পরিমাণকে নির্দিষ্ট বলে ধরে নেই, অর্থাৎ আমরা যদি মনে করে নেই যে, উৎপাদনের পরিমাণ সেকেলে মতবাদের আওতার বাহিরের শক্তি দিয়ে নির্দ্ধারিত হচ্ছে। তাহলে, কি সামগ্রী উৎপাদন করতে হবে, কি অনুপাতে বিভিন্ন উৎপাদন সহযোগীদের ব্যবহার হবে এবং চরম উৎপাদনের মূল্য কিভাবে এদের মধ্যে বিভক্ত হবে এই সব বিষয় ব্যক্তির স্বীয় স্বার্থ অনুপাতে নির্দ্ধারিত হওয়া বিষয়ে যে সেকেলে বিশ্লেষণ রয়েছে তার বিরুদ্ধে আপত্তি তুলবার কিছু থাকবে না। আর বিতরণের সমস্যা বিষয়ে যদি আমরা অন্তভাবেও আলোচনা করতাম তাহলে যথাক্রমে অবাধ এবং নিরবাধ প্রতিযোগিতার ব্যক্তি ও রাষ্ট্রের হস্তক্ষেপের মাত্রাবিষয়ে একালিন সেকেলে মতবাদের বিরুদ্ধে আপত্তি তুলবারও কিছু থাকত না। এই কারণে, ভোগ-ব্যবহারের ইচ্ছা এবং পুঁজি নিয়োগের অনুপ্রেরণার সামঞ্জস্যবিধান বিষয়ে কেন্দ্রীয় নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তার কথা বাদ দিলে, অর্থনৈতিক জীবনকে সমাজতন্ত্রের দিকে ঠেলে নিয়ে যাবার পক্ষে কোন যুক্তিই থাকবে না।" (সাধারণ মতবাদ চতুর্বিংশ অধ্যায়।)

তাই আলোচনার প্রারম্ভে কেইন্‌স্ নিজেকে 'বিপ্লবী' বলে জাহির করলেও বিপ্লবের উপাদান তাঁর মধ্যে পাওয়া যাবে না। গ্রন্থের মুখবন্ধে তিনি বলছেন, "বর্তমান গ্রন্থের পেছনে রয়েছে চিরাচরিত চিন্তাধারা ও রচনাভঙ্গী থেকে মুক্তি পাবার জন্যে লেখকের দীর্ঘ প্রচেষ্টা এবং লেখকের প্রচেষ্টা যদি সফল হয়, তাহলে সেই প্রচেষ্টা পাঠকের মধ্যেও মূর্ত হয়ে উঠবে। যে সব মতামত অত্যন্ত পরিশ্রমের পর এই গ্রন্থে ব্যক্ত করার চেষ্টা করা হয়েছে, সেগুলি খুবই সরল এবং সহজবোধ্য হবে বলেই মনে হয়। যে সব অসুবিধা সামনে আসবে, সেগুলো এই নূতন মতবাদের জন্যে নয়; সে অসুবিধা হলো সেকেলে চিন্তাধারা থেকে মুক্তি পাবার চিন্তার। কেননা, আমরা যারা এই চিন্তাধারাকে হজম করেই থাকুন, তাদের মনের প্রত্যেকটি কোণেই যে সেই চিন্তাধারা আপনার পরিচয়

রেখে গেছে।" কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, কেইন্‌সের আলোচনায় এই সেকেলে মতবাদের সংস্কারের কাজই হয়েছে, যার ফলে সেকেলে চিন্তাধারার যেসব গলদ প্রবেশ করেছিল সেইসব গলদ দূরীভূত করার চেষ্টা হয়েছে; একেবারে স্বতন্ত্র কোন চিন্তাধারা এতে খুঁজতে যাওয়া পণ্ডশ্রম মাত্র।

'আর্থিক উন্নতিতে' প্রকাশিত "পিগুর নিয়োগ ও স্থিতি" বিষয়ক সংক্ষিপ্ত আলোচনায় একথা প্রমাণ করার চেষ্টা করেছি। এই গ্রন্থের মূখ্য উদ্দেশ্য হলো মার্শেলের দীর্ঘকালিন স্থিতিকে 'প্রবহমান স্থিতি' এই আখ্যা দিয়ে প্রতিষ্ঠিত করা এবং কেইন্‌স্ প্রতিষ্ঠিত স্থিতিকে ক্ষণকালিন স্থিতির আসন দেওয়া। এর জন্যে অধ্যাপক পিগুর এই গণিতপূর্ণ জটিল আলোচনার অবতারণা না করলেও চলতো। কেন না, এই মোটা গ্রন্থে উপরি উক্ত বিষয় ছাড়া অন্য বিশেষ কিছু নেই একথা বলা যেতে পারে; অথচ এ বিষয় কেইন্‌স্ নিজেও স্বীকার করেছেন। পূর্ণ নিয়োগ যতক্ষণ না আসছে ততক্ষণই মাত্র কেইন্‌সের আলোচনার শুরুত্ব; একবার পূর্ণনিয়োগের অবস্থা আসলেই আর কেইন্‌সের প্রয়োজন নেই। কেন না, পূর্ণনিয়োগ স্বীকার করেই সেকেলে আলোচনার প্রারম্ভ। সেকেলে আলোচনায় নিয়োগযোগ্য লোকের পরিমাণ, সম্পদ্ ও মূলধনের উৎপাদন-উপকরণ বিষয়ে বিশদ আলোচনা পাওয়া যাবে; তাছাড়া নির্দিষ্ট পরিমাণ নিয়োগ স্বীকার করে নিয়ে, এইসব বিভিন্ন উৎপাদন সহযোগীদের স্ব স্ব প্রান্তিক উপযোগিতা অনুসারে এদের ব্যবহার এবং স্ব স্ব প্রান্তিক উৎপাদন ক্ষমতা অনুসারে এদের পারিশ্রমিক নির্দ্ধারণ বিষয়েও যথেষ্ট আলোচনাই হয়েছে। কিন্তু এই নির্দিষ্ট পরিমাণ নিয়োগ যে কোথা থেকে আসছে, অর্থাৎ এই নির্দিষ্ট পরিমাণ নিয়োগ কি কি শক্তির প্রভাবে কিভাবে নির্দ্ধারিত হচ্ছে এবিষয়ের কোন আলোচনা সেকেলে অর্থশাস্ত্রে পাওয়া যায় না।

কেইন্‌সের মতে, পরিষ্কারভাবে একথার উল্লেখ না থাকলেও, নিয়োগ-বিষয়ক সেকেলে মতবাদ দু'টি মৌলিক ধারণার উপর প্রতিষ্ঠিত। এদের প্রথমটি হলো এই যে, পারিশ্রমিক হলো শ্রমিকের প্রান্তিক উৎপাদনের সমান। অর্থাৎ মোট নিয়োগ থেকে যদি একটি লোকের শ্রম বাদ দেওয়া যায়, তাহলে সেই নিয়োগ থেকে যে পরিমাণ প্রাপ্তি হবার কথা তা থেকে যে অংশ কমে যাচ্ছে সেই অংশই হলো ঐ লোকের শ্রমের উৎপাদন ক্ষমতা এবং সেই শ্রমিকের পারিশ্রমিক হলো এই উৎপাদন ক্ষমতার সমান। অথবা বিষয়টিকে আমরা অন্যভাবেও বলতে পারি। মোট নিয়োগের সঙ্গে যদি আর একটি লোকের শ্রমকে যোগকরে দেওয়া হয় তাহলে তার ফলে সেই নিয়োগের প্রাপ্তি যেটুকু বৃদ্ধি পাচ্ছে সেই অংশটুকুই হলো এই নূতন লোকের উৎপাদন ক্ষমতার সমান। অতিরিক্ত এস্থলে একথা মনে রাখা অবশ্য কর্তব্য যে, স্থূলমাল উৎপাদন হার বা বর্তমান হারের জন্যে নিয়োগক্ষেত্রে একটি লোকের হ্রাসবৃদ্ধি হবার ফলে যদি অন্য কোন উৎপাদন খরচার হ্রাসবৃদ্ধি হয় তাহলে, শ্রমের পারিশ্রমিক নির্দ্ধারণকালে সেকথা ধরে নিতে হবে এবং একথাও স্বীকার্য যে, যদি প্রতিযোগিতা ও বাজার আদর্শরূপ না হয়, তাহলে কতকগুলো নির্দিষ্ট রীতি অনুসারে শ্রমিকের উৎপাদন ক্ষমতা ও পারিশ্রমিকের হার এদু'য়ের সমতায় ব্যতিক্রম হবে। এই হলো, কেইন্‌সের মতে সেকেলে মতবাদীদের প্রথম ধারণা। সেকেলে মতবাদীদের দ্বিতীয় ধারণা হলো এই যে, একটি নির্দ্দিষ্টসংখ্যক শ্রমিকের যখন নিয়োগ হচ্ছে সেই অবস্থায় পারিশ্রমিক থেকে লব্ধ উপকার হলো সেই মোট নিয়োগের পরিমাণ থেকে যে প্রান্তিক অনুপকার ঘটছে তারই সমান। এখানে অনুপকার অর্থে বুঝতে হবে সেই সব প্রত্যেকটি কারণ যার ফলে একটি লোক বা তার দেহ কাজে বিমুখ হয়ে উঠছে এবং নির্দিষ্ট নিয়তন উপকারের হারের নীচে পারিশ্রমিক গ্রহণে সে অস্বীকার করছে। অর্থাৎ একজন নিযুক্ত লোকের 'সামগ্রী-পারিশ্রমিক' হলো ঠিক সেই পরিমাণ যাতে, বর্তমানে যে পরিমাণ শ্রম সত্যিসত্যিই নিযুক্ত রয়েছে সেই শ্রমপ্রবাহকে অক্ষুণ্ণ রাখতে পারে। এখানে 'সামগ্রী-পারিশ্রমিক' শব্দটির সামান্য ব্যাখ্যা করা প্রয়োজন। এখানে 'সামগ্রী' শব্দটি আমি ব্যাপক অর্থে ব্যবহার করছি। এতে আমি বস্তু এবং সেবা—অবশ্য পরোপকারার্থে নয়, টাকা রোজগারের জন্যে—এই দু'টিকেই ধরেছি। সামগ্রী-পারিশ্রমিক অর্থে বুঝতে হবে যে, একটি নির্দিষ্ট পরিমাণ টাকা-পারিশ্রমিক দিয়ে যে পরিমাণ বস্তু এবং/অথবা সেবা পাওয়া যায় তাই, অর্থাৎ সামগ্রী পরিমাণে পারিশ্রমিক। (ক্রমশঃ)

১, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

চৈত্র—১৩৫১

আর্থিক উন্নতি

১৯শ বর্ষ—১২শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পৃথিবীর মৃত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

ARTHIK UNNATI
(ECONOMIC PROGRESS)
Established April, 1926
EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR. *Vidya-vaibhava*
Annual subscription Rs. 3/- (excluding postage).
Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.
Director
DR. NARENDRA NATH LAW

CONTENTS OF THE MARCH-APRIL NUMBER, 1945.

Section 1. Wealth of Bengal : Supply of Piece goods in Bengal, improving the machinery of Distribution. p. 126.

Section 2. Economic India: Money paid by India to U. S. A. under Lease" Agreement. Huge Profit made by Indian Railways. p. 127.

Section 3. World Economy: Number of Horses and Mules in U. S. between U. K. & U. S. A. about Petroleum. p. 128.

Section 4. Men, Institutions and Movements: International Conference of the Pacific Relations Institute. p. 129.

Section 5. Interview: Some Great Bengali Thinkers and Workers of the *Swadeshi* Age. (Conversation between Prof Benoy Kumar Sarkar & Shib Chandra Dutt, M.A., B.L.) p. 130

Section 6. World of Journals: *Wheat Studies* (California). p. 131.

Section 7. Reviews: Chapter of Economic Equity. p. 132.

Section 8. Bibliography: 7 books announced, p. 132.

Articles: Keynes and Old Economics
By Kastur Chand Lalwani, M.A., College of Commerce, Poona; Hony. Research Fellow, Bengal Institute of Economics, p. 132.

বাংলার সম্পদ্

বাঙ্গালায় বস্ত্র সরবরাহ

বাঙ্গালার বস্ত্রসঙ্কট সম্পর্কে দিল্লীতে অনুসন্ধানের ফলে জানা গিয়াছে, গত ৩০শে নবেম্বর পর্য্যন্ত পাঁচ মাসে বাঙ্গালা অন্য প্রদেশ অপেক্ষা অসামরিক জনসাধারণের মাথা-পিছু ৪ গজ মিলের কাপড় বেশী পাইয়াছে।

এই পাঁচ মাসে অসামরিক জনসাধারণের জন্য বাঙ্গালার মিলগুলি ৮২১৫২০০০গজ অথবা ৪৪৭৪৮ বেল বস্ত্র উৎপাদন করিয়াছে এবং বাহির হইতে এই প্রদেশ ২০৫৬৩৪০০০ গজ অথবা ১৩৭০৮০ বেল পাইয়াছে।

১৯৪১ সনের আদমসুমারী অনুযায়ী বাঙ্গালার ৬১৩৮১৮৯৭ জন লোকের জন্য সর্ব্বসমেত ১৮৭৭৮৬০০০ গজ অথবা ১২১৮৪৭ বেল বস্ত্র পাওয়া গিয়াছে। এই হিসাব অনুযায়ী মাথা-পিছু ৩·৭ গজ পড়িয়াছে।

এই সময়ে সমগ্র ভারতের ৩৮ কোটি ২০ লক্ষ লোকের জন্য ১৬৭৮০৯৮০০০ গজ অথবা মাথা-পিছু ৪·৩ গজ মিলের বস্ত্র পাওয়া গিয়াছে।

এই সময়ে বাঙ্গালার তাঁতে প্রস্তুত হইয়াছে ৬৬৮১৫০০০ গজ অথবা মাথা-পিছু ১·১ গজ। সুতরাং বাঙ্গালা মাথা-পিছু ৫·৮ গজ বস্ত্র পাইয়াছে। এই অনুযায়ী বাৎসরিক মাথা-পিছু ১৩·২ গজ পড়ে। (এ, পি)

বণ্টনব্যবস্থার উন্নতির প্রয়োজনীয়তা

বিভিন্ন প্রদেশের, বিশেষভাবে বাঙ্গালা দেশের, বস্ত্রসঙ্কট সম্পর্কে অনুসন্ধান করিয়া জানা গেল কেন্দ্রীয় গবর্ণমেণ্টের টেক্সটাইল কর্তৃপক্ষ ঘাটতি অঞ্চলে প্রচুর বস্ত্র প্রেরণ করিতেছেন। নির্দ্দিষ্ট পরিমাণ অনুযায়ী বস্ত্র পাওয়া সত্ত্বেও তাহারা কেন লোকের চাহিদা মিটাইতে পারিতেছে না, বুঝা যায় না। ডিসেম্বর পর্য্যন্ত ছয় মাসে বাঙ্গালা ১৫৯০০৪ বেল অথবা প্রতি বেলে ১৫০০ গজ হিসাবে ২৩৮৫০৬০০০ গজ বস্ত্র পাইয়াছে। পক্ষান্তরে মাথা-পিছু ১০ গজ হিসাবে সে মাত্র ১৩০৫০০ বেল বস্ত্র পাইবার অধিকারী। আসামকে পৃথক ইউনিট করিবার পরে গত জানুয়ারী পর্য্যন্ত সাত মাসে বাঙ্গালা ১২০০৫০ বেল বস্ত্র পাইতে পারিত; কিন্তু সে ১৭৯০৩৪ বেল বস্ত্র পাইয়াছে। সুতরাং সে হিসাব অনুযায়ী নির্দ্দিষ্ট পরিমাণ অপেক্ষা ৫৮৯৪ বেল বস্ত্র বেশী পাইয়াছে। ইহা ভিন্ন বাঙ্গালা প্রতি মাসে ২০০০০বেল বস্ত্র নিজের জন্য উৎপাদন করিয়া থাকে।

বলা যাইতে পারে, মাথা-পিছু ১০ গজ যথেষ্ট নয়, কিন্তু যুদ্ধের পূর্ব্বে মাথাপিছু বার্ষিক ১৮ গজ মাত্র ছিল। মিলগুলি বর্ত্তমানে যথাসাধ্য উৎপাদন করিলেও অসামরিক জনসাধারণের জন্য ৪৮০ কোটি গজ বস্ত্র মাত্র পাওয়া যাইতে পারে। তাতে উৎপন্ন বস্ত্রও ইহার অন্তর্ভুক্ত; কিন্তু পশমী বস্ত্র ইহার মধ্যে ধরা হয় নাই। এই হিসাবে সমগ্র ভারতের জন্য মাথা-পিছু ১২ গজের অধিক দিবার উপায় নাই। বলা যাইতে পারে, বিভিন্ন প্রদেশে চাহিদার হার একরূপ নয়। এইজন্যই গবর্ণমেণ্ট লোক-জনের নিকট হইতে একটু ত্যাগস্বীকার চান। স্বাভাবিক সময়ে পাঞ্জাবের প্রয়োজন হইত মাথা-পিছু ২২ গজ কাপড়। এখন তাহার প্রাপ্য নির্দ্দিষ্ট হইয়াছে মাথা-পিছু ১৮ গজ। বোম্বাই ২৪ গজের পরিবর্ত্তে পাইতেছে ১৮ গজ, ১১½ বা ১২ গজের পরিবর্ত্তে বাঙ্গালা পাইতেছে ১০ গজ। বিভিন্ন প্রদেশকেই সমান হিসাবে ত্যাগস্বীকার করিতে হইয়াছে। ইহার অর্থ এই নয় যে, ব্যক্তিবিশেষকে ইহার অধিক ক্রয় করিতে দেওয়া হইবে না। প্রদেশের জন্য পরিমাণ নির্দ্দিষ্ট করিবার বেলায় শিশু, ভৃত্য, শ্রমিক, পল্লীবাসী সকলের কথাই বিবেচনা করা হইয়াছে। ইহার মধ্যে অনেকেই নির্দ্দিষ্ট পরিমাণ বস্ত্র ব্যবহার করে না। সুতরাং জনকয়েক ধনী ব্যক্তির বস্ত্র মজুতের ফলে অন্যান্য সকলে বঞ্চিত হইবে, ইহা কিছুতেই যুক্তিযুক্ত নয়।

বিভিন্ন স্থানে বস্ত্রপ্রাপ্তি স্থানীয় বণ্টন ব্যবস্থার উপর নির্ভর করে। সংপ্রতি টেক্সটাইল কণ্ট্রোলার সম্মেলনে এ সম্বন্ধে আলোচনা হইয়াছে। চোরাবাজারে প্রবেশ বন্ধ করার উদ্দেশ্যে শীঘ্রই ব্যবস্থা অবলম্বন করা হইবে। দেশের সমগ্র উৎপাদনের মাত্র শতকরা ৫।৬ ভাগ সূক্ষ্ম বস্ত্রের শ্রেণীতে পড়ে। এই হিসাবে সূক্ষ্ম বস্ত্রের অবস্থাও বিবেচনা করা হইবে।

আর্থিক ভারত

ভারতের ঋণ ও ইজারা

যুক্তরাষ্ট্রের বৈদেশিক অর্থনীতি বিভাগ কর্তৃক প্রকাশিত হিসাব হইতে দেখা যায় যে, 'ঋণ ইজারা' সাহায্যের প্রতিদানে ভারতকর্তৃক যুক্তরাষ্ট্রকে প্রদত্ত অর্থের পরিমাণ ৩১ কোটি ৭৪ লক্ষ ডলার। ইহা ঋণ ইজারা সাহায্য দিবার ব্যবস্থা প্রবর্তনের সময় হইতে গত অক্টোবর পর্যন্ত সময়ের হিসাব। গত বৎসরের জানুয়ারী হইতে সেপ্টেম্বর পর্যন্ত ঋণ ইজারা সাহায্যের প্রতিদানে ভারত কর্তৃক যুক্তরাষ্ট্রকে প্রদত্ত সাহায্যের পরিমাণ ২১ কোটি ৬ লক্ষ ৮৭ হাজার ডলার। মোটামুটি ঐ সময়ে যুক্তরাষ্ট্র চীন ও ভারতকে একত্রে ৭৬ কোটি ৭২ লক্ষ ১৫ হাজার ডলার 'ঋণ ইজারা' সাহায্য করিয়াছে। ঋণ ইজারা সাহায্য দিবার ব্যবস্থা প্রবর্তিত হওয়ার পর হইতে গত ডিসেম্বর মাস পর্যন্ত যুদ্ধ চালাইবার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট সমস্ত দেশকে যুক্তরাষ্ট্র কর্তৃক প্রদত্ত সাহায্যের মোট পরিমাণ ১০০৩৬ কোটি ডলার। চীন ও ভারতকে প্রদত্ত সাহায্যের পৃথক্ পৃথক্ পরিমাণ দেওয়া হয় নাই। প্রতিদানমূলক সাহায্যের পরিমাণের মধ্যে খাদ্যদ্রব্য এবং কাঁচামাল ধরা হয় নাই।

ঋণ-ইজারা সাহায্যের প্রতিদানে ভারত হইতে প্রদত্ত সাহায্যের হিসাব বৃটিশ গভর্ণমেণ্ট ও ভারত গভর্ণমেণ্ট প্রকাশ করিয়াছেন। উহা বিশ্লেষণ করিলে দেখা যায় যে, গত বৎসর জানুয়ারী হইতে সেপ্টেম্বর পর্যন্ত ভারত আমেরিকার যুক্তরাষ্ট্রকে খাদ্যদ্রব্য সরবরাহ বাবদ ১ কোটি ৬২ লক্ষ ৮৫ হাজার ডলার, সমরোপকরণ সরবরাহ বাবদ ১১ কোটি ৮৮ লক্ষ ৭০ হাজার ডলার, জাহাজযোগে মালবহন ও জাহাজ নির্মাণের উপকরণ সরবরাহ বাবদ ১৬ লক্ষ ৩২ হাজার ডলার, লোক ও মালবহন প্রভৃতি কার্য্য বাবদ ১ কোটি ৭৬ লক্ষ ৯২ হাজার ডলার এবং পূর্ত্ত কার্য্য বাবদ ৫ কোটি ৬২ লক্ষ হাজার ডলার সাহায্য করিয়াছে। ঋণ-ইজারা সাহায্য ব্যবস্থা প্রবর্তিত হওয়ার সময় হইতে গত অক্টোবর মাস পর্য্যন্ত ঐ সমস্ত দফার সাহায্যের মোট পরিমাণ যথাক্রমে ২ কোটি ৬৩ লক্ষ ৭৪ হাজার ডলার, ১৫ কোটি ৯৬ লক্ষ ৮৭ হাজার ডলার, ৩৭ লক্ষ ৩৯ হাজার ডলার, ২ কোটি ৭৫ লক্ষ ৬৫ হাজার ডলার এবং ১০ কোটি ৭৫ হাজার ডলার।

ভারতের রেলবিভাগের আয়

এবার ভারত সরকারের রেলবিভাগে বিরাট আয় হইয়াছে। কিন্তু রেলওয়ে বাজেটে এবার গতানুগতিকতার ব্যতিক্রম ঘটিয়াছে। বর্দ্ধিত আয় রেল গাড়ী, ইঞ্জিন প্রভৃতির অধিক মূল্য ও যুদ্ধের মধ্যে যে সমস্ত কাজ করা হইয়াছে, তাহার ব্যয়-নির্ব্বাহে প্রয়োগ করা হইবে। ইহাতে মূল্য হ্রাস সমতা রক্ষার জন্য সংগঠিত রিজার্ভ তহবিল অথবা হ্রাসপ্রাপ্ত হইবে না, বা ধার্য্য পুঁজিও অথবা স্ফীত হইতে পারিবে না। কাজেই ১৯৪৪-৪৫ সনের বাড়তি আয় এই জন্য হ্রাস পাইয়াছে ২৪ কোটী টাকা এবং ১৯৪৫-৪৬ সনের আয়ও এইভাবে ৩০ কোটি হ্রাস করা হইবে। মোটের উপর ১৯৪৪-৪৫ সনে ৪২·০১ কোটি টাকা এবং ১৯৪৫-৪৬ সনে ৩৬·৪১ কোটি টাকা বাড়তি আয় ধরা হইয়াছে।

১৯৪৪-৪৫ সনে ট্রাফিক আয় ধরা হইয়াছিল ২১৪·৩০ কোটী টাকা, পরিচালন-ব্যয় ১৪৭·৪৯ কোটী টাকা। আগামী বর্ষের জন্য ট্রাফিক আয় ধরা হইয়াছে ২২০ কোটী টাকা, ব্যয় ১৫৯·৮৭ কোটী টাকা। বাড়তি আয় থেকে এবারকার সাধারণ রাজস্ব খাতে জমা দেওয়া হইবে ৩২ কোটী টাকা; আগামী বর্ষেও সাধারণ রাজস্বে এই পরিমাণ টাকা জমা দেওয়া হইবে।

রেলবিভাগের কৃতিত্ব সম্বন্ধে বলা যাইতে পারে যে, সামরিক ও অন্যান্য সকল প্রকার দায়িত্ব বিশেষ যোগ্যতার সহিত সম্পন্ন করা হইয়াছে। সৈন্য ও সমরোপকরণ চলাচল পরিকল্পনা অনুসারেই সাধিত হইয়াছে। যুদ্ধ

আরম্ভ হওয়ার পর মোট ১৪০০ মাইল মিলিটারী সাইডিং এবং বিমানঘাটিগুলির জন্যও ৭০ মাইল স্থায়ী ও ১৫৩ মাইল অস্থায়ী সাইডিং তৈরী করা হইয়াছে। মোটের উপর ৩৫০০ মাইল রেল লাইনের ব্যবস্থা করা হইয়াছে; তন্মধ্যে সমরোপকরণ সরবরাহার্থ করা হইয়াছে ১২৫০ মাইল। খাদ্যশস্য, চিনি, কাপড় প্রভৃতি গুরুত্বপূর্ণ বেসামরিক ট্রাফিকও সার্থকতার সহিত পরিচালিত হইয়াছে। ১৯৪৪ সনে রেলপথে মাল চালানের অসুবিধা বস্তুতঃ কাহাকেও নিত্য প্রয়োজনীয় আহার্যবস্তু প্রাপ্তি সম্বন্ধে অসুবিধা ভোগ করিতে হইয়াছে এরূপ অভিযোগ কেহই করিতে পারে না।

নিত্য-প্রয়োজনীয় জিনিষপত্র চালান দেওয়ার সুব্যবস্থা এবং যেসমস্ত সেক্সনে মালপত্র খুব বেশী জমিয়াছে, সেগুলির চাপ কমাইবার উদ্দেশ্যে শত্রুকে মাল-পত্র আদান-প্রদানের উন্নততর ব্যবস্থা করা হইতেছে। যুদ্ধোত্তর যুগে আভ্যন্তরীণ মাল চলাচলের যথোপযুক্ত বন্দোবস্তের জন্য গবর্ণমেণ্ট সড়ক ও রেলপথের সমন্বয় সাধন সমস্যার সমাধানেরও চেষ্টা করিতেছেন।

দুনিয়ার ধনদৌলত

মার্কিণ যুক্তরাষ্ট্রে ঘোড়া ও খচ্চরের সংখ্যা

মার্কিণ মুলুকে যন্ত্রপাতি ব্যবহারের ফলে ঘোড়া ও খচ্চরের সংখ্যা ক্রমশঃ হ্রাস পাইতে আরম্ভ করিয়াছে। ১৯১৮ সনে ঘোড়া ও খচ্চরের সংখ্যা সর্বোচ্চ সীমায় উপনীত হয়; এই সনে এই দুই জানোয়ারের সংখ্যা ছিল ২৬,৭০০,০০০; ১৯৪৪ সনে সংখ্যা দাঁড়াইয়াছে ১২,৯০০,০০০। ১৯২০ হইতে ১৯৪৩ সন পর্য্যন্ত ঘোড়া ও খচ্চরের সংখ্যা কি ভাবে হ্রাস পাইয়াছে নিম্নের তালিকায় তার পরিচয় দেওয়া গেল :—

সন	হাজারে প্রদত্ত সংখ্যা
১৯২০	২৫,৭৪২
১৯২৫	২২,৫৬৯
১৯৩০	১৯,১২৪
১৯৩৫	১৬,৬৮৩
১৯৩৬	১৬,২২৬
১৯৩৭	১৫,৮০২
১৯৩৮	১৫,২৪৫
১৯৩৯	১৪,৭৯২
১৯৪০	১৪,৩৮১
১৯৪১	১৪,১৩৬
১৯৪২	১৩,৭২০
১৯৪৩	১৩,৩৭৯

মার্কিণ মুলুকে পশম উৎপাদন

১৯৪৪ সনে ৩৪৫ মিলিয়ন পাউণ্ড পশম কর্তিত হইয়াছে। ১৯৪৩ সনে কর্তিত পশমের পরিমাণ দাঁড়ায় ৩৮১ মিলিয়ন পাউণ্ড। ১৯৩৮-৪২ সনে পশম উৎপাদনের গড় বার্ষিক হার ৩৭৬ মিলিয়ন পাউণ্ড। মোটের উপর ১৯৩৬ সন থেকে এপর্য্যন্ত ১৯৪৪ সনেই সব চেয়ে কম পশম উৎপন্ন হইয়াছে। গত বৎসর পশম থেকে আয় হইয়াছিল সবচেয়ে বেশী। এই আয়ের পরিমাণ ১৮০ মিলিয়ন ডলার। ১৯৪৪ সনে এর তুলনায় অনেক কম আয় হইবে। উৎপাদকের ভাগ্যে পাউণ্ড প্রতি মাত্র ৪১·৬ সেণ্ট মিলিবে।

ইঙ্গ-মার্কিণ পেট্রল চুক্তি

রাষ্ট্র বিভাগে আমেরিকার পক্ষ হইতে অস্থায়ী রাষ্ট্র-সচিব মিঃ এডওয়ার্ড আরষ্টেটিনিয়াস (জুনিয়ার) ও গ্রেট বৃটেনের পক্ষ হইতে বৃটিশ প্রতিনিধি দলের নেতা লর্ড রিডারডেল পেট্রলিয়াম সম্পর্কে উভয় রাষ্ট্রের মধ্যে এক চুক্তি স্বাক্ষর করিয়াছেন। উভয় দেশের গবর্ণমেণ্ট চুক্তি অনুমোদিত হইল বলিয়া জ্ঞাপন করিলে উহা বলবৎ হইবে। পেট্রোলিয়ামের আন্তর্জাতিক ব্যবসায় নিয়ন্ত্রণকল্পে এই চুক্তিতে নীতি নির্দ্ধারণ করা হইয়াছে। চুক্তির উদ্দেশ্য এই—সমস্ত শান্তিপূর্ণ দেশ যাহাতে

নাহা মূল্যে ও উপযুক্ত পরিমাণে পেট্রল পাইতে পারে তাহার ব্যবস্থা করা, যেসকল দেশে পেট্রল উৎপন্ন হয়, ঐ সকল দেশের আর্থিক উন্নতির প্রতি লক্ষ্য রাখিয়া আরও অধিক পরিমাণে পেট্রল উৎপাদনের ব্যবস্থা করা, সঙ্কটকালে আমেরিকার যুক্তরাষ্ট্র ও গ্রেট বৃটেনে পেট্রল সরবরাহ অক্ষুণ্ণ রাখা এবং পরে আন্তর্জাতিক নিরাপত্তার জন্য কোন ব্যবস্থা হইলে তদনুসারে সমস্ত শান্তিপূর্ণ দেশে পেট্রল সরবরাহ করা, যে সকল দেশ বর্ত্তমানে কোন স্থানে পেট্রল উৎপাদনের অধিকার পায় নাই, ঐ সকল দেশের পেট্রল উত্তোলনের সমান অধিকার মানিয়া লওয়া, বর্ত্তমানে যে সকল দেশ পেট্রল উত্তোলনের সুবিধা লাভ করিয়াছে, তাহা মানিয়া লওয়া, পেট্রল চালান ও বণ্টনে ব্যাঘাত সৃষ্টিতে পারে স্বাক্ষরকারী অপর দেশের সম্মতি ব্যতীত এমন কোন ব্যবস্থা না করা। সাত্তি পুনঃ স্থাপন কাল পর্য্যন্ত উভয় দেশের মধ্যে এই চুক্তি বলবৎ থাকিতে পারে। পেট্রলের আন্তর্জ্জাতিক ব্যবসায়ে লিপ্ত পেট্রল ব্যবহারকারী দেশসমূহকে একটি আন্তর্জ্জাতিক চুক্তিতে স্বাক্ষরের জন্য আহ্বান করা হইবে। আশা করা যায় যে, ইরাণ, ইরাক ও বৃটিশ ডোমিনিয়নসমূহ এই চুক্তিতে স্বাক্ষর করিবে।

চুক্তিতে স্বাক্ষরকারী উভয় দেশের প্রতিনিধি লইয়া একটি আন্তর্জ্জাতিক পেট্রলিয়াম কমিশন গঠনের ব্যবস্থা করা হইয়াছে। স্বাক্ষরকারী রাষ্ট্রদ্বয়ের একটি রাষ্ট্র তিনমাসের মেয়াদে চুক্তি বাতিলের নোটিশ দিলে ইহা বাতিল হইয়া যাইবে।

ব্যক্তি ও সঙ্ঘ

প্যাসিফিক রিলেশনস্ ইন্‌স্টিটিউটের আন্তর্জ্জাতিক সম্মেলন

যুক্তরাষ্ট্রের হনলুলুতে প্যাসিফিক রিলেশনস ইনষ্টিটিউটের আন্তর্জ্জাতিক সম্মেলনের অধিবেশন শেষ হইয়াছে। প্রশান্ত মহাসাগরীয় এলাকার সহিত সম্পর্কযুক্ত ১২টি দেশের প্রতিনিধিত্ব করিয়া কূটনীতিবিৎ, ব্যবসায়ী, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রভৃতি প্রায় ১৬০ জন প্রতিনিধি সম্মেলনে উপস্থিত ছিলেন।

সম্মেলনে যেসকল সমস্যা উত্থাপন করা হয়, তাহার মধ্যে অনেকগুলিই সুদূর প্রাচ্য সম্পর্কিত নীতির সহিত সংশ্লিষ্ট দেশসমূহের পক্ষ হইতে এই প্রথম সরকারী বা আধা-সরকারীভাবে আলোচিত হইল। আমন্ত্রিত হইয়া রুশিয়া অবশ্য সম্মেলনে যোগ দেয় নাই; কিন্তু তাহা ব্যতীত অনেক দেশের পক্ষ হইতে যে সকল উচ্চপদস্থ বিশেষজ্ঞ প্রেরণ করা হইয়াছিল, তাহাতে আলোচনার সিদ্ধান্তের উপর গুরুত্ব আরোপ করিবার যথেষ্ট কারণ আছে।

অনেক প্রতিনিধির মতে সম্মেলনের ফলে অন্ততঃ একটি লাভ এই হইয়াছে যে, অদূর ভবিষ্যতে যাহাদের সুদূর প্রাচ্যের জটিল রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যাদির ব্যবস্থা করিতে হইবে তাঁহাদের মনে উহাদের প্রকৃতি ও সমাধান সম্পর্কে কিছু পরিষ্কার ধারণা হইয়াছে।

প্যাসিফিক রিলেশনস ইনষ্টিটিউটের ৯ম দ্বিবার্ষিক অধিবেশনের শেষে ইনষ্টিটিউটের একটি সরকারী স্মারকপত্রে সুদূর প্রাচ্যের সমস্ত জাতির পূর্ণ স্বাধীনতা ও ঐক্যের নিশ্চয়তা দিয়া একটি "প্রশান্ত সনদ" জারী করিবার প্রস্তাব করা হইয়াছে। বৃটেন, অষ্ট্রেলিয়া, নিউজিলাণ্ড, ফ্রান্স ও হল্যাণ্ড সমেত সম্মেলনে যোগদানকারী সমস্ত জাতি সনদে সম্মতি দিয়াছে।

সনদে বলা হইয়াছে—"কতকগুলি প্রভু" জাতি আছে যাহাদের অন্য জাতিসমূহের উপর প্রভুত্ব বা অভিভাবকত্ব করিবার অন্তর্নিহিত যোগ্যতা আছে, এই মর্ম্মে যে মতবাদ চালু আছে সম্মিলিত জাতিপুঞ্জ দৃঢ়ভাবে তাহা অস্বীকার করে। সম্মিলিত জাতিপুঞ্জ সমস্ত জাতির মৌলিক সমানাধিকার ঘোষণা করিতেছে এবং সমস্ত জাতি যাহাতে

সেই সমানাধিকার ভোগ করিতে পারে, তজ্জন্য প্রাণপণ চেষ্টা করিবার প্রতিশ্রুতি দিতেছে। ঔপনিবেশিক ও অধীন জাতিসমূহের জন্য এবং একদেশের মধ্যে যে সকল ব্যক্তি অথবা সম্প্রদায় পূর্ণ সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকার ভোগ করিতে পারে না, তাহাদের জন্য আন্তর্জাতিক দায়িত্ব গ্রহিবার নীতিও তাহারা ঘোষণা করিতেছে। ডাম্বার্টন ওকসের প্রস্তাবে যেরূপ বলা হইয়াছে, সেইরূপ সাধারণ সঙ্ঘের অধীন আঞ্চলিক কাউন্সিল গঠনের প্রস্তাব তাঁহারা সমর্থন করেন।"

সাধারণের সমর্থন পাইবার পূর্ব্বে উপরোক্ত স্মারকলিপি লইয়া প্রবল তর্কবিতর্ক হয় এবং কতিপয় প্রতিনিধি উক্ত নীতিসমূহ সম্পর্কে এখন সর্ত্তহীন সমর্থন দেন নাই।

সাম্প্রতিক বিশেষজ্ঞদের সম্মেলনে ভারতীয় প্রতিনিধি ল্যাটিন আমেরিকান দেশসমূহের সুদূর প্রাচ্য সম্পর্কিত আলোচনায় যোগ দিবার প্রশ্নটি প্রথম উত্থাপন করেন। তিনি বলেন,—"চিলি প্রভৃতি ল্যাটিন আমেরিকান দেশ, যাহাদের প্রশান্ত মহাসাগরে সুদীর্ঘ উপকূলভাগ বিদ্যমান তাহাদের এবং দক্ষিণ আমেরিকার কতিপয় দেশ, যাহাদের অধিকারে কিছু কিছু স্থান আছে তাহাদের প্রশান্ত মহাসাগরীয় সমস্যাদির আলোচনায় যোগ দেওয়া উচিত। বিশেষতঃ, যুদ্ধান্তে ল্যাটিন আমেরিকান দেশসমূহ সুদূর প্রাচ্যে ব্যবসায়-বাণিজ্য করা বিষয়ে অধিকতর মনোযোগী হইতে পারে।

মোলাকাৎ

স্বদেশী-যুগের চিন্তাবীর ও কর্ম্মবীর

(অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শিবচন্দ্র হাজরার কথোপকথন।)

প্রঃ—তন সোসাইটির সতীশ মুখোপাধ্যায় সম্বন্ধে আপনার কাছে অনেক-কিছু শুনেছি। গঠন-মূলক কর্ম্ম-ক্ষেত্রে তাঁর মতন বাঙালী খুব কমই ছিল মনে হচ্ছে। অথচ তাঁর নাম পর্য্যন্ত আমরা জানি না। আশ্চর্য্য নয় কি?

উঃ—আশ্চর্য্যের কিছু নাই। অনেক বাঙালীই নানা কর্ম্মক্ষেত্রে বাংলা দেশকে গ'ড়ে-পিটে তুলেছেন। দেশকে বাড়্‌তির পথে অল্প-বিস্তর ঠেলে তোলা অনেক বাঙালীর কৃতিত্বের মধ্যে দেখ্‌তে পাই। কিন্তু নামজাদা হওয়া যাকে বলে, তা অনেকের বরাতে ঘটে না। তবুও নিজ-নিজ কর্ম্ম-কোঠের ভেতর তাঁরা নামজাদা সন্দেহ নাই। একটু খোঁজ কর্‌লেই জান্‌তে পারা যায় যে, তাঁদের ইজ্জৎ নিজ-নিজ পেশা বা বিদ্যার রাজ্যে বেশ উঁচুই বটে।

প্রঃ—সতীশবাবুর মতন আরও কয়েক জনের নাম কর্‌তে পারেন? যাঁরা স্বদেশীযুগের বাস্তবিক পক্ষে কর্ম্মবীর বা চিন্তাবীর, অথচ বর্ত্তমানে যাঁদের নাম খুব কম লোকের মধ্যেই শোনা যায়? এমন কি যাঁদের নাম নিজ-নিজ কর্ম্ম-গণ্ডীর বাইরে বড়-একটা শোনা যায় না? এক কথায় যাঁরা সারা বাংলায় সুপরিচিত নন?

উঃ—বাঙালী জাত্‌কে কোন্ বাঙালী কোথায় কতখানি এগিয়ে দিয়েছে তার তদারক করা আমার অন্যতম পেশা। আমার সঙ্গে কথাবার্ত্তায় বেশ বুঝেছ যে, কর্ম্মবীরদের কৃতিত্ব আলোচনা আমার পক্ষে আত্মিক ডাল-ভাত বিশেষ। এজন্য লোক-সমাজে, এমন কি বাঙালী মহলেও—আমি একটা হাস্যাস্পদ চিজ্। যা হ'ক গণ্ডা-গণ্ডা কর্ম্মবীরের নাম ক'রে যেতে পারি যাদেরকে নিয়ে বাঙালীর বাচ্চারা ভবিষ্যতে গৌরব বোধ কর্‌তে অধিকারী। দুনিয়ার বাপ-কাঠিতেও তারা ফেলিতব্য ছাল নয়।

প্রঃ—সতীশবাবুর সমান আর তিন জনের নাম করুন,—তিন বিভিন্ন কর্ম্মক্ষেত্র বা চিন্তাক্ষেত্র থেকে।

উঃ—তোমার ফরমায়েশটা কিছু অদ্ভুত রকমের,—তবে ভালই। স্বদেশী-যুগে আমি এক ইস্তাহার আমি ক'রেছিলাম জানো? তাতে এক গণ্ডা

বজবীরকে এক বাথানে পু'রে বাঙালী জাত্‌কে চালা ক'রে তুল্‌তে চেষ্টা ক'রেছি। সেই "বাঘ-বাঘা" বাঙালীর চিড়িয়াখানায় আরও অনেক পুরে রাখা যায়।

প্রঃ—সেই চার বাঙালী কে কে ?

উঃ—বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, জগদীশচন্দ্র, ব্রজেন্দ্রনাথ,—এই চার ঘোড়ার গাড়ী হাঁকিয়েছি ভারতমাতার দিগ্‌বিজয় চালাবার জন্য ১৯১৩ সনে। সে রবীন্দ্রনাথের নোবেল প্রাইজ পাবার মাসে। তখন আমার বোলচালটা বাঙালীর কানে আর অতি-কিছু মনে হয় নি। লোকেরা ভেবেছিল যে,—একটা দিগ্‌বিজয়ী যখন ভারতমাতা পাল্লা ধরেছে তখন আরও কতকগুলা দিগ্‌বিজয়ী যে এদেশে নাই কে বল্‌লে ? বুঝেছিল যে,—হাঁড়িতে যখন ভাত ফুটে, তখন মাত্র একটা দানা ফুটে না, এক সঙ্গে অনেক গুলাই ফুটে। কাজেই আমার লম্বাচৌড়া বুলিতে অনেকেই আজ-কাল বেতমত খায় না। মনে করে যে, লোকটা যে-আকেল বটে, তবে বোধ হয় পুরাপুরি আহাম্মুক নয়। (ক্রমশঃ)

পত্রিকা-জগৎ

ফুইট ষ্টাডিজ (ক্যালিফোর্নিয়া)

(নবেম্বর, ১৯৪৩

হেনেন সি কার্পস্‌ওয়ার্থ লিখিত "যুদ্ধের চতুর্থ বৎসরে গোধূম বাড়তির মোটামুটি ধারা" শীর্ষক প্রবন্ধটি বিশেষ প্রণিধানের যোগ্য। ১৯৪২-৪৩ সনে যুদ্ধের গতি সম্মিলিত জাতিনিচয়ের পক্ষে সুবিধাজনক আকার ধারণ করে। গম ও অন্যান্য খাদ্য-দ্রব্যের বাঁটোয়ারাও সন্তোষজনকভাবে নিষ্পন্ন হয়। অত্যধিক পরিমাণে আলু উৎপন্ন হওয়ায় জার্মাণ-নিয়ন্ত্রিত ইয়োরোপ যুদ্ধের দরুণ সব চেয়ে বড় আহার্য্য-ঘাটতির ধাক্কাটা কোন রূপে সামলাইয়া লয়। জাহাজের সংখ্যা হ্রাস ও অবরোধের ফলে সম্মিলিত জাতি-নিচয়ের খাদ্য-শস্য সম্পর্কে ঘাটতি দেশগুলার মধ্যে রুশিয়া, ভারতবর্ষ ও চীনে গম চালান দেওয়ার অসুবিধা ঘটে। দানিয়ুব অববাহিকার অনেকগুলি দেশের অন্নরাজ্যে রেশনিং প্রথা প্রবর্তিত হয়। জার্মাণ ইয়োরোপের অন্যত্র পূর্ব্ব সনের রুটির বরাদ্দ অব্যাহত থাকে, অঞ্চল-বিশেষে বর্দ্ধিতও হয়। ১৯৪২-৪৩ সনে পৃথিবীতে গম ও ময়দার রপ্তানি-বাণিজ্য সবচেয়ে বেশী হ্রাসপ্রাপ্ত হয়। ১৮৮০ সনের পর এরূপ রপ্তানি-হ্রাস আর কোন সনেই ঘটে নাই। মোট রপ্তানির প্রায় ৯০% রপ্তানিকারী সেরা দেশ-চতুষ্টয় সরবরাহ করে। এদের রপ্তানির আধাআধি বৃটেনের ভাগে পড়ে। ২৫ বৎসরের মধ্যে বৃটেন আর কখনও এত কম গম আমদানি করে নাই। বৃটিশ আহার্য্য-সচিব যে কিভাবে বিদেশী গমের উপর কম নির্ভর করিতে চেষ্টা করিতেছেন, এথেকে তাহা বেশ বুঝা যাইতেছে। তাই বলিয়া বিলাতের ময়দা উৎপাদন হ্রাস পায় নাই মোটেই, বরং বর্দ্ধিত হইয়াছে। যব ও জইয়ের ভাগ বর্দ্ধিত করিয়া বৃটেন বেশী পরিমাণে ময়দা উৎপাদন করিয়াছে।

গম রপ্তানিকারক সেরা দেশ-চতুষ্টয় ১৯৪২-৪৩ সনে বিদেশে যে পরিমাণ গম রপ্তানি করিয়াছে সেই পরিমাণে এই সমস্ত দেশ গম পশু-খাদ্য হিসাবে ও সুরাসার উৎপাদনে ব্যবহার করিয়াছে। বৎসরের শেষে এই চারটি দেশে গম সবচেয়ে বেশী মৌজুদও থাকে—মৌজুদের পরিমাণ এমন যে দেশের এক বৎসরের অভাব স্বচ্ছন্দে মিটিতে পারে।

সমালোচনা

চার্টার অব্ ইকনমিক এডুইটি—ই সি বাকটন্; লণ্ডন; ইকনমিক এডুইটী; ১৯৪৩; ২৬ পৃঃ; ২ শিঃ।

মিঃ টেলর পেজল্ এক নতুন অর্থনৈতিক কর্মকৌশল আবিষ্কার করিয়া তার নাম দিয়াছেন পদার্থ-ঘটিত অর্থনীতি বিজ্ঞান। আলোচ্য গ্রন্থে এই কর্মকৌশল সমর্থিত হইয়াছে। গ্রন্থকার এই নয়া মতবাদ খাদন-বিজ্ঞান নামে অভিহিত করিয়াছেন। তাঁহার মতে, মিঃ টেলর পেজল্ পদার্থ-বিষয়ক অর্থশাস্ত্রকে মুদ্রা বা সিক্কা সম্পর্কিত অর্থ শাস্ত্র থেকে চিহ্নিত করিতে সমর্থ হইয়াছেন। কিন্তু এই নয়া প্রচেষ্টা সার্থক হইবে কিনা সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। এই নয়া মতবাদকে সংক্ষেপে নিম্নলিখিত ভাবে বিবৃত করা যাইতে পারে: সিক্কাঘটিত প্রভাব থেকে সম্পূর্ণরূপে মুক্ত হইয়া সম্পূর্ণরূপে উৎপাদন খরচা অনুসারে মূল্য নির্দ্ধারিত হইবে; যুদ্ধের পর আয়-ব্যয়ের সমতা রক্ষা করিয়া বাজেট স্থির করিতে হইবে, আর ইহা সাধারণ আয়-ব্যয় লইয়া পরিকল্পিত হইবে। ট্যাক্সের পরিমাণ যথেষ্ট রূপে কমাইতে হইবে এবং ঋণ গ্রহণ এবং নতুন কোন ট্যাক্স বসাইয়া পুনর্গঠনের ব্যবস্থা করিতে হইবে। ভূমি, খনি, রেলপথ, গ্যাস, বিদ্যুৎ ও জল সরবরাহ কর্পোরেশনের আকারে সরকারী বা জনসাধারণের সম্পত্তি-রূপে গণ্য হইবে।

গ্রন্থপঞ্জী

১। টাক্সিং টু প্রিভেন্ট ইন্‌ফ্লেসনস্; সি রুপ, এম ক্রিডম্যান ও রুথ সি ম্যাক্; নিউইয়র্ক; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; ২০ পৃঃ; ২১ শিঃ।

২। প্রেজেন্ট সেভিংস অ্যাণ্ড্ পোষ্ট-ওয়ার মার্কেটস্; এস এইচ হ্যারিস; নিউইয়র্ক ও লণ্ডন; ম্যাক্-গ্রু হিল; ১৯৪৩; ৭৩ পৃঃ; ১ ডলার।

৩। দি সোস্যাল্ লাইফ্ অব্ এ মডার্ণ কম্যুনিটি; ডারিউ এল ওর্ণার; নিউ হ্যাভেন্স; ইয়েল্ ইউনিভার্সিটী প্রেস; ১৯৪১; ৪৬০ পৃঃ; ২১ শিঃ ৬ পেঃ।

৪। ইকনমিকস্ ইন্ ইউনিফর্ম; এ টি পীটারবাক্; প্রিন্সটন ইউনিভার্সিটী প্রেস্; ২৫ শিঃ।

৫। দি চেঞ্জিং ফায় ইয়ার্; ডারিউ সি অনষ্টোন; নিউইয়র্ক; ১৯৪৩; ৯৬ পৃঃ; ২৫ সেন্ট

৬। কম্প্যারেটিভ্ ইকনমিক সিষ্টেমস্; আর এইচ ব্রুয়েট; নিউইয়র্ক; ম্যাক্‌মিলান কোঃ; ১৯৪৪; ৮৪৫ পৃঃ ৪ ডলার।

৭। পার্লামেন্টারী রিপ্রেজেন্টেসন; এফ এস রস; লণ্ডন; আয়ার অ্যাণ্ড্ স্পটিস্‌উড্; ১৯৪৩; ২৪৫ পৃঃ; ১০ শিঃ ৬ পেঃ।

কেইন্‌স্ ও সেকেলে অর্থশাস্ত্র

কস্তুরচাঁদ লালুয়ানী, এম এ
অধ্যাপক, কলেজ অব কমার্স, পুণা, অবৃত্তিক গবেষক, বঙ্গীয় অর্থবিজ্ঞান পরিষৎ, কলিকাতা

(পূর্ব্বানুবৃত্তি)

এখানে একটি কথা মনে রাখা দরকার। মতবাদীরা যখন নির্দ্দিষ্ট পরিমাণ নিয়োগের কথা বলছেন, তখন তাঁরা বেকারত্বের কথা একেবারে অস্বীকার করছেন না। এই মতবাদে দুই প্রকার বেকারত্বের কথা মেনে নেওয়া হয়েছে। এদের একটি হলো সংঘর্ষ-জনিত বেকারত্ব। কেইন্‌সের ভাষায়, বাস্তবের দিক্ থেকে ব্যাখ্যা করতে গেলে অবিচ্ছিন্ন পূর্ণ নিয়োগের পথে যেসব আপাতঃ এবং সরমিল দেখা দেয় সেগুলো এই প্রকার বেকারত্বে যথাযথভাবে ধরে নেওয়া হয়েছে। এই সব অসামঞ্জস্যের উদাহরণ স্বরূপে বলা যেতে পারে—

পরিমাণ নির্দ্ধারণে অক্ষমতা, বা অসংলগ্ন চাহিদার ফলে বিশেষ উৎপাদন উপকরণের পারস্পরিক পরিমাণের হারের সাময়িক ব্যতিক্রম-জনিত বেকারত্ব; অথবা অ-দৃষ্ট পরিবর্ত্তনে সময়ের পার্থক্যজনিত বেকারত্ব; আবার একটি নিয়োগ ব্যবস্থা থেকে আর একটি নিয়োগ ব্যবস্থায় পৌঁছান ব্যাপারে খানিকটা কালক্ষেপ অপরিহার্য্য, এই অবস্থায় এই দু'টি ব্যবস্থার ভিতর অ-স্থিতিশীল সমাজে কতকগুলো উপকরণ বেকার থাকবেই। সংঘর্ষজনিত বেকারত্ব ছাড়া আর এক প্রকার বেকারত্বের আভাষ দেকেলে অর্থশাস্ত্রের মধ্যে পাওয়া যায়। এটি হলো স্বেচ্ছাকৃত বেকারত্ব, এই স্বেচ্ছাকৃত বেকারত্ব, সে আইনের জোরেই হোক বা সামাজিক বিধিব্যবস্থার জোরেই হোক, সংগঠনের ভিতর দিয়ে পারিশ্রমিকের হার নির্দ্ধারণের উদ্দেশ্যে গঠিত সঙ্ঘের মারফতেই হোক বা পরিবর্ত্তনের সঙ্গে নিজেদের ধীরে ধীরে খাপ খাইয়ে নেবার ফলেই হোক, অথবা মানুষের নিছক একগুঁয়েমির জন্যেই হোক, সেকেলে অর্থশাস্ত্রীদের মতে, স্বেচ্ছাকৃত বেকারত্বের পেছনে রয়েছে শ্রমিকের প্রান্তিক উৎপাদিকা শক্তিতে উৎপন্ন সামগ্রীমূল্যের সমান পারিশ্রমিক গ্রহণে তার অস্বীকৃতি বা অসামর্থ্য। কিন্তু ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার সমস্যা ত এদের নিয়ে নয়; এই যদি আমাদের সমস্যা হতো তাহলে কোন কথাই ছিল না। কেননা, এই প্রকার বেকারত্ব সমাজতান্ত্রিক উৎপাদন ব্যবস্থাতেও থাকতে বাধ্য। অবিশ্যি একথা বলা যেতে পারে যে, স্বেচ্ছাকৃত বেকারত্ব সমাজতান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় থাকবে না; কেননা, সমাজের প্রত্যেকটি লোকের যেমন কাজের অধিকার রয়েছে, ঠিক তেমনি আবার কাজ করার মধ্য দিয়ে তার কর্ত্তব্যও রয়েছে। সামাজিক বিধিব্যবস্থা বা শ্রমিক সঙ্ঘের ক্ষমতা এই কর্ত্তব্যের পথে কিছুতেই বিঘ্ন উৎপাদন করতে পারবে না, বা শ্রমিককে অলসভাবে থাকবার জন্যে কিছুতেই প্ররোচিত করতে পারবে না। একথা স্বীকার করে নিলাম। কিন্তু এই প্রকার বেকারত্ব ধনতান্ত্রিক ব্যবস্থার সমস্যা নয়। আর সংঘর্ষজনিত বেকারত্ব ধনতান্ত্রিক ব্যবস্থাতেও থাকবে, সমাজতান্ত্রিক ব্যবস্থাতেও থাকবে; তাছাড়া এই প্রকার বেকারত্ব দীর্ঘস্থায়ীও নয়। সাময়িক অসামঞ্জস্য থেকেই এর উৎপত্তি এবং এই অসামঞ্জস্যের সমাধানের সঙ্গে সঙ্গেই এর তিরোভাব।

ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার পক্ষে যে বেকারত্ব চিরার কারণ হয়ে দাঁড়িয়েছে, কেইন্‌সের ভাষায় সেই বেকারত্ব হলো অনিচ্ছাকৃত বেকারত্ব। এই বেকার সমস্যা যে শুধু মন্দার সময়ই দেখা দেয় তা নয়; ধনতান্ত্রিক উৎপাদন-ব্যবস্থার বিশেষত্বই হলো এই যে, কতকগুলো লোক সব সময়েই তাদের অনিচ্ছাসত্ত্বেও বেকার হয়ে থাকবে। বিলেতের জন্যে শ্রীযুক্ত কোল যেসব সংখ্যা আমাদের কাছে তুলে ধরেছেন তা থেকে সুস্পষ্ট দেখা যায় যে, ১৯২১ সনের ডিসেম্বর মাস থেকে আরম্ভ করে, ১৯২৮ সনের ডিসেম্বর মাস পর্য্যন্ত কোন সময়ই দশ লক্ষের কম লোক বেকার ছিল না।

(ক্রমশঃ)

কাগজ নিয়ন্ত্রণের আদেশ অনুযায়ী বর্ত্তমান আকারে পত্রিকা প্রকাশিত হইতেছে।

Registered No. C-1414.

সূচী

বাংলার সম্পদ ঃ—বাঙ্গালায় বস্ত্র সরবরাহ। বস্ত্রের ব্যবহার উন্নতির প্রয়োজনীয়তা। ১২৬

আর্থিক ভারত ঃ—ভারতের ধন ও উহার বিভাগ। রেলের বিস্তর আয়। ১২৭

দুনিয়ার ধনদৌলত ঃ—মার্কিণ যুক্তরাষ্ট্রে ঘোড়া ও বলদের সংখ্যা। মার্কিণ মুলুকে পশম উৎপাদন। ইস মার্কিণ পেটেন্ট চুক্তি। ১২৮

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—পাসিফিক রিলেসন্স ইন্‌স্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলন। ১২৯

মোলাকাৎ ঃ—স্বদেশী যুগের চিন্তাবীর ও কর্ম্মবীর।

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধ ঃ

কেইন্‌স ও কেরেলে অর্থশাস্ত্র

অধ্যাপক করুরচাঁদ লালুয়ানী, এম এ

জয়যাত্রার পথে

ভারতীয় জীবন-বীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪৩ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রকৃত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্ব্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

সাফল্যের পরিচয়

মোট চলতি বীমা	২৪ কোটি ৮২ লক্ষ টাকার উপর
বীমা তহবিল—	৪ ৪২
প্রিমিয়ামের আয়—	১ ১২ " "
মোট সংস্থান—	প্রায় ৬ কোটি টাকা
দাবী শোধ (১৯০৭-৪৩)	তিন কোটি টাকার উপর
নূতন বীমা (১৯৪৩)	৪ কোটি ৩১ লক্ষ টাকার উপর

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড্ অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।